অর্থ : ৫. তারা বলে, আপনি যে বিষয়ের দিকে আমাদেরকে দাওয়াত দেন, সে বিষয়ে আমাদের অন্তর আবরণে আবৃত, আমাদের কর্ণে আছে বোঝা এবং আমাদের ও আপনার মাঝখানে আছে অন্তরাল। অতএব, আপনি আপনার কাজ করুন এবং আমরা আমাদের কাজ করি। ৬. বলুন, আমিও তোমাদের মতই মানুষ, আমার প্রতি ওহী আসে যে, তোমাদের মাবুদ একমাত্র মাবুদ। অতএব তাঁর পথ দৃঢ়ভাবে অবলম্বন কর এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা কর। আর মুশরিকদের জন্যে রয়েছে দুর্ভোগ।

(৪১ সূরা হা-মীম আস সাজদাহ : আয়াত ৫-৬)

## ৭৬. এ কেমন রাসূল যে হাটে বাজারে চলাফেরা করে?

وَقَالُوا مَا لِهٰذَا الرَّسُوْلِ يَأْكُلُ الطَّعَامَ وَيَمْسِيْ فِي الْاَسْوَاقِ ۗ لَوْلَا اَنْزَلَ اِلَيْهِ مَلَكٌ فَيَكُوْنُ مَعَهُ نَذِيْرًا (৮) اَوْ يَلْقَى اِلَيْهِ كَنْزًا اَوْ تَكُوْنُ لَهٗ جَنَّةٌ يَأْكُلُ مِنْهَا وَقَالَ الظَّالِمُوْنَ اِنْ تَتَّبِعُوْنَ اِلَّا رَجُلًا مَّسْحُوْرًا (৯) اَنْظُرْ كَيْفَ ضَرَبُوْا لَكَ الْاَمْثَالَ فَضَلُّوْا فَلَا يَسْتَطِيعُوْنَ سَبِيْلًا (১০)  
تَبْرَكَ الَّذِيْ اِنْ شَاءَ جَعَلَ لَكَ خَيْرًا مِّنْ ذٰلِكَ جُنْسًا تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهَارُ ۗ وَيَجْعَلُ لَكَ قَصُوْرًا (১০)

(১০-৯) (سُوْرَةُ الْفُرْقَانِ : اٰیٰتُهَآ ৯-১০)

অর্থ : ৭. তারা বলে, এ কেমন রাসূল যে, খাদ্য আহার করে এবং হাটে বাজারে চলাফেরা করে? তাঁর কাছে কেন কোন ফেরেশতা নাযিল করা হল না যে, তাঁর সাথে সতর্ককারী হয়ে থাকত? ৮. অথবা তিনি ধন-ভাণ্ডার প্রাপ্ত হলেন না কেন অথবা তাঁর একটি বাগান হল না কেন, যা থেকে তিনি আহার করতেন? জালেমরা বলে, তোমরা তো একজন জাদুগ্রস্ত ব্যক্তিরই অনুসরণ করছ। ৯. দেখুন, তারা আপনার কেমন দৃষ্টান্ত বর্ণনা করে। অতএব তারা পথভ্রষ্ট হয়েছে, এখন তারা পথ পেতে পারে না। ১০. কল্যাণময় তিনি, যিনি ইচ্ছা করলে আপনাকে তদপেক্ষা উত্তম বস্তু দিতে পারেন বাগ-বাগিচা, যার তলদেশে নহর প্রবাহিত হয় এবং দিতে পারেন আপনাকে প্রাসাদসমূহ। (২৫ সূরা আল ফুরকান : আয়াত ৭-১০)

## ৭৭. আমি তোমাদেরকে বলি না যে আমার কাছে আল্লাহর ভাণ্ডার রয়েছে

وَيَقُوْلُوْنَ لَا اَسْتَلْكُمُ عَلَيْهِ مَالًا ۗ اِنْ اَجْرِيْ اِلَّا عَلَى اللّٰهِ وَمَا اَنَا بِطَارِدٍ الَّذِيْنَ اٰمَنُوْا ۗ اِنَّهُمْ مَّلٰٓئِكَةٌ رَّبِّمُوْرٌ وَلِكِنِّيْ اُرْكُمُ قَوْمًا تَجْمَلُوْنَ (২৯) وَيَقُوْلُوْنَ مَنْ يَنْصُرُنِيْ مِنَ اللّٰهِ اِنْ طَرَدْتُمُوْا ۗ اَفَلَا تَنْذَرُوْنَ (৩০) وَلَا اَقُوْلُ لَكُمْ عِنْدِيْ خَزَآئِنٌ اَللّٰهُ وَلَا اَعْلَمُ الْغَيْبَ وَلَا اَقُوْلُ اِنِّيْ مَلَكٌ وَلَا اَقُوْلُ لِلَّذِيْنَ تَزْدَرِيْ اَعْيُنُكُمْ لَنْ يُؤْتِيَهُمُ اللّٰهُ خَيْرًا ۗ اَللّٰهُ اَعْلَمُ بِمَا فِيْ اَنْفُسِهِمْ اِنِّيْ اِذَا لِيْنَ الظَّالِمِيْنَ (৩১)

(১১) (سُوْرَةُ مُؤَدٍ : اٰیٰتُهَآ ২৯-৩১)

অর্থ : ২৯. আর হে আমার জাতি। আমি তো এজন্য তোমাদের কাছে কোন অর্থ চাই না; আমার পারিশ্রমিক তো আল্লাহর জিম্মায় রয়েছে। আমি কিন্তু ঈমানদারদের তাড়িয়ে দিতে পারি না। তারা অবশ্যই তাদের পালনকর্তা সাক্ষাৎ লাভ করবে। বরঞ্চ তোমাদেরই আমি অজ্ঞ সম্প্রদায় দেখছি। ৩০. আর হে আমার জাতি! আমি যদি তাদের তাড়িয়ে দেই তাহলে আমাকে আল্লাহ হতে রেহাই দেবে কে? তোমরা কি চিন্তা করে দেখ না? ৩১. আর আমি তোমাদেরকে বলি না যে, আমার কাছে আল্লাহর ভাণ্ডার রয়েছে এবং একথাও বলি না যে, আমি গায়বী খবরও জানি; একথাও বলি না যে আমি একজন ফেরেশতা আর তোমাদের দৃষ্টিতে যারা লাঞ্ছিত আল্লাহ তাদের কোন কল্যাণ দান করেন না। তাদের মনের কথা আল্লাহ ভাল করেই জানেন। সুতরাং এমন কথা বললে আমি অন্যায়কারী হব। (১১ সূরা হূদ, আয়াত : ২৯-৩১)

## ৭৮. আর মুহাম্মদ একজন রসূল বৈ তো নয়

وَمَا مُحَمَّدٌ اِلَّا رَسُوْلٌ ۗ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ۗ اَفَاِنَّ مَآسَا اَوْ قِتْلًا اَنْقَلَبْتُمْ عَلٰى اَعْقَابِكُمْ ۗ وَمَنْ يَنْقَلِبْ عَلٰى عَقْبَيْهِ فَلَنْ يَضُرَّ اللّٰهُ شَيْئًا ۗ وَسَيَجْزِي اللّٰهُ الشُّكْرِيْنَ (১৩৩) (سُوْرَةُ اِلِ عِمْرَانَ : اٰیٰتُهَآ ১৩৩)

অর্থ : ১৩৪. আর মুহাম্মদ একজন রসূল বৈ তো নয়। তাঁর পূর্বেও বহু রসূল অতিবাহিত হয়ে গেছেন। তাহলে কি তিনি যদি মৃত্যুবরণ করেন অথবা নিহত হন, তবে তোমরা পশ্চাদপসরণ করবে? বস্তুতঃ কেউ যদি পশ্চাদপসরণ করে তবে তাতে আল্লাহর কিছুই ক্ষতি বৃদ্ধি হবে না। আর যারা কৃতজ্ঞ, আল্লাহ তাদের সওয়াব দান করবেন।

(৩ সূরা আল ইমরান : আয়াত ১৩৪)



৭৯. রাসূলুল্লাহ সা. তো কেবল একজন সতর্ককারী

إِن أَنْتَ إِلَّا نَذِيرٌ (২৩) إِنَّا أَرْسَلْنَاكَ بِالْحَقِّ بَشِيرًا وَنَذِيرًا ط وَإِنْ مِنْ أُمَّةٍ إِلَّا خَلَا فِيهَا نَذِيرٌ (২৩) (سُورَةُ فَاطِرٍ : آيَاتُهَا ۲۳-۲۴)

অর্থ : ২৩. আপনি তো কেবল একজন সতর্ককারী। ২৪. আমি আপনাকে সত্যধর্মসহ পাঠিয়েছি সংবাদদাতা ও সতর্ককারীরূপে। এমন কোন সম্প্রদায় নেই যাতে সতর্ককারী আসেনি। (৩৫ সূরা আল ফাতির : আয়াত ২৩-২৪)

৮০. রাসূলুল্লাহ সা. এর উম্মতের জন্য চিন্তা কিরূপ ছিল?

لَعَلَّكَ بَاخِعٌ نَفْسَكَ أَلَّا يَكُونُوا مُؤْمِنِينَ (৩) (سُورَةُ الشُّعَرَاءِ : آيَاتُهَا ৩)

অর্থ : হে নবী মনে হয় আপনি তাদের ঈমান না আনার কারণে, চিন্তায় চিন্তায় নিজের জীবন দিয়ে দিবেন।

(সূরা আশ-শু'আরা : আয়াত ৩)

৮১. আমি তো শুধু একজন সুস্পষ্ট সতর্ককারী

إِن أَنَا إِلَّا نَذِيرٌ مُّبِينٌ (১১৫) قَالُوا لَئِن لَّمْ تَنْتَهَ يَنْوُحْ لَتَكُونَنَّ مِنَ الْمَرْجُومِينَ (১১৬) قَالَ رَبِّ إِنِّي قَوْمِي كُنُفٌ بُونَ (১১৭) فَانْتَحَ بَيْنِي وَبَيْنَهُمْ فَتْحًا وَنَجَّيْنِي وَمَنْ مَعِيَ مِنَ الْمُؤْمِنِينَ (১১৮) (سُورَةُ الشُّعَرَاءِ : آيَاتُهَا ১১৫-১১৮)

অর্থ : ১১৫. আমি তো শুধু একজন সুস্পষ্ট সতর্ককারী। ১১৬. তারা বলল, “হে নূহ, যদি তুমি বিরত না হও, তবে তুমি নিশ্চিতই প্রস্তরাঘাতে নিহত হবে।” ১১৭. নূহ বললেন, “হে আমার পালনকর্তা, আমার সম্প্রদায় তো আমাকে মিথ্যাবাদী বলছে। ১১৮. অতএব, আমার ও তাদের মধ্যে কোন ফয়সালা করে দিন এবং আমাকে ও আমার সংগী মু'মিনগণকে রক্ষা করুন। (২৬ সূরা আশ শু'আরা : আয়াত ১১৫-১১৮)

৮২. হে নবী আপনি কেবল তাদেরকে সতর্ক করতে পারেন যারা দয়াময় আল্লাহকে না দেখে ভয় করে

وَسَوَاءٌ عَلَيْهِمْ ءَأَنْذَرْتَهُمْ أَمْ لَمْ تُنذِرْهُمْ لَا يُؤْمِنُونَ (১০) إِنَّمَا تُنذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ وَخَشِيَ الرَّحْمَنَ الْغَيْبِ فَبَشِيرَةٌ لِّمَغْفِرَةٍ وَأَجْرٍ كَرِيمٍ (১১) إِنَّا نَحْنُ نُحْيِي الْمَوْتَى وَنَكْتُبُ مَا قَدَّمُوا وَآثَارَهُمْ وَكُلُّ شَيْءٍ أَحْصَيْنَاهُ فِي إِمَامٍ مُّبِينٍ (১২) (سُورَةُ يُسَ : آيَاتُهَا ১০-১২)

অর্থ : ১০. আপনি তাদেরকে সতর্ক করুন বা না করুন, তাদের পক্ষে দু'ই সমান; তারা বিশ্বাস স্থাপন করবে না। ১১. আপনি কেবল তাদেরকেই সতর্ক করতে পারেন, যারা উপদেশ অনুসরণ করে এবং দয়াময় আল্লাহকে না দেখে ভয় করে। অতএব আপনি তাদেরকে সুসংবাদ দিয়ে দিন ক্ষমা ও সম্মানজনক পুরস্কারের। ১২. আমিই মৃতদেরকে জীবিত করি এবং তাদের কর্ম ও কীর্তিসমূহ লিপিবদ্ধ করি। আমি প্রত্যেক বস্তু স্পষ্ট কিতাবে সংরক্ষিত রেখেছি। (৩৬ সূরা ইয়াসিন : আয়াত ১০-১২)

### ৮৩. রাসূলুল্লাহ সা. তো কেবল একজন উপদেশদাতা

فَذَكِّرْ نَدِّ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ (۲۱) لَسْتُ عَلَيْهِمْ بِمُصِيطِرٍ (۲۲) إِلَّا مَنْ تَوَلَّى وَكَفَرَ (۲۳) فَيَعِزُّهُ اللَّهُ الْعَذَابَ الْأَكْبَرَ (۲۴)

(৮৮ সূরা আল গাশিয়াহ : আয়াত ২১-২৪)

অর্থ : ২১. অতএব, আপনি উপদেশ দিন, আপনি তো কেবল একজন উপদেশদাতা, ২২. আপনি তাদের শাসক নন, ২৩. কিন্তু যে মুখ ফিরিয়ে নেয় ও কাফের হয়ে যায়, ২৪. আল্লাহ তাকে মহাআযাব দেবেন। (৮৮ সূরা আল গাশিয়াহ : আয়াত ২১-২৪)

### ৮৪. হে নবী আপনি বলুন, আমি তোমাদের সুপথে আনয়ন করার মালিক নই

قُلْ إِنِّي لَا أَمْلِكُ لَكُمْ ضَرًّا وَلَا رَشَدًا (۲۱) قُلْ إِنِّي لَنْ يُجِيرَنِي مِنَ اللَّهِ أَحَدٌ وَلَنْ أَجِدَ مِنْ دُونِهِ مُلْتَحَدًا (۲২) إِلَّا بَلَاغًا مِنَ اللَّهِ رَسُلَتِهِ وَمَنْ يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ فَإِنَّ لَهُ نَارَ جَهَنَّمَ خَالِدًا فِيهَا أَبَدًا (۲৩) (২২) سُوْرَةُ الْجِنِّ : آيَاتُهَا ۲۱-۲۳

অর্থ : ২১. বলুন : আমি তোমাদের ক্ষতি সাধন করার ও সুপথে আনয়ন করার মালিক নই। ২২. বলুন : আল্লাহ তাআলার কবল থেকে আমাকে কেউ রক্ষা করতে পারবে না এবং তিনি ব্যতীত আমি কোন আশ্রয়স্থল পাব না। ২৩. কিন্তু আল্লাহ তাআলার বাণী পৌছানো ও তাঁর পয়গাম প্রচার করাই আমার কাজ। যে আল্লাহ ও তাঁর রসূলকে অমান্য করে, তার জন্যে রয়েছে জাহান্নামের অগ্নি। তথায় তারা চিরকাল থাকবে। (৭২ সূরা আল জিন : আয়াত ২১-২৩)

### ৮৫. আমি এর জন্য তোমাদের কাছে প্রতিদান চাই না

إِنِّي لَكُمْ رَسُولٌ أَمِينٌ (۱২৫) فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُوا (۱২৬) وَمَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى رَبِّ الْعَالَمِينَ (۱২৭)

(১২৬ সূরা আশ শ'আরা : আয়াত ১২৫-১২৭)

অর্থ : ১২৫. আমি তোমাদের বিশ্বস্ত রাসূল। ১২৬. অতএব, তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার আনুগত্য কর। ১২৭. আমি তোমাদের কাছে এর জন্যে প্রতিদান চাই না। আমার প্রতিদান তো পালনকর্তাই দেবেন।

(১২৬ সূরা আশ শ'আরা : আয়াত ১২৫-১২৭)

৮৬. রাসূলুল্লাহ সা.-এর মধ্যে আছে উত্তম নমুনা

لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُوا اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللَّهَ كَثِيرًا (۲۱) (۳۳) سُورَةُ الْأَحْزَابِ : آيَاتُهَا (۲۱)

অর্থ : ২১. যারা আল্লাহ ও শেষ দিবসের আশা রাখে এবং আল্লাহকে অধিক স্মরণ করে, তাদের জন্যে রসূলুল্লাহর মধ্যে উত্তম নমুনা রয়েছে। (৩৩ সূরা আল আহযাব : আয়াত ২১)

৮৭. আল্লাহকে ভালবাসতে চাইলে রাসূলুল্লাহ সা.কে অনুসরণ করতে হবে

قُلْ إِن كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ (۳) (۳) سُورَةُ آلِ عِمْرَانَ : آيَاتُهَا (৩)

অর্থ : ৩১. আপনি বলে দিন, যদি তোমরা আল্লাহর সঙ্গে ভালবাসা রাখ, তবে তোমরা আমার (রাসূলুল্লাহ সা.-এর) অনুসরণ কর, তবে. আল্লাহ তোমাদেরকে ভালবাসবেন এবং তোমাদের যাবতীয় গুনাহ মার্ফ করে দিবেন; আর আল্লাহ খুব ক্ষমাশীল পরম দয়ালু। (৩ সূরা আলে ইমরান : আয়াত ৩১)

৮৮. মু'মিনরা আল্লাহ ও রাসূলুল্লাহ সা.-এর বিধান শুনে বলে, আমরা শুনলাম ও মেনে নিলাম

إِنَّمَا كَانَ قَوْلَ الْمُؤْمِنِينَ إِذَا تَعَاوَى إِلَى اللَّهِ وَرَسُولِهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ أَن يَقُولُوا سَمِعْنَا وَأَطَعْنَا وَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ (৫১)

(৫১) سُورَةُ النُّورِ : آيَاتُهَا (৫১)

অর্থ : ৫১. মুসলমানদের কথা তো এই যে, যখন তাদের মধ্যে ফয়সালা করে দিবার জন্য আল্লাহ এবং তাঁর রাসূলের দিকে আহ্বান করা হয়, তখন তারা বলে দেয়, 'আমরা শুনলাম এবং আদেশ মেনে নিলাম' এবং এরূপ লোকরাই সফলকাম হবে।

(২৪ সূরা আন-নূর : আয়াত ৫১)

৮৯. তারা বিশ্বাস করে না বলে আপনি হয়তো মর্ম ব্যথায় আত্মঘাতী হবেন

تِلْكَ آيَةُ الْكِتَابِ الْمُبِينِ (۲) لَعَلَّكَ بَاخِعٌ نَّفْسَكَ أَلَّا يَكُونُوا مُؤْمِنِينَ (۳) إِنَّ نَشْرًا نَزَّلَ عَلَيْهِمْ مِنَ السَّمَاءِ آيَةً فَظَلَّتْ أَعْنَاقُهُمْ لَهَا

خَضِعِينَ (۳) (۳) سُورَةُ الشُّعَرَاءِ : آيَاتُهَا (২-৩)

অর্থ : ২. এগুলো সুস্পষ্ট কিতাবের আয়াত। ৩. তারা বিশ্বাস করে না বলে আপনি হয়তো মর্মব্যথায় আত্মঘাতী হবেন। ৪. আমি যদি ইচ্ছা করি, তবে আকাশ থেকে তাদের কাছে কোন নিদর্শন নাযিল করতে পারি। অতঃপর তারা এর সামনে নত হয়ে যাবে।

(২৬ সূরা আশ-শু'আরা : আয়াত ২-৪)

## Nek Amol

৯০. আল্লাহ তা'আলার গুণাবলী লিখে শেষ করা যাবে না

وَلَوْ أَنَّ مَا فِي الْأَرْضِ مِنْ شَجَرَةٍ أَقْلَامًا وَالْبَحْرُ يَمُدُّهُ مِنْ بَعْدِهِ سَبْعَةَ أَبْحُرٍ مَا نَفِدَتْ كَلِمَاتُ اللَّهِ إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ (২৮) (২১)  
سُورَةُ لُقْمَانَ : آيَاتُهَا (٢٤)

অর্থ : ২৭. পৃথিবীর সমস্ত বৃক্ষ যদি কলম হয় আর সমুদ্র হয় কালি এবং এর সাথে আরো সাত সমুদ্র যুক্ত হয়, তবুও আল্লাহর বাণী লিখে শেষ করা যাবে না। আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (৩১ সূরা লোকমান : আয়াত ২৭)

৯১. সে ব্যক্তি অধিক সম্মানিত যে সর্বাধিক আল্লাহভীরু

إِنَّ أَكْرَمَكُمْ عِنْدَ اللَّهِ أَتْقَاهُ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ (১৩) (৩৭) سُورَةُ الْحُجُرَاتِ : آيَاتُهَا (١٣)

অর্থ : ১৩. নিশ্চয়ই আল্লাহর নিকট তোমাদের মধ্যে সে ব্যক্তি অধিক সম্মানিত, যিনি তোমাদের মধ্যে সর্বাধিক আল্লাহভীরু। নিঃসন্দেহে আল্লাহ সবকিছু জানেন এবং সব বিষয়ে অবহিত। (৪৯ সূরা আল-হুজুরাত : আয়াত ১৩)

৯২. আল্লাহ তা'আলা প্রার্থনা কবুলকারী

وَإِذَا سَأَلَكَ عِبَادِي عَنِّي فَإِنِّي قَرِيبٌ أُنِيبُ دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ فَلْيَسْتَجِيبُوا لِي وَلْيُؤْمِنُوا بِي لَعَلَّهُمْ يَرْشُدُونَ (১৮৬)

(سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ١٨٦)

অর্থ : ১৮৬. আমার বান্দাগণ যখন, আমার সশব্দে আপনাকে [রাসূলুল্লাহ সা.-কে] প্রশ্ন করে, বস্তুত আমি রয়েছি অতি নিকটে। যারা প্রার্থনা করে, তাদের প্রার্থনা কবুল করে নেই, যখন আমার কাছে প্রার্থনা করে। কাজেই আমার আদেশ মেনে চলা এবং আমার প্রতি পরিপূর্ণ ঈমান আনা, তাদের একান্ত কর্তব্য। যাতে তারা সৎপথে আসতে পারে।

(২ সূরা আল-বাক্বারা : আয়াত ১৮৬)

৯৩. আল্লাহ তা'আলা আমাদের গ্রীবাস্থিত ধমনী (ঘাড়ের রগ) থেকেও অধিক নিকটবর্তী

وَلَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ وَنَعَلْنَاهُ مَأْتُوْسُوْسٍ بِدِهِ نَفْسَهُ صُلًى وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيدِ (১৬) (৫০) سُورَةُ ق : آيَاتُهَا (١٦)

অর্থ : ১৬. আমি মানুষ সৃষ্টি করেছি এবং তার মন নিভূতে যে কুচিন্তা করে সে সশব্দেও আমি অবগত আছি। আমি তার গ্রীবাস্থিত ধমনী (ঘাড়ের রগ) থেকেও অধিক নিকটবর্তী। (৫০ সূরা ক্বাফ : আয়াত ১৬)

৯৪. আল্লাহ যার জন্য ইচ্ছা রুখী প্রশস্ত করেন এবং যার জন্য ইচ্ছা সংকুচিত করেন

اللَّهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَن يَشَاءُ وَيَقْدِرُ ط وَفَرِحُوا بِالْحَيَاةِ الدُّنْيَا ط وَمَا الْحَيَاةُ الدُّنْيَا فِي الْآخِرَةِ إِلَّا مَتَاعٌ (۲۶) وَيَقُولُ الَّذِينَ كَفَرُوا لَوْلَا نُزِّلَ عَلَيْهِ آيَةٌ مِّن رَّبِّهِ ط قُلْ إِنَّ اللَّهَ يُضِلُّ مَن يَشَاءُ وَيَهْدِي مَن يَشَاءُ مِّنْ آيَاتِهِ (۲۴) (۱۳) سُوْرَةُ الرَّعْدِ : آيَاتُهَا (۲۶-۲۴)

অর্থ : ২৬. আল্লাহ যার জন্য ইচ্ছা রুখী প্রশস্ত করেন এবং সংকুচিত করেন। তারা পার্থিব জীবনের প্রতি মুগ্ধ। পার্থিব জীবন পরকালের সামনে অতি সামান্য সম্পদ বৈ নয়। ২৭. কাফের বলে : তাঁর প্রতি তাঁর পালনকর্তার পক্ষ থেকে কোন নিদর্শন কেন অবতীর্ণ হলে না? বলে দিন, আল্লাহ যাকে ইচ্ছা, পথদ্রষ্ট করেন এবং যে মনোনিবেশ করে, তাকে নিজের দিকে পথপ্রদর্শন করেন। (১৩ সূরা রাদ : আয়াত ২৬-২৭)

৯৫. বল দেখি যদি আল্লাহ তোমাদের চোখ ও কান নিয়ে যান

قُلْ أَرَأَيْتُمْ إِن أَخَذَ اللَّهُ سَمْعَكُمْ وَأَبْصَارَكُمْ وَخَتَرَ عَلَى قُلُوبِكُمْ مِّنْ إِلَهٍ غَيْرِ اللَّهِ يَأْتِيكُمْ بِهِ ؕ أُنظُرْ كَيْفَ نَصَرَفُ الْآيَاتِ ثُمَّ هُمْ يَصُدُّونَ (۳۶) قُلْ أَرَأَيْتُمْ إِن أَتَاكُمْ عَذَابٌ لَّهِ بَغْتَةً أَوْ جَهْرَةً هَلْ يُمَلِّكُ إِلَّا الْقَوْمَ الظَّالِمُونَ (۳۴)

(۶) سُوْرَةُ الْاِنْعَامِ : آيَاتُهَا (৩৬-৩৪)

অর্থ : ৪৬. আপনি বলুন : বল তো দেখি, যদি আল্লাহ তোমাদের কান ও চোখ নিয়ে যান এবং তোমাদের অন্তরে মোহর এঁটে দেন, তবে আল্লাহ ব্যতীত এমন উপাস্য কে আছে, যে তোমাদেরকে এগুলো এনে দেবে? দেখ, আমি কিভাবে ঘুরিয়ে-ফিরিয়ে নিদর্শনাবলী বর্ণনা করি। তথাপি তারা বিমুগ্ধ হচ্ছে। ৪৭. বলে দিন : দেখতো, যদি আল্লাহর শাস্তি, আকস্মিক কিংবা প্রকাশ্যে তোমাদের উপর আসে, তবে জালেম, সম্প্রদায় ব্যতীত কে ধ্বংস হবে? (৬ সূরা আল-আনআম : আয়াত ৪৬-৪৭)

৯৬. আমি তো শুধু ঐ ওহীর অনুসরণ করি যা আমার কাছে আসে

قُلْ لَا أَقُولُ لَكُمْ عِنْدِي خَزَائِنُ اللَّهِ وَلَا أَعْلَمُ الْغَيْبَ وَلَا أَقُولُ لَكُمْ إِنِّي مَلَكٌ ؕ إِن أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىٰ إِلَيَّ ؕ قُلْ هَلْ يَسْتَوِي الْأَعْمَىٰ وَالْبَصِيرُ ؕ أَفَلَا تَتَفَكَّرُونَ (۵۰) وَأَنْذِرْ بِدِ الَّذِينَ يَخَافُونَ أَن يُحْشَرُوا إِلَىٰ رَبِّهِمْ لَيْسَ لَهُم مِّنْ دُونِهِ وَّلِيٌّ وَلَا شَفِيعٌ لَّعَلَّهُمْ يَتَّقُونَ (۵۱) (۶) سُوْرَةُ الْاِنْعَامِ : آيَاتُهَا (৫০-৫১)

অর্থ : ৫০. আপনি বলুন : আমি তোমাদেরকে বলি না যে, আমার কাছে আল্লাহর ভাণ্ডার রয়েছে। তাছাড়া আমি অদৃশ্য বিষয় অবগতও নই। আমি এমনও বলি না যে, আমি ফেরেশতা। আমি তো শুধু ঐ ওহীর অনুসরণ করি, যা আমার কাছে আসে। আপনি বলে দিন : অন্ধ ও চক্ষুস্থান কি সমান হতে পারে? তোমরা কি চিন্তা কর না? ৫১. আপনি এ কুরআন দ্বারা তাদেরকে ভয়-প্রদর্শন করুন, যারা আশঙ্কা করে স্বীয় পালনকর্তার কাছে এমতাবস্থায় একত্রিত হওয়ার যে, তাদের কোন সাহায্যকারী ও সুপারিশকারী হবে না- যাতে তারা গোনাহ থেকে বেঁচে থাকে। (৬ সূরা আল-আনআম : আয়াত ৫০-৫১)

৯৭. তারা বলবে, আমরা নামাজ পড়তাম না

مَا سَأَلَكُمْ فِي سَفَرٍ (২২) قَالُوا لَمْ نَكُ مِنَ الْمَصَلِّينَ (২৩) (২৩) سُوْرَةُ الْمَدِّيْرِ : آيَاتُهَا ২২-২৩

অর্থ : ৪২. বলবে : তোমাদেরকে কিসে জাহান্নামে নীত করেছে? ৪৩. তারা বলবে : আমরা নামাজ পড়তাম না।

(৭৪ সূরা আল মুদাস্‌সির : আয়াত ৪২-৪৩)

৯৮. নামাজ শেষ হলে তোমরা পৃথিবীতে ছড়িয়ে পড়

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا نُودِيَ لِلصَّلَاةِ مِنْ يَوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا إِلَىٰ ذِكْرِ اللَّهِ وَذَرُوا الْبَيْعَ ۗ ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ (৯) فَإِذَا قُضِيَتِ الصَّلَاةُ فَانْتَشِرُوا فِي الْأَرْضِ وَابْتَغُوا مِنْ فَضْلِ اللَّهِ وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَّعَلَّكُمْ تُفْلِحُونَ (১০) (১০) سُوْرَةُ الْجُمُعَةِ : آيَاتُهَا ৯-১০

অর্থ : ৯. হে মু'মিনগণ, জুমআর দিনে যখন নামাযের আযান দেয়া হয়, তখন তোমরা আল্লাহর স্মরণের পানে ছুঁড়া কর এবং বেচাকেনা বন্ধ কর। এটা তোমাদের জন্যে উত্তম যদি তোমরা বুঝ। ১০. অতঃপর নামায সমাপ্ত হলে তোমরা পৃথিবীতে ছড়িয়ে পড় এবং আল্লাহর অনুগ্রহ তালাশ কর ও আল্লাহকে অধিক স্মরণ কর, যাতে তোমরা সফলকাম হও।

(৬২ সূরা আল জুমুআ : আয়াত ৯-১০)

৯৯. নিশ্চয়ই নির্দিষ্ট সময়ে নামাজ পড়া ফরয

فَإِذَا قُضِيَتِ الصَّلَاةُ فَادْكُرُوا اللَّهَ قِيَامًا وَقَعُودًا ۗ وَعَلَىٰ جُنُوبِكُمْ ۗ فَإِذَا اطْمَأْنَنْتُمْ فَأَقِيمُوا الصَّلَاةَ ۗ إِنَّ الصَّلَاةَ كَانَتْ عَلَىٰ الْمُؤْمِنِينَ كِتَابًا مَوْقُوتًا (১০৩) (১০৩) سُوْرَةُ النَّسَاءِ : آيَاتُهَا ১০৩

অর্থ : ১০৩. যখন তোমরা এই নামায সম্পন্ন কর তখন তোমরা আল্লাহকে স্মরণ করতে থাক দাঁড়িয়ে, বসে ও শায়িত অবস্থায়। যখন তোমরা নিশ্চিন্ত হও, তখন নামায পড়তে থাক যথানিয়মে। নিশ্চয়ই নির্দিষ্ট সময়ে নামায পড়া ফরয।

(৪ সূরা আন-নিসা : আয়াত ১০৩)

১০০. দিনে ও রাতে মোট ৫ ওয়াক্ত নামাজ পড়া ফরয

وَأَقِمِ الصَّلَاةَ طَرَفَيْ النَّهَارِ وَزُلْفًا مِّنَ اللَّيْلِ ط إِنَّ الْحَسَنَاتِ ط ذَلِكَ ذِكْرَى لِلَّذِينَ (۱۱۴)

(۱۱) سُورَةُ هُودٍ : آيَاتُهَا (۱۱۴)

অর্থ : ১১৪. তুমি নামাজ কয়েম কর দিনের দুই প্রান্তভাগে ও রাত্রির প্রথম অংশে। সৎকর্ম অবশ্যই অসৎ কর্মকে মিটিয়ে দেয়। যারা উপদেশ গ্রহণ করে ইহা তাদের জন্যে উপদেশ। (১১ সূরা হুদ : আয়াত ১১৪)

ব্যাখ্যা : দিনের প্রথম প্রান্তভাগে ফজরের নামাজ, দ্বিতীয় প্রান্তভাগে যোহর ও আসরের নামাজ এবং রাত্রির প্রথম অংশে মাগরিব ও এশার নামাজ। এভাবে মোট পাঁচ ওয়াক্ত নামাজ পড়া ফরয। -তাফসীরে ইবন্ কাছীর।

১০১. ঈমানদার বান্দাগণ নামাজ কয়েম করে

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُ زَاذَتَهُمْ إِيمَانًا وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ (۲) الَّذِينَ يَقِيمُونَ الصَّلَاةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ (۳) أُولَٰئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًّا ط لَهُمْ دَرَجَاتٌ عِنْدَ رَبِّهِمْ وَمَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ (۴)

(۸) سُورَةُ الْآنْفَالِ : آيَاتُهَا (২-৩-৪)

অর্থ : ২. নিশ্চয়ই ঈমানদারগণতো এরূপ হয় যখন তাদের সম্মুখে আল্লাহ তা'আলার নাম উচ্চারণ করা হয় তখন তাদের অন্তরসমূহ ভীত হয়ে যায়। আর যখন আল্লাহ তা'আলার আয়াতসমূহ তাদেরকে পড়ে শুনানো হয়, তখন সে আয়াতসমূহ তাদের ঈমানকে আরো বেশী দৃঢ় করে দেয়। আর তারা নিজেদের পরওয়ারদিগারের উপরই ভরসা করে, নামাজ কয়েম করে এবং ৩. যা কিছু আমি তাদেরকে দিয়েছি তা থেকে আল্লাহর ওয়াস্তে খরচ করে। ৪. এরাই সত্যিকার ঈমানদার, তাদের জন্য উচ্চ মর্যাদাসমূহ রয়েছে তাদের রবের নিকট। আর তাদের জন্য ক্ষমা রয়েছে এবং তাদের জন্য সম্মানজনক রিযিক রয়েছে।

(৮ সূরা আল-আনফাল : আয়াত ২-৪)

১০২. ধৈর্য ও নামাজ দ্বারা আল্লাহর সাহায্য চাইতে হবে

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلَاةِ ط إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ (۱۵۳) (۲) سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا (১৫৩)

অর্থ : ১৫৩. হে মু'মিনগণ! তোমরা ধৈর্য ও নামাজ দ্বারা সাহায্য প্রার্থনা কর, নিশ্চয় আল্লাহ ধৈর্যশীলদের সঙ্গে থাকেন।

(২ সূরা আল-বাক্বারা : আয়াত ১৫৩)

১০৩. রুক্কারীদের সাথে অর্থাৎ জামাতে নামাজ পড়তে হবে

وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَارْكَعُوا مَعَ الرَّاكِعِينَ (২) (৩) سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا (৩)

অর্থ : ৪৩. আর তোমরা কয়েম কর নামাজ এবং দাও যাকাত, আর রুক্ক কর রুক্কারীদের সাথে।

(২ সূরা আল-বাক্বারা : আয়াত ৪৩)

১০৪. তাহাজ্জুদ নামাজ পড়তে হবে

تَتَجَافَىٰ جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ يَدْعُونَ رَبَّهُمْ خَوْفًا وَطَمَعًا ط وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ (۱۶) فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِيَ لَهُم مِّن قُرَّةِ أَعْيُنٍ جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ (۱۴) (۳) سُورَةُ السَّجْدَةِ : آيَاتُهَا (১৬-১৪)

অর্থ : ১৬. রাতে তাদের পার্শ্ব বিছানা হতে পৃথক থাকে। এভাবে যে, তারা আপন রবকে আযাবের ভয়ে এবং সওয়াবের আশায় ডাকতে থাকে (অর্থাৎ তাহাজ্জুদ নামাজ পড়ে)। ১৭. আর আমার দেয়া সম্পদ হতে খরচ করে। অতএব কেউ জানে না যে, এ সমস্ত লোকদের জন্য নয়ন জুড়ানো কি কি সামগ্রী গায়েবের ভাগরে মওজুদ রয়েছে। এটা তাদের নেক আমলের প্রতিদান।

(৪১ সূরা সাজদাহ : আয়াত ১৬-১৭)

১০৫. নিশ্চয়ই নামাজ নির্লজ্জ ও অশোভন কাজ হতে বিরত রাখে

أَتْلُ مَا أُوحِيَ إِلَيْكَ مِنَ الْكِتَابِ وَأَقِمِ الصَّلَاةَ ط إِنَّ الصَّلَاةَ تَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ ط وَلَذِكْرُ اللَّهِ أَكْبَرُ ط وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ  
(৩৫) (سُورَةُ الْعَنْكَبُوتِ : آيَاتُهَا ٣٥)

অর্থ : ৪৫. হে মুহাম্মদ সা. যে গ্রন্থ আপনার প্রতি ওহী করা হয়েছে, আপনি তা পাঠ করতে থাকুন এবং নামাজের পাবন্দী করুন, নিশ্চয় নামাজ নির্লজ্জ ও অশোভনীয় কাজ হতে বিরত রাখে আর আল্লাহর স্মরণই শ্রেষ্ঠতর বস্তু এবং আল্লাহ তোমাদের সকল কার্যই অবগত আছেন। (২৯ সূরা আল-আনকাবূত : আয়াত ৪৫)

১০৬. আমাদের বন্ধু আল্লাহ ও তাঁর রাসূল সা. এবং মু'মিনগণ যারা নামাজ পড়ে

إِنَّمَا وَلِيَّكُمْ اللَّهُ وَرَسُولُهُ وَالَّذِينَ آمَنُوا الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ رُكُوعُونَ (٥٥) وَمَنْ يَتَوَلَّ اللَّهَ وَرَسُولَهُ وَالَّذِينَ آمَنُوا فَإِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْغَالِبُونَ (٥٦) (سُورَةُ الْبَائِنَةِ : آيَاتُهَا ٥٥-٥٦)

অর্থ : ৫৫. তোমাদের বন্ধু তো আল্লাহ ও তাঁর রাসূল সা. এবং মু'মিনগণ যারা নামাজের পাবন্দী করে এবং যাকাত আদায় করে, এই অবস্থায় যে, তাদের মধ্যে বিনয় থাকে। ৫৬. আর যে ব্যক্তি বন্ধুত্ব রাখবে আল্লাহর সহিত এবং তাঁর রাসূলের সহিত এবং ঈমানদারগণের সহিত, তবে তারা আল্লাহর দলভুক্ত হল এবং নিশ্চয় আল্লাহর দলই বিজয়ী।

(৫ সূরা আল-মায়দা : আয়াত ৫৫-৫৬)

১০৭. নামাজ কায়েম করতে হবে আল্লাহকে ভয় করতে হবে

وَأَنْ أَقِيمُوا الصَّلَاةَ وَاتَّقُوا ط وَهُوَ الَّذِي إِذْ تَدْعُوهُمْ لِيُخْشَوْهُ (٤٢) (سُورَةُ الْآلْعَنَاءِ : آيَاتُهَا ٤٢)

অর্থ : ৭২. আর এটাও যে, নামাজের পাবন্দী কর এবং আল্লাহকে ভয় কর। আর তিনিই আল্লাহ যার কাছে তোমাদের সকলকে একত্রিত করা হবে। (৬ সূরা আল-আনআম : আয়াত ৭২)

১০৮. তারাই সফল যারা বিনয় ও খুশুর (ধ্যান খেয়ালের) সাথে নামাজ পড়ে

فَمَنْ أَفْلَحَ الْمُؤْمِنُونَ (١) الَّذِينَ هُمْ فِي صَلَاتِهِمْ خُشِعُونَ (٢) وَالَّذِينَ هُمْ عَنِ اللَّغْوِ مُعْرِضُونَ (٣) (سُورَةُ الْمُؤْمِنُونَ : آيَاتُهَا ١-٣)

অর্থ : ১. অবশ্যই সফল হয়েছে মু'মিনগণ ২. যারা বিনয় ও খুশুর (ধ্যান খেয়ালের) সাথে নামাজ পড়ে। ৩. যারা অনর্থক কথা বার্তা হতে বিরত থাকে। (২৩ সূরা আল-মুমিনূন : আয়াত ১-৩)

১০৯. নিশ্চয়ই নামাজ একটি কঠিন কাজ কিন্তু খুশুওয়ালাদের জন্য নয়

وَأَسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلَاةِ ط وَإِنَّهَا لَكَبِيرَةٌ إِلَّا عَلَى الْخَاشِعِينَ (٣٥) الَّذِينَ يَظُنُّونَ أَنَّهُمْ مُلْقُوا رَبَّهُمْ وَأَنَّهُمْ إِلَيْهِ رُجُوعُونَ (٣٦) (سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ٣٥-٣٦)

অর্থ : ৪৫. আর সাহায্য লও, ধৈর্য ও নামাজ দ্বারা এবং নিশ্চয়ই নামাজ একটি কঠিন কাজ কিন্তু খুশুওয়ালাদের জন্য নয়। ৪৬. খুশুওয়ালারা তারাই যারা ধারণা করে যে, নিশ্চয়ই তাদের প্রতিপালকের সহিত তাদের দেখা হবে আর এটাও ধারণা করে যে, তারা আপন প্রভুর নিকট ফিরে যাবে। (২ সূরা আল-বাকারা : আয়াত ৪৫-৪৬)

১১০. যারা লোককে দেখাবার জন্য নামাজ পড়ে তাদের জন্য বড় সর্বনাশ

فَوَيْلٌ لِلْمُصَلِّينَ (٣) الَّذِينَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُونَ (٥) الَّذِينَ هُمْ يُرَاءُونَ (٦) (سُورَةُ الْبَاعَةِ : آيَاتُهَا ٣-٦)

অর্থ : ৪. অতএব বড় সর্বনাশ ঐ সকল নামাজীদের জন্য ৫. যারা নিজেদের নামাজকে ভুলে থাকে। ৬. আর যারা লোককে দেখাবার জন্য নামাজ পড়ে। (১০৭ সূরা আল-মাউন : আয়াত ৪-৬)

১১১. হে আল্লাহ আমাকে বিশেষভাবে নামাজ কায়েমকারী বানিয়ে দিন

رَبِّ اجْعَلْنِي مُقِيمَ الصَّلَاةِ وَمِنْ ذُرِّيَّتِي سِدْرًا بَنِيًّا وَتَقَبَّلْ دَعَاءِي (٣٠) (سُورَةُ اِبْرَاهِيمَ : آيَاتُهَا ٣٠)

অর্থ : ৪০. হে আমার রব! আমাকে এবং আমার বংশধরদেরকে বিশেষভাবে, নামাজ কায়েমকারী বানিয়ে দিন। হে আমার রব আমাদের দোয়া কবুল করুন। (১৪ সূরা ইব্রাহীম : আয়াত ৪০)



১১২. আপনি আপনার পরিবার পরিজনকে নামাযের আদেশ দিন

وَأْمُرْ أَهْلَكَ بِالصَّلَاةِ وَاصْطَبِرْ عَلَيْهَا ۖ لَنَسْنَأَكَ رِزْقًا ۖ لَنَحْنُ نَرْزُقُكَ ۗ وَالْعَاقِبَةُ لِلتَّقْوَىٰ (۱۳۲) (سُورَةُ طه : آيَاتُهَا ۱۳۲)

অর্থ : ১৩২. আপনি আপনার পরিবারের লোকদেরকে নামাজের আদেশ দিন এবং নিজেও এর ওপর অবিচল থাকুন। আমি আপনার কাছে কোন রিযিক চাইনা। আমিই আপনাকে রিযিক দেই এবং আল্লাহ্‌ভীরুতার পরিণাম শুভ।

(২০ সূরা তোয়া-হা : আয়াত ১৩২)

১১৩. যখন তোমরা কোন দেশ সফর কর তখন নামাজে কিছুটা হ্রাস করলে তোমাদের কোন গুনাহ নাই

وَمَنْ يَهَاجِرْ فِي سَبِيلِ اللَّهِ يَجِدْ فِي الْأَرْضِ مُرْغَبًا كَثِيرًا وَسَعَةً ۖ وَمَنْ يَخْرُجْ مِنْ بَيْتِهِ مُهَاجِرًا إِلَى اللَّهِ وَرَسُولِهِ ثُمَّ يُدْرِكْهُ الْمَوْتُ فَقَدْ وَقَعَ أَجْرُهُ عَلَى اللَّهِ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا (۱۰۰) وَإِذَا ضَرَبْتُمْ فِي الْأَرْضِ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ أَنْ يُفْتِنَكُمْ الَّذِينَ كَفَرُوا ۗ إِنَّ الْكُفْرَيْنَ كَانُوا لَكُرْهًا وَعَدَاوًا مُبِينًا (۱۰۱) (سُورَةُ النِّسَاءِ : آيَاتُهَا ۱০০-১০১)

অর্থ : ১০০. যে কেউ আল্লাহর পথে দেশত্যাগ করে, সে এর বিনিময়ে অনেক স্থান ও সম্বলতা প্রাপ্ত হবে। যে কেউ নিজ গৃহ থেকে বের হয় আল্লাহ ও রসূলের প্রতি হিজরত করার উদ্দেশ্যে, অতঃপর মৃত্যুমুখে পতিত হয়, তবে তার সওয়াব আল্লাহর কাছে অবধারিত হয়ে যায়। আল্লাহ ক্ষমাশীল, করুণাময়। ১০১. যখন তোমরা কোন দেশ সফর কর, তখন নামাজে কিছুটা হ্রাস করলে তোমাদের কোন গুনাহ নেই, যদি তোমরা আশঙ্কা কর যে কাফেররা তোমাদেরকে উত্যক্ত করবে। নিশ্চয় কাফেররা তোমাদের প্রকাশ্য শত্রু। (৪ সূরা আন নিসা : আয়াত ১০০-১০১)

১১৪. দুর্ভোগ সেসব নামাজীর যারা লোক দেখানো নামাজ পড়ে

فَوَيْلٌ لِلْمُصَلِّينَ (۴) الَّذِينَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُونَ (۵) الَّذِينَ هُمْ يُرَاءُونَ (۶) (سُورَةُ المَاعُونِ : آيَاتُهَا ৩-৬)

অর্থ : ৪. অতএব দুর্ভোগ সেসব নামাজীর ৫. যারা তাদের নামাজ সম্বন্ধে বে-খবর ৬. যারা তা লোক দেখানোর জন্য করে।

(১০৭ সূরা মাউন : আয়াত ৪-৬)

১১৫. পানি পাওয়া না গেলে তায়াম্মুম করতে হবে

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْرَبُوا الصَّلَاةَ وَأَنْتُمْ سُكَرَىٰ حَتَّى تَعْلَمُوا مَا تَقُولُونَ وَلَا جُنُبًا إِلَّا عَابِرِي سَبِيلٍ حَتَّى تَغْتَسِلُوا ۗ وَإِنْ كُنْتُمْ مَرْضَىٰ أَوْ عَلَى سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِنْكُمْ مِنَ الْغَائِطِ أَوْ لِمَسْتَرِ النِّسَاءِ فَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيدًا طَيِّبًا فَامْسَحُوا بِرُءُوسِكُمْ وَأَيْدِيكُمْ ۗ إِنَّ اللَّهَ كَانَ عَفُورًا غَفُورًا (۴۳) (سُورَةُ النِّسَاءِ : آيَاتُهَا ৪৩)

অর্থ : ৪৩. হে ঈমানদারগণ! তোমরা যখন নেশাগ্রস্ত থাক, তখন নামাযের ধারে-কাছেও যেও না, যতক্ষণ না বুঝতে সক্ষম হও যা কিছু তোমরা বলছ, আর নামাজের কাছে যেও না ফরয গোসলের অবস্থায়ও, যতক্ষণ না গোসল করে নাও। কিন্তু, মুসাফির অবস্থার কথা স্বতন্ত্র। আর যদি তোমরা অসুস্থ হয়ে থাক কিংবা সফরে থাক অথবা তোমাদের মধ্য থেকে কেউ যদি প্রস্রাব-পায়খানা থেকে এসে থাকে কিংবা নারী গমন করে থাকে, কিন্তু পরে যদি পানিপ্রাপ্তি সম্ভব না হয়, তবে পাক-পবিত্র মাটির দ্বারা তায়াম্মুম করে নাও- তাতে মুখমণ্ডল ও হাতকে ঘষে নাও। নিশ্চয়ই আল্লাহ তা'আলা ক্ষমাশীল।

(৪ সূরা নিসা : আয়াত ৪৩)

## ১১৬. নামাজ পড়তে অজু করতে হবে

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ فَاغْسِلُوا وُجُوهَكُمْ وَأَيْدِيَكُمْ إِلَى الْمَرَافِقِ وَامْسَحُوا بِرُءُوسِكُمْ وَأَرْجُلَكُمْ إِلَى الْكَعْبَيْنِ ط وَإِنْ كُنْتُمْ جُنُبًا فَاطَّهَّرُوا ط وَإِنْ كُنْتُمْ مَرْضَىٰ أَوْ عَلَىٰ سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِّنْكُمْ مِنَ الْغَائِطِ أَوْ لَمَسْتُمُ النِّسَاءَ فَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيدًا طَيِّبًا فَامْسَحُوا بِوُجُوهِكُمْ وَأَيْدِيكُمْ مِنْهُ ط مَا يُرِيدُ اللَّهُ لِيَجْعَلَ عَلَيْكُمْ مِنْ حَرَجٍ وَلَكِنْ يُرِيدُ لِيُطَهِّرَكُمْ وَلِيُتِمَّمَ نِعْمَتَهُ عَلَيْكُمْ لَعَلَّكُمْ تَشْكُرُونَ (٦) (٥ سُوْرَةُ الْمَائِدَةِ: آيَاتُهَا ٦)

অর্থ : ৬. হে মু'মিনগণ, যখন তোমরা নামাজের জন্যে উঠ, তখন স্বীয় মুখমণ্ডল ও হস্তসমূহ কনুই পর্যন্ত ধৌত কর এবং পদযুগল গিটসহ। যদি তোমরা অপবিত্র হও, তবে সারা দেহ পবিত্র করে নাও এবং যদি তোমরা রুগ্ন হও, অথবা প্রবাসে থাক অথবা তোমাদের কেউ প্রস্রাব-পায়খানা সেরে আসে অথবা তোমরা স্ত্রীদের সাথে সহবাস কর, অতঃপর পানি না পাও, তবে তোমরা পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম করে নাও- অর্থাৎ, স্বীয় মুখমণ্ডল ও হস্তদ্বয় মাটি দ্বারা মুছে ফেল। আল্লাহ তোমাদেরকে অসুবিধায় ফেলতে চান না; কিন্তু তোমাদেরকে পবিত্র রাখতে চান এবং তোমাদের প্রতি স্বীয় নেয়ামত পূর্ণ করতে চান- যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর। (৫ সূরা মায়দা : আয়াত ৬)

## ১১৭. যারা নামাজে যত্নবান তারাই জান্নাতে সম্মানিত হবে

وَالَّذِينَ هُمْ لِآمْنَتِهِمْ وَعَهْدِهِمْ رَاعُونَ (٣٢) وَالَّذِينَ هُمْ بِشَهَادَتِهِمْ قَائِمُونَ (٣٣) وَالَّذِينَ هُمْ عَلَىٰ صَلَاتِهِمْ يُحَافِظُونَ (٣٤) أُولَٰئِكَ فِي جَنَّاتٍ مُّكْرَمُونَ (٣٥) (٤٠ سُوْرَةُ النَّعَارِجِ: آيَاتُهَا ٢٢-٣٥)

অর্থ : ৩২. এবং যারা তাদের আমানত ও অঙ্গীকার রক্ষা করে ৩৩. এবং যারা তাদের সাক্ষ্যদানে সরল-নিষ্ঠাবান ৩৪. এবং যারা তাদের নামাজে যত্নবান ৩৫. তারাই জান্নাতে সম্মানিত হবে। (৭০ সূরা আল মাদারিজ : আয়াত ৩২-৩৫)

## ১১৮. সে দিন সেই কঠিন সময়ে তারা সেজদা করতে পারবে না

يَوْمًا يُكْشَفُ عَن سَاقٍ وَيَدْعُوكَ إِلَى السُّجُودِ فَلَا يَسْتَطِيعُونَ (٢٢) خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرْهُقُهُمْ ذِلَّةٌ ط وَقَدْ كَانُوا يَدْعُونَ إِلَى السُّجُودِ وَهُمْ سَلِيمُونَ (٢٣) (٦٨ سُوْرَةُ الْقَلَمِ: آيَاتُهَا ٢٢-٢٣)

অর্থ : ৪২. গোছা পর্যন্ত পা খোলার দিনের কথা স্মরণ কর, সেদিন তাদেরকে সেজদা করতে আহ্বান জানানো হবে, অতঃপর তারা সেজদা করতে পারবে না। ৪৩. তাদের দৃষ্টি অবনত থাকবে; তারা লাঞ্ছনাগ্রস্ত হবে, অথচ যখন তারা সুস্থ ও স্বাভাবিক অবস্থায় ছিল, তখন তাদেরকে সেজদা করতে আহ্বান জানানো হত। (৬৮ সূরা কালাম : আয়াত ৪২-৪৩)

## ১১৯. রমযান মাসে নাযিল করা হয়েছে কুরআন

شَهْرَ رَمَضَانَ الَّذِي أُنزِلَ فِيهِ الْقُرْآنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنَاتٍ مِّنَ الْهُدَىٰ وَالْفُرْقَانِ ۚ فَمَن شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ۗ وَمَن كَانَ مَرِيضًا أَوْ عَلَىٰ سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ أَيَّامٍ أُخَرَ ۗ يُرِيدُ اللَّهُ بِكُمُ الْيُسْرَ وَلَا يُرِيدُ بِكُمُ الْعُسْرَ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللَّهَ عَلَىٰ مَا هَدَاكُمْ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ (۱۸۵) (۲ سُوْرَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ۱۸۵)

অর্থ : ১৮৫. রমযান মাসই হল সে মাস, যাতে নাযিল করা হয়েছে কুরআন, যা মানুষের জন্য হেদায়েত এবং সত্য পথযাত্রীদের জন্য সুস্পষ্ট পথনির্দেশ আর ন্যায় ও অন্যায়ের মাঝে পার্থক্য বিধানকারী। কাজেই তোমাদের মধ্যে যে লোক এ মাসটি পাবে, সে এ মাসের রোযা রাখবে। আর যে লোক অসুস্থ কিংবা মুসাফির অবস্থায় থাকবে, সে অন্য দিনে গণনা পূরণ করবে। আল্লাহ তোমাদের জন্য সহজ করতে চান; তোমাদের জন্য জটিলতা কামনা করেন না- যাতে তোমরা গণনা পূরণ কর এবং তোমারে হেদায়েত দান করার দরুন আল্লাহ তাআলার মহত্ত্ব বর্ণনা কর, যাতে তোমরা কৃতজ্ঞতা স্বীকার কর।

(২ সূরা আল বাক্বারা : আয়াত ১৮৫)

## ১২০. তোমাদের উপর রোযা ফরয করা হয়েছে

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِن قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ (۱۸۳) (۲ سُوْرَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ۱۸۳)

অর্থ : ১৮৩. হে ঈমানদারগণ! তোমাদের উপর রোযা ফরয করা হয়েছে, যে রূপ ফরয করা হয়েছিল তোমাদের পূর্ববর্তী লোকদের উপর যেন তোমরা পরহেয়গারী অর্জন করতে পার। (২ সূরা আল বাক্বারা : আয়াত ১৮৩)

## ১২১. রোযার রাতে তোমাদের স্ত্রীদের সাথে সহবাস করা তোমাদের জন্য হালাল করা হয়েছে

أَحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ إِلَىٰ نِسَائِكُمْ ۚ هُنَّ لِبَاسٌ لَّكُمْ وَأَنْتُمْ لِبَاسٌ لَّهُنَّ ۗ عَلِمَ اللَّهُ أَنَّكُمْ كُنْتُمْ تَخْتَانُونَ أَنفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ ۚ فَالَّذِينَ بَاشِرُوهُنَّ وَأَبْتَغُوا مَا كَتَبَ اللَّهُ لَكُمْ ۖ وَكُلُوا وَاشْرَبُوا حَتَّىٰ يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الْفَجْرِ ۖ ثُمَّ أَتُوا الصِّيَامَ إِلَىٰ اللَّيْلِ ۚ وَلَا تَبَاشِرُوهُنَّ وَأَنْتُمْ عِكْفُونَ لَا فِي الْمَسْجِدِ ۚ تِلْكَ حُدُودُ اللَّهِ فَلَا تَقْرَبُوهَا ۚ كُنْ لَكَ يُبَيِّنُ اللَّهُ لِيَتَّبِعَهُ لِّلنَّاسِ لَعَلَّهُمْ يَتَّقُونَ (۱۸۴) (۲ سُوْرَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ۱۸۴)

অর্থ : ১৮৭. রোযার রাতে তোমাদের স্ত্রীদের সাথে সহবাস করা তোমাদের জন্য হালাল করা হয়েছে। তারা তোমাদের পরিচ্ছদ এবং তোমরা তাদের পরিচ্ছদ। আল্লাহ অবগত হয়েছেন যে তোমরা আত্মপ্রতারণা করছিলে, সুতরাং তিনি তোমাদেরকে ক্ষমা করেছেন এবং তোমাদের অব্যাহতি দিয়েছেন। অতঃপর তোমরা নিজেদের স্ত্রীদের সাথে সহবাস কর এবং যাকিছু তোমাদের জন্য আল্লাহ দান করেছেন, তা আহরণ কর। আর পানাহার কর যতক্ষণ না কাল রেখা থেকে ভোরের শুভ্র রেখা পরিষ্কার দেখা যায়। অতঃপর রোযা পূর্ণ কর রাত পর্যন্ত। আর যতক্ষণ তোমরা এতেকাফ অবস্থায় মসজিদে অবস্থান কর, ততক্ষণ পর্যন্ত স্ত্রীদের সাথে মিশো না। এই হলো আল্লাহ কর্তৃক বেঁধে দেয়া সীমানা। অতএব, এর কাছেও যেও না। এমনিভাবে বর্ণনা করেন আল্লাহ নিজের আয়াতসমূহ মানুষের জন্য, যাতে তারা বাঁচতে পারে। (২ সূরা আল বাক্বারা : আয়াত ১৮৭)

১২২. বায়তুল্লাহ পর্যন্ত পৌঁছবার শক্তি সামর্থ যে রাখে সে যেন হজ্জ করে

إِنَّ أَوَّلَ بَيْتٍ وُضِعَ لِلنَّاسِ لَلَّذِي بِبَكَّةَ مُبْرَكًا وَهُدًى لِلْعَالَمِينَ (৭৬) فِيهِ آيَاتٌ بَيِّنَاتٌ مَّقَامُ إِبْرَاهِيمَ وَمَنْ دَخَلَهُ كَانَ آمِنًا وَلِلَّهِ عَلَى النَّاسِ حُجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا وَمَنْ كَفَرَ فَإِنَّ اللَّهَ غَنِيٌّ عَنِ الْعَالَمِينَ (৭৭)

(৩ সূরা আল ইমরান : آيَاتُهَا ৭৬-৭৭)

অর্থ : ৯৬. নিঃসন্দেহে সর্বপ্রথম ঘর যা মানুষের জন্যে নির্ধারিত হয়েছে, সেটাই হচ্ছে এ ঘর, যা মক্কায় অবস্থিত এবং সারা জাহানের মানুষের জন্যে হেদায়েত ও বরকতময়। ৯৭. এতে রয়েছে 'মকামে -ইবরাহীমের' মত প্রকৃষ্ট নিদর্শন। আর যে লোক এর ভেতরে প্রবেশ করেছে, সে নিরাপত্তা লাভ করেছে। আর এ ঘরের হজ্জ করা হলো মানুষের উপর আল্লাহর প্রাপ্য; যে লোকের সামর্থ্য রয়েছে এ পর্যন্ত পৌঁছার। আর যে লোক তা মানে না- আল্লাহ সারা বিশ্বের কোন কিছুই পরোয়া করেন না।

(৩ সূরা আল ইমরান : আয়াত ৯৬-৯৭)

১২৩. হজ্জকালীন সময়ে যেন কোন রকম লড়াই-ঝগড়ার কথা বার্তা না হয়

الْحَجُّ أَشْهُرٌ مَّعْلُومَةٌ فَمَنْ فَرَضَ فِيهِنَّ الْحَجَّ فَلَا رَفَثَ وَلَا فُسُوقَ وَلَا جِدَالَ فِي الْحَجِّ وَمَا تَفَعَّلُوا مِنْ خَيْرٍ يَعْلَمَهُ اللَّهُ وَتَزَوَّدُوا فَإِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوَى وَاتَّقُوا يَا أُولِي الْأَلْبَابِ (১৭৪) (২ সূরা الْبَقَرَةِ : آيَاتُهَا ১৭৪)

অর্থ : ১৭৭. হজ্জের কয়েকটি মাস আছে সুবিদিত। এসব মাসে যে লোক হজ্জের পরিপূর্ণ নিয়ত করবে, তার পক্ষে স্ত্রীর সাথে নিরাভরণ হওয়া, না অশোভন কোন কাজ করা, ঝগড়া-বিবাদ করা হজ্জের সেই সময় জায়েজ নয়। আর তোমরা যাকিছু সৎকাজ কর, আল্লাহ তা জানেন। আর তোমরা পাথেয় সাথে নিয়ে নাও। নিঃসন্দেহে সর্বোত্তম পাথেয় হচ্ছে আল্লাহর ভয়। আর আমাকে ভয় করতে থাক, হে বুদ্ধিমানগণ! তোমাদের উপর তোমাদের পালনকর্তার অনুগ্রহ অব্বেষণ করায় কোন পাপ নেই।

(২ সূরা বাক্বারা : আয়াত ১৯৭)

১২৪. নিশ্চিই সাফা ও মারওয়া আল্লাহর নিদর্শন সমূহের অন্তর্ভুক্ত

إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللَّهِ فَمَنْ حَجَّ الْبَيْتَ أَوْ اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ أَنْ يَطَّوَّفَ بِهِمَا وَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَإِنَّ اللَّهَ شَاكِرٌ عَلِيمٌ (১৫৮) (২ সূরা الْبَقَرَةِ : آيَاتُهَا ১৫৮)

অর্থ : ১৫৮. নিঃসন্দেহে 'সাফা' ও 'মারওয়া' আল্লাহ তা'আলার নিদর্শনগুলোর অন্যতম। সুতরাং যারা কা'বা ঘরে হজ্জ বা ওমরাহ পালন করে, তাদের পক্ষে এ দু'টিতে প্রদক্ষিণ করতে কোন দোষ নেই। বরং কেউ যদি স্বেচ্ছায় কিছু নেকীর কাজ করে, তবে আল্লাহ তা'আলা অবশ্যই তা অবগত হবেন এবং তাঁর সে আমলের সঠিক মূল্য দেবেন। (২ সূরা বাক্বারা : আয়াত ১৫৮)

১২৫. ইহরাম অবস্থায় শিকার বধ করো না

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْتُلُوا الصَّيْدَ وَأَنْتُمْ حُرَّمٌ وَمَنْ قَتَلَ مِنْكُمْ مَتَعِدًا فَأَجْزَاءٌ مِثْلَ مَا قَتَلَ مِنَ النَّعْمِ يَحْكُمُ بِهِ ذَوَا عَدْلٍ مِنْكُمْ هَلْ بِأَبْلِغَ الْكُفَّةَةَ أَوْ كِفَارَةً طَعَامًا مَسْكِينٍ أَوْ عَدْلٌ ذَلِكَ صِيًّا لِيَذُوقَ وَبَالَ أَمْرِهِ عَفَا اللَّهُ عَمَّا سَلَفَ وَمَنْ عَادَ فَيَنْتَقِرْ اللَّهُ مِنْهُ وَاللَّهُ عَزِيزٌ ذُو انْتِقَامٍ (৭৫) (৫ সূরা الْآلِئَةِ : آيَاتُهَا ৭৫)

অর্থ : ৯৫. হে মুমিনগণ, তোমরা ইহরাম অবস্থায় শিকার বধ করো না। তোমাদের মধ্যে যে জেনেশুনে শিকার বধ করবে, তাঁর উপর বিনিময় ওয়াজেব হবে, যা সমান হবে ঐ জন্তুর, যাকে সে বধ করেছে। দু'জন নির্ভরযোগ্য ব্যক্তি এর ফয়সালা করবে-বিনিময়ের জন্তুটি উৎসর্গ হিসেবে কাবা পৌঁছাতে হবে। অথবা তাঁর উপর কাফফারা ওয়াজেব- কয়েকজন দরিদ্রকে খাওয়ানো অথবা তাঁর সমপরিমাণ রোযা রাখবে যাতে সে স্বীয় কৃতকর্মের প্রতিফল আন্বাদন করে। যা হয়ে গেছে, তা আল্লাহ মাফ করেছেন। যে পুনরায় এ কাণ্ড করবে, আল্লাহ তাঁর কাছ থেকে প্রতিশোধ নিবেন। আল্লাহ পরাক্রান্ত, প্রতিশোধ গ্রহণে সক্ষম। (৫ সূরা আল মায়দা : আয়াত ৯৫)

১২৬. নামাজ কায়েম কর, যাকাত প্রদান কর

وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَأَطِيعُوا الرَّسُولَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ (৫৬) لَا تَحْسَبَنَّ الَّذِينَ كَفَرُوا مُعْجِزِينَ فِي الْأَرْضِ وَمَا وَهَمَّ النَّارُ  
ط وَلَيْسَ الْمَصِيرُ (৫৬) (২৩) سُورَةُ التَّوْرَةِ : آيَاتُهَا ٥٦-٥٤

অর্থ : ৫৬. নামাজ কায়েম কর, যাকাত প্রদান কর এবং রাসুলের আনুগত্য কর যাতে তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও। ৫৭. তোমরা কাফেরদেরকে পৃথিবীতে পরাক্রমশালী মনে করো না। তাদের ঠিকানা অগ্নি। কতই না নিকৃষ্ট এই প্রত্যাবর্তনস্থল!

(২৪ সূরা আন নূর : আয়াত ৫৬-৫৭)

১২৭. যাকাত দান কর

وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَارْكَعُوا مَعَ الرَّاٰعِيْنَ (২৩) (২) سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ২৩

অর্থ : ৪৩. আর নামাজ কায়েম কর, যাকাত দান কর এবং রুকু কর যারা রুকু করেছে তাদের সাথে।

(২ সূরা বাক্বারা : আয়াত ৪৩)

১২৮. স্বীয় ধন সম্পদ আল্লাহর রাস্তায় ব্যয় কর

الَّذِينَ يَنْفِقُونَ أَمْوَالَهُمْ فِي سَبِيلِ اللَّهِ لَا يَتَّبِعُونَ مَا أَنْفَقُوا مَنًّا وَلَا أَذًى ۚ لَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۖ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ (২১২) قَوْلٌ مَّعْرُوفٌ وَمَغْفِرَةٌ خَيْرٌ مِّنْ صَدَقَةٍ يَتَّبِعُهَا أَذًى ۗ وَاللَّهُ غَنِيٌّ حَلِيمٌ (২১৩) (২) سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ২১২-২১৩

অর্থ : ২১২. যারা স্বীয় ধন-সম্পদ আল্লাহর রাস্তায় ব্যয় করে, এটি ব্যয় করার পর সে অনুগ্রহের কথা প্রকাশ করে না এবং কষ্টও দেয় না, তাদেরই জন্যে তাদের পালনকর্তার কাছে রয়েছে পুরস্কার এবং তাদের কোন আশংকা নেই, তারা চিন্তিতও হবে না। ২১৩. নম্র কথা বলে দেয়া এবং ক্ষমা প্রদর্শন করা ঐ দান-খয়রাত অপেক্ষা উত্তম, যার পরে কষ্ট দেয়া হয়। আল্লাহ তা'আলা অভাবমুক্ত, সহিষ্ণু। (২ সূরা বাক্বারা : আয়াত ২১২-২১৩)

১২৯. দান-খয়রাত করলে আল্লাহ কিছু গুনাহ দূর করে দিবেন

إِنْ تَبَدَّلَوا الصَّدَقَاتِ فَنِعِمَّا هِيَ ۚ وَإِنْ تُخَفُّوْهَا وَتُؤْتُوْهَا الْفَقْرَاءَ فَهِيَ خَيْرٌ لِّكُمْ ۖ وَيَكْفُرْ عَنْكُمْ مِّنْ سَيِّئَاتِكُمْ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ (২১১) لَيْسَ عَلَيْكَ مِنْهُنَّ عِلْمٌ وَلَا غَيْرُ ۗ وَمَا تَنْفِقُوا مِنْ خَيْرٍ فَلَا يُنْفِقْهُ إِلَّا بِتَرَافُؤٍ ۗ وَمَا تَنْفِقُوا مِنْ خَيْرٍ يُّوفَّ إِلَيْكُمْ وَأَنْتُمْ لَا تَتَذَكَّرُونَ (২১২) (২) سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ২১১-২১২

অর্থ : ২১১. যদি তোমরা প্রকাশ্যে দান-খয়রাত কর, তবে তা কতই না উত্তম। আর যদি খয়রাত গোপন কর এবং অভাবগ্রস্তদের দিয়ে দাও, তবে তা তোমাদের জন্যে আরও উত্তম। আল্লাহ তা'আলা তোমাদের কিছু গুনাহ দূর করে দিবেন। আল্লাহ তোমাদের কাজ-কর্মের খুব খবর রাখেন। ২১২. তাদেরকে সৎপথে আনার দায় তোমার নয়। বরং আল্লাহ যাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন। যে মাল তোমরা ব্যয় কর, তা নিজ উপকারার্থেই কর। আল্লাহর সন্তুষ্টি ছাড়া অন্য কোন উদ্দেশ্যে ব্যয় করো না। তোমরা যে অর্থ ব্যয় করবে, তাঁর পুরস্কার পুরোপুরি পেয়ে যাবে এবং তোমাদের প্রতি অন্যায় করা হবে না।

(২ সূরা বাক্বারা : আয়াত ২১১-২১২)

১৩০. প্রিয় বস্তু থেকে দান করতে হবে

لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ ۚ وَمَا تُنْفِقُوا مِنْ شَيْءٍ فَإِنَّ اللَّهَ بِهِ عَلِيمٌ (৯২) (৩) سُورَةُ آلِ عِمْرَانَ : آيَاتُهَا ৯২

অর্থ : ৯২. কস্মিনকালেও কল্যাণ লাভ করতে পারবে না, যদি তোমাদের প্রিয়বস্তু থেকে তোমরা ব্যয় না কর। আর তোমরা যা কিছু ব্যয় করবে আল্লাহ তা জানেন। (৩ সূরা আলে ইমরান : আয়াত ৯২)

১৩১. যারা স্বচ্ছলতায় ও অভাবের সময়ে ব্যয় করে আল্লাহ তাদের ভালবাসেন

الَّذِينَ يَنْفِقُونَ فِي السَّرَّاءِ وَالضَّرَّاءِ وَالْكُظَيْمِ وَالْغَيْظِ وَالْعَافِينَ عَنِ النَّاسِ ۗ وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ (১৩৪)

(৩) سُورَةُ آلِ عِمْرَانَ : آيَاتُهَا ১৩৪

অর্থ : ১৩৪. যারা স্বচ্ছলতায় ও অভাবের সময় ব্যয় করে, যারা নিজেদের রাগকে সংবরণ করে আর মানুষের প্রতি ক্ষমা প্রদর্শন করে বস্তুত: আল্লাহ সৎকর্মশীলদেরকেই ভালবাসেন। (৩ সূরা ইমরান : আয়াত ১৩৪)

### ১৩২. কে সেই ব্যক্তি যে আল্লাহকে উত্তম ঋণ দিবে

وَمَا لَكُمْ أَلَّا تُنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلِلَّهِ مِيرَاثُ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۗ لَا يَسْتَوِي مَنكُم مَّنْ أَنفَقَ مِن قَبْلِ الْفَتْحِ وَقَتْلَ ۗ أُولَئِكَ أَعْظَمُ دَرَجَةً مِنَ الَّذِينَ أَنفَقُوا مِن بَعْدُ وَقَتَلُوا ۗ وَكُلًّا وَعَدَ اللَّهُ الْحَسَنَىٰ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ (১০) مَن ذَا الَّذِي يُقْرِضُ اللَّهَ قَرْضًا حَسَنًا فَيُضِعَّهُ لَهُ وَلَهُ أَجْرٌ كَرِيمٌ (১১) (৫৫ সূরা الحديد : آيَاتهَا : ১০-১১)

অর্থ : ১০. তোমাদেরকে আল্লাহর পথে ব্যয় করতে কিসে বাধা দেয়, যখন আল্লাহই নভোমন্ডল ও ভূমন্ডলের উত্তরাধিকারী? তোমাদের মধ্যে যে মক্কা বিজয়ের পূর্বে ব্যয় করেছে ও জেহাদ করেছে, সে সমান নয়। এরূপ লোকদের মর্যাদা বড় তাদের অপেক্ষা, যারা পরে ব্যয় করেছে ও জেহাদ করেছে। তবে আল্লাহ উভয়কে কল্যাণের ওয়াদা দিয়েছেন। তোমরা যা কর, আল্লাহ সে সম্পর্কে সম্যক জ্ঞাত। ১১. কে সেই ব্যক্তি, যে আল্লাহকে উত্তম ঋণ দিবে, এরপর তিনি তার জন্যে তা বহুগুণে বৃদ্ধি করবেন এবং তার জন্যে রয়েছে সম্মান জনক পুরস্কার। (৫৭ সূরা আল হাদীদ : আয়াত ১০-১১)

### ১৩৩. মৃত্যু আসার আগেই ব্যয় কর

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُلْهِكُمْ أَمْوَالُكُمْ وَلَا أَوْلَادُكُمْ عَنْ ذِكْرِ اللَّهِ ۗ وَمَن يَفْعَلْ ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْخٰسِرُونَ (৯) وَأَنفِقُوا مِن مَّا رَزَقْنَاكُم مِّن قَبْلِ أَن يَأْتِيَ أَحَدَكُمُ الْمَوْتُ فَيَقُولَ رَبِّ لَوْلَا أَخَّرْتَنِي إِلَىٰ أَجَلٍ قَرِيبٍ لَّا فَاصِقٌ وَ أَكُن مِّنَ الصَّٰلِحِينَ (১০)

(১৩ সূরা সূরা التين : آيَاتهَا : ৯-১০)

অর্থ : ৯. হে মু'মিনগণ। তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি যেন তোমাদেরকে আল্লাহর স্মরণ থেকে গাফেল না করে। যারা এ কারণে গাফেল হয়, তারাই তো ক্ষতিগ্রস্ত। ১০. আমি তোমাদেরকে যা দিয়েছি, তা থেকে মৃত্যু আসার আগেই ব্যয় কর। অন্যথায় সে বলবে : হে আমার পালনকর্তা, আমাকে আরও কিছুকাল অবকাশ দিলে না কেন? তাহলে আমি সদকা করতাম এবং সৎ কর্মীদের অন্তর্ভুক্ত হতাম। (৬৩ সূরা আল মুনাফিকুন : আয়াত ৯-১০)

### ১৩৪. আল্লাহকে উত্তম ঋণ দান কর

فَاتَّقُوا اللَّهَ مَا اسْتَطَعْتُمْ وَأَسْعُوا وَأَطِيعُوا وَأَنفِقُوا خَيْرًا لِّأَنفُسِكُمْ ۗ وَمَن يُوقِ شَحْنَفِهِ فَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ (১৬) إِن تَقْرَضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا يُّضِعْهُ لَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ۗ وَاللَّهُ شَكُورٌ حَلِيمٌ (১৮) (১৩ সূরা التين : آيَاتهَا : ১৬-১৮)

অর্থ : ১৬. অতএব তোমরা যথাসাধ্য আল্লাহকে ভয় কর, শুন, আনুগত্য কর এবং ব্যয় কর। এটা তোমাদের জন্যে কল্যাণকর।

যারা মনের কার্পণ্য থেকে মুক্ত, তারাই সফলকাম। ১৭. যদি তোমরা আল্লাহকে উত্তম ঋণ দান কর, তিনি তোমাদের জন্যে তা দ্বিগুণ করে দেবেন এবং তোমাদেরকে ক্ষমা করবেন। আল্লাহ গুণগ্রাহী, সহনশীল। (৬৪ সূরা আত তাগাবুন : আয়াত ১৬-১৭)

### ১৩৫. ধনীদের ধনসম্পদে প্রার্থী ও বঞ্চিতদের হক আছে

إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّاتٍ وَعِيُونَ (১৫) أَخْلَبِينَ مَّا أَتَمَّرَ رَبُّهُمْ ۗ إِنَّهُمْ كَانُوا قَبْلَ ذَلِكَ مُّحْسِنِينَ (১৬) كَانُوا قَلِيلًا مِّنَ الَّذِينَ يَهْتَجِعُونَ (১৮) وَبِالْأَسْحَارِ هُمْ يَسْتَفْهِرُونَ (১৮) وَفِي أَمْوَالِهِمْ حَقٌّ لِّلسَّائِلِ وَالْمَكْرُورِ (১৯) (৫১ সূরা الذر : آيَاتهَا : ১৫-১৯)

অর্থ : ১৫. নিশ্চয়ই আল্লাহুভীরুরা প্রস্রবণ বিশিষ্ট জান্নাতে থাকবে। ১৬. এমতাবস্থায় যে, তারা গ্রহণ করবে যা তাদের পালনকর্তা তাদেরকে দেবেন। নিশ্চয় ইতিপূর্বে তারা ছিল সৎকর্মপরায়ণ। ১৭. তারা রাত্রির সামান্য অংশেই নিদ্রা যেত, ১৮. রাতের শেষ প্রহরে তারা ক্ষমা প্রার্থনা করত, ১৯. এবং তাদের ধন-সম্পদে প্রার্থী ও বঞ্চিতের হক ছিল।

১৩৬. আল্লাহ মানুষকে শিক্ষা দিয়েছেন যা সে জানত না

إِقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ (৩) الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ (৪) عَلَّمَ الْإِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ (৫) (سورة العلق : آياتها ৩-৫)

অর্থ : ৩. পাঠ করুন, আপনার রব অতি দানশীল। ৪. যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন। ৫. শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না। (৯৬ সূরা আলাক্ব : আয়াত ৩-৫)

১৩৭. নামাজে কুরআনকে খুব স্পষ্ট করে পড়তে হবে

يَا أَيُّهَا الْمَزِيدُ (۱) قُرْ الْإِلَّهِ الْإِلَّهِ الْإِلَّهِ (۲) تَصَفَّهَ أَوْ انْقَصَ مِنْهُ قَلِيلًا (۳) أَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْآنَ تَرْتِيلًا (۴) إِنَّا سَنُلْقِيْكَ قَوْلًا ثَقِيلًا (۵) (سورة المزمل : آياتها ১-৫)

অর্থ : ১. হে চাদরাবৃত রাসূল! ২. রাত্রে তাহাজ্জুদের নামাজে দাঁড়িয়ে থাকুন। ৩. অবশ্য কিছুক্ষণ আরাম করে নিন, ৪. অর্থাৎ অর্ধরাত্র অথবা অর্ধরাত্র হতে কিছু কম, অথবা অর্ধরাত্র হতে কিছু বেশী আরাম করে নিন। আর নামাজে, কুরআনকে খুব স্পষ্ট করে পাঠ করুন। ৫. আমি অচিরেই আপনার প্রতি এক গুরুভার বাণী প্রেরণ করছি।

(৭৩ সূরা আল-মোজ্জামেল : আয়াত ১-৫)

১৩৮. আল্লাহ তা'আলার দৃষ্টান্ত কেবল জ্ঞানী লোকেরা বুঝে

وَتِلْكَ الْأَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ وَمَا يَعْقِلُهَا إِلَّا الْعَالِمُونَ (۳۳) خَلَقَ اللَّهُ السَّمَوَاتِ وَالْأَرْضَ بِالْحَقِّ إِنَّ فِيْ ذَلِكَ لَآيَةً لِّلْمُؤْمِنِينَ (سورة آل عمران : آياتها ৩৩-৩৪)

অর্থ : ৩৩. আর আমি ঐ দৃষ্টান্তগুলি মানুষের উপদেশ গ্রহণের উদ্দেশ্যে বর্ণনা করে থাকি, বস্তুতঃ ঐ সমস্ত দৃষ্টান্ত কেবল জ্ঞানী লোকেরাই বুঝে। ৩৪. আল্লাহ আসমানসমূহ ও জমীনকে যথাযথভাবে সৃষ্টি করেছেন। ঈমানদারদের জন্য এতে বড় প্রমাণ রয়েছে। (২৯ সূরা আল-আনকাবুত : আয়াত ৪৩-৪৪)

১৩৯. আল্লাহ তা'আলাকে তারাই ভয় পায় যারা জ্ঞানী

وَمِنَ النَّاسِ وَالذِّوَابِ وَالْأَنْعَامِ مُخْتَلِفٌ أَلْوَانُهُ كُنْ لَكَ إِنَّمَا يَخْشَى اللَّهَ مِنْ عِبَادِهِ الْعُلَمَاءُ إِنَّ اللَّهَ عَزِيزٌ غَفُورٌ (۲۸) (سورة فاطر : آياتها ২৮-২৯)

অর্থ : ২৮. এভাবে রং বেরং-এর মানুষ জন্তু ও প্রাণীসমূহ রয়েছে। আল্লাহকে তাঁর সেই বান্দারাই ভয় করে যারা জ্ঞানী। বাস্তবিকই আল্লাহ প্রবল পরাক্রান্ত, বড়ই ক্ষমাশীল। (৩৫ সূরা আল-ফাতির : আয়াত ২৮)

১৪০. যারা জ্ঞানী এবং যারা অজ্ঞ তারা কি সমান হতে পারে?

أَمْ يَمْوَدُّونَ الَّذِينَ هَادُوا أَمْ بَدَّلُوا لَكُمْ دِينَكُمْ أَمْ أَبْغَضُوا الْإِسْلَامَ الَّذِي بَدَّلُوا بِهِ دِينَهُمْ أَمْ أَبْغَضُوا اللَّهَ وَالرَّسُولَ فَأَنَّى يَصِفُونَ (۹) (سورة الممتحنة : آياتها ৯-১০)

অর্থ : ৯. যে ব্যক্তি রাত্রিকালে সেজদায় ও দণ্ডায়মান অবস্থায় ইবাদত করতে থাকে, আখেরাতকে ভয় করে তার রবের রহমতের প্রত্যাশা করে সে কি তার সমান যে তা করে না আপনি বলুন যে, যারা জ্ঞানী ও যারা অজ্ঞ তারা কি সমান হতে পারে? সে লোকেরাই নসীহত গ্রহণ করে যারা বুদ্ধিমান। (৩৯ সূরা আল-যুমার : আয়াত ৯)

১৪১. অন্ধ ও চক্ষুস্থান লোক কি কখনো এক হতে পারে?

قُلْ هَلْ يَسْتَوِي الْأَعْمَى وَالْبَصِيرُ أَمْ هَلْ تَسْتَوِي الظُّلُمَاتُ وَالنُّورُ (۱۳) (سورة الرعد : آياتها ১৩-১৪)

অর্থ : ১৩. বলুন হে নবী! অন্ধ ও চক্ষুস্থান লোক কি কখনো এক হতে পারে? আলো ও অন্ধকার কি কখনো এক ও অভিন্ন হতে পারে? (১৩ সূরা আর-রা'দ : আয়াত ১৩)

১৪২. জ্ঞানী লোকদেরকে আল্লাহ তা'আলা উচ্চ মর্যাদা দান করবেন

يَرْفَعُ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَأَلْفًا مِّنْهُمْ وَأَلْفًا مِّنْهُمْ وَأَلْفًا مِّنْهُمْ (۱۱) (سورة المجادلة : آياتها ১১-১২)

অর্থ : ১১. তোমাদের মধ্যে যারা ঈমানদার এবং যাদেরকে জ্ঞান দান করা হয়েছে, আল্লাহ তাদেরকে সুউচ্চ মর্যাদা দান করবেন। আর যা কিছু তোমরা কর, আল্লাহ সে বিষয়ে পূর্ণ অবহিত। (৫৮ সূরা আল-মুজাদালা : আয়াত ১১)

### ১৪৩. আল্লাহর জিকির দ্বারাই অন্তরসমূহ শান্তি পায়

الَّذِينَ آمَنُوا وَتَطْمَئِنُّ قُلُوبُهُمْ بِذِكْرِ اللَّهِ أَلَا بِذِكْرِ اللَّهِ تَطْمَئِنُّ الْقُلُوبُ (۲۸) الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ طُوبَىٰ لَهُمْ وَحَسَنَ مَّآبٍ (۲۹) (۱۳ سُوْرَةُ الرَّعْدِ : آيَاتُهَا ۲۸-۲۹)

অর্থ : ২৮. যারা বিশ্বাস স্থাপন করে এবং তাদের অন্তর আল্লাহর জিকির দ্বারা শান্তি লাভ করে; জেনে রাখ, আল্লাহর জিকির দ্বারাই অন্তরসমূহ শান্তি পায়। ২৯. যারা বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম সম্পাদন করে তাদের জন্যে রয়েছে সুসংবাদ এবং মনোরম প্রত্যাবর্তনস্থল। (১৩ সূরা : রাদ, আয়াত : ২৮-২৯)

### ১৪৪. মানুষ যখন কষ্টের সম্মুখীন হয় তখন শুয়ে বসে দাঁড়িয়ে আমাকে ডাকতে থাকে

وَإِذَا مَسَّ الْإِنْسَانَ الضُّرُّ نَعَانَا لِجَنبَيْهِ أَوْ قَاعِدًا أَوْ قَائِمًا فَلَمَّا كَشَفْنَا عَنْهُ غُرَّتَهُ مَرَّكَانَ تَرْتَدُّنَا إِلَىٰ مَضْطَبِّكَ كُنَّا لِكَرْبَتِهِ لِنُشْرَفَيْنِ مَا كَانُوا يَعْمَلُونَ (۱۳) وَلَقَدْ أَهْلَكْنَا الْقُرُونَ مِن قَبْلِكُمْ لَمَّا ظَلَمُوا وَجَاءَتْهُمْ رُسُلُهُم بِالْبَيِّنَاتِ وَمَا كَانُوا لِيُؤْمِنُوا كُنَّا لِنَجْزِيَ الْقَوْمَ الْمُجْرِمِينَ (۱۳) (۱۰ سُوْرَةُ يُوسُفَ : آيَاتُهَا ۱۳-۱۳)

অর্থ : ১২. আর যখন মানুষ কষ্টের সম্মুখীন হয়, শুয়ে বসে, দাঁড়িয়ে আমাকে ডাকতে থাকে। তারপর আমি যখন তা থেকে মুক্ত করে দেই, সে কষ্ট যখন চলে যায়, তখন মনে হয়, কখনো কোন কষ্টেরই সম্মুখীন হয়ে যেন আমাকে ডাকেইনি। এমনিভাবে মনঃপুত হয়েছে নির্ভয় লোকদের যা তারা করেছে। ১৩. অবশ্য তোমাদের পূর্বে বহু দলকে ধ্বংস করে দিয়েছি, তখন তারা জালাম হয়ে গেছে। অথচ রসূল তাদের কাছেও এসব বিষয়ের প্রকৃষ্ট নির্দেশ নিয়ে এসেছিলেন। কিন্তু কিছুতেই তারা ঈমান আনল না। এমনিভাবে আমি শান্তি দিয়ে থাকি পাপী সম্প্রদায়কে। (১০ সূরা : ইউনুস, আয়াত : ১২-১৩)

### ১৪৫. সুতরাং তোমরা আমাকে স্মরণ কর, আমিও তোমাদের স্মরণ করবো

فَاذْكُرُونِي أَذْكُرْكُمْ وَاشْكُرُوا لِي وَلَا تَكْفُرُون (۱۵۲) يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلَاةِ إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ (۱۵۳) (۲ سُوْرَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ۱৫২-১৫২)

অর্থ : ১৫২. সুতরাং তোমরা আমাকে স্মরণ কর, আমিও তোমাদের স্মরণ করবো এবং আমার কৃতজ্ঞতা প্রকাশ কর; অকৃতজ্ঞ হয়ো না। ১৫৩. হে মুমিনগণ ! তোমরা ধৈর্য ও নামাজের মাধ্যমে সাহায্য প্রার্থনা কর। নিশ্চিতই আল্লাহ ধৈর্যশীলদের সাথে রয়েছেন। (২ সূরা আল বাক্বারা : আয়াত ১৫২-১৫৩)

### ১৪৬. প্রতিদিন সকালে ও সন্ধ্যায় সুবহানাল্লাহ, আলহামদুলিল্লাহ ওয়া লাইলাহা ইল্লাল্লাহ, আল্লাহ আকবর পড়তে হবে

دَعْوُهُمْ فِيهَا سُبْحَانَكَ اللَّهُمَّ وَتَحِيَّتُهُمْ فِيهَا سَلَامٌ وَأٰخِرُ دَعْوَاهُمْ اَنْ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ (۱۰) (۱۰ سُوْرَةُ يُوسُفَ : آيَاتُهَا ۱০)

অর্থ : ১০. তথায় তাদের বাক্য হবে সুবহানাল্লাহ এবং পরস্পরের সালাম হবে আসসালামু আলাইকুম, আর তাদের শেষ বাক্য হবে আলহামদুলিল্লাহি রাব্বিল আ'লামীন। (১০ সূরা ইউনুস : আয়াত ১০)

### ১৪৭. যারা আল্লাহর সান্নিধ্যে আছে তারা দিবা রাত্রি তার তাসবীহ পাঠ করতে ক্লাস্তি বোধ করেন না

وَلَمْ يَكُنْ مِنْ فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ وَمَنْ عِنْدَهُ لَا يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِهِ وَلَا يَسْتَحْسِرُونَ (۱۹) يُسَبِّحُونَ اللَّيْلَ وَالنَّهَارَ لَا يَفْتُرُونَ (۲০) (۲۱ سُوْرَةُ الْأَنْبِيَاءِ : آيَاتُهَا ১৯-২০)

অর্থ : ১৯. আর যা কিছু আসমানসমূহে ও জমীনে রয়েছে সবই তাঁর। আর যারা আল্লাহর সান্নিধ্যে আছে তারা তাঁর ইবাদতে অহংকার করে না এবং ক্লাস্তও হয় না। ২০. বরং দিন ও রাত আল্লাহর তাসবীহ পাঠ করে কদাচিৎ বিরত হয় না। (২১ সূরা আল-আন্বিয়া : আয়াত ১৯-২০)

### ১৪৮. প্রতিদিন সকালে ও সন্ধ্যায় নিজের গুনাহের জন্য এস্তেগফার করতে হবে

وَاسْتَغْفِرِ اللَّهُ ط إِنَّ اللَّهَ كَانَ غَفُورًا رَّحِيمًا (۱۰۶) (۳ سُوْرَةُ النَّسَاءِ : آيَاتُهَا ১০৬)

অর্থ : ১০৬. আর আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা কর, নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।



১৪৯. যে ব্যক্তি কোন প্রাণ রক্ষা করল, তবে সে যেন সকলের প্রাণ রক্ষা করল

كَتَبْنَا عَلَىٰ بَنِي إِسْرَائِيلَ أَنَّهُ مَن قَتَلَ نَفْسًا بِغَيْرِ نَفْسٍ أَوْ فَسَادٍ فِي الْأَرْضِ فَكَأَنَّمَا قَتَلَ النَّاسَ جَمِيعًا وَمَنْ أَحْيَاهَا فَكَأَنَّمَا  
أَحْيَا النَّاسَ جَمِيعًا (۳۲) (۵ سُوْرَةُ الْاٰلِاٰئِدَةِ : اٰيٰتُهَآ ۳۲)

অর্থ : ৩২. যে ব্যক্তি কোন ব্যক্তিকে হত্যা করে অন্য প্রাণের বিনিময় ব্যতীত অথবা তা কর্তৃক ভূপৃষ্ঠে কোন ফ্যাসাদ বিস্তার  
ব্যতীত, তবে সে যেন সমস্ত মানুষকে হত্যা করে ফেলল। আর যে ব্যক্তি কোন প্রাণ রক্ষা করল, তবে সে যেন সকলের প্রাণ রক্ষা  
করল। (৫ সূরা মায়িদা : আয়াত ৩২)

১৫০. মুসলমান মুসলমান ভাই ভাই

اِنَّمَا الْمُؤْمِنُونَ اِخْوَةٌ فَاصْلِحُوْا بَيْنَ اٰخَوِيْكُمْ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ (۱۰) (۳۹ سُوْرَةُ الْحَجَرَاتِ : اٰيٰتُهَآ ۱۰)

অর্থ : ১০. মু'মিনগণ পরস্পর ভাই ভাই। সুতরাং তোমরা ভাইদের মধ্যে শান্তি স্থাপন কর, আর আল্লাহকে ভয় কর, যাতে  
তোমাদের প্রতি দয়া করা হয়। (৪৯ সূরা আল-হজুরাত : আয়াত ১০)

১৫১. এতিম, মিসকীন, প্রতিবেশী, দাস-দাসী সকলের সাথে ভালো ব্যবহার করতে হবে

وَاعْبُدُوا اللّٰهَ وَلَا تُشْرِكُوْا بِهِ شَيْئًا وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَبِذِي الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسْكِيْنَ وَالْحٰرِثِيْنَ وَالْحٰرِ الْجَنَّبِ  
وَالصَّٰحِبِ بِالْحَنۢبِ وَاٰبِنِ السَّبِيْلِ ۙ وَمَا مَلَكَتْ اَيْمَانُكُمْ ۙ اِنَّ اللّٰهَ لَا يَحِبُّ مَن كَانَ مُخْتَلًا فَخُوْرًا (۳۶)

(۴ سُوْرَةُ النِّسَآءِ : اٰيٰتُهَآ ۳۶)

অর্থ : ৩৬. আর তোমরা আল্লাহ তা'আলারই ইবাদত কর, এবং তাঁর সাথে কাউকেও শরীক করো না এবং পিতামাতার সাথে  
সদ্যবহার কর এবং আত্মীয়-স্বজনের সাথেও এবং এতীমদের সাথেও এবং দরিদ্রদের সাথেও এবং নিকটবর্তী প্রতিবেশীদের  
সাথেও এবং দূরবর্তী প্রতিবেশীদের সাথেও এবং সহচরদের সাথেও এবং পথিকদের সাথেও এবং উহাদের সাথেও যারা  
তোমাদের মালিকানাধীন আছে। নিশ্চয় আল্লাহ এরূপ লোকদেরকে ভালবাসেন না, যারা নিজেকে বড় মনে করে ও আত্ম-গর্ব  
করে। (৪ সূরা আন-নিসা : আয়াত ৩৬)

১৫২. সকল পুণ্য এটাই নয় যে মুখকে পূর্ব দিকে অথবা পশ্চিম দিকে করা হল

لَيْسَ اَلْبِرُّ اَنْ تُوَلُّوْا وَّجُوْهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلٰكِنَّ الْبِرَّ مَنۢ اٰمَنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْمَلَائِكَةِ وَالْكِتٰبِ وَالنَّبِيِّنَ ۗ وَاتَى  
اَلْمَالَ عَلٰى حَبِيْ ذٰوِ الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسْكِيْنَ وَاٰبِنِ السَّبِيْلِ ۙ وَالسَّآئِلِيْنَ وَفِي الرِّقَابِ ۗ وَاَقَامَ الصَّلٰوةَ وَآتَى الزَّكٰوةَ ۗ  
وَالْمُوْفُوْنَ بِعَهْدِهِمْ اِذَا عٰهَدُوْا ۗ وَالصَّٰبِرِيْنَ فِي الْبَآسَآءِ وَالضَّرَآءِ وَحِيْنَ الْبَآسَآءِ اَلَّذِيْنَ صَدَقُوْا ۗ وَاُولٰٓئِكَ هُمُ الْمُتَّقُوْنَ  
(۲ سُوْرَةُ الْبَقَرَةِ : اٰيٰتُهَآ ۱۷۷)

অর্থ : সকল পুণ্য এটাতেই নয় যে, তোমরা স্বীয় মুখকে পূর্বদিকে কর কিংবা পশ্চিম দিকে বরং পুণ্য তো এটা যে, কোন ব্যক্তি  
ঈমান রাখে আল্লাহর প্রতি, কিয়ামত দিবসের প্রতি, ফেরেশতাদের প্রতি, কিতাব এবং নবীগণের প্রতি, আর মাল প্রদান করে  
আল্লাহর মহব্বতে আত্মীয়-স্বজনকে এবং এতীমদেরকে এবং মিসকীনদেরকে এবং রিজহন্ত মুসাফিরদেরকে, আর ভিক্ষুকদেরকে  
এবং দাসত্ব মোচনে, আর নামাজের পাবন্দী করে এবং যাকাতও আদায় করে, আর যারা আপন প্রতিশ্রুতি পূর্ণকারী হয় আর যারা  
ধীরস্থির থাকে অভাব-অভিযোগে, অসুখে-বিসুখে এবং ধর্ম-যুদ্ধে। তারাই সত্যিকারের মানুষ; এবং তারাই সত্যিকারের  
আল্লাহভীরু। (২ সূরা আল-বাক্বারা : আয়াত ১৭৭)

### ১৫৩. মাপে কমদাতাদের জন্য সর্বনাশ

وَيْلٌ لِّلْمُطَفِّفِينَ (۱) الَّذِينَ إِذَا اكْتَالُوا عَلَى النَّاسِ يَسْتَوْفُونَ (۲) وَإِذَا كَالُوهُمْ أَوْ وَزَنُوهُمْ يُخْسِرُونَ (۳) أَلَا يَظُنُّ أُولَٰئِكَ أَنَّهُمْ مَبْعُوثُونَ (۴) لِيَوْمٍ عَظِيمٍ (۵) (سُورَةُ الْمُطَفِّفِينَ : آيَاتُهَا ۱-۵)

অর্থ : ১. নিরতিশয় সর্বনাশ রয়েছে, মাপে কমদাতাদের জন্য। ২. যখন তারা মানুষের নিকট হতে মাপে নেয়, তখন পুরাপুরিই নেয়। ৩. যখন তারা অন্যকে, মাপে কিংবা ওজন করে দেয় তখন কম দেয়। ৪. তারা কি চিন্তা করে না তারা পুনরুজ্জীবিত হবে? ৫. মহাদিবসে! (৮৩ সূরা আল-মুত্‌ফাফিফীন : আয়াত ১-৫)

### ১৫৪. আল্লাহর রাস্তায় খরচ করতে হবে ভয়াবহ সেদিন সমাগত হবার পূর্বে

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَنْفِقُوا مِمَّا رَزَقْنَاكُمْ مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَ يَوْمًا لَا بَيْعَ فِيهِ وَلَا خِلَّةَ وَلَا شَفَاعَةً وَالْكَافِرُونَ هُمُ الظَّالِمُونَ (۲۵۴) (سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ۲۵۴)

অর্থ : ২৫৪. হে মু'মিনগণ! ব্যয় কর ঐ সমস্ত বস্তু হতে, যা আমি তোমাদেরকে দিয়েছি, সে দিন সমাগত হবার পূর্বে, যেদিন না কোন ক্রয়-বিক্রয় হবে এবং না কোন বন্ধুত্ব হবে এবং না কোন সুপারিশ চলবে। আর কাফেররাই অবিচার করে।

(২ সূরা আল-বাক্বারা : আয়াত ২৫৪)

### ১৫৫. উত্তম কাজের জন্য রয়েছে উত্তম পুরস্কার

هَلْ جَزَاءُ الْإِحْسَانِ إِلَّا الْإِحْسَانُ (۶۰) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبِينَ (۶۱) (سُورَةُ الرَّحْمَنِ : آيَاتُهَا ৬০-৬১)

অর্থ : ৬০. উত্তম কাজের জন্য, উত্তম পুরস্কার ব্যতীত কী হতে পারে? ৬১. সুতরাং তোমরা উভয়ে জ্বীন ও মানুষ তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ অনুগ্রহকে অস্বীকার করবে? (৫৫ সূরা আর-রাহমান : আয়াত ৬০-৬১)

### ১৫৬. যারা রাগকে সংবরণ করে তাদের জন্য জান্নাত

وَسَارِعُوا إِلَىٰ مَغْفِرَةٍ مِّن رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا السَّمَوَاتُ وَالْأَرْضُ أُعِدَّتْ لِلْمُتَّقِينَ (۱۳۳) الَّذِينَ يَنْفِقُونَ فِي السَّرَّاءِ وَالضَّرَّاءِ وَالْكُظَّيِّينَ الْغِيظَ وَالْعَافِينَ عَنِ النَّاسِ وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ (۱۳৪) (سُورَةُ آلِ عِمْرَانَ : آيَاتُهَا ১৩৩-১৩৪)

অর্থ : ১৩৩. তোমরা তোমাদের পালনকর্তার ক্ষমা এবং জান্নাতের দিকে ছুটে যাও যার সীমানা হচ্ছে আসমান ও যমীন, যা তৈরি করা হয়েছে পরহেয়গারদের জন্যে। ১৩৪. যারা সচ্ছলতায় ও অভাবের সময় ব্যয় করে, যারা নিজেদের রাগকে সংবরণ করে আর মানুষের প্রতি ক্ষমা প্রদর্শন করে, বস্তুতঃ আল্লাহ্ সৎকর্মশীলদিগকেই ভালবাসেন। (৩ সূরা আল ইমরান : আয়াত ১৩৩-১৩৪)

১৫৭. দানের বিনিময়ে প্রতিদান অথবা কৃতজ্ঞতা চাওয়া যাবে না

وَيُطْعَمُونَ الطَّعَاءَ عَلَىٰ حَبِّهِ مَسْكِينًا وَيَتِيمًا وَأَسِيرًا (۸) إِنَّمَا نُطْعِمُكُمْ لِوَجْهِ اللَّهِ لَا نُرِيدُ مِنْكُمْ جَزَاءً وَلَا شُكْرًا (۹) إِنَّا نَخَافُ مِنْ رَبِّنَا يَوْمًا عَبُوسًا قَمْطَرِيرًا (۱۰) (۷۶ سُورَةُ الدَّهْرِ : آيَاتُهَا ۸-۱۰)

অর্থ : ৮. আর তারা কেবল আল্লাহর মহব্বতে দরিদ্র, এতীম ও বন্দীকে খাদ্য দান করে। ৯. এবং তারা বলে আমরা তোমাদেরকে শুধু আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যেই খাদ্য দান করছি, না আমরা তোমাদের নিকট প্রতিদান চাই আর ন কৃতজ্ঞতা। ১০. আমরা আমাদের রবের তরফ হতে এক কঠিন ও ভয়ংকর দিনের আশঙ্কা করছি।

(৭৬ সূরা আদ-দাহর : আয়াত ৮-১০)

১৫৮. বিশুদ্ধ ইবাদত একমাত্র আল্লাহরই যোগ্য

إِنَّا أَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ فَاعْبُدِ اللَّهَ مَخْلَصًا لَّهُ الدِّينَ (۲) أَلَا لِلَّهِ الدِّينُ الْخَالِصُ (۳) (۳۹ سُورَةُ الزُّمَرِ : آيَاتُهَا ২-৩)

অর্থ : ২. আমি এই কিতাবটি সঠিকভাবে আপনার প্রতি অবতীর্ণ করেছি, সুতরাং আপনি খাঁটি বিশ্বাসে আল্লাহর ইবাদত করতে থাকুন। ৩. স্বরণ রাখুন বিশুদ্ধ ইবাদত একমাত্র আল্লাহরই যোগ্য। (৩৯ সূরা আয-যুমার : আয়াত ২-৩)

১৫৯. ইবাদতকে আল্লাহর জন্য খাঁটি রাখতে হবে

قُلْ إِنِّي أُمِرْتُ أَنْ أَعْبُدَ اللَّهَ مَخْلَصًا لَّهُ الدِّينَ (۱۱) (۳۹ سُورَةُ الزُّمَرِ : آيَاتُهَا ১১)

অর্থ : ১১. আপনি বলে দিন, আমি আদিষ্ট হয়েছি যে, এরূপে আল্লাহর এবাদত করি, যেন তাঁরই উদ্দেশ্যে এবাদতকে খাঁটি রাখি। (৩৯ সূরা আয-যুমার : আয়াত ১১)

১৬০. আল্লাহর ইবাদতে কাউকেও শরীক করা যাবে না

قُلْ إِنَّمَا أَنَا بَشَرٌ مِثْلُكُمْ يُوحَىٰ إِلَيَّ أَنَّمَا إِلَهُمُ اللَّهُ وَاحِدٌ فَمَنْ كَانَ يَرْجُوا لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهِ أَحَدًا (۱۱۰) (۱۸ سُورَةُ الْكَافِرِ : آيَاتُهَا ১১০)

অর্থ : আপনি বলে দিন, আমি তো তোমাদেরই মত মানুষ, আমার নিকট কেবল ওহী আসে যে, তোমাদের মা'বুদ হচ্ছেন একক, সুতরাং যে ব্যক্তি আল্লাহর সাক্ষাৎ লাভের আকাঙ্ক্ষা রাখে, তবে সে যেন নেক কাজ করতে থাকে এবং আল্লাহর ইবাদতে অপর কাউকেও শরীক না করে। (১৮ সূরা আল-কাহফ : আয়াত ১১০)

১৬১. কুরবানীর গোশত বা রক্ত নয়, আল্লাহর কাছে পৌঁছে তোমাদের তাকওয়া

لَنْ يَنَالَ اللَّهُ لُحُومَهَا وَلَا دِمَاؤها وَلَكِنَّ يَنَالُهُ التَّقْوَىٰ مِنْكُمْ (۳৮) (۲۲ سُورَةُ الْحَجِّ : آيَاتُهَا ৩৮)

অর্থ : ৩৭. আল্লাহ তা'আলার সমীপে না তাদের গোশত পৌঁছে, আর না তাদের রক্ত বরং তাঁর নিকট তোমাদের তাকওয়া পৌঁছে থাকে। (২২ সূরা আল-হজ্জ : আয়াত ৩৭)

১৬২. যে ব্যক্তি আখেরাতের ফসল চায় আল্লাহ তার ফসল বৃদ্ধি করে দিবেন

مَنْ كَانَ يَرْيِدُ حَرْثَ الْآخِرَةِ نَزَدَ لَهُ فِي حَرْثِهِ ۚ وَمَنْ كَانَ يَرْيِدُ حَرْثَ الدُّنْيَا نُزَتْ مِنْهَا وَمَا لَهُ فِي الْآخِرَةِ مِنْ نَصِيبٍ (۲০)

(২০ سُورَةُ الشُّورَى : آيَاتُهَا ২০)

অর্থ : ২০. যে ব্যক্তি আখেরাতের ফসল চায়, আমি তার ফসল বৃদ্ধি করে দিব, আর যে ব্যক্তি দুনিয়ার ফসলের কামনা করে, আমি তাকে কিঞ্চিৎ দুনিয়া দিয়ে দিব, কিন্তু আখেরাতে সে কিছুই পাবে না। (৪২ সূরা শূরা : আয়াত ২০)

১৬৩. কেউ অণু পরিমাণ সৎ বা অসৎ কাজ করলে সে তা দেখবে

مَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ (٤) وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ (٨) (سُورَةُ الزَّلْزَالِ : آيَاتُهَا ٤-٨)

অর্থ : ৭. কেউ অণু পরিমাণ সৎকাজ করলে সে তা দেখবে। ৮. এবং কেউ অণু পরিমাণ অসৎ কাজ করলে সে তাও দেখবে।

(৯৯ সূরা আয-যিলযাল : আয়াত ৭-৮)

১৬৪. ইখলাসের পুরস্কার আল্লাহর নিকটই রয়েছে

وَمَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى رَبِّ الْعَالَمِينَ (١٣٥) (سُورَةُ الشُّعَرَاءِ : آيَاتُهَا ١٣٥)

অর্থ : ১৪৫. আমি তোমাদের নিকট এর জন্য কোন প্রতিদান চাই না, আমার পুরস্কার তো জগতসমূহের প্রতিপালকের নিকটই রয়েছে। (২৬ সূরা শু'আরা : আয়াত ১৪৫)

১৬৫. নীচু স্বরে কথা বলতে হবে

وَأَقْصِدْ فِي مَشْيِكَ وَاغْضُضْ مِنْ صَوْتِكَ إِنْ أَنْكَرَ الْأَصْوَابُ لَصَوْتِ الْحَمِيرِ (١٩) (سُورَةُ لُقْمَانَ : آيَاتُهَا ١٩)

অর্থ : ১৯. আর পদচারণায় মধ্যপস্থা অবলম্বন করবে এবং নীচু স্বরে কথা বলবে। নিঃসন্দেহে গাধার স্বরই সর্বাপেক্ষা কর্কশ।

(৩১ সূরা লোকমান : আয়াত ১৯)

১৬৬. মুসলমানের জানমাল আল্লাহ তা'আলা জান্নাতের বিনিময়ে খরিদ করেছেন

إِنَّ اللَّهَ اشْتَرَى مِنَ الْمُؤْمِنِينَ أَنْفُسَهُمْ وَأَمْوَالَهُمْ بِأَنْ لَهُمُ الْجَنَّةَ (۱۱۱) (۹ سُوْرَةُ التَّوْبَةِ : آيَاتُهَا ۱۱۱)

অর্থ : ১১১. নিঃসন্দেহে আল্লাহ তা'আলা মুসলমানদের নিকট হতে তাদের জান ও তাদের মালসমূহকে, ইহার বিনিময়ে ক্রয় করে নিয়েছেন যে, তারা জান্নাত পাবে। (৯ সূরা আত-তওবা : আয়াত ১১১)

১৬৭. আল্লাহর রাস্তায় জান ও মাল খরচ করলে বিরাট কামিয়াবী

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ تِجَارَةٍ تُنْجِيكُمْ مِنْ عَذَابِ أَلِيمٍ (۱۰) تُوْمِنُوْنَ بِاللّٰهِ وَرَسُوْلِهِ وَتَجَاهِدُوْنَ فِي سَبِيْلِ اللّٰهِ بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ (۱۱) يَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ وَمَسْكِنٍ طَيِّبَةٍ فِي جَنَّاتٍ عَدْنٍ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ۙ (۱۲) وَأٰخْرٰى تُحِبُّوْنَهَا نَصْرٌ مِّنَ اللّٰهِ وَفَتْحٌ قَرِيْبٌ ۙ وَبَشِيْرٌ لِّلْمُؤْمِنِيْنَ (۱۳) (۶۱ سُوْرَةُ الصَّفِّ : آيَاتُهَا ۱۰ - ۱۳)

অর্থ : হে মু'মিনগণ! তোমাদেরকে কি এমন একটি ব্যবসার সন্ধান দান করব, যা তোমাদেরকে কঠোর আযাব হতে রক্ষা করবে? তা এই যে, তোমরা আল্লাহ উপর ও তাঁর রাসূলের উপর ঈমান আনবে, মেহনত (জিহাদ) করবে আল্লাহর রাস্তায় মাল ও জান দিয়া। এটাই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা বুঝ। ১২. তবে আল্লাহ তোমাদের গুণাহসমূহ মাফ করে দিবেন এবং তোমাদেরকে প্রবেশ করাবেন এমন এক জান্নাতে, যার নীচ দিয়ে নহরসমূহ প্রবাহিত ও এমন বাসস্থানসমূহে যা চিরস্থায়ী বাগানসমূহে অবস্থিত। এটা বিরাট কামিয়াবী। ১৩. আর তোমাদের প্রিয় আকাঙ্ক্ষিত দ্বিতীয় লাভ হচ্ছে আল্লাহর পক্ষ হতে সাহায্য ও আসন্ন বিজয়। হে রাসূল! মু'মিনদিগকে উল্লেখিত সুসংবাদ দান করুন। (৬১ সূরা আস-সফফ : আয়াত ১০-১৩)

ব্যাখ্যা : ইমাম মালেক রহ. এদিকে ইঙ্গিত করে বলেছেন :

لَنْ يُصْلِحَ آخِرُهُ إِلَّا مَا أَمْلَحَ أَوْلَاهَا ۝

অর্থাৎ উম্মতে মুহাম্মদী যতোদিন পর্যন্ত, ইসলামের প্রাথমিক যুগের সংস্কার কর্মসূচী সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ অনুসরণ না করবে, ততোদিন পর্যন্ত তাদের সংশোধন হবে না।

১৬৮. মানুষের মঙ্গলের জন্য আমাদেরকে বের করা হয়েছে

كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُونَ بِاللَّهِ (۱۱۰) (۳ سُوْرَةُ آلِ عِمْرَانَ : آيَاتُهَا ۱۱۰)

অর্থ : ১১০. তোমরা সর্বশ্রেষ্ঠ উম্মত, যে উম্মতকে বের করা হয়েছে মানুষের মঙ্গলের জন্যে, তোমরা সৎ কাজের আদেশ কর এবং অসৎ কাজের নিষেধ কর এবং আল্লাহর প্রতি ঈমান রাখ। (৩ সূরা আলে-ইমরান : আয়াত ১১০)

১৬৯. এমন লোকদেরকে অনুসরণ করতে হবে যারা কোন বিনিময় চায়না

وَجَاءَ مِنْ أَقْصَا الْمَدِينَةِ رَجُلٌ يَسْعَىٰ زَقَالَ يَأْتِيكُمْ أَجْرًا وَهُمْ مُهْتَدُونَ (۲۱) وَمَا لِي لَا  
أَعْبُدُ الَّذِي فَطَرَنِي وَإِلَيْهِ تُرْجَعُونَ (۲۲) (۳۴ سُوْرَةُ يَس: آيَاتُهَا ۲۰-۲۲)

অর্থ : ২০. এই সংবাদ প্রচারিত হলে এক ব্যক্তি মুসলমান সে জনপদের দূরবর্তী কিনারা হতে ছুটে আসল, এবং বলতে লাগল  
হে আমার সম্প্রদায়! এই রাসূলগণের পথ অনুসরণ করে চল। ২১. অবশ্যই এমন লোকদের পথে চল, যারা তোমাদের নিকট  
কোন বিনিময় চান না এবং তাঁরা নিজেরাও সঠিক পথের উপর আছেন। (৩৬ সূরা ইয়াসীন : আয়াত ২০-২২)

১৭০. নিজেদেরকে এবং পরিবার পরিজনদিগকে জাহান্নামের আগুন হতে রক্ষা করতে হবে

يَأْتِيهَا الَّذِينَ آمَنُوا قَوْمًا أَنفُسُهُمْ وَأَهْلِيكُمْ نَارًا وَقَوِّمْنَا النَّاسَ وَالْحِجَارَةَ عَلَيْهَا مَلِكَةٌ غِلَاظٌ شِدَادٌ لَا يَعْصُونَ اللَّهَ مَا أَمَرَهُمْ وَيَفْعَلُونَ  
أَيُّ مَرُوءٍ (۶) (۶۱ سُوْرَةُ التَّحْرِيمِ: آيَاتُهَا ۶)

অর্থ : ৬. হে মু'মিনগণ! তোমরা নিজেদেরকে ও তোমাদের পরিবার পরিজনদেরকে জাহান্নামের সে অগ্নি হতে রক্ষা কর, যার  
জ্বালানী মানুষ ও প্রস্তরসমূহ হবে। যাতে কঠোর স্বভাবের, শক্তিশালী ফেরেশতাগণ নিয়োজিত রয়েছে, যারা অমান্য করেনা তা,  
যা আল্লাহ তা'আলা তাদেরকে আদেশ করেন। আর যা তাদেরকে আদেশ করা হয়, তারা তৎক্ষণাৎ তা পালন করে।

(সূরা আত-তাহরীম : আয়াত ৬)

১৭১. দুনিয়ার জীবন আখেরাতের তুলনায় অতি সামান্য

يَأْتِيهَا الَّذِينَ آمَنُوا مَالَهُمْ إِذَا قِيلَ لَكُمْ ائْتِرُوا فِي سَبِيلِ اللَّهِ إِنَّا قَلْتُمْ إِلَى الْأَرْضِ ط أَرْضِيْتُمْ بِالْحَيٰوةِ الدُّنْيَا مِنَ الْآخِرَةِ ۗ فَمَا  
مَتَاعَ الْحَيٰوةِ الدُّنْيَا فِي الْآخِرَةِ إِلَّا قَلِيلٌ (۳۸) (۹ سُوْرَةُ التَّوْبَةِ: آيَاتُهَا ۳۸)

অর্থ : ৩৮. হে ঈমানদারগণ! তোমাদের কি হল, যখন তোমাদেরকে বলা হয় যে, বের হও আল্লাহর রাস্তায়, তখন তোমরা  
মাটিতে লেগে থাক অর্থাৎ, অলসভাবে বসে থাক তবে কি তোমরা আখেরাতের বিনিময়ে দুনিয়ার জীবনের উপর সন্তুষ্ট হয়ে  
গেলে? বস্তুত দুনিয়ার জীবনের ভোগ-বিলাস তো, আখেরাতের তুলনায় কিছুই নয়, অতি সামান্য।

(সূরা আত-তওবা : আয়াত ৩৮)

১৭২. আল্লাহর রাস্তায় বের না হলে কঠোর শাস্তি

إِلَّا تَنْفِرُوا يَعْلَبْكُمْ عَنْ آبَاءِ أَلْيَمًا لَا وَيَسْتَبَدِلُ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْئًا ط وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ (۳۹)  
(۹ سُوْرَةُ التَّوْبَةِ: آيَاتُهَا ۳۹)

অর্থ : ৩৯. যদি তোমরা বাহির না হও, তবে আল্লাহ তা'আলা তোমাদেরকে কঠোর শাস্তি প্রদান করবেন (অর্থাৎ, ধ্বংস করে  
দিবেন) এবং তোমাদের পরিবর্তে অন্য এক জাতি সৃষ্টি করে দিবেন, আর তোমরা আল্লাহ তা'আলার কোনই ক্ষতি করতে পারবে  
না। আল্লাহ তা'আলা সর্ববিষয়ে সর্বশক্তিমান। (সূরা আত-তওবা : আয়াত ৩৯)

১৭৩. সে ব্যক্তি অপেক্ষা উত্তম কথা, কার হতে পারে যে মানুষকে আল্লাহর দিকে ডাকে

وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِّنْ نَّعَا إِلَى اللَّهِ وَعَمِلَ صَالِحًا وَقَالَ إِنَّنِي مِنَ الْمُسْلِمِينَ (۳۳) وَلَا تَسْتَوِي الْحَسَنَةُ وَلَا السَّيِّئَةُ ادْفَعْ بِالَّتِي هِيَ أَحْسَنُ فَإِذَا الَّذِي بَيْنَكَ وَبَيْنَهُ عَدَاوَةٌ كَأَنَّهُ وَلِيٌّ حَمِيمٌ (۳۴) وَمَا يُلْقِيهَا إِلَّا الَّذِينَ صَبَرُوا وَعَ مَا يُلْقِيهَا إِلَّا الذُّؤُحُظَّ عَظِيمٌ (۳۵)  
(۳۱) سُوْرَةُ حَمْرِ السَّجْدَةِ : آيَاتُهَا ۲۳-۳۴

অর্থ : ৩৩. সে ব্যক্তি অপেক্ষা উত্তম কথা কার হতে পারে, যে লোকদিগকে, আল্লাহ তা'আলার দিকে ডাকে এবং নিজেও নেক আমল করে এবং বলে যে, আমি মুসলমানদের মধ্যে হতে একজন। ৩৪. আর সৎকাজ ও অসৎ কাজ সমান হয় না, অতএব আপনি এবং আপনার অনুসারীগণ সদ্যবহার দ্বারা অসদ্যবহারের প্রত্যুত্তর দিন। অতঃপর সদ্যবহারের পরিণতি এ হবে যে, আপনার সাথে যার শত্রুতা ছিল, সে অকস্মাৎ এমন হয়ে যাবে, যেমন একজন অন্তরঙ্গ বন্ধু হয়ে থাকে। ৩৫. এই চরিত্র তারাই লাভ করে, যারা ধৈর্যধারণ করে এবং এই চরিত্রের অধিকারী তারাই হয়, যারা অত্যন্ত ভাগ্যবান।

(সূরা হা-মীম সিজদাহ : আয়াত ৩৩-৩৫)

ব্যাখ্যা : এই আয়াতের দ্বারা বুঝা গেল যে, যে ব্যক্তি আল্লাহ তা'আলার দিকে দাওয়াত দিবে, তার জন্য সহনশীল, ধৈর্যশীল ও উত্তম চরিত্রের অধিকারী হওয়া জরুরী।

১৭৫. যারা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান এনেছে তারাই মসজিদ আবাদ করে

إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَأَقَامَ الصَّلَاةَ وَآتَى الزَّكَاةَ وَلَمْ يَخْشَ إِلَّا اللَّهَ تَدْفَعُ أُولَئِكَ أَنْ يَكُوْنُوا مِنَ الْمُهْتَلِينَ (۱۸) (۹) سُوْرَةُ التَّوْبَةِ : آيَاتُهَا ۱۸

অর্থ : ১৮. আল্লাহর ঘর মসজিদগুলি আবাদ করা তাদেরই কাজ, যারা আল্লাহর প্রতি এবং কিয়ামত দিবসের প্রতি ঈমান আনে এবং নামাজ কায়েম করে এবং যাকাত প্রদান করে, আর আল্লাহ তা'আলা ছাড়া কাউকেও ভয় করে না। অতএব আশা করা যায় তারা, সৎপথ প্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে। (সূরা আত-তওবা : আয়াত ১৮)

১৭৬. আল্লাহর রাস্তায় বের হওয়া থেকে পরিবার-পরিজন ধন-সম্পদ অধিক প্রিয় হলে কঠিন শাস্তি

قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ ذَاتُ بَخٍ رَّقَبَاتٍ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسْكِنٌ تَرْضَوْنَهَا أَحَبُّ إِلَيْكُمْ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرٍ ط وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ (۲۸)

(৯) سُوْرَةُ التَّوْبَةِ : آيَاتُهَا ২৮

অর্থ : ২৮. (হে নবী! আপনি মুসলমানদের) বলুন, যদি তোমাদের পিতা, পুত্র, ভাই ও স্ত্রীগণ এবং তোমাদের স্বগোত্র আর তোমাদের অর্জিত সম্পদ, তোমাদের ব্যবসা বাণিজ্য, যাহার মন্দা পড়ার আশংকা কর এবং তোমাদের বাসস্থান, যা তোমরা ভালবাস যদি এ সমস্ত জিনিস, তোমাদের নিকট আল্লাহ তা'আলা ও তাঁর রাসূল হতে এবং আল্লাহ তা'আলার রাস্তায় বের হওয়া হতে অধিক প্রিয় হয়, তবে তোমরা অপেক্ষা কর এই পর্যন্ত যে, আল্লাহ তা'আলা শাস্তির নির্দেশ পাঠিয়ে দেন। আর আল্লাহ তা'আলা আদেশ অমান্যকারীদেরকে পথ প্রদর্শন করেন না। (৯ সূরা আত-তওবা : আয়াত ২৮)

১৭৭. রাসূলুল্লাহ সা. ও তার অনুসারীগণ মানুষকে আল্লাহর দিকে দাওয়াত দেন

قُلْ هَذِهِ سَبِيلِي أَدْعُو إِلَى اللَّهِ فَدَعَا إِلَى اللَّهِ عَلَى بَصِيرَةٍ أَنَا وَمَنِ اتَّبَعَنِي (۱۰۸) (سُورَةُ يُوسُفَ : آيَاتُهَا ۱۰۸)

অর্থ : ১০৮. (হে নবী) আপনি বলে দিন, আমার রাস্তা তো এটাই যে, আমি পরিপূর্ণ বিশ্বাসের সাথে আল্লাহ তা'আলার দিকে মানুষকে ডাকি এবং যারা আমার অনুসারী তারাও আল্লাহ তা'আলার দিকে মানুষকে ডাকে। (১২ সূরা ইউসুফ : আয়াত ১০৮)

১৭৮. মানুষকে আল্লাহর দিকে ডাকতে হবে হেকমত ও উত্তম উপদেশের সাথে

أَدْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ بِالْحُكْمِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِي هِيَ أَحْسَنُ ط إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيلِهِ وَهُوَ أَعْلَمُ  
الْمُهْتَدِينَ (۱۳۵) (سُورَةُ النَّحْلِ : آيَاتُهَا ۱۳۵)

অর্থ : ১২৫. লোকদিগকে আপনি ডাকুন, আপন প্রতিপালকের দিকে হেকমত এবং উত্তম উপদেশের সাথে। আর তাদের সাথে তর্ক এমনভাবে করবেন, যেন তা খুবই পছন্দনীয় হয়। নিশ্চয়ই আপনার পালনকর্তা, তার সম্পর্কে বিশেষভাবে জানেন, যে ব্যক্তি আল্লাহর পথ হতে বিচ্যুত হয়েছে, আর তিনি বিশেষভাবে জানেন, তাদের অবস্থা সম্পর্কেও, যারা সঠিক পথে রয়েছে। (সূরা আন-নহল : আয়াত ১২৫)

১৭৯. আল্লাহ তা'আলা বান্দাদেরকে জান্নাতের দিকে দাওয়াত দেন

وَاللَّهُ يَدْعُوا إِلَى دَارِ السَّلَامِ وَيَهْدِي مَنْ يَشَاءُ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ (۲۵) (سُورَةُ يُوسُفَ : آيَاتُهَا ২৫)

অর্থ : ২৫. আল্লাহ তা'আলা শান্তির ঘর অর্থাৎ জান্নাতের দিকে বান্দাদেরকে দাওয়াত দেন, এবং তিনি যাকে ইচ্ছা সরলপথ দেখান। (১০ সূরা ইউনুস : আয়াত ২৫)

১৮০. আপন রবের বড়ত্ব বর্ণনা করতে হবে

يَا أَيُّهَا الْمَدْيَنِيُّ (۱) قُمْ فَأَنْذِرْ (۲) وَرَبُّكَ فَكَبِيرٌ (۳) (سُورَةُ الْمَدْيَنِيِّ : آيَاتُهَا ১-৩)

অর্থ : ১. হে বস্ত্রাবৃত রাসূল! আপনি উঠুন। ২. আর ভীতি প্রদর্শন করুন ৩. এবং আপনার রবের বড়ত্ব বর্ণনা করুন।

(৭৪ সূরা আল-মুদাসসির : আয়াত ১-৩)

১৮১. বিনা ওজরে বসে থাকা মুসলমানগণ এবং জানমাল দ্বারা জিহাদকারীগণ সমান নয়

لَا يَسْتَوِي الْقُعْدُونَ مِنَ الْمُؤْمِنِينَ غَيْرِ أُولَى الضَّرَرِ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ  
بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ عَلَى الْقُعْدِينَ دَرَجَةً ط وَكُلًّا وَعَدَ اللَّهُ الْحَسَنَى ط وَفَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ عَلَى الْقُعْدِينَ أَجْرًا عَظِيمًا (۹۫)

دَرَجَاتٍ مِنْهُ وَمَغْفِرَةً وَرَحْمَةً ط وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا (۹۫) (سُورَةُ النَّسَاءِ : آيَاتُهَا ৭৫-৭৬)

অর্থ : ৯৫. মু'মিনদের মধ্যে যারা অক্ষম নয় অথচ ঘরে বসে থাকে ও যারা আল্লাহর পথে স্বীয় জান-মাল দ্বারা জিহাদ করে তারা সমান নয়। যারা স্বীয় জান-মাল দ্বারা জিহাদ করে আল্লাহ তাদেরকে, যারা ঘরে বসে থাকে তাদের উপর মর্যাদা দিয়েছেন; আল্লাহ সকলকেই কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন। যারা ঘরে বসে থাকে তাদের উপর যারা জিহাদ করে তাদেরকে আল্লাহ মহাপুরস্কারের ক্ষেত্রে শ্রেষ্ঠত্ব দিয়েছেন। ৯৬. এটা তাঁর নিকট হতে মর্যাদা, ক্ষমা ও দয়া; আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

(সূরা আন-নিসা : আয়াত ৯৫-৯৬)



## ১৮২. দ্বীনের জন্যে অপমান সহ্য করা নবীদের সুন্নত

وَلَقَدْ أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِي شِعَابِ الْأَوَّلِينَ (১০) وَمَا يَأْتِيهِمْ مِنْ رَسُولٍ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِءُونَ (১১) (سُورَةُ الْحَجَرِ : آيَاتُهَا ۱۰ - ۱۱)

অর্থ : ১০. এবং নিশ্চয়ই আমি প্রেরণ করেছিলাম, আপনার আগে পূর্ববর্তী বহু জাতির মধ্যে নবী। ১১. আর যখনই তাদের নিকট নবী আসত, তখনই তারা সে নবীর সাথে ঠাট্টা বিদ্রূপ করত। (সূরা হিজর : আয়াত ১০-১১)

## ১৮৩. মানুষকে নম্রভাবে আল্লাহর দিকে ডাকতে হবে

إِذْهَبَا إِلَى فِرْعَوْنَ إِنَّهُ طَغَى (২৩) فَقَوْلَا لَهُ قَوْلًا لَيْنًا لَعَلَّهُ يَتَذَكَّرُ أَوْ يَخْشَى (২৪) (سُورَةُ طه : آيَاتُهَا ২৩-২৪)

অর্থ : ২৩. তোমরা উভয়ে (মূসা আ. ও হারুন আ.) ফিরাউনের নিকট যাও, সে তো সীমালংঘন করেছে। তোমরা তার সাথে নম্রভাবে কথা বলবে, হয়তো সে উপদেশ গ্রহণ করবে অথবা ভয় করবে। (সূরা ত্বহা : আয়াত ২৩-২৪)

## ১৮৪. আল্লাহর দিকে আহ্বানকারীর সাথে আল্লাহ তা'আলা আছেন

قَالَ رَبَّنَا إِنَّنَا نَخَافُ أَنْ يُفْرَمَّا عَلَيْنَا أَوْ أَنْ يَطْفِئُ (২৫) قَالَ لَا تَخَافَا إِنِّي مَعَكُمَا أَسْمِعُ وَأَرَى (২৬) (سُورَةُ طه : آيَاتُهَا ২৫-২৬)

অর্থ : ২৫. তারা (মূসা আ. ও হারুন আ.) বলল, হে আমাদের প্রতিপালক, আমরা আশংকা করি যে, ফেরাউন আমাদের উপর বাড়াবাড়ি করবে, অথবা অন্যায় আচরণে সীমালংঘন করবে। ২৬. আল্লাহ বললেন, 'তোমরা ভয় করো না, আমি তো তোমাদের সঙ্গে আছি, আমি শুনি ও আমি দেখি।' (সূরা ত্বহা : আয়াত ২৫-২৬)

## ১৮৫. সর্বাবস্থায় আল্লাহর রাস্তায় বের হতে হবে

انْفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ فِي سَبِيلِ اللَّهِ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ (২৭)

(سُورَةُ التَّوْبَةِ : آيَاتُهَا ২৭)

অর্থ : ২৭. হালকা হও অথবা ভারী হও সর্বাবস্থায় আল্লাহর রাস্তায় বের হও। এবং মেহনত কর আল্লাহর পথে তোমাদের মাল ও জান দ্বারা। তাই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা জানতে। (সূরা আত-তাওবা : আয়াত ২৭)

## ১৮৬. আল্লাহর দ্বীনকে সাহায্য করলে আল্লাহ তা'আলাও আমাদেরকে সাহায্য করবেন

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنْ تَنْصَرُوا لِلَّهِ يَنْصُرْكُمْ وَيُخْرِجْكُمْ مِنْ أَرْضِكُمْ (২৮) (سُورَةُ مَعَدِ : آيَاتُهَا ২৮)

অর্থ : ২৮. হে মু'মিনগণ যদি তোমরা আল্লাহর দ্বীনকে সাহায্য কর, তবে তিনিও তোমাদেরকে সাহায্য করবেন এবং শত্রুর মোকাবেলায় তোমাদের অবস্থান দৃঢ় প্রতিষ্ঠা করবেন। (সূরা মোহাম্মদ : আয়াত ২৮)

## ১৮৭. তোমাদের কি হল, যখন আল্লাহর পথে বের হবার জন্যে তোমাদের বলা হয়, তখন মাটি জড়িয়ে ধর

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَا لَكُمْ إِذَا قِيلَ لَكُمْ انْفِرُوا فِي سَبِيلِ اللَّهِ أَنْتُمْ تَقُولُونَ إِنَّا نَخَافُ أَنْ يُفْرَمَّا عَلَيْنَا أَوْ أَنْ يَطْفِئُ (২৯) (سُورَةُ التَّوْبَةِ : آيَاتُهَا ২৯-৩০)

অর্থ : ২৯. হে ঈমানদারগণ, তোমাদের কি হল, যখন আল্লাহর পথে বের হবার জন্যে তোমাদের বলা হয়, তখন মাটি আকড়ে ধর, তোমরা কি আখেরাতের পরিবর্তে দুনিয়ার জীবনে পরিতুষ্ট হয়ে গেলে? অথচ আখেরাতের তুলনায় দুনিয়ার জীবনের উপকরণ অতি অল্প। ৩০. যদি বের না হও, তবে আল্লাহ তোমাদের মর্মস্বাদ আযাব দেবেন এবং অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন। তোমরা তাঁর কোন ক্ষতি করতে পারবে না, আর আল্লাহ সর্ববিষয়ে শক্তিমান।

(৯ সূরা আত-তাওবা : আয়াত ৩০-৩১)

## ১৮৮. পিতা-মাতার সাথে সদয় ব্যবহার করতে হবে

وَقَضَىٰ رَبُّكَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا ۖ إِمَّا يَبْلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ أَحَدُهُمَا أَوْ كِلَيْهِمَا فَلَا تَقُلْ لَهُمَا آفٍ وَلَا تَنْهَرَهُمَا وَقُلْ لَهُمَا قَوْلًا كَرِيمًا (۲۳) وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذَّلِيلِ مِنَ الرَّحْمَةِ وَقُلْ رَبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيْنِي صَغِيرًا (۲۴) رَبُّكُمْ أَعْلَمُ بِمَا فِي نُفُوسِكُمْ ۗ إِنَّ تَكُونُوا صَالِحِينَ فَإِنَّهُ كَانَ لِلْكَوَابِئِنِ غَفُورًا (۲۵) (۱۷ سُوْرَةُ بَنِي إِسْرَائِيلَ : آيَاتُهَا ۲۳-۲۵)

অর্থ : ২৩. তোমার পালনকর্তা আদেশ করেছেন যে, তাকে ছাড়া অন্য কারও ইবাদত করো না এবং পিতা মাতার সাথে সদয়বহার কর। তাদের মধ্যে কেউ অথবা উভয়ই যদি তোমার জীবদ্দশায় বার্বক্যে উপনীত হয় তবে তাদেরকে "উহ" শব্দটিও বলো না (অর্থাৎ বিরক্তি, উপেক্ষা, অবজ্ঞা, ক্রোধ ও ঘৃণাসূচক কোন কথা, বলো না) এবং তাদেরকে ধমক দিও না, তাদেরকে সম্মানসূচক কথা বলো। ২৪. তাদের সামনে ভালবাসার সাথে, নম্রভাবে মাথা নত করে দাও এবং বল, হে আমার প্রতিপালক! তাদের প্রতি দয়া কর, যেভাবে শৈশবে তারা আমাকে প্রতিপালন করে ছিলেন। তোমাদের পালনকর্তা তোমাদের মনে যা আছে, তা ভালই জানেন। যদি তোমরা সং হও, তবে তিনি তাওবাকারীদের জন্য ক্ষমাশীল।

(১৭ সূরা বনী ইসরাঈল : আয়াত ২৩-২৫)

## ১৮৯. আল্লাহ মানুষকে তার পিতামাতার সাথে সদয়বহারের আদেশ দিয়েছেন

وَوَعَيْنَا الْإِنْسَانَ بِوَالِدَيْهِ إِحْسَانًا ۖ حَمَلَتْهُ أُمُّهُ كُرْهًا وَوَضَعَتْهُ كُرْهًا ۖ وَحَمَلُهُ وَفِصْلُهُ ثَلَاثُونَ شَهْرًا ۖ حَتَّىٰ إِذَا بَلَغَ أَشُدَّهُ وَبَلَغَ أَرْبَعِينَ سَنَةً ۖ قَالَ رَبِّ أَوْزِعْنِي أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ الَّتِي أَنْعَمْتَ عَلَيَّ وَعَلَىٰ وَالِدَيَّ وَأَنْ أَعْمَلَ صَالِحًا تَرْضَاهُ وَأَصْلِحْ لِي فِي ذُرِّيَّتِي ۗ إِنِّي تُبْتُ إِلَيْكَ وَإِنِّي مِنَ الْمُسْلِمِينَ (۱۵) (۳۶ سُوْرَةُ الْأَحْقَابِ : آيَاتُهَا ۱۵)

অর্থ : ১৫. আমি মানুষকে তার পিতা-মাতার সাথে সদয়বহারের আদেশ দিয়েছি। তার জননী তাকে কষ্টসহকারে গর্ভে ধারণ করেছে এবং কষ্টসহকারে প্রসব করেছে। তাকে গর্ভে ধারণ করতে ও তার স্তন্য ছাড়তে লেগেছে ত্রিশ মাস। অবশেষে সে যখন শক্তি-সামর্থ্যের বয়সে ও চল্লিশ বছরে পৌঁছেছে, তখন বলতে লাগল, হে আমার পালনকর্তা, আমাকে এরূপ ভাগ্য দান কর, যাতে আমি তোমার নেয়ামতের শোকর করি, যা তুমি দান করেছ আমাকে ও আমার পিতামাতাকে এবং যাতে আমি তোমার পছন্দনীয় সৎকাজ করি। আমার সন্তানদেরকে সৎকর্মপরায়ণ কর, আমি তোমার প্রতি তাওবা করলাম এবং আমি আত্মসমর্পণকারীদের অন্যতম। (৪৬ সূরা আল আহকাফ : আয়াত ১৫)

## ১৯০. আল্লাহর সাথে শরীক করতে বললে পিতা-মাতার কথাও মানা যাবে না

وَإِنْ جَاءَكَ عَلَىٰ أَنْ تُشْرِكَ بِي مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا وَصَاحِبُهُمَا فِي الدُّنْيَا مَعْرُوفًا ۖ وَاتَّبِعْ سَبِيلَ مَنْ أَنَابَ ۗ إِلَىٰ ۗ تُرُّ إِلَىٰ مَرْجِعِكُمْ فَأُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ (۱۵) (۳۱ سُوْرَةُ لُقْمَانَ : آيَاتُهَا ۱۵)

অর্থ : ১৫. পিতা-মাতা যদি তোমাকে আমার সাথে এমন বিষয়কে শরীক স্থির করতে পীড়াপীড়ি করে, যার জ্ঞান তোমার নেই; তবে তুমি তাদের কথা মানবে না এবং দুনিয়াতে তাদের সাথে সদ্ভাবে সহঅবস্থান করবে। যে আমার অভিযুক্তী হয়, তার পথ অনুসরণ করবে। অতঃপর তোমাদের প্রত্যাবর্তন আমারই দিকে এবং তোমরা যা করতে, আমি সে বিষয়ে তোমাদেরকে জ্ঞাত করবো। (৩১ সূরা লোকমান : আয়াত ১৫)

## Nobigon

১৯১. রাসূলুল্লাহ সা.-এর মধ্যেই রয়েছে উত্তম আদর্শ

لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُوا اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللَّهَ كَثِيرًا (۲۱) (۳۳ سُوْرَةُ الْأَحْزَابِ : آيَاتُهَا ۲۱)

অর্থ : ২১. তোমাদের মধ্যে যারা আল্লাহ ও আখেরাতকে ভয় করে এবং অধিক পরিমাণে আল্লাহর জিকির করে তাদের জন্য রাসূলুল্লাহর মধ্যে রয়েছে উত্তম আদর্শ। (৩৩ সূরা আল-আহযাব : আয়াত ২১)

১৯২. রাসূলুল্লাহ সা.-এর আনুগত্য করলে সুপথ পাওয়া যাবে

قُلْ أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ فَإِن تَوَلَّوْا فَإِنَّمَا عَلَيْهِ مَا حُمِّلَ وَعَلَيْكُمْ مَا حُمِّلْتُمْ وَإِن تُطِيعُوهُ تَهْتَدُوا وَمَا عَلَى الرَّسُولِ إِلَّا الْبَلْغُ الْمُبِينُ (۵۳) (۲۴ سُوْرَةُ النَّوْرِ : آيَاتُهَا ۵۳)

অর্থ : ৫৪. আপনি বলুন, আল্লাহর আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর। অতঃপর যদি তোমরা মুখ ফিরাও, তবে জেনে রাখ যে, রাসূলের কর্তব্য তো তাই, যার ভার তাঁকে দেয়া হয়েছে, আর তোমাদের কর্তব্য তাই, যার ভার তোমাদেরকে দেয়া হয়েছে। আর যদি তোমরা তা [রাসূল সাঃ.-এর আনুগত্য] কর, তবে সুপথ প্রাপ্ত হবে। আর রাসূলের দায়িত্ব কেবল সুস্পষ্টভাবে পৌঁছিয়ে দেয়া। (২৪ সূরা আন-নূর : আয়াত ৫৪)

১৯৩. বলুন, আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না

قُلْ مَا سَأَلْتُكُمْ مِّنْ أَجْرٍ فَهُوَ لَكُمْ إِن أَجْرِي إِلَّا عَلَى اللَّهِ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ (۴۷) قُلْ إِن رَّبِّي يَقْذِرُ بِالْحَقِّ عِلْمًا غَيْبٍ (۴۸) (۳۳ سُوْرَةُ سَبَأٍ : آيَاتُهَا ৳৳-৳৳)

অর্থ : ৪৭. বলুন, আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না বরং তা তোমরাই রাখ। আমার পুরস্কার তো আল্লাহর কাছে রয়েছে। প্রত্যেক বস্তুই তাঁর সামনে। ৪৮. বলুন, আমার পালনকর্তা সত্য দ্বীন অবতরণ করেছেন। তিনি আলেমুল গায়ব।

(৩৪ সূরা সাবা : আয়াত ৪৭-৪৮)

১৯৪. বলুন, আমার মধ্যে ও তোমাদের মধ্যে আল্লাহই স্বাক্ষীরূপে যথেষ্ট

قُلْ كَفَىٰ بِاللَّهِ بَيْنِي وَبَيْنَكُمْ شَهِيدًا يَعْلَمُ مَا فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ وَاللَّيْلِ إِذَا يَأْتِي وَالنَّهَارِ إِذَا تَجَافَىٰ أُولَٰئِكَ هُمُ الْغَافِرُونَ (۵۲) وَيَسْتَعِجِلُونَكَ بِالْعَذَابِ وَلَوْ لَا أَجَلٌ مُّسَمًّى لَّجَاءَ هُمُ الْعَذَابُ وَلِيَأْتِيَنَّهُمْ بَغْتَةً وَهُمْ لَا يَشْعُرُونَ (۵۳)

(২৭ সূরা الْعَنْكَبُوتِ : آيَاتُهَا ৫৳-৫৳)

অর্থ : ৫২. বলুন, আমার মধ্যে ও তোমাদের মধ্যে আল্লাহুই সাক্ষীরূপে যথেষ্ট। তিনি জানেন যা কিছু নভোমণ্ডলে ও ভূমণ্ডলে আছে। আর যারা মিথ্যায় বিশ্বাস করে ও আল্লাহকে অস্বীকার করে, তারাই ক্ষতিগ্রস্ত। ৫৩. তারা আপনাকে আযাব ত্বরান্বিত করতে বলে। যদি আযাবের সময় নির্ধারিত না থাকত, তবে আযাব তাদের উপর এসে যেত। নিশ্চয়ই আকস্মিকভাবে তাদের কাছে আযাব এসে যাবে, তাদের খবরও থাকবে না। (২৯ সূরা আনকাবুত : আয়াত ৫২-৫৩)

১৯৫. বলুন, আমি তোমাদের কাছে কোন বিনিময় চাই না

قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ إِلَّا مَنْ شَاءَ أَنْ يَتَّخِذَ إِلَىٰ رَبِّهِ سَبِيلًا (৫৬) وَتَوَكَّلْ عَلَىٰ الْحَيِّ الَّذِي لَا يَمُوتُ وَسَبِّحْ بِحَمْدِهِ ۗ وَكَفَىٰ بِهِ  
بِئْتُوْبٍ عِبَادَةٍ خَبِيرًا (৫৮) (২৫ সূরা الْفُرْقَانِ : آيَاتُهُمَا ৫৬-৫৮)

অর্থ : ৫৭. বলুন, আমি তোমাদের কাছে এর কোন বিনিময় চাই না, কিন্তু যে ইচ্ছা করে, সে তার পালনকর্তার পথ অবলম্বন করুক। ৫৮. আপনি সেই চিরঞ্জীবের উপর ভরসা করুন, যার মৃত্যু নেই এবং তাঁর প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা করুন। তিনি বান্দার গোনাহ সম্পর্কে যথেষ্ট খবরদার। (২৫ সূরা আল ফুরকান : আয়াত ৫৭-৫৮)

১৯৬. যারা তওবা করে আল্লাহ তাদের গুনাহকে পুণ্য দ্বারা পরিবর্তন করে দিবেন

إِلَّا مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُولَٰئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا (৬০) وَمَنْ تَابَ وَعَمِلَ صَالِحًا  
فَأِنَّهُ يُتَوَبُّ إِلَىٰ اللَّهِ مَتَابًا (৬১) (২৫ সূরা الْفُرْقَانِ : آيَاتُهُمَا ৬০-৬১)

অর্থ : ৬০. কিন্তু যারা তওবা করে, বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে আল্লাহ তাদের গুনাহকে পুণ্য দ্বারা পরিবর্তিত করে দেবেন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। ৬১. যে তওবা করে ও সৎকর্ম করে, সে ফিরে আসার স্থান আল্লাহর দিকে ফিরে আসে। (২৫ সূরা আল ফুরকান : আয়াত ৬০-৬১)

১৯৭. আমি একমুখী হয়ে স্বীয় আনন ঐ সত্তার দিকে করেছি যিনি সৃষ্টি করেছেন

فَلَمَّا جَنَّ عَلَيْهِ اللَّيْلُ رَأَى الْكُوفَةَ قَالَ هَذَا رَبِّي فَلَمَّا أَفَلَ قَالَ هَذَا رَبِّي فَلَمَّا أَفَلَ قَالَ لَا أَحِبُّ الْإِنْسَانَ (٤٦) فَلَمَّا رَأَى الْقَمَرَ بَازِغًا قَالَ هَذَا رَبِّي فَلَمَّا أَفَلَ قَالَ لَيْسَ لِرَبِّي لَأَكُونَنَّ مِنَ الْقَوْمِ الضَّالِّينَ (٤٧) فَلَمَّا رَأَى الشَّمْسَ بَازِغَةً قَالَ هَذَا رَبِّي هَذَا أَكْبَرُ فَلَمَّا أَفَلَتْ قَالَ يُقِيمُونَ لِي بَرِيءًا مِمَّا تُشْرِكُونَ (٤٨) إِنِّي وَجْهَتُ وَجْهِي لِلذِّئْبِ فَطَرَ السَّمَوَاتِ وَالْأَرْضَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ (٤٩)

(٦ سُورَةُ الْآنْعَامِ : آيَاتُهَا ٤٩-٤٦)

অর্থ : ৭৬. অনন্তর যখন রজনীর অন্ধকার তার উপর সমাচ্ছন্ন হল, তখন সে একটি তারকা দেখতে পেল। বলল : এটি আমার প্রতিপালক। অতঃপর যখন তা অস্তমিত হল, তখন বলল : আমি অন্তগামীদেরকে ভালবাসি না। ৭৭. অতঃপর যখন চন্দ্রকে ঝলমল করতে দেখল, বলল : এটি আমার প্রতিপালক। অনন্তর যখন তা অদৃশ্য হয়ে গেল, তখন বলল : যদি আমার প্রতিপালক আমাকে পথ-প্রদর্শন না করেন, তবে অবশ্যই আমি বিভ্রান্ত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হয়ে যাব। ৭৮. অতঃপর যখন সূর্যকে চক্চক করতে দেখল, বলল : এটি আমার পালনকর্তা, এটি বৃহত্তর। অতঃপর যখন তা ডুবে গেল, তখন বলল : হে আমার সম্প্রদায়, তোমরা যেসব বিষয়কে শরীক কর, আমি ওসব থেকে মুক্ত। ৭৯. আমি একমুখী স্বীয় আনন ঐ সত্তার দিকে করেছি, যিনি নভোমণ্ডল ও ভূমণ্ডল সৃষ্টি করেছেন এবং আমি মুশরেক নই। (৬ সূরা আল-আন-আম : আয়াত ৭৬-৭৯)

১৯৮. তোমরা কি আল্লাহর পরিবর্তে এমন কিছুর এবাদত কর যা তোমাদের কোন উপকারও করতে পারে না ক্ষতিও করতে পারে না

وَتَاللَّهِ لَا يَكِيدَنَّ أَصْنَامَكُمْ بَعْدَ أَنْ تُولَّوْا مِنْ بَرِينٍ (٥٤) فَجَعَلْنَاهُمْ جُنُودًا لِلْأَكْبَرِ لَعَلَّهُمْ إِلَيْهِ يَرْجِعُونَ (٥٨) قَالُوا مَنْ فَعَلَ هَذَا بِالْمِثْنِ إِنَّهُ لَمِنَ الظَّالِمِينَ (٥٩) قَالُوا سَمِعْنَا فَتَى يَذُكُرُهُمْ يُقَالُ لَهُ إِبْرَاهِيمُ (٦٠) قَالُوا فَاتُوا بِهِ عَلَىٰ عَيْنِ النَّاسِ لَعَلَّهُمْ يَشْهَدُونَ (٦١) قَالُوا أَأَنْتَ فَعَلْتَ هَذَا بِالْمِثْنِ يَا بَرُوهِيمُ (٦٢) قَالَ بَلْ فَعَلَهُ نَبِيِّهُمْ هَذَا فَسْتَلَوْهُمْ إِنْ كَانُوا يَنْطِقُونَ (٦٣) فَارْجِعُوا إِلَىٰ أَنْفُسِهِمْ فَقَالُوا إِنَّكُمْ الظَّالِمُونَ (٦٤) ثُمَّ نَكِسُوا عَلَىٰ رُءُوسِهِمْ لَقَدْ عَلِمْتَ مَا هَؤُلَاءِ يَنْطِقُونَ (٦٥) قَالَ أَفَتَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ مَا لَا يَنْفَعُكُمْ شَيْئًا وَلَا يَضُرُّكُمْ (٦٦) (٢١ سُورَةُ الْأَنْبِيَاءِ : آيَاتُهَا ٥٤-٦٦)

অর্থ : ৫৭. আল্লাহর কসম, যখন তোমরা পৃষ্ঠ প্রদর্শন করে চলে যাবে, তখন আমি তোমাদের মূর্তিগুলোর ব্যাপারে একটা ব্যবস্থা অবলম্বন করব। ৫৮. অতঃপর তিনি সেগুলোকে চূর্ণ-বিচূর্ণ করে দিলেন ওদের প্রধানটি ব্যতীত; যাতে তারা তাঁর কাছে প্রত্যাবর্তন করে। ৫৯. তারা বলল : আমাদের উপাস্যদের সাথে এরূপ ব্যবহার কে করল? সে তো নিশ্চয়ই কোন জালিম। ৬০. কতক লোকে বলল : আমরা এক যুবককে তাদের সম্পর্কে বিরূপ আলোচনা করতে শুনেছি; তাকে ইব্রাহীম বলা হয়। ৬১. তারা বলল : তাকে জনসমক্ষে উপস্থিত কর, যাতে তারা দেখে। ৬২. তারা বলল : হে ইব্রাহীম, তুমিই কি আমাদের উপাস্যদের সাথে এরূপ ব্যবহার করেছ? ৬৩. তিনি বললেন: না, এদের এই প্রধানই তো একাজ করেছে। অতএব তাদেরকে জিজ্ঞেস কর, যদি তারা কথা বলতে পারে। ৬৪. অতঃপর তারা মনে মনে চিন্তা করল এবং বলল : লোক সকল; তোমরাই বেইনসাফ। ৬৫. অতঃপর তারা স্বীকে গেল মস্তক নত করে : “তুমি তো জান যে, এরা কথা বলে না”। ৬৬. তিনি বললেন : তোমরা কি আল্লাহর পরিবর্তে এমন কিছুর এবাদত কর, যা তোমাদের কোন উপকারও করতে পারে না এবং ক্ষতিও করতে পারে না?

(২১ সূরা আল আন্বিয়া : আয়াত ৫৭-৬৬)

১৯৯. হে অগ্নি তুমি ইব্রাহীমের উপর শীতল ও নিরাপদ হয়ে যাও

أَفِ لَّكُمۡ وَلِيَا تَعْبُدُونَ مِنۢ دُونِ اللَّهِ أَفَلَا تَعْقِلُونَ (৬৮) قَالُوا حَرِّقُوهُ وَانصُرُوا الۡمُتَكَبِّرِينَ إِن كُنْتُمْ فَعِلِينَ (৬৯) قُلْنَا يَنَارُ كُونِي بَرْدًا وَسَلَامًا عَلَىٰٓ إِبْرَاهِيمَ (৬৯) (২১) سُورَةُ الْأَنْبِيَاءِ : آيَاتُهَا ৬৮-৬৯

অর্থ : ৬৭. ধিক তোমাদের জন্যে এবং তোমরা আল্লাহ্ ব্যতীত যাদেরই এবাদত কর, ওদের জন্যে। তোমরা কি বোঝ না? ৬৮. তারা বলল : একে পুড়িয়ে দাও এবং তোমাদের উপাস্যদের সাহায্য কর, যদি তোমরা কিছু করতে চাও। ৬৯. আমি বললাম : 'হে অগ্নি, তুমি ইব্রাহীমের উপর শীতল ও নিরাপদ হয়ে যাও।' (২১ সূরা আল আন্বিয়া : আয়াত ৬৭-৬৯)

২০০. ইব্রাহীম আ. তার পুত্রকে বলল, 'বৎস আমি স্বপ্নে দেখি যে তোমাকে যবেহ করছি'

فَلَمَّا بَلَغَ مَعَهُ السَّعْيَ قَالَ يَبْنَىٰٓ إِنِّيٓ أَرَىٰ فِي الْمَنَامِ أَنِّيٓ أَذْبَحُكَ فَانظُرْ مَاذَا تَرَىٰ ۚ قَالَ يَا بَسِٔ أَفْعَلُ مَا تُؤْمَرُ ۚ سَتَجِدُنِيٓ إِن شَاءَ اللَّهُ مِنَ الصَّابِرِينَ (১০২) فَلَمَّا أَسْلَمَا وَتَلَّهُ لِلْجَبِينِ (১০৩) وَنَادَيْنَاهُ أَن يَا إِبْرَاهِيمَ (১০৪) قَدْ صَدَّقْتَ الرِّئَاسَ إِنَّا كَلِّلُكَ نَجْرَىٰ الْمُحْسِنِينَ (১০৫) إِنَّ هَذَا لَمَوَّ الْجَلُونَ الثَّمِينُ (১০৬) وَقَدَّيْنَاهُ بِذِيحِ عَظِيمٍ (১০৬) (১০৬) سُورَةُ الصَّافَّاتِ : آيَاتُهَا ১০২-১০৬

অর্থ : ১০২. অতঃপর সে যখন পিতার সাথে চলাফেরা করার বয়সে উপনীত হল, তখন ইব্রাহীম তাকে বলল : বৎস! আমি স্বপ্নে দেখি যে, তোমাকে যবেহ করছি; এখন তোমার অভিমত কি দেখ। সে বলল : পিতা! আপনাকে যা আদেশ করা হয়েছে, তাই করুন। আল্লাহ্ চাহে তো আপনি আমাকে সবরকারী পাবেন। ১০৩. যখন পিতা-পুত্র উভয়েই আনুগত্য প্রকাশ করল এবং ইব্রাহীম তাকে যবেহ করার জন্যে শায়িত করল, ১০৪. তখন আমি তাকে ডেকে বললাম : হে ইব্রাহীম, ১০৫. তুমি তো স্বপ্নকে সত্যে পরিণত করে দেখালে। আমি এভাবেই সৎকর্মীদেরকে প্রতিদান দিয়ে থাকি। ১০৬. নিশ্চয় এটা এক সুস্পষ্ট পরীক্ষা। ১০৭. আমি তার পরিবর্তে দিলাম যবেহ করার জন্যে এক মহান জন্তু। (৩৭ সূরা আস্ সাফফাত : আয়াত ১০২-১০৭)

২০১. আল্লাহ তায়ালা আদম আ. কে ঐ বৃক্ষের কাছে যেতে নিষেধ করেছিলেন

وَيَادُّ اسْكُنْ اَنْتَ وَزَوْجَكَ الْجَنَّةَ فَكُلَا مِنْ حَيْثُ شِئْتُمَا وَلَا تَقْرَبَا هَذِهِ الشَّجَرَةَ فَتَكُونَا مِنَ الظَّالِمِينَ (۱۹) فَوَسَّوَسَ لَهَا الشَّيْطَانُ لِيُبْدِيَ لَهَا مَا وَّرَىٰ عَنْهَا مِنْ سَوَاتِيمِهَا وَقَالَ لَهَا رَبُّكَ مَا نَهَىٰ عَنْ هَذِهِ الشَّجَرَةِ اِلَّا اَنْ تَكُوْنَا مَلَائِكَةً اَوْ تَكُوْنَا مِنَ الْخَالِدِيْنَ (۲۰) وَقَاسَمَهَا اِنِّي لَكُمْ لِيْنِ النَّصِيْحِيْنَ (۲۱) فَذَلَمَهَا بِغُرُوْرٍ فَلَمَّا ذَاقَا الشَّجَرَةَ بَدَتْ لَهَا سَوَاتِيمُهَا وَطَفِقَا يَخْصِفْنَ عَلَيْهِمَا مِنْ وَّرَقِ الْجَنَّةِ ط وَنَادَاهُمَا رَبُّهُمَا اَلَمْ اَنْهَىٰ عَنْ تِلْكَ الشَّجَرَةِ وَاَقُلْتُ لَكُمْ اِنَّ الشَّيْطَانَ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ (۲۲) فَلَا رِبْنَآ ظَلَمْنَا اَنْفُسَنَا سَكَنَ وَاِنْ لَمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ (۲۳) قَالَ اٰهِيْطُوْا بِعَضْكُمْ لِبَعْضِ عَدُوِّ وَا لَكُمْ فِي الْاَرْضِ مُسْتَقَرٌّ وَّمَتَاعٌ اِلَىٰ حِيْنَ (۲۴) قَالَ فِيْهَا تَحْيُوْنَ وَفِيْهَا تَمُوْتُوْنَ وَمِنْهَا تُخْرَجُوْنَ (۲۵) (۴ سُوْرَةُ الْاَعْرٰفِ: اٰيٰتُهَا ۱۹-۲۵)

অর্থ : ১৯. হে আদম! তুমি এবং তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর। অতঃপর সেখান থেকে যা ইচ্ছা খাও, তবে এ বৃক্ষের কাছে যেয়ো না। তাহলে তোমরা গোনাহ্গার হয়ে যাবে। ২০. অতঃপর শয়তান উভয়কে প্ররোচিত করল, যাতে তাদের অঙ্গ, যা তাদের কাছে গোপন ছিল, তাদের সামনে প্রকাশ করে দেয়। সে বলল : তোমাদের পালনকর্তা তোমাদেরকে এ বৃক্ষ থেকে নিষেধ করেননি; তবে তা এ কারণে যে, তোমরা না আবার ফেরেশতা হয়ে যাও কিংবা হয়ে যাও চিরকাল বসবাসকারী। ২১. সে তাদের কাছে কসম খেয়ে বলল : আমি অবশ্যই তোমাদের হিতাকাঙ্ক্ষী। ২২. অতঃপর প্রতারণাপূর্বক তাদেরকে সম্মত করে ফেলল। অনন্তর যখন তারা বৃক্ষের ফল আশ্বাদন করল, তখন তাদের লজ্জাস্থান তাদের সামনে খুলে গেল এবং তারা নিজের উপর বেহেশতের পাতা জড়াতে লাগল। তাদের প্রতিপালক তাদেরকে ডেকে বললেন : আমি কি তোমাদেরকে এ বৃক্ষ থেকে নিষেধ করিনি এবং বলিনি যে, শয়তান তোমাদের প্রকাশ্য শত্রু? ২৩. তারা উভয়ে বলল : হে আমাদের পালনকর্তা আমরা নিজেদের প্রতি জুলুম করেছি। যদি আপনি আমাদেরকে ক্ষমা না করেন এবং আমাদের প্রতি অনুগ্রহ না করেন, তবে আমরা অবশ্যই ধ্বংস হয়ে যাব। ২৪. আল্লাহ বললেন : তোমরা নেমে যাও। তোমরা একে অপরের শত্রু। তোমাদের জন্যে পৃথিবীতে বাসস্থান আছে এবং একটি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত ফল ভোগ আছে। ২৫. বললেন : তোমরা সেখানেই জীবিত থাকবে, সেখানেই মৃত্যুবরণ করবে এবং সেখান থেকেই পুনরুত্থিত হবে। (৭ সূরা আরাফ : আয়াত ১৯-২৫)

২০২. আদম আ.কে ইবলীস ব্যতীত সকলেই সেজদা করল

وَإِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْا اِلَّا اِبْلٰسَ ط قَالَ اَسْجُدْ لِمَنْ خَلَقْتَ طِيْنًا (۶۱) قَالَ اَرَاۤءَيْتَكَ هٰذَا الَّذِيْ كَرَّمْتَ عَلٰى ذٰلِكُنَا اٰخُرْتَنِيْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَاحْتِنٰكُنْ نٰرِيْنَنَّهُ اِلَّا قَلِيْلًا (۶۲) قَالَ اِذْهَبْ فَمَنْ تَبِعَكَ مِنْهُمْ فَاِنَّ جَهَنَّمَ جَزَاؤُكُمْ جَزَآءً مُّوْفُوْرًا (۶۳) (۱۴ سُوْرَةُ بَنِيْ اِسْرٰٓءِيْلَ: اٰيٰتُهَا ۶۱-۶۳)

অর্থ : ৬১. স্মরণ কর, যখন আমি ফেরেশতাদেরকে বললাম : আদমকে সেজদা কর, তখন ইবলীস ব্যতীত সবাই সেজদায় পড়ে গেল। কিন্তু সে বলল : আমি কি এমন ব্যক্তিকে সেজদা করব, যাকে আপনি মাটির দ্বারা সৃষ্টি করেছেন? ৬২. সে বলল : দেখুন তো, এ না সে ব্যক্তি, যাকে আপনি আমার চাইতেও উচ্চ মর্যাদা দিয়ে দিয়েছেন। যদি আপনি আমাকে কেয়ামত দিবস পর্যন্ত সময় দেন, তবে আমি সামান্য সংখ্যক ছাড়া তার বংশধরদেরকে সমূলে নষ্ট করে দেব। ৬৩. আল্লাহ বললেন : চলে যা, অতঃপর তাদের মধ্যে থেকে যে তোর অনুগামী হবে, জাহান্নামই হবে তাদের সবার শাস্তি - ভরপুর শাস্তি।

(১৭ সূরা বনী ইসরাঈল : আয়াত ৬১-৬৩)

২০৩. শয়তান আদমকে বলল, আমি কি তোমাকে বলে দিব অনন্তকাল জীবিত থাকার বৃক্ষের কথা

فَوَسْوَسَ إِلَيْهِ الشَّيْطَانُ قَالَ يَا آدَمُ هَلْ أَدُلُّكَ عَلَى شَجَرَةِ الْخُلْدِ وَمُلْكٍ لَّا يَبُلَىٰ (۱۳۰) فَأَكَلَا مِنْهَا فَبَدَلَتْ لُهُمَا سَوَاتِمَهُمَا وَطَفِقَا يَخْصِفُ عَلَيْهِمَا مِنْ وُرْقِ الْجَنَّةِ وَوَعَصَىٰ آدَمُ رَبَّهُ فَغَوَىٰ (۱۳۱) ثُمَّ اجْتَبَاهُ رَبُّهُ فَتَابَ عَلَيْهِ وَهَدَىٰ (۱۳۲) قَالَ اهْبِطَا مِنْهَا جَمِيعًا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۗ فَمَا يُآتِيَنَّكُم مِّنْهُ هُدًى فَمَنِ اتَّبَعَ هُدَايَ فَلَا يَضِلُّ وَلَا يَشْقَىٰ (۱۳۳) (سُورَةُ طٰهٖ : آيَاتُهَا ۱۳۰-۱۳۳)

অর্থ : ১২০. অতঃপর শয়তান তাকে কুমন্ত্রণা দিল, বলল : হে আদম আমি কি তোমাকে বলে দেব অনন্তকাল জীবিত থাকার বৃক্ষের কথা এবং অবিদ্যমান রাজত্বের কথা ১২১. অতঃপর তারা উভয়েই এর ফল ভক্ষণ করল, তখন তাদের সামনে তাদের লজ্জাস্থান খুলে গেল এবং তারা জান্নাতের বৃক্ষ পত্র দ্বারা নিজেদেরকে আবৃত করতে শুরু করল। আদম তার পালনকর্তার অবাধ্যতা করল, ফলে সে পথভ্রান্ত হয়ে গেল। ১২২. এরপর তার পালনকর্তা তাকে মনোনীত করলেন, তার প্রতি মনোযোগী হলেন এবং তাকে সুপথে আনয়ন করলেন। ১২৩. তিনি বললেন : তোমরা উভয়েই এখান থেকে এক সঙ্গে নেমে যাও। তোমরা একে অপরের শত্রু। এরপর যদি আমার পক্ষ থেকে তোমাদের কাছে হেদায়েত আসে, তখন যে আমার বর্ণিত পথ অনুসরণ করবে, সে পথভ্রষ্টও হবে না এবং কষ্টও পতিত হবে না। (২০ সূরা তোয়া-হা : আয়াত ১২০-১২৩)



২০৪. আল্লাহ মুসা জননীকে আদেশ পাঠালেন যখন তুমি তার সম্পর্কে বিপদের আশংকা কর তখন তাকে দরিয়ায় নিক্ষেপ কর

وَأَوْحَيْنَا إِلَىٰ آلِ مُوسَىٰ أَنْ أَرْفَعِيهِ ۖ فَإِذَا خِفْتِ عَلَيْهِ فَأَلْقِيهِ فِي الْيَمِّ وَلَا تَخَافِي ۖ وَلَا تَحْزَنِي ۖ إِنَّا رَأَوْنَا إِلَيْكَ وَجَاعِلُوهُ مِنَ الرَّسُلِينَ (۷) فَالْتَقَطَهُ آلُ فِرْعَوْنَ لِيَكُونَ لَهُمْ عَدُوًّا وَحَزَنًا ۖ إِنَّ فِرْعَوْنَ وَهَامَانَ وَجُنُودَهُمَا كَانُوا خَاطِبِينَ (۸) وَقَالَتْ امْرِأَتُ فِرْعَوْنَ قُرَّتْ عَيْنِي لِئِىْ وَلَدًا ۖ لَأَتَقْتُلُوهُ عَسَىٰ أَنْ يَنْفَعَنَا أَوْ نَتَّخِذَهُ وَكِنًا ۖ وَهَمَزًا لَّا يَشْعُرُونَ (۹) (سُورَةُ الْقَصَصِ : آيَاتُهَا ۴-۹)

অর্থ : ৭. আমি মুসা-জননীকে আদেশ পাঠলাম যে, তাকে স্তন্য দান করতে থাক। অতঃপর যখন তুমি তার সম্পর্কে বিপদের আশংকা কর, তখন তাকে দরিয়ায় নিক্ষেপ কর এবং ভয় করো না, দুঃখও করো না। আমি অবশ্যই তাকে তোমার কাছে ফিরিয়ে দেব এবং তাকে পয়গম্বরগণের একজন করব। ৮. অতঃপর ফেরাউন-পরিবার মুসাকে কুড়িয়ে নিল, যাতে তিনি তাদের শত্রু ও দুঃখের কারণ হয়ে যান। নিশ্চয় ফেরাউন, হামান ও তাদের সৈন্যবাহিনী অপরাধী ছিল। ৯. ফেরাউনের স্ত্রী বলল, এ শিশু আমার ও তোমার নয়নমণি, তাকে হত্যা করো না। এ আমাদের উপকারে আসতে পারে অথবা আমরা তাকে পুত্র করে নিকে পারি। প্রকৃতপক্ষে পরিণাম সম্পর্কে তাদের কোন খবর ছিল না। (২৮ সূরা আল কাসাস : আয়াত ৭-৯)

২০৫. আল্লাহ মুসা আ.কে তাঁর জননীর কাছে ফিরিয়ে দিলেন

وَأَسْبَحَ قَوْلُ آلِ مُوسَىٰ فِرْعَانًا ۖ إِنَّ كَادَتْ لَتَنْبِتِي بِهِ لَوْلَا أَنْ رَبَّنَا عَلَىٰ قَلْبِهَا لَيَتَّخِذُنَّ مِنَ الْمُؤْمِنِينَ (۱۰) وَقَالَتْ لِأَخِيهِ قُصَيْبٍ ۖ فَبَصَّرْتِ بِهِ عَنْ جَنَسٍ ۖ وَهَمَزًا لَّا يَشْعُرُونَ (۱۱) وَحَرَمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ مِنْ قَبْلُ فَقَالَتْ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ أَهْلِ بَيْتٍ يَكْفُلُونَهُ لَكُمْ وَهُمْ لَهُ نَصِيعُونَ (۱۲) فَرَدَدْنَاهُ إِلَىٰ آيَةِ كَيْ تَقْرَ عَيْنَهَا وَلَا تَحْزَنَ ۖ وَلِتَعْلَمَ أَنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ ۖ وَلَكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ (۱۳)

(سُورَةُ الْقَصَصِ : آيَاتُهَا ১০-১৩)

অর্থ : ১০. সকালে মুসা জননীর অন্তর অস্থির হয়ে পড়ল। যদি আমি তাঁর হৃদয়কে দৃঢ় করে না দিতাম, তবে তিনি মুসাজনিত অস্থিরতা প্রকাশ করেই দিতেন। দৃঢ় করলাম, যাতে তিনি থাকেন বিশ্বাসীগণের মধ্যে। ১১. তিনি মুসার ভগিনীকে বললেন, তার পেছন পেছন যাও। সে তাদের অজ্ঞাতসারে অপরিচিতা হয়ে তাকে দেখে যেতে লাগল। ১২. পূর্ব থেকেই আমি ধাত্রীদেরকে মুসা থেকে বিরত রেখেছিলাম। মুসার ভগিনী বলল, 'আমি তোমাদেরকে এমন এক পরিবারের কথা বলব কি, যারা তোমাদের জন্যে একে লালন-পালন করবে এবং তারা হবে তার হিতাকাঙ্ক্ষী? ১৩. অতঃপর আমি তাকে জননীর কাছে ফিরিয়ে দিলাম, যাতে তার চক্ষু জুড়ায় এবং তিনি দুঃখ না করেন এবং যাতে তিনি জানেন যে, আল্লাহর ওয়াদা সত্য, কিন্তু অনেক মানুষ তা জানে না। (২৮ সূরা আল কাসাস : আয়াত ১০-১৩)

২০৬. পবিত্র ভূমিতে অবস্থিত উপত্যকার ডান প্রান্তের বৃক্ষ থেকে আওয়াজ দেয়া হল, 'হে মুসা! আমি আল্লাহ'

فَلَمَّا قَضَىٰ مُوسَىٰ الْأَجَلَ وَسَارَ بِأَهْلِهِ آنَسَ مِنْ جَانِبِ الطُّورِ نَارًا ۖ قَالَ لِأَهْلِهِ امْكُثُوا إِنِّي آنَسْتُ نَارًا تَلْعَلِي أَتِيكُمْ مِنْهَا بِخَبَرٍ أَوْ جَذْوَةٍ مِنَ النَّارِ لَعَلَّكُمْ تَصْطَلُونَ (۲۹) فَلَمَّا أَنهَا تُوْدِي مِنْ هَاطِطٍ الْوَادِ الْأَيْمَنِ فِي الْبُقْعَةِ الْمُبْرَكَةِ مِنَ الشَّجَرَةِ أَنْ يُمُوسَىٰ إِنِّي أَنَا اللَّهُ رَبُّ الْعَالَمِينَ (۳۰) (سُورَةُ الْقَصَصِ : آيَاتُهَا ۲۹-۳০)

অর্থ : ২৯. অতঃপর মুসা আ. যখন সেই মেয়াদ পূর্ণ করল এবং সপরিবারে যাত্রা করল, তখন সে জ্বর পর্বতের দিকে আগুন দেখতে পেল। সে তার পরিবারবর্গকে বলল, তোমরা অপেক্ষা কর, আমি আগুন দেখেছি। সম্ভবতঃ আমি সেখান থেকে তোমাদের কাছে কোন খবর নিয়ে আসতে পারি অথবা কোন জ্বলন্ত কাঠখণ্ড আনতে পারি, যাতে তোমরা আগুন পোহাতে পার। ৩০. যখন সে তার কাছে পৌছল, তখন পবিত্র ভূমিতে অবস্থিত উপত্যকার ডান প্রান্তের বৃক্ষ থেকে তাকে আওয়াজ দেয়া হল, হে মুসা! আমি আল্লাহ, বিশ্ব পালনকর্তা। (২৮ সূরা আল কাসাস : আয়াত ২৯-৩০)

২০৭. মুসা তার পরিবারবর্গকে বললেন, আমি অগ্নি দেখেছি

إِذْ قَالَ مُوسَىٰ لِأَهْلِهِ إِنِّي آنَسْتُ نَارًا ۖ سَأَتِيكُمْ مِنْهَا بِخَبَرٍ أَوْ أَتِيكُمْ بِشَهَابٍ مِّنَ السَّمَاءِ ۖ فَكَيْفَ تَصْطَلُونَ (۷) فَلَمَّا جَاءَهُمْ تُوْدِي أَنْ يَبُورَكَ مِنْ فِي النَّارِ وَمِنْ حَوْلِهَا وَسَبَّحَ اللَّهُ رَبُّ الْعَالَمِينَ (۸) (سُورَةُ الْقَصَصِ : آيَاتُهَا ৭-৮)

অর্থ : ৭. যখন মুসা তাঁর পরিবারবর্গকে বললেন : 'আমি অগ্নি দেখেছি, এখন আমি সেখান থেকে তোমাদের জন্যে কোন খবর আনতে পারব অথবা তোমাদের জন্যে জ্বলন্ত অঙ্গার নিয়ে আসতে পারব যাতে তোমরা আগুন পোহাতে পার। ৮. অতঃপর যখন তিনি আগুনের কাছে আসলেন, তখন আওয়াজ হল, ধন্য তিনি, যিনি আগুনের স্থানে আছেন এবং যারা আগুনের আশে পাশে আছেন। বিশ্বজাহানের পালনকর্তা আল্লাহ পবিত্র ও মহিমান্বিত। (২৭ সূরা নামল : আয়াত ৭-৮)

২০৮. মুসা আ. আল্লাহ তা'আলাকে দেখবার প্রত্যাশা হতে তওবা করলেন

وَلَمَّا جَاءَ مُوسَىٰ لِيُبْعَثَنَا وَكَلَّمَهُ رَبُّهُ ۖ قَالَ رَبِّ أَرِنِي ۖ أَنْظُرْ إِلَيْكَ ۖ قَالَ لَنْ تَرِنِي ۖ وَلَكِنِ انظُرْ إِلَى الْجَبَلِ فَإِنِ اسْتَقَرَّ مَكَانَهُ فَسَوْفَ تَرِنِي ۖ فَلَمَّا تَجَلَّىٰ رَبُّهُ لِلْجَبَلِ جَعَلَهُ دَكًّا وَخَرَّ مُوسَىٰ سَعِيْقًا ۖ فَلَمَّا أَفَاقَ قَالَ سَتَحْبَبُكَ تَبَسُّ إِلَيْكَ وَأَنَا أَوَّلُ الْمُؤْمِنِينَ (۱۳۳)

(سُورَةُ الْأَعْرَافِ : آيَاتُهَا ১৩৩)

অর্থ : ১৩৩. মুসা যখন আমার নির্ধারিত সময়ে উপস্থিত হল এবং তার প্রতিপালক তার সাথে কথা বললেন তখন সে বলল 'হে আমার প্রতিপালক! আমাকে দেখা দাও, আমি তোমাকে দেখব'। তিনি বললেন, 'তুমি আমাকে কখনই দেখতে পাবে না। তুমি বরং পাহাড়ের প্রতি লক্ষ্য কর, তা স্থানে স্থির থাকিলে, তবে তুমি আমাকে দেখবে।' যখন তার প্রতিপালক পাহাড়ে আপন জ্যোতি প্রকাশ করলেন, তখন তা পাহাড়কে চূর্ণ বিচূর্ণ করল এবং মুসা সংজ্ঞাহীন হয়ে পড়ল। যখন সে জ্ঞান ফিরে পেল তখন বলল, 'হে আল্লাহ! আপনি পবিত্র আমি যে আপনাকে নিজের চোখে দেখবার প্রত্যাশা করেছিলাম তা হতে আমি তাওবা করলাম এবং ম'মিনদের মধ্যে আমিই প্রথম। (৭ সূরা আল-আ'রাফ : আয়াত ১৩৩)

২০৯. হে মুসা! তোমরা ফেরাউনের কাছে যাও

قَالَ كَلَّا هِ فَاذْهَبَا بِآيَاتِنَا إِنَّا مَعَكُمْ مُسْتَعِينُونَ (۱۵) فَآتِيَا فِرْعَوْنَ فَقُولَا إِنَّا رَسُولُ رَبِّ الْعَالَمِينَ (۱۶) (۲۶) سُورَةُ الشُّعْرَاءِ : آيَاتُهَا ۱۵-۱۶

অর্থ : ১৫. আল্লাহ্ বলেন, কখনই নয়, তোমরা উভয়ে যাও আমার নিদর্শনাবলী নিয়ে। আমি তোমাদের সাথে থেকে শুনব। ১৬. অতএব তোমরা ফেরাউনের কাছে যাও এবং বল, আমরা বিশ্বজগতের পালনকর্তার রাসূল।

(২৬ সূরা আশ-শোআরা : আয়াত ১৫-১৬)

২১০. মুসা আ.-এর নিষ্কিঞ্চ লাঠি অজগর সাপে পরিণত হল

قَالَ فَاتِّبِ بِئِنَّ كُنْتُمْ مِنَ الصَّادِقِينَ (۳۱) فَأَلْقَى عَصَاهُ فَإِذَا هِيَ ثُعْبَانٌ مُبِينٌ (۳۲) (۲۶) سُورَةُ الشُّعْرَاءِ : آيَاتُهَا ৩১-৩২

অর্থ : ৩১. ফেরাউন বলল, তুমি সত্যবাদী হলে তা উপস্থিত কর। ৩২. অতঃপর তিনি লাঠি নিষ্কিপ করলে মুহূর্তের মধ্যে তা সুস্পষ্ট অজগর সাপ হয়ে গেল। (২৬ সূরা আশ-শোআরা : আয়াত ৩১-৩২)

২১১. মুসার সঙ্গীরা বলল, আমরা যে ধরা পড়ে গেলাম

فَلَمَّا تَرَاءَ الْجَمْعُ قَالَ أَصْحَابُ مُوسَى إِنَّا لَمُدْرِكُونَ (৬১) قَالَ كَلَّا هِ إِن مَعِيَ رَبِّي سَيَهْدِينِ (৬২) فَأَوْحَيْنَا إِلَى مُوسَى أَنْ اضْرِبْ بِعَصَاكَ الْبَحْرَ فَاثْفَلَكَ فَكَانَ كُلُّ فِرْقٍ كَالطَّوْدِ الْعَظِيمِ (৬৩) وَأَزْلَفْنَا ثَمَّ الْأَخْرِيْنَ (৬৪) وَأَنْحَيْنَا مُوسَى وَمَنْ مَعَهُ أَجْمَعِينَ (৬৫) ثَمَّ أَعْرَفْنَا الْأَخْرِيْنَ (৬৬) (۲۶) سُورَةُ الشُّعْرَاءِ : آيَاتُهَا ৬১-৬৬

অর্থ : ৬১. যখন উভয় দল পরস্পরকে দেখল, তখন মুসার সঙ্গীরা বলল, আমরা যে ধরা পড়ে গেলাম। ৬২. মুসা বলল, কখনই নয়, আমার সাথে আছেন আমার পালনকর্তা। তিনি আমাকে পথ বলে দেবেন। ৬৩. অতঃপর আমি মুসাকে আদেশ করলাম, তোমার লাঠি দ্বারা সমুদ্রকে আঘাত কর। ফলে, তা বিদীর্ণ হয়ে গেল এবং প্রত্যেক ভাগ বিশাল পর্বতসদৃশ হয়ে গেল। ৬৪. আমি সেথায় অপর দলকে পৌঁছিয়ে দিলাম। ৬৫. এবং মুসা ও তাঁর সংগীদের সবাইকে বাঁচিয়ে দিলাম। ৬৬. অতঃপর অপর দলটিকে নিমজ্জিত করলাম। (২৬ সূরা আশ শোআরা : আয়াত ৬১-৬৬)

২১২. হে মুসা তুমি জুতা খুলে ফেল, তুমি পবিত্র উপত্যকা তুয়ায় রয়েছে

إِذْ رَأَوْنَا فَفَازًا فَأَقَالَ لِأَهْلِهِ امْكُثُوا إِنِّي آنَسْتُ نَارًا لَّعَلِّي آتِيكُمْ مِنْهَا بِقَبَسٍ أَوْ أَجْدٍ عَلَى النَّارِ هَذِي (۱۰) فَلَمَّا أَنهَا تَوَدَّى يَمُوسَى (۱۱) إِنِّي أَنَا رَبُّكَ فَاخْلَعْ نَعْلَيْكَ هِ إِنَّكَ بِالْوَادِ الْمُقَدَّسِ طَوًى (۱۲) (۲۰) سُورَةُ طه : آيَاتُهَا ১০-১২

অর্থ : ১০. তিনি যখন আগুন দেখলেন, তখন পরিবারবর্গকে বললেন : তোমরা এখানে অবস্থান কর, আমি আগুন দেখেছি। সম্ভবতঃ আমি তা থেকে তোমাদের কাছে কিছু আগুন জ্বালিয়ে আনতে পারব অথবা আগুনে পৌঁছে পথের সন্ধান পাব। ১১. অতঃপর যখন তিনি আগুনের কাছে পৌঁছলেন, তখন আওয়াজ আসল হে মুসা, ১২. আমিই তোমার পালনকর্তা, অতএব তুমি জুতা খুলে ফেল, তুমি পবিত্র উপত্যকা তুয়ায় রয়েছে। (২০ সূরা তোয়া-হা : আয়াত ১০-১২)

২১৩. হে মুসা, তোমার ডান হাতে ওটা কি

وَمَا تِلْكَ بِيَمِينِكَ يَمُوسَى (۱৪) قَالَ هِيَ عَصَايَ هِ أَتَوَكَّؤُا عَلَيْهَا وَأَمْسَ بِهَا عَلَى غَنَمِي وَلِي فِيهَا مَأْرِبٌ أُخْرَى (۱৮) قَالَ أَلْقَهَا يَمُوسَى (۱৯) فَأَلْقَهَا فَإِذَا هِيَ حَيَّةٌ تَسْعَى (২০) قَالَ خُنْهَا وَلَا تَخَفْ رَه سَنَعِينَهَا سِيرَتَهَا الْأُولَى (২১) (۲০) سُورَةُ طه : آيَاتُهَا ১৪-২১

অর্থ : ১৭. হে মুসা, তোমার ডান হাতে ওটা কি? ১৮. তিনি বললেন : এটা আমার লাঠি, আমি এর উপর ভর দেই এবং এর দ্বারা আমার ছাগল পালের জন্যে বৃক্ষপত্র ঝেড়ে ফেলি এবং এতে আমার অন্যান্য কাজও চলে। ১৯. আল্লাহ্ বললেন : হে মুসা, তুমি ওটা নিষ্কিপ কর। ২০. অতঃপর তিনি তা নিষ্কিপ করলেন, অমনি তা সাপ হয়ে ছুটাছুটি করতে লাগল। ২১. আল্লাহ্ বললেন : তুমি তাকে ধর এবং ভয় করো না, আমি এখনি একে পূর্বাবস্থায় ফিরিয়ে দেব।

(২০ সূরা তোয়া-হা : আয়াত ১৭-২১)

২১৪. আমি মূসার মাকে নির্দেশ দিয়েছিলাম তুমি মূসাকে সিন্দুকে রাখ, অতঃপর তাকে দরিয়ায় ভাসিয়ে দাও

أَنْ أَقْذِفِيهِ فِي التَّابُوتِ فَاقْذِفِيهِ فِي الْيَمِّ فَلْيُلْقِهِ الْيَمُّ بِالسَّاحِلِ يَأْخُذْهُ عَنَّا وَعَنْ عَدُوِّهِ وَعَنْ وُلْدِهِ وَالْقَيْمُ عَلَيْكَ مَحَبَّةً مِنِّي ۖ وَلِتُصْنَعَ عَلَى عَيْنِي (৩৯) إِذْ تَمْشِي أُخْتُكَ فَتَقُولُ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ مَن يَكْفُلُهُ فَرَجَعْنَاكَ إِلَىٰ أُمِّكَ كَيْ تَقَرَّ عَيْنُهَا وَلَا تَحْزَنَ ۗ وَكُنْتُمْ نَفْسًا

فَنَجَّيْنَاكَ مِنَ الْغَمِّ وَفَتَنَّاكَ فُتُونًا ۗ فَلْيَشِئْ سَيِّئِينَ فِي أَهْلِ مَدْيَنَ ثُمَّ جِئْتَ عَلَىٰ قَدَرٍ مُّوسَىٰ (৩০) (سُورَةُ طه : آيَاتُهَا ٣٩-٣٠)

অর্থ : ৩৯. তুমি মূসাকে সিন্দুকে রাখ, অতঃপর তা দরিয়ায় ভাসিয়ে দাও, অতঃপর দরিয়া তাকে তীরে ঠেলে দেবে। তাকে আমার শত্রু ও তার শত্রু উঠিয়ে নেবে। আমি তোমার প্রতি মহব্বত সঞ্চারিত করেছিলাম আমার নিজের পক্ষ থেকে, যাতে তুমি আমার দৃষ্টির সামনে প্রতিপালিত হও। ৪০. যখন তোমার ভগিনী এসে বলল : আমি কি তোমাদের কে বলে দেব কে তাকে লালন পালন করবে। অতঃপর আমি তোমাকে তোমার মাতার কাছে ফিরিয়ে দিলাম, যাতে তার চক্ষু শীতল হয় এবং দুঃখ না পায়। তুমি এক ব্যক্তিকে হত্যা করেছিলে, অতঃপর আমি তোমাকে এই দৃষ্টিভঙ্গি থেকে মুক্তি দেই, আমি তোমাকে অনেক পরীক্ষা করেছি। অতঃপর তুমি কয়েক বছর মাদইয়ানবাসীদের মধ্যে অবস্থান করেছিলে; হে মূসা, অতঃপর তুমি নির্ধারিত সময়ে এসেছ। (২০ সূরা তোয়া-হা : আয়াত ৩৯-৪০)

২১৫. তোমরা উভয়ে ফেরাউনের কাছে যাও

إِذْهَبَا إِلَىٰ فِرْعَوْنَ إِنَّهُ طَغَىٰ (৩৩) فَقَوْلًا لَهُ قَوْلًا لَّيِّنًا لَّعَلَّهُ يَتَذَكَّرُ أَوْ يَخْشَىٰ (৩৪) قَالَا رَبَّنَا إِنَّنَا نَخَافُ أَنْ يُفْرِطَ عَلَيْنَا أَوْ أَنْ يَطَّغَىٰ

(৩৫) قَالَ لَا تَخَافَا إِنِّي مَعَكُمَا أَسَمِعُ وَأَرَىٰ (৩৬) (سُورَةُ طه : آيَاتُهَا ٣٣-٣٦)

অর্থ : ৪৩. তোমরা উভয়ে ফেরাউনের কাছে যাও সে খুব উদ্ধত হয়ে গেছে। ৪৪. অতঃপর তোমরা তাকে নম্র কথা বল, হয়তো সে চিন্তা-ভাবনা করবে অথবা ভীত হবে। ৪৫. তারা বলল : হে আমাদের পালনকর্তা, আমরা আশঙ্কা করি যে, সে আমাদের প্রতি জুলুম করবে কিংবা উত্তেজিত হয়ে উঠবে। ৪৬. আল্লাহ্ বললেন : তোমরা ভয় করো না, আমি তোমাদের সাথে আছি, আমি শুনি ও দেখি। (২০ সূরা তোয়া-হা : আয়াত ৪৩-৪৬)

২১৬. যাদুকররা সেজদায় পড়ে গেল

قَالُوا يُوسَىٰ إِمَّا أَنْ تُلْقَىٰ وَإِمَّا أَنْ نَكُونَ أَوْلَٰئِكَ أَمْ أَنْ تُكُونَ أَوْلَىٰ مِنْ أَلْفَىٰ (৬৫) قَالَ بَلْ أَلْقَوْنَا إِذْ جَاءَ الْهَرَمُ وَعَصِيَّهُمْ يُخِيلُ إِلَيْهِ مِنْ سِحْرِهِمْ إِنَّهَا

تَسْعَىٰ (৬৬) فَأَوْجَسَ فِي نَفْسِهِ خِيفَةً مُوسَىٰ (৬৭) قُلْنَا لَا تَخَفْ إِنَّكَ أَنتَ الْأَعْلَىٰ (৬৮) وَأَلْقَىٰ مَا فِي يَمِينِكَ تَلْقَفَ مَا مَنَعُوا ۗ

إِنَّمَا صَنَعُوا كَيْدَ سِحْرٍ ۗ وَلَا يُفْلِحُ السَّاحِرُ حَيْثُ أَتَىٰ (৬৯) فَأَلْقَى السَّحْرَةَ سَجًّا قَالُوا أَمَّا بِرَبِّ هَارُونَ وَمُوسَىٰ (৭০)

(سُورَةُ طه : آيَاتُهَا ٦٥-٤٠)

অর্থ : ৩০. মু'মিনদেরকে বলুন, তারা যেন তাদের দৃষ্টি নত রাখে এবং তাদের লজ্জা স্থানের হেফায়ত করে। এতে তাদের জন্য খুব পবিত্রতা আছে। নিশ্চয় তারা যা করে আল্লাহ তা অবহিত আছেন। (২৮ সূরা আন নূর : আয়াত ৩০)

### ৩২১. ঈমানদার নারীরা যেন তাদের মাথার ওড়না বক্ষদেশে ফেলে রাখে

وَقُلْ لِلْمُؤْمِنَاتِ يَغْضُضْنَ مِنْ أَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوجَهُنَّ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا مَا ظَهَرَ مِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُمُرِهِنَّ عَلَىٰ جُيُوبِهِنَّ ۗ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا لِبُعُولَتِهِنَّ أَوْ آبَائِهِنَّ أَوْ أَبْنَائِهِنَّ أَوْ إِخْوَانِهِنَّ أَوْ بَنِي إِخْوَانِهِنَّ أَوْ بَنِي أَخَوَاتِهِنَّ أَوْ نِسَائِهِنَّ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُنَّ أَوِ التَّبِيعِينَ غَيْرِ أُولَى الْأَرْبَةِ مِنَ الرِّجَالِ أَوِ الطِّفْلِ الَّذِينَ لَمْ يَظْهَرُوا عَلَىٰ عَوْرَتِ النِّسَاءِ ۗ وَلَا يَضْرِبْنَ بِأَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِينَ ۗ مِن زِينَتِهِنَّ ۗ وَتَوَّابُوا إِلَى اللَّهِ جَمِيعًا ۗ إِنَّهُمُ الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تَفْلَحُونَ (৩১)

(২৮ সূরা আন নূর : আয়াত ৩১)

অর্থ : ৩১. ঈমানদার নারীদেরকে বলুন, তারা যেন তাদের দৃষ্টিকে নত রাখে এবং তাদের লজ্জা স্থানের হেফায়ত করে। তারা যেন যা সাধারণতঃ প্রকাশমান তা ছাড়া তাদের সৌন্দর্য প্রদর্শন না করে এবং তারা যেন তাদের মাথার ওড়না বক্ষদেশে ফেলে রাখে এবং তারা যেন তাদের স্বামী, পিতা, শ্বশুর, পুত্র, স্বামীর পুত্র, ভ্রাতা, ভ্রাতৃপুত্র, ভগ্নিপুত্র, স্ত্রীলোক অধিকারভুক্ত বাঁদী, যৌনকামনামুক্ত পুরুষ ও বালক যারা নারীদের গোপন অঙ্গ সম্পর্কে অজ্ঞ, তাদের ব্যতীত কারো কাছে তাদের সৌন্দর্য প্রকাশ না করে, তারা যেন তাদের গোপন সাজ-সজ্জা প্রকাশ করার জন্য জোরে পদচারণা না করে। মু'মিনগণ, তোমরা সবাই আল্লাহর সামনে তওবা কর, যাতে তোমরা সফলকাম হও। (২৮ সূরা আন নূর : আয়াত ৩১)

### ৩২২. অতি বৃদ্ধা স্ত্রীলোক যদি দোপাট্টা খুলে রাখে তাহলে তাতে কোন দোষ নেই

وَالْقَوَاعِدُ مِنَ النِّسَاءِ الَّتِي لَا يَرْجُونَ نِكَاحًا فَلَيْسَ عَلَيْهِنَّ جُنَاحٌ أَنْ يَضَعْنَ ثِيَابَهُنَّ غَيْرَ مُتَبَرِّجَاتٍ بِزِينَةٍ ۗ وَأَنْ يَسْتَغْفِنَ خَيْرٌ لَّهُنَّ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ (৬০) (২৮ সূরা আন নূর : আয়াত ৬০)

অর্থ : ৬০. বৃদ্ধা নারী, যারা বিবাহের আশা রাখে না, যদি তারা তাদের সৌন্দর্য্য প্রকাশ না করে তাদের দোপাট্টা খুলে রাখে। তাদের জন্যে দোষ নেই, তবে এ থেকে বিরত থাকাই তাদের জন্যে উত্তম। আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

(২৮ সূরা আননূর : আয়াত ৬০)



৩২৩. কেবল আল্লাহর সাহায্যে ধৈর্যধারণ করতে হবে

وَاصْبِرْ وَمَا صَبْرُكَ إِلَّا بِاللَّهِ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِي ضَيْقٍ مِّمَّا يَمْكُرُونَ (১২৮) (১) (سُورَةُ النَّحْلِ : آيَاتُهَا ۱۲۸)

অর্থ : ১২৭. আর আপনি ধৈর্যধারণ করুন এবং আপনার ধৈর্যধারণ হবে কেবল আল্লাহর তা'আলার সাহায্যে, আর তাদের বিরোধিতার. উপর দুঃখিত হবেন না এবং তারা যে সমস্ত চক্রান্ত করছে তার দরুন সংকীর্ণমনা হবেন না।

(১৬ সূরা আল নাহল : আয়াত ১২৭)

৩২৪. তোমরা একত্রে আহার কর অথবা পৃথকভাবে আহার কর তাতে কোন দোষ নেই

لَيْسَ عَلَى الْأَعْمَى حَرَجٌ وَلَا عَلَى الْأَعْرَجِ حَرَجٌ وَلَا عَلَى الْمَرِيضِ حَرَجٌ وَلَا عَلَى أَنْفُسِكُمْ أَنْ تَأْكُلُوا مِنْ بُيُوتِكُمْ أَوْ بُيُوتِ آبَائِكُمْ أَوْ بُيُوتِ أُمَّهَاتِكُمْ أَوْ بُيُوتِ إِخْوَانِكُمْ أَوْ بُيُوتِ أَخَوَاتِكُمْ أَوْ بُيُوتِ أَعْمَامِكُمْ أَوْ بُيُوتِ عَمَّاتِكُمْ أَوْ بُيُوتِ أَخَوَاتِكُمْ أَوْ بُيُوتِ خَلَاتِكُمْ أَوْ مَا مَلَكَتْ يَمِينُكُمْ مِمَّا تَحْتَهُ أَوْ صَدِيقِكُمْ ۗ لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَأْكُلُوا جَمِيعًا أَوْ أَشْتَاتًا ۚ فَإِذَا دَخَلْتُمْ بُيُوتًا فَسَلِّمُوا عَلَى أَنْفُسِكُمْ تَحِيَّةً مِّنْ عِنْدِ اللَّهِ مُبْرَكَةٌ طَيِّبَةٌ ۚ كَذَلِكَ يَمِينُ اللَّهِ لَكُمْ الْآيَاتِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ (১) (سُورَةُ النُّورِ : آيَاتُهَا ৬১)

অর্থ : ৬১. অন্ধের জন্যে দোষ নেই, খঞ্জের জন্যে দোষ নেই, রোগীর জন্যে দোষ নেই এবং তোমাদের নিজেদের জন্যেও দোষ নেই যে, তোমরা আহার করবে তোমাদের গৃহে অথবা তোমাদের পিতাদের গৃহে অথবা তোমাদের মাতাদের গৃহে অথবা তোমাদের ভ্রাতাদের গৃহে অথবা তোমাদের ভগিনীদের গৃহে অথবা তোমাদের পিতৃব্যদের গৃহে অথবা তোমাদের ফুফুদের গৃহে অথবা তোমাদের মামাদের গৃহে অথবা তোমাদের খালাদের গৃহে অথবা সেই গৃহে, যার চাবি আছে তোমাদের হাতে অথবা তোমাদের বন্ধুদের গৃহে। তোমরা একত্রে আহার কর অথবা পৃথকভাবে আহার কর, তাতে তোমাদের কোন দোষ নেই। অতঃপর যখন গৃহে প্রবেশ কর, তখন তোমাদের স্বজনদের প্রতি সালাম বলবে। এটা আল্লাহর কাছ থেকে কল্যাণময় ও পবিত্র দোয়া। এমনিভাবে আল্লাহ তোমাদের জন্যে আয়াতসমূহ বিশদভাবে বর্ণনা করেন, যাতে তোমরা বুঝে নাও।

(২৪ সূরা আন নূর : আয়াত ৬১)

### ৩২৫. প্রাণের বিনিময়ে প্রাণ, চক্ষুর বিনিময়ে চক্ষু

وَكَتَبْنَا عَلَيْهِمْ فِيهَا أَنَّ النَّفْسَ بِالنَّفْسِ وَالْعَيْنَ بِالْعَيْنِ وَالْأَنْفَ بِالْأَنْفِ وَالْأَذْنَ بِالْأَذْنِ وَالسِّنَّ بِالسِّنِّ وَالْجُرُوحَ قِصَاصًا ۗ فَمَن تَصَدَّقَ بِهِ فَهُوَ كَفَّارَةٌ لَّهُ ۗ وَمَن لَّمْ يَحْكَمْ بِهَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ (٢٥) (٥ سُوْرَةُ الْمَائِدَةِ : آيَاتُهَا ٢٥)

অর্থ : ৪৫. আমি এ গ্রন্থে তাদের প্রতি লিখে দিয়েছি যে, প্রাণের বিনিময়ে প্রাণ, চক্ষুর বিনিময়ে চক্ষু, নাকের বিনিময়ে নাক, কানের বিনিময়ে কান, দাঁতের বিনিময়ে দাঁত এবং যখমসমূহের বিনিময়ে সমান যখম। অতঃপর যে ক্ষমা করে, সে গোনাহ থেকে পাক হয়ে যায়। যেসব লোক আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তদনুযায়ী ফয়সালা করে না তারাই জালেম।

(৫ সূরা আল মায়েরা : আয়াত ৪৫)

### ৩২৬. আপনি কোন কাজের বিষয়ে বলবেন না যে, “সেটি আমি আগামীকাল করবো ইনশাআল্লাহ বলা ছাড়া”

وَلَا تَقُولَنَّ لِشَايٍ إِنِّي فَاعِلٌ ذَٰلِكَ غَدًا (٢٣) إِلَّا أَن يَشَاءَ اللَّهُ ۗ وَاذْكُرْ رَبَّكَ إِذَا نَسِيتَ وَقُلْ عَسَىٰ أَن يَهْدِيَنِّي رَبِّي لِأَقْرَبَ مِن هَٰذَا رَشَدًا (٢٤) (١٨ سُوْرَةُ الْكَهْفِ : آيَاتُهَا ٢٣-٢٤)

অর্থ : ২৩. আপনি কোন কাজের বিষয়ে বলবেন না যে, সেটি আমি 'আগামীকাল করব' ২৪. 'ইনশাআল্লাহ' বলা ব্যতিরেকে। যখন ভুলে যান, তখন আপনার পালনকর্তাকে স্মরণ করুন এবং বলুন : আশা করি আমার পালনকর্তা আমাকে এর চাইতেও নিকটতম সত্যের পথনির্দেশ করবেন। (১৮ সূরা কাহুফ, আয়াত : ২৩-২৪)

৩২৭. একজন পুরুষের অংশ দুইজন নারীর সমান

يُؤْتِيكُمُ اللَّهُ فِي آوَادِكُمْ لِلَّذِينَ كَرِهْتُمْ لِأَنَّكُمْ تَبْغُونَ الْبُغْيَ وَاللَّهُ يُؤْتِي مَا يَشَاءُ إِنَّهُ عَلِيمٌ ذَكِيمٌ ۚ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ ۚ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ ۚ وَلَا يُؤْتِيهِ لِلْكَوْنِ وَاحِدٍ مِّنْهُمَا الشُّدُسَ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ ۚ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَتْهُ أَبَوَاهُ فَلِلْمِثْلِ ۚ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِلْمِثْلِ الشُّدُسَ مِمَّنْ بَعْدَ وَصِيَّةٍ يُؤْتِي بِهَا أَوْ دِينَ ۚ أَبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا ۚ فَرِيضَةٌ مِّنَ اللَّهِ ۚ إِنْ اللَّهُ كَانَ عَلِيمًا حَكِيمًا (۱۱) (سُورَةُ النِّسَاءِ : آيَاتُهَا ۱۱)

অর্থ : ১১. আল্লাহ তোমাদেরকে তোমাদের সন্তানদের সম্পর্কে আদেশ করেন : একজন পুরুষের অংশ দু'জন নারীর অংশের সমান। অতঃপর যদি শুধু নারীই হয় দু-এর অধিক, তবে তাদের জন্যে ঐ মালের তিন ভাগের দুই ভাগ যা ত্যাগ করে মরে এবং যদি একজনই হয় তবে তার জন্যে অর্ধেক। মৃতের পিতা-মাতার মধ্য থেকে প্রত্যেকের জন্যে ত্যাজ্য সম্পত্তির ছয় ভাগের এক ভাগ, যদি মৃতের পুত্র থাকে। যদি পুত্র না থাকে এবং পিতা-মাতাই ওয়ারিস হয় তবে মাতা পাবে তিন ভাগের এক ভাগ। অতঃপর যদি মৃতের কয়েকজন ভাই থাকে, তবে মাতা পাবে ছয় ভাগের এক ভাগ ওছিয়্যতের পর, যা করে মরেছে কিংবা ঋণ পরিশোধের পর। তোমাদের পিতা ও পুত্রের মধ্যে কে তোমাদের জন্যে অধিক উপকারী তোমরা জান না। এটা আল্লাহ কর্তৃক নির্ধারিত অংশ। নিশ্চয় আল্লাহ সর্বজ্ঞ, রহস্যবিদ। (৪ সূরা আন নিসা : আয়াত ১১)

৩২৮. আল্লাহ কাউকে তার সাধ্যাতীত কোন কাজের ভার দেন না

لَا يَكْلِفُ اللَّهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا ۚ لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ ۗ رَبَّنَا لَا تُؤَاخِذْنَا إِنْ نَسِينَا أَوْ أَخْطَأْنَا ۗ رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَا إِمْرًا كَمَا حَمَلْتَهُ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِنَا ۗ رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهِ ۗ وَاعْفُ عَنَّا رَبَّنَا ۗ وَأَغْفِرْ لَنَا رَبَّنَا ۗ وَارْحَمْنَا ۗ إِنَّكَ أَنْتَ مَوْلَانَا فَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ (۲۸۶) (۴ سُوْرَةُ الْبَقَرَةِ: آيَاتُهَا ۲۸۶)

অর্থ : ২৮৬. আল্লাহ কাউকে তার সাধ্যাতীত কোন কাজের ভার দেন না, সে তাই পায় যা সে উপার্জন করে এবং তাই তার উপর বর্তায় যা সে করে। হে আমাদের পালনকর্তা, যদি আমরা ভুলে যাই কিংবা ভুল করি, তবে আমাদেরকে অপরাধী করো না। হে আমাদের পালনকর্তা! এবং আমাদের উপর এমন দায়িত্ব অর্পণ করো না, যেমন আমাদের পূর্ববর্তীদের উপর অর্পণ করেছে, হে আমাদের প্রভু! এবং আমাদের দ্বারা ঐ বোঝা বহন করিও না, যা বহন করার শক্তি আমাদের নেই। আমাদের পাপ মোচন কর। আমাদেরকে ক্ষমা কর এবং আমাদের প্রতি দয়া কর। তুমিই আমাদের প্রভু। সুতরাং কাফের সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর। (২ সূরা আল বাক্বারা : আয়াত ২৮৬)

৩২৯. কেউ অপরের বোঝা বহন করবে না

مَنْ اهْتَدَىٰ فَإِنَّمَا يَهْتَدِي لِنَفْسِهِ ۚ وَمَنْ ضَلَّ فَإِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۗ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ ۗ وَمَا كُنَّا بِمَعْنٍ بَيْنَ يَدَيْكَ رَسُولًا (۱۵)  
(۱۴ سُوْرَةُ بَنِي إِسْرَائِيلَ: آيَاتُهَا ۱۵)

অর্থ : ১৫. যে কেউ সৎপথে চলে, তারা নিজের মঙ্গলের জন্যেই সৎপথে চলে। আর যে পথভ্রষ্ট হয়, তারা নিজের অমঙ্গলের জন্যেই পথ ভ্রষ্ট হয়। কেউ অপরের বোঝা বহন করবে না। কোন রসূল না পাঠানো পর্যন্ত আমি কাউকেই শাস্তি দান করি না। (১৭ সূরা বনী ইসরাঈল : আয়াত ১৫)

৩৩০. আল্লাহ কোন জাতির অবস্থা পরিবর্তন করেন না, যে পর্যন্ত না তারা নিজেদের অবস্থা পরিবর্তন করে

لَهُ مَعْقِبَاتٌ مِّنْ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ يَحْفَظُونَهُ مِنْ أَمْرِ اللَّهِ ۗ إِنَّ اللَّهَ لَا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتَّىٰ يُغَيِّرُوا مَا بِأَنْفُسِهِمْ ۗ وَإِذَا أَرَادَ اللَّهُ بِقَوْمٍ سُوءًا فَلَا مَرَدَ لَهُ ۗ وَمَا لَهُم مِّن دُونِهِ مِنْ وَالٍ (۱۱) (۱۳ سُوْرَةُ الرَّعْدِ: آيَاتُهَا ۱۱)

অর্থ : ১১. তাঁর পক্ষ থেকে অনুসরণকারী রয়েছে তাদের অগ্রে এবং পশ্চাতে, আল্লাহর নির্দেশে তারা ওদের হেফায়ত করে। আল্লাহ কোন জাতির অবস্থা পরিবর্তন করেন না, যে পর্যন্ত না তারা তাদের নিজেদের অবস্থা পরিবর্তন করে। আল্লাহ যখন কোন জাতির উপর বিপদ চান, তখন তা রদ হওয়ার নয় এবং তিনি ব্যতীত তাদের কোন সাহায্যকারী নেই।

(১৩ সূরা আর রাদ : আয়াত ১১)

৩৩১. যারা আল্লাহর রাস্তায় নিহত হয় তারা জীবিত

وَلَا تَقُولُوا لِمَن يُقْتَلُ فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتٌ ۚ بَلْ أَحْيَاءٌ وَلَكِن لَّا تَشْعُرُونَ (۱۵۴) (سُورَةُ الْبَقَرَةِ: آيَاتُهَا ۱۵۴)

অর্থ : ১৫৪. আর যারা আল্লাহর রাস্তায় নিহত হয়, তাদের মৃত বলো না। বরং তারা জীবিত, কিন্তু তোমরা তা বুঝ না।

(২ সূরা আল বাক্বারা : আয়াত ১৫৪)

৩৩২. হে নবী কাফেরদের সাথে যুদ্ধ করুন

يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ ۚ وَمَأْوَهُمُ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ (۷) (سُورَةُ التَّوْبَةِ: آيَاتُهَا ৷)

অর্থ : ৭৩. হে নবী, কাফেরদের সাথে যুদ্ধ করুন এবং মুনাফেকদের সাথে; তাদের সাথে কঠোরতা অবলম্বন করুন। তাদের ঠিকানা হল দোষখ এবং তাহল নিকৃষ্ট ঠিকানা। (৯ সূরা আত তাওবাহ : আয়াত ৭৩)

৩৩৩. যারা ঈমানদার তারা জেহাদ করে আল্লাহর রাহেই

وَمَا لَكُمْ لَأْتَقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا ۚ وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَاكِيًا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا (৷) (سُورَةُ الْبَقَرَةِ: آيَاتُهَا ৷-৷)

অর্থ : ৭৫. আর তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর রাস্তায় লড়াই করছ না দুর্বল সেই পুরুষ, নারী ও শিশুদের পক্ষে, যারা বলে, হে আমাদের পালনকর্তা! আমাদের পক্ষে এই জনপদ থেকে নিষ্কৃতি দান কর; এখানকার অধিবাসীরা যে অত্যাচারী! আর তোমার পক্ষ থেকে আমাদের জন্যে পক্ষালম্বনকারী নির্ধারণ করে দাও এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্যে সাহায্যকারী নির্ধারণ করে দাও। ৭৬. যারা ঈমানদার তারা যে জেহাদ করে আল্লাহর রাস্তায়। পক্ষান্তরে যারা কাফের তারা লড়াই করে শয়তানের পক্ষে। সুতরাং তোমরা জেহাদ করতে থাক শয়তানের পক্ষালম্বনকারীদের বিরুদ্ধে- দেখবে শয়তানের চক্রান্ত একান্তই দুর্বল। (৪ সূরা আন নিসা : আয়াত ৭৫-৭৬)

৩৩৪. যারা আল্লাহর রাস্তায় নিহত হয় তাদেরকে তুমি কখনো মৃত মনে করো না

وَلَا تَحْسَبَنَّ الَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتًا ۚ بَلْ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُونَ (১৬৭) (سُورَةُ الْبَقَرَةِ: آيَاتُهَا ১৬৭-১৬৯)

অর্থ : ১৬৯. আর যারা আল্লাহর রাস্তায় নিহত হয়, তাদেরকে তুমি কখনো মৃত মনে করো না বরং তারা নিজেদের পালনকর্তার নিকট জীবিত ও জীবিকাপ্রাপ্ত। ১৭০. আল্লাহ নিজের অনুগ্রহ থেকে যা দান করেছেন তার প্রেক্ষিতে তারা আনন্দ উদযাপন করছে। আর যারা এখনও তাদের কাছে এসে পৌঁছেনি তাদের পেছনে তাদের জন্যে আনন্দ প্রকাশ করে কারণ তাদের কোন ভয়-ভীতিও নেই এবং কোন চিন্তা-ভাবনাও নেই। (৩ সূরা আল ইমরান : আয়াত ১৬৯-১৭০)

### ৩৩৫. সোজা দাড়ি পাল্লায় ওজন কর

أَوْفُوا الْكَيْلَ وَلَا تَكُونُوا مِنَ الْمُخْسِرِينَ (۱۸۱) وَزِنُوا بِالْقِسْطِ الْمُسْتَقِيمِ (۱۸۲) وَلَا تَبْخَسُوا النَّاسَ أَشْيَاءَهُمْ وَلَا تَعْثَوْا فِي الْأَرْضِ مُفْسِدِينَ (۱۸۳) (سُورَةُ الشُّعَرَاءِ : آيَاتُهَا ۱۸۱-۱۸۳)

অর্থ : ১৮১. মাপ পূর্ণ কর এবং যারা পরিমাপে কম দেয়, তাদের অন্তর্ভুক্ত হয়ো না। ১৮২. সোজা দাঁড়ি পাল্লায় ওজন কর। ১৮৩. মানুষকে তাদের বস্তু কম দিও না এবং পৃথিবীতে অনর্থ সৃষ্টি করে ফিরো না।

(২৬ সূরা আশ শোআরা : আয়াত ১৮১-১৮৩)

### ৩৩৬. সফলতা অর্জনকারীদের জন্যে সুসংবাদ

فَأَمَّا مَنْ أُوْتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ (۷) فَسَوْفَ يَحْسَابُ حِسَابًا يَسِيرًا (۸) وَيُنْقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا (۹) (سُورَةُ الْإِنشَاقِ : آيَاتُهَا ۷-۹)

অর্থ : ৭. যাকে তার আমলনামা ডান হাতে দেয়া হবে, ৮. তার হিসাব-নিকাশ সহজে হয়ে যাবে ৯. এবং সে তার পরিবার-পরিজনের কাছে হুস্টচিন্তে ফিরে যাবে। (৮৪ সূরা ইনশিক্বাক : আয়াত ৭-৯)

# Haram

৩৩৭. নিঃসন্দেহে আল্লাহ, আল্লাহর সাথে শরীককারীকে ক্ষমা করেন না

إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ ، وَمَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدِ افْتَرَىٰ إِثْمًا عَظِيمًا (৩৪)

(৩ সূরা নিসা : আয়াত ৩৪)

অর্থ : ৪৮. নিঃসন্দেহে আল্লাহ তাকে ক্ষমা করেন না, যে লোক তাঁর সাথে শরীক করে। তিনি ক্ষমা করেন এর নিম্ন পর্যায়ের পাপ, যার জন্য তিনি ইচ্ছা করেন। আর যে লোক অংশীদার সাব্যস্ত করল আল্লাহর সাথে, সে যেন অপবাদ আরোপ করল।

(৪ সূরা আন নিসা : আয়াত ৪৮)

৩৩৮. নিশ্চয় আল্লাহর সাথে শরীক করা মহা অন্যায়

وَإِذْ قَالَ لُقْمَنُ لِابْنِهِ وَهُوَ يَعِظُهُ يَا بُنَيَّ لَا تُشْرِكْ بِاللَّهِ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ (১৩) (৩১ সূরা লুqmān : آيَاتُهَا ١٣)

অর্থ : ১৩. যখন লোকমান উপদেশচ্ছলে তার পুত্রকে বলল : হে বৎস, আল্লাহর সাথে শরীক করো না। নিশ্চয় আল্লাহর সাথে শরীক করা মহা অন্যায়। (৩১ লোকমান : আয়াত ১৩)

৩৩৯. নিশ্চয় আল্লাহ তাকে ক্ষমা করেন না যে তার সাথে কাউকে শরীক করে

وَمَنْ يُشَاقِقِ الرَّسُولَ مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُ الْهُدَىٰ وَيَتَّبِعْ غَيْرَ سَبِيلِ الْمُؤْمِنِينَ نُوَلِّهِ مَا تَوَلَّىٰ وَنُصَلِّهِ جَهَنَّمَ وَسَاءَتْ مَصِيرًا (١١٥) إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ ، وَمَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ ضَلَّ ضَلَالًا بَعِيدًا (١١٦)

(৩ সূরা নিসা : آيَاتُهَا ١١٥-١١٦)

অর্থ : ১১৫. যে কেউ রসূলের বিরুদ্ধাচরণ করে, তার কাছে সরল পথ প্রকাশিত হওয়ার পর এবং সব মুসলমানের অনুসৃত পথের বিরুদ্ধে চলে, আমি তাকে ঐদিকেই ফেরাব যদিও সে অবলম্বন করেছে এবং তাকে জাহান্নামে নিক্ষেপ করব। আর তা নিকৃষ্টতর গন্তব্যস্থান। ১১৬. নিশ্চয় আল্লাহ তাকে ক্ষমা করেন না, যে তাঁর সাথে কাউকে শরীক করে। এছাড়া যাকে ইচ্ছা ক্ষমা করেন। যে আল্লাহর সাথে শরীক করে, সে সুদূর ভ্রান্তিতে পতিত হয়। (৪ সূরা আন নিসা : আয়াত ১১৫-১১৬)

৩৪০. যারা কুফরী করে তাদের জন্য জাহান্নামের আগুন

وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ نَارُ جَهَنَّمَ لَا يَقْضَىٰ عَلَيْهِمْ فِيمَوتُوا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِنْ عَذَابِهَا ؕ كَذٰلِكَ نَجْزِي كُلَّ كٰفُوْرٍ (۳۶)  
وَهُمْ يَصْطَرِحُوْنَ فِيْهَا ؕ رَبَّنَا اٰخْرِجْنَا نَعْمَلْ صٰلِحًا غَيْرَ الَّذِيْ كُنَّا نَعْمَلُ ؕ اَوْ كَرِهْتَ نَعْمَلُ مَا يَنْتٰزِرُ فِيْهِ مَنْ تَذَكَّرَ وَجَاءَكَرُ  
النَّذِيْرُ ؕ فَذُوْقُوْا نِعْمًا لِلظٰلِمِيْنَ مِنْ تَصْوِيْرٍ (۳۷) (سُوْرَةُ فَاطِرٍ: اٰيٰتُهَا ۳۶-۳۷)

অর্থ : ৩৬. আর যারা কাফের হয়েছে, তাদের জন্য রয়েছে জাহান্নামের আগুন। তাদেরকে মৃত্যুর আদেশও দেয়া হবে না যে, তারা মরে যাবে এবং তাদের থেকে তার শাস্তিও লাঘব করা হবে না। আমি প্রত্যেক অকৃতজ্ঞকে এভাবেই শাস্তি দিয়ে থাকি।  
৩৭. সেখানে তারা আতঁ চিৎকার করে বলবে, হে আমাদের পালনকর্তা, বের করুন আমাদেরকে, আমরা সংকাজ করব, পূর্বে যা করতাম, তা করব না। (আল্লাহ বলবেন) আমি কি তোমাদেরকে এতটা বয়স দেইনি, যাতে যা চিন্তা করার বিষয় চিন্তা করতে পারতে? উপরন্তু তোমাদের কাছে সতর্ককারীও আগমন করেছিল। অতএব (আগুনের স্বাদ) আন্বাদন কর। জালেমদের জন্যে কোন সাহায্যকারী নেই। (৩৫ সূরা ফাতির : আয়াত ৩৬-৩৭)



৩৪১. তোমরা নিজেদের কাউকে হত্যা করো না

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَأْكُلُوا أَمْوَالَكُم بَيْنَكُم بِالْبَاطِلِ إِلَّا أَنْ تَكُونَ تِجَارَةً عَنْ تَرَاضٍ مِّنْكُمْ قَف وَلَا تَقْتُلُوا أَنْفُسَكُمْ ط إِنَّ اللَّهَ كَانَ بِكُمْ رَحِيمًا (٢٩) وَمَنْ يَفْعَلْ ذَلِكَ عَدْوَانًا وَظُلْمًا فَسَوْفَ نُصَلِّيهِ نَارًا ط وَكَانَ ذَلِكَ عَلَى اللَّهِ يَسِيرًا (٣٠)

(٣ سُوْرَةُ النَّسَاءِ : آيَاتُهَا ٢٩-٣٠)

অর্থ : ২৯. হে ঈমানদারগণ! তোমরা একে অপরের সম্পদ অন্যায়ভাবে গ্রাস করো না। কেবলমাত্র তোমাদের পরস্পরের সম্মতিক্রমে যে ব্যবসা করা হয় তা বৈধ। আর তোমরা নিজেদের কাউকে হত্যা করো না। নিঃসন্দেহে আল্লাহ তা'আলা তোমাদের প্রতি দয়ালু। ৩০. আর যে কেউ সীমালঙ্ঘন কিংবা জুলুমের বশবর্তী হয়ে এরূপ করবে, তাকে খুব শীঘ্রই আগুনে নিক্ষেপ করা হবে। এটা আল্লাহর পক্ষে খুবই সহজসাধ্য। (৪ সূরা আন নিসা : আয়াত ২৯-৩০)

৩৪২. যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কোন মু'মিনকে হত্যা করবে, তার শাস্তি জাহান্নাম

وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُّتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خُلْدًا فِيهَا وَغَضِبَ اللَّهُ عَلَيْهِ وَلَعَنَهُ وَأَعَدَّ لَهُ عَذَابًا عَظِيمًا (٩٣) سُوْرَةُ النَّسَاءِ :

آيَاتُهَا ٩٣

অর্থ : ৯৩. যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কোন মুসলমানকে হত্যা করে, তার শাস্তি জাহান্নাম, তাতেই সে চিরকাল থাকবে। আল্লাহ তার প্রতি ক্রুদ্ধ হয়েছেন, তাকে অভিসম্পাত করেছেন এবং তার জন্যে ভীষণ শাস্তি প্রস্তুত রেখেছেন।

(৪ আন নিসা : আয়াত ৯৩)

৩৪৩. বলুন সত্য এসেছে এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে

وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَعَقَ الْبَاطِلُ ۚ إِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوقًا (٨١) وَنُنزِّلُ مِنَ الْقُرْآنِ مَا هُوَ شِفَاءٌ وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ ۗ وَلَا يَزِيدُ الظَّالِمِينَ إِلَّا خَسَارًا (٨٢)

(١٤ سُوْرَةُ بَنِي إِسْرَائِيلَ : آيَاتُهَا ٨١-٨٢)

অর্থ : ৮১. বলুন : সত্য এসেছে এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে। নিশ্চয় মিথ্যা বিলুপ্ত হওয়ারই ছিল। ৮২. আমি কুরআনে এমন বিষয় নাযিল করি যা রোগের সুচিকিৎসা এবং মু'মিনদের জন্য রহমত। গোনাহগারদের তো এতে শুধু ক্ষতিই বৃদ্ধি পায়।

(১৭ সূরা : বনী ইসরাঈল, আয়াত : ৮১-৮২)

### ৩৪৪. গীবত করা মৃত ভাইয়ের গোশত খাওয়ার সমতুল্য

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اجْتَنِبُوا كَثِيرًا مِّنَ الظَّنِّ إِنَّ بَعْضَ الظَّنِّ إِثْرٌ وَلَا تَجَسَّسُوا وَلَا يَغْتَبَ بَعْضُكُم بَعْضًا أَيُّحِبُّ أَحَدُكُمْ أَن يَأْكُلَ لَحْمَ أَخِيهِ مَيْتًا فَكَرِهْتُمُوهُ وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ تَوَّابٌ رَّحِيمٌ (۱۳) (سُورَةُ الْحَجَرَاتِ : آيَاتُهَا ۱۳)

অর্থ : ১২. হে ঈমানদারগণ! তোমরা অধিক অনুমান হতে দূরে থাকো কারণ অনুমান কোন কোন ক্ষেত্রে পাপ এবং তোমরা একে অপরের গোপনীয় বিষয় সন্ধান করো না এবং একে অপরের পশ্চাতে গীবত করো না। তোমাদের মধ্যে কি কেউ তার মৃত ভ্রাতার গোশত খেতে চাইবে? বস্তুত তোমরা তো এটাকে ঘৃণ্যই মনে কর। তোমরা আল্লাহকে ভয় কর আল্লাহ তাওবা গ্রহণকারী, পরম দয়ালু।

(৪৯ সূরা আল হজরাত : আয়াত ১২)

### ৩৪৫. প্রতিমারা কি তোমাদের উপকার বা ক্ষতি করতে পারে

قَالَ هَلْ يَسْمَعُونَكُمْ إِذ تَدْعُونَ (۴۲) أَوْ يَنْفَعُونَكُمْ أَوْ يَضُرُّونَ (۴۳) قَالُوا بَلْ وَجَدْنَا آبَاءَنَا كُنَّا لِكَ يَفْعَلُونَ (۴۴) قَالَ أَفَرَأَيْتُمْ مَا كُنْتُمْ تَعْبُدُونَ (۴۵) أَنْتُمْ وَأَبَاؤُكُمْ الْأَقْدَامُونَ (۴۶) (سُورَةُ الشُّعَرَاءِ : آيَاتُهَا ৪২-৪৬)

অর্থ : ৭২. ইবরাহীম আ. বললেন, তোমরা যখন আহ্বান কর, তখন তারা শোনে কি? ৭৩. অথবা তারা কি তোমাদের উপকার কিংবা ক্ষতি করতে পারে? ৭৪. তারা বলল : না, তবে আমরা আমাদের পিতৃপুরুষদেরকে পেয়েছি, তারা একরূপই করত। ৭৫. ইব্রাহীম বললেন, তোমরা কি তাদের সম্পর্কে ভেবে দেখেছ, যাদের পূজা করে আসছ? ৭৬. তোমরা এবং তোমাদের পূর্ববর্তী পিতৃপুরুষেরা? (২৬ সূরা আশ শু'আরা : আয়াত ৭২-৭৬)

### ৩৪৬. বলা হবে তারা কোথায়? তোমরা যাদের পূজা করতে

وَقِيلَ لَهُمْ أَيْنَمَا كُنْتُمْ تَعْبُدُونَ (৭২) مِنْ دُونِ اللَّهِ هَلْ يَنْصُرُونَكُمْ أَوْ يَنْتَصِرُونَ (৭৩) فَكَبَّيُوا فِيهَا هُمُ وَالْغَاوُونَ (৭৪)

(سُورَةُ الشُّعَرَاءِ : آيَاتُهَا ৭২-৭৪)

অর্থ : ৯২. তাদেরকে বলা হবে: তারা কোথায়, তোমরা যাদের পূজা করতে? ৯৩. আল্লাহর পরিবর্তে? তারা কি তোমাদের সাহায্য করতে পারে, অথবা তারা প্রতিশোধ নিতে পারে? ৯৪. অতঃপর তাদেরকে এবং পথভ্রষ্টদেরকে অধোমুখি করে নিষ্ক্ষেপ করা হবে জাহান্নামে।

(২৬ সূরা আশ শু'আরা : আয়াত ৯২-৯৪)

৩৪৭. যে পুরুষ চুরি করে ও নারী চুরি করে তাদের হাত কেটে দাও

وَالسَّارِقُ وَالسَّارِقَةُ فَاقْطَعُوا أَيْدِيَهُمَا جَزَاءً بِمَا كَسَبَا نَكَالًا مِنَ اللَّهِ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ (৩৪) فَمَنْ تَابَ مِنْ بَعْدِ ظُلْمِهِ وَأَمْلَحَ فَإِنَّ اللَّهَ يَتُوبُ عَلَيْهِ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ (৩৫) أَلَمْ تَعْلَمْ أَنَّ اللَّهَ لَهُ مَلَكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ ط يَعْنِي بَ مِنْ يَشَاءُ وَيَغْفِرُ لِمَنْ يَشَاءُ ط وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ (৩৬) (৫ সূরা আলাব্বানাহ : ৩৪-৩৬)

অর্থ : ৩৪. যে পুরুষ চুরি করে এবং যে নারী চুরি করে, তাদের হাত কেটে দাও তাদের কৃতকর্মের সাজা হিসেবে। আল্লাহর পক্ষ থেকে ছশিয়ারী। আল্লাহ পরাক্রান্ত, জ্ঞানময়। ৩৫. অতঃপর যে তওবা করে স্বীয় অত্যাচারের পর এবং সংশোধিত হয়, নিশ্চয় আল্লাহ তার তওবা কবুল করেন। নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, দয়ালু। ৩৬. তুমি কি জান না যে আল্লাহর জন্যই নভোমণ্ডল ও ভূমণ্ডলের আধিপত্য! তিনি যাকে ইচ্ছা শাস্তি দেন এবং যাকে ইচ্ছা ক্ষমা করেন। আল্লাহ সবকিছু উপর ক্ষমতাবান।

(৫ সূরা আল মায়দা : আয়াত ৩৮-৪০)

৩৪৮. যদি তোমরা সুদ পরিত্যাগ না কর তবে আল্লাহ ও তার রসূলের সাথে যুদ্ধ করতে প্রস্তুত হয়ে যাও

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَذَرُوا مَا بَقِيَ مِنَ الرِّبَا إِن كُنْتُمْ مُؤْمِنِينَ (২৮৪) فَإِن لَّمْ تَفْعَلُوا نَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَإِن تَبَتُّرْتُمْ لَكُمْ رَعُوسٌ أَمْوَالِكُمْ لَا تَظْلِمُونَ وَلَا تُظْلَمُونَ (২৮৫) (২ সূরা البقرة : ২৮৪-২৮৫)

অর্থ : ২৮৪. হে ঈমানদারগণ তোমরা আল্লাহকে ভয় কর এবং সুদকে যে সমস্ত বকেয়া আছে, তা পরিত্যাগ কর, যদি তোমরা ঈমানদার হয়ে থাক। ২৮৫. অতঃপর যদি তোমরা পরিত্যাগ না কর তবে আল্লাহ ও তাঁর রসূলের সাথে যুদ্ধ করতে প্রস্তুত হয়ে যাও। কিন্তু যদি তোমরা তওবা কর তবে তোমরা নিজের মূলধন পেয়ে যাবে। তোমরা কারও প্রতি অত্যাচার করো না এবং তোমরা অত্যাচারিত হবে না। (২ সূরা আল বাক্বারা : আয়াত ২৭৮-২৭৯)

৩৪৯. হে ঈমানদারগণ! তোমরা চক্রবৃদ্ধি হারে সুদ খেয়ো না

وَلِلَّهِ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ ط يَغْفِرُ لِمَنْ يَشَاءُ وَيُعَذِّبُ مَنْ يَشَاءُ ط وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ (১২৭) يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَأْكُلُوا الرِّبَا أَضْعَافًا مُّضَاعَفَةً ط وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ (১৩০) وَاتَّقُوا النَّارَ الَّتِي أُعِدَّتْ لِلْكَافِرِينَ (১৩১)

(৩ সূরা آل عمران : ১২৭-১৩১)

অর্থ : ১২৭. আর যাকিছু আসমান ও যমীনে রয়েছে, সেসবই আল্লাহর। তিনি যাকে ইচ্ছা ক্ষমা করবেন, যাকে ইচ্ছা আযাব দান করবেন। আর আল্লাহ হচ্ছেন ক্ষমাকারী করুণাময়। ১৩০. হে ঈমানদারগণ! তোমরা চক্রবৃদ্ধি হারে সুদ খেয়ো না। আর আল্লাহকে ভয় করতে থাক যাতে তোমরা কল্যাণ অর্জন করতে পারো। ১৩১. এবং তোমরা সে আগুন থেকে বেচে থাক, যা কাফেরদের জন্য প্রস্তুত করা হয়েছে। (৩ সূরা আল ইমরান : আয়াত ১২৯-১৩১)

৩৫০. যে ব্যক্তি স্বেচ্ছাক্রমে কোনো মুসলমানকে হত্যা করে তার শাস্তি জাহান্নাম

وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُّتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خُلِدًا فِيهَا وَغَضِبَ اللَّهُ عَلَيْهِ وَلَعَنَهُ وَأَعَدَّ لَهُ عَذَابًا عَظِيمًا (৭৩) (৩ সূরা النساء : ৭৩)

অর্থ : ৭৩. যে ব্যক্তি স্বেচ্ছাক্রমে কোনো মুসলমানকে হত্যা করে, তার শাস্তি জাহান্নাম, তাতেই সে চিরকাল থাকবে। আল্লাহ তাঁর প্রতি ক্রুদ্ধ হয়েছেন, তাকে অভিসম্পাত করেছেন এবং তাঁর জন্য ভীষণ শাস্তি প্রস্তুত রেখেছেন।

(৪ সূরা আন নিসা : আয়াত ৯৩)

৩৫১. যে কেউ অন্যায়ভাবে কাউকে হত্যা করে সে যেন সব মানুষকেই হত্যা করে

مِنْ أَجْلِ ذَلِكَ كَتَبْنَا عَلَىٰ بَنِي إِسْرَائِيلَ أَنَّهُ مَن قَتَلَ نَفْسًا بِغَيْرِ نَفْسٍ أَوْ فَسَادٍ فِي الْأَرْضِ فَكَأَنَّمَا قَتَلَ النَّاسَ جَمِيعًا وَمَنْ أَحْيَاهَا فَكَأَنَّمَا أَحْيَا النَّاسَ جَمِيعًا وَلَقَدْ جَاءَتْهُمْ رُسُلُنَا بِالْبَيِّنَاتِ ثُمَّ إِنْ كَثِيرًا مِّنْهُمْ بَعْدَ ذَلِكَ فِي الْأَرْضِ لَمُسْرِفُونَ (۳۲) ○

(৫ সূরা আলা'আল: ৩২)

অর্থ : ৩২. এ কারণেই আমি বনী-ইসরাঈলের প্রতি লিখে দিয়েছি যে, যে কেউ প্রাণের বিনিময়ে প্রাণ অথবা পৃথিবীতে অনর্থ সৃষ্টি করা ছাড়া কাউকে হত্যা করে সে যেন সব মানুষকেই হত্যা করে। এবং যে কারও জীবন রক্ষা করে, সে যেন সবার জীবন রক্ষা করে। তাদের কাছে আমার পয়গম্বরগণ প্রকাশ্য নিদর্শনাবলী নিয়ে এসেছেন। বস্তুতঃ এরপরও তাদের অনেক লোক পৃথিবীতে সীমা অতিক্রম করে। (৫ সূরা আল মায়েদা : আয়াত ৩২)

৩৫২. স্বীয় সন্তানদের দারিদ্র্যের কারণে হত্যা করোনা, আমি তোমাদেরকে ও তাদেরকে আহার দেই

قُلْ تَعَالَوْا أَتْلُ مَا حَرَّمَ رَبِّيَ عَلَيْكُمْ الْأَ تَشْرِكُوا بِهِ شَيْئًا وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ مِنْ إِمْلَاقٍ نَحْنُ نَرْزُقُكُمْ وَإِيَّاهُمْ وَلَا تَقْرَبُوا الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَّنَ وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ ذَلِكُمْ وَمَكْرَمٌ بِهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ (۱۵۱) وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ حَتَّىٰ يَبْلُغَ أَشُدَّهُ وَأَوْفُوا الْكَيْلَ وَالْمِيزَانَ بِالْقِسْطِ لَا تَكْلِفُ نَفْسًا إِلَّا وُسْعَهَا وَإِذَا قُلْتُمْ فَاعْدِلُوا وَلَوْ كَانَ ذَا قُرْبَىٰ وَبِعَهْدِ اللَّهِ أَوْفُوا ذَلِكُمْ وَمَكْرَمٌ بِهِ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ (۱۵۲) (۲ سُوْرَةُ الْاَنْعَامِ : اَيَاتُهَا ۱۵۱-۱۵۲)

অর্থ : ১৫১. আপনি বলুন : এস, আমি তোমাদেরকে ঐসব বিষয় পাঠ করে শুনাই, যেগুলো তোমাদের প্রতিপালক তোমাদের জন্যে হারাম করেছেন। তা এই যে, আল্লাহর সাথে কোন কিছুকে অংশীদার করো না, পিতা-মাতার সাথে সদয় ব্যবহার করো, স্বীয় সন্তানদেরকে দারিদ্র্যের কারণে হত্যাকরো না-আমি তোমাদেরকে ও তাদেরকে আহার দেই-নির্লজ্জতার কাছেও যেয়ো না, প্রকাশ্য হোক কিংবা অপ্রকাশ্য, যাকে হত্যা করা আল্লাহ হারাম করেছেন, তাকে হত্যা করো না; কিন্তু ন্যায়ভাবে। তোমাদেরকেই নির্দেশ দিয়েছেন, যেন তোমরা বুঝ। ১৫২. এতীমদের ধন-সম্পদের কাছেও যেয়ো না; কিন্তু উত্তম পন্থায় যে পর্যন্ত সে বয়ঃপ্রাপ্ত না হয়। ওজন ও মাপ পূর্ণ কর ন্যায়সহকারে। আমি কাউকে তার সাধ্যের অতীত কষ্ট দেই না। যখন তোমরা কথা বল তখন সুবিচার কর, যদিও সে আত্মীয়ও হয়। আল্লাহর অঙ্গীকার পূর্ণ কর। (৬ সূরা আল-আনআম : আয়াত ১৫১-১৫২)

৩৫৩. নি:সন্দেহে ব্যভিচার অশ্লীল কাজ

وَلَا تَقْرَبُوا الزَّانِيَ إِنَّهُ كَانَ فَاحِشَةً ۖ وَسَاءَ سَبِيلًا (৩২) (১৫ সূরা বনী ইসরাঈল : آيَاتهَا ৩২)

অর্থ : ৩২. আর ব্যভিচারের কাছেও যেয়ো না। নিশ্চয় এটা অশ্লীল কাজ এবং মন্দ পথ। (১৫ সূরা বনী ইসরাঈল : আয়াত ৩২)

৩৫৪. আর ব্যভিচারের কাছেও যেওনা

وَلَا تَقْرَبُوا الزَّانِيَ إِنَّهُ كَانَ فَاحِشَةً ۖ وَسَاءَ سَبِيلًا (৩২) وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ ۖ وَمَنْ قَتَلَ مَظْلُومًا فَقَدْ جَعَلْنَا لَوْلِيهِ سُلْطَانًا فَلَا يَسْرِفُ فِي الْقَتْلِ ۚ إِنَّهُ كَانَ مَنْصُورًا (৩৩) وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ حَتَّىٰ يَبْلُغَ أَشُدَّهُ ۚ وَأَوْثُوا بِالْعَهْدِ ۚ إِنَّ الْعَهْدَ كَانَ مَسْئُولًا (৩৪) (১৫ সূরা বনী ইসরাঈল : آيَاتهَا ৩২-৩৪)

অর্থ : ৩২. আর ব্যভিচারের কাছেও যেয়ো না। নিশ্চয় এটা অশ্লীল কাজ এবং মন্দ পথ। ৩৩. এবং সে প্রাণকে হত্যা করে না, যাকে আল্লাহ হারাম করেছেন; কিন্তু ন্যায়ভাবে। যে ব্যক্তি অন্যায়ভাবে নিহত হয়, আমি তার উত্তরাধিকারীকে ক্ষমতা দান করি। অতএব, সে যেন হত্যার ব্যাপারে সীমালঙ্ঘন না করে। নিশ্চয় সে সাহায্যপ্রাপ্ত। ৩৪. আর, এতীমের মালের কাছেও যেয়ো না, একমাত্র তার কল্যাণ আকাংখা ছাড়া; সংশ্লিষ্ট ব্যক্তির যৌবনে পদার্পণ করা পর্যন্ত এবং অঙ্গীকার পূর্ণ কর। নিশ্চয় অঙ্গীকার সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। (১৫ সূরা : বনী ইসরাঈল, আয়াত : ৩২-৩৪)

৩৫৫. ব্যভিচারী নারী ও পুরুষকে একশত করে বেত্রাঘাত কর

الزَّانِيَةُ وَالزَّانِي فَاجْلِدُوا كُلَّ وَاحِدٍ مِّنْهُمَا مِائَةَ جَلْدَةٍ وَلَا تَأْخُذْكُم بِهِمَا رَأْفَةٌ فِي دِينِ اللَّهِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ  
الْآخِرِ ۚ وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَائِفَةٌ مِّنَ الْمُؤْمِنِينَ (২) (২৪ সূরা নূর : آيَاتهَا ২)

অর্থ : ২. ব্যভিচারিণী নারী ব্যভিচারী পুরুষ; তাদের প্রত্যেককে একশ' করে বেত্রাঘাত কর। আল্লাহর বিধান কার্যকর করার কারণে তাদের প্রতি যেন তোমাদের মনে দয়ার উদ্বেক না হয়, যদি তোমরা আল্লাহর প্রতি ও পরকালের প্রতি বিশ্বাসী হয়ে থাক। মুসলমানদের একটি দল যেন তাদের শাস্তি প্রত্যক্ষ করে। (২৪ সূরা আন নূর : আয়াত ২)

### ৩৫৬. তোমরা ঘুস দিওনা

وَلَا تَأْكُلُوا أَمْوَالَكُم بَيْنَكُم بِالْبَاطِلِ وَتُدْثِلُوا بِهَا إِلَى الْحُكَّامِ لِيَأْكُلُوا فَرِيقًا مِّنْ أَمْوَالِ النَّاسِ بِالْإِثْمِ وَأَنْتُمْ تَعْلَمُونَ (১৮৮)

(২ সূরা বাক্বারা : আয়াত ১৮৮)

অর্থ : ১৮৮. তোমরা অন্যায়ভাবে একে অপরের সম্পদ ভোগ করো না এবং জনগণের সম্পদের কিছু অংশ জেনে-শুনে পাপ পন্থায় আত্মসাৎ করার উদ্দেশ্যে শাসক কর্তৃপক্ষকে ঘুস দিও না।

(২ সূরা আল বাক্বারা : আয়াত ১৮৮)

### ৩৫৭. মদ ও জুয়া উভয়ই মহাপাপ

يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ قُلْ فِيهِمَا إِثْمٌ كَبِيرٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَإِثْمُهُمَا أَكْبَرُ مِنْ نَّفْعِهِمَا ط وَيَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ ط قُلِ الْعَفْوَ ط كَذَلِكَ يَبَيِّنُ اللَّهُ لَكُمْ الْآيَاتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُونَ (২) سُوْرَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا (২১৯)

অর্থ : ২১৯. তারা তোমাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞেস করে। বলে দাও, এতদোভয়ের মধ্যে রয়েছে মহাপাপ। আর মানুষের জন্যে উপকারিতাও রয়েছে, তবে এগুলোর পাপ, উপকারিতা অপেক্ষা অনেক বড়। আর তোমার কাছে জিজ্ঞেস করে, কি তারা ব্যয় করবে? বলে দাও, নিজেদের প্রয়োজনীয় ব্যয়ের পর যা বাঁচে তাই খরচ করবে। এভাবেই আল্লাহ তোমাদের জন্যে নির্দেশ সুস্পষ্টরূপে বর্ণনা করেন, যাতে তোমরা চিন্তা করতে পার। (২ সূরা বাক্বারা : আয়াত ২১৯)

৩৫৮. শয়তান তো চায় মদ ও জুয়ার মাধ্যমে তোমাদের কলবের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ সঞ্চারিত করে দিতে

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصَابُ وَالْأَزْلَامُ رِجْسٌ مِّنْ عَمَلِ الشَّيْطَانِ فَاجْتَنِبُوهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ (৯০) إِنَّمَا يُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُوقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ فِي الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُدَّكُمْ عَنْ ذِكْرِ اللَّهِ وَعَنِ الصَّلَاةِ فَهَلْ أَنْتُمْ مُنْتَهُونَ (৯১) سُوْرَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا (৯০-৯১)

অর্থ : ৯০. হে মু'মিনগণ, এই যে মদ, জুয়া, প্রতিমা এবং ভাগ্য-নির্ধারক শরসমূহ এসব শয়তানের অপবিত্র কার্য বৈ তো নয়। অতএব, এগুলো থেকে বেঁচে থাক- যাতে তোমরা কল্যাণ প্রাপ্ত হও। ৯১. শয়তান তো চায়, মদ ও জুয়ার মাধ্যমে তোমাদের পরস্পরের মাঝে শত্রুতা ও বিদ্বেষ সঞ্চারিত করে দিতে এবং আল্লাহর স্মরণ ও নামাজ থেকে তোমাদেরকে বিরত রাখতে। অতএব, তোমরা এখনও কি নিবৃত্ত হবে? (৫ সূরা আল মায়েরা : আয়াত ৯০-৯১)

৩৫৯. নিশ্চয় অপব্যয় কারীরা শয়তানের ভাই

رَبُّكُمْ أَعْلَمُ بِمَا فِي نُفُوسِكُمْ إِنَّ تَكُونُوا صَالِحِينَ فَإِنَّهُ كَانَ لِلأَوَّابِينَ غَفُورًا (২৫) وَأَسَدَ الْقُرْبَىٰ حَقَّهُ وَالْمِسْكِينَ وَابْنَ السَّبِيلِ وَلَا تَبْدِرُوا تَكْبِيرًا (২৬) إِنَّ الْمُبْدِرِينَ كَانُوا إِخْوَانَ الشَّيْطَانِ ط وَكَانَ الشَّيْطَانُ لِرَبِّهِ كَفُورًا (২৭) (سُورَةُ بَنِي إِسْرَائِيلَ : آيَاتُهَا ۲۵-۲۷)

অর্থ : ২৫. তোমাদের পালনকর্তা তোমাদের মনে যা আছে তা ভালই জানেন। যদি তোমরা সৎ হও তবে তিনি তওবাকারীদের জন্যে ক্ষমাশীল। ২৬. আত্মীয়-স্বজনকে তার হক দান কর এবং অভাবগ্রস্ত ও মুসাফিরকেও। এবং কিছুতেই অপব্যয় করো না। ২৭. নিশ্চয় অপব্যয়কারীরা শয়তানের ভাই। শয়তান স্বীয় পালনকর্তার প্রতি অতিশয় অকৃতজ্ঞ।

(১৭ সূরা : বনী ইসরাঈল : আয়াত ২৫-২৭)

৩৬০. খাও, পান কর এবং অপব্যয় করো না

يُبْنِي أَدَاً خُدُوا زِينَتَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ وَكُلُوا وَاشْرَبُوا وَلَا تُسْرِفُوا إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِينَ (৩১) قُلْ مَنْ حَرَّمَ زِينَةَ اللَّهِ الَّتِي أَخْرَجَ لِعِبَادِهِ وَالطَّيِّبَاتِ مِنَ الرِّزْقِ ط قُلْ هِيَ لِلَّذِينَ آمَنُوا فِي الْحَيَاةِ الدُّنْيَا خَالِصَةً يَوْمَ الْقِيَامَةِ ط كُنْ لَكَ نَفْصَلُ الْآيَاتِ لِقَوْلٍ يَعْلَمُونَ (سُورَةُ الْأَعْرَابِ : آيَاتُهَا ৩১-৩২)

অর্থ : ৩১. হে বনী আদম! তোমরা প্রত্যেক নামাজের সময় সাজসজ্জা পরিধান করে নাও এবং খাও ও পান কর এবং অপব্যয় করো না। তিনি অপব্যয়ীদেরকে পছন্দ করেন না। ৩২. আপনি বলুন : আল্লাহর সাজ সজ্জাকে যা তিনি বান্দাদের জন্যে সৃষ্টি করেছেন এবং পবিত্র খাদ্যবস্তুসমূহকে কে হারাম করেছে? আপনি বলুন : এসব নেয়ামত আসলে পার্থিব জীবনে মু'মিনদের জন্যে এবং কিয়ামতের দিন খাঁটিভাবে তাদেরই জন্যে। এমনিভাবে আমি আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করি তাদের জন্যে, যারা বুঝে। (৭ সূরা : আল-আরাফ, আয়াত : ৩১-৩২)

৩৬১. যেসব জন্তুর উপর আল্লাহর নাম উচ্চারিত হয় না- তা ভক্ষণ করা যাবে না

وَلَا تَأْكُلُوا مِمَّا لَمْ يَذْكُرْ اسْمُ اللَّهِ عَلَيْهِ وَإِنَّهُ لَفِسْقٌ ط وَإِنَّ الشَّيْطَانَ لِيُوحِوَهُنَّ إِلَىٰ أَوْلِيَائِهِمْ لِيَجَادِلُوهُمْ وَإِنْ أَنْطَعْتَهُمْ هُمْ أَنْتُمْ لَمُشْرِكُونَ (سُورَةُ الْأَنْعَامِ : آيَاتُهَا ১২)

অর্থ : ১২১. যেসব জন্তুর উপর আল্লাহর নাম উচ্চারিত হয়নি, সেগুলো থেকে ভক্ষণ করো না; এ ভক্ষণ করা গোনাহ। নিশ্চয় শয়তানরা তাদের বন্ধুদেরকে প্রত্যাশে করে- যেন তারা তোমাদের সাথে তর্ক করে। যদি তোমরা তাদের আনুগত্য কর তোমরাও মুশরেক হয়ে যাবে। (৬ সূরা আল আন'আম : আয়াত ১২১)

৩৬২. আল্লাহ তোমাদের জন্য হারাম করেছেন রক্ত, শূকরের গোশত এবং যা জবাই কালে আল্লাহ ছাড়া অন্যের নাম উচ্চারণ করা হয়েছে

فَكُلُوا مِمَّا رَزَقَكُمُ اللَّهُ حَلَالًا طَيِّبًا س وَاشْكُرُوا نِعْمَتَ اللَّهِ إِنْ كُنْتُمْ إِيَّاهُ تَعْبُدُونَ (১১৩) إِنَّهَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالنَّارَ وَالْحَمْرَ الْخَنِزِيرَ وَمَا أَمِلَ لِغَيْرِ اللَّهِ بِهِ س فَمَنْ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَلَا عَادٍ فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ (سُورَةُ النَّحْلِ : آيَاتُهَا ১১৩-১১৫)

অর্থ : ১১৪. অতএব, আল্লাহ তোমাদেরকে যেসব হালাল ও পবিত্র বস্তু দিয়েছেন, তা তোমরা আহা কর এবং আল্লাহর অনুগ্রহের জন্যে কৃতজ্ঞতা প্রকাশ কর যদি তোমরা তাঁরই এবাদতকারী হয়ে থাক। ১১৫. অবশ্যই আল্লাহ তোমাদের জন্যে হারাম করেছেন রক্ত, শূকরের গোশত এবং যা জবাইকালে আল্লাহ ছাড়া অন্যের নাম উচ্চারণ করা হয়েছে। অতঃপর কেউ সীমালঙ্ঘনকারী না হলে নিরুপায় হয়ে পড়লে তবে, আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (১৬ সূরা : নাহল, আয়াত : ১১৪-১১৫)

৩৬৩. তোমাদের জন্য হারাম করা হয়েছে তোমাদের মাতা তোমাদের কন্যা তোমাদের বোন

حُرِّمَتْ عَلَيْكُمْ أُمَّهَاتُكُمْ وَبَنَاتُكُمْ وَأَخَوَتُكُمْ وَعُمَّتُكُمْ وَخَالَاتُكُمْ وَبَنَاتُ الْأَخِ وَبَنَاتُ الْأُخْتِ وَأُمَّهَاتُكُمُ اللَّاتِي أَرْضَعْنَكُمْ وَأَخَوَاتُكُمْ مِنَ الرَّضَاعَةِ وَأُمَّهُنَّ نِسَائِكُمْ وَرَبَائِبُكُمُ اللَّاتِي فِي حُجُورِكُمْ مِنْ نِسَائِكُمُ اللَّاتِي دَخَلْتُمْ بِهِنَّ فَإِنْ لَمْ تَكُونُوا دَخَلْتُمْ بِهِنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ زَوْحَلًا لِبُنَاتِكُمُ الَّذِينَ مِنْ أَمْصَابِكُمْ وَأَنْ تَجْمَعُوا بَيْنَ الْأُخْتَيْنِ إِلَّا مَا قَدْ سَلَفَ إِنَّ اللَّهَ كَانَ غَفُورًا رَحِيمًا (۲۳)

(৩ সূরা النساء : آياتها ২৩)

অর্থ : ২৩. তোমাদের জন্য হারাম করা হয়েছে তোমাদের মাতা, তোমাদের কন্যা, তোমাদের বোন, তোমাদের ফুফু, তোমাদের খালা, ভাতৃকন্যা, ভাগিনীকন্যা, তোমাদের সে মাতা, যারা তোমাদেরকে স্তন্যপান করিয়েছে, তোমাদের দুধ-বোন, তোমাদের স্ত্রীদের মাতা, তোমরা যাদের সাথে সহবাস করেছ সে স্ত্রীদের কন্যা- যারা তোমাদের লালন-পালনে আছে। যদি তাদের সাথে সহবাস না করে থাক, তবে এ বিবাহে তোমাদের কোন গোনাহ নেই। তোমাদের ঔরসজাত পুত্রদের স্ত্রী এবং দুবোনকে একত্রে বিবাহ করা হারাম। তবে যা অতীত হয়ে গেছে। নিশ্চয় আল্লাহ ক্ষমাকারী, দয়ালু। (৪ সূরা আন নিসা : আয়াত ২৩)

৩৬৪. বলুন : মহিলাদের ঋতুস্রাব চলাকালে স্ত্রীদের কাছ থেকে পৃথক অবস্থানে থাকো

وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ قُلْ هُوَ أَذًى لَا فَاعْتَرِزُوا لِلنِّسَاءِ فِي الْمَحِيضِ وَلَا تَقْرُبُوهُنَّ حَتَّى يَطْهُرْنَ فَإِذَا تَطَهَّرْنَ فَأْتُوهُنَّ مِنْ حَيْثُ أَمَرَكُمُ اللَّهُ إِنَّ اللَّهَ يُحِبُّ التَّوَّابِينَ وَيُحِبُّ الْمُتَطَهِّرِينَ (۲۲۲) نِسَاؤُكُمْ حَرْثٌ لَكُمْ فَاتُوا حَرْثَكُمْ أُنْثَىٰ فَسَثِّرُوا وَلَا نَفْسِكُمْ وَأَنْتُمْ وَاللَّهُ وَاعِلْمُوا أَنْكُمْ مُلْقَوَةٌ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ (۲۲۳) (۲ سُوْرَةُ الْبَقَرَةِ : آياتها ۲۲۲-۲۲۳)

অর্থ : ২২২. আর তোমার কাছে জিজ্ঞেস করে হায়েয ঋতু সম্পর্কে। বলে দাও, এটা অশুচি। কাজেই তোমরা হায়েয অবস্থায় স্ত্রীগমন থেকে বিরত থাক। তখন পর্যন্ত তাদের নিকটবর্তী হবে না, যতক্ষণ না তারা পবিত্র হয়ে যায়। যখন উত্তমরূপে পরিশুদ্ধ হয়ে যাবে, তখন গমন কর তাদের কাছে, যেভাবে আল্লাহ তোমাদেরকে হুকুম দিয়েছেন। নিশ্চয়ই আল্লাহ তওবাকারী এবং অপবিত্রতা থেকে যারা বেঁচে থাকে তাদেরকে পছন্দ করেন। ২২৩. তোমাদের স্ত্রীরা হলো তোমাদের জন্য শস্যক্ষেত্র। তোমরা যেভাবে ইচ্ছা তাদেরকে ব্যবহার কর। আর নিজেদের জন্য আগামী দিনের ব্যবস্থা কর এবং আল্লাহকে ভয় করতে থাক। আর নিশ্চিতভাবে জেনে রাখ যে, আল্লাহর সাথে তোমাদেরকে সাক্ষাৎ করতেই হবে। আর যারা ঈমান এনেছে তাদেরকে সুসংবাদ জানিয়ে দাও। (২ সূরা আল বাক্বারা : আয়াত ২২২-২২৩)

৩৬৫. তোমরা একে অপরের সম্পদ অন্যায়ভাবে গ্রাস করো না

يُرِيدُ اللَّهُ أَنْ يَخَفِّفَ عَنْكُمْ جِوَاحِرَ الْإِنْسَانِ مَعِيْفًا (۲۸) يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَأْكُلُوا أَمْوَالَكُم بَيْنَكُم بِالْبَاطِلِ إِلَّا أَنْ تَكُونَ تِجَارَةً عَنْ تَرَاضٍ مِنْكُمْ نَفٍ وَلَا تَقْتُلُوا أَنْفُسَكُمْ إِنَّ اللَّهَ كَانَ بِكُمْ رَحِيمًا (۲۹) (۳ سُوْرَةُ النَّسَاءِ : آياتها ۲۸-۲۹)

অর্থ : ২৮. আল্লাহ তোমাদের বোঝা হালকা করতে চান। মানুষ দুর্বল সৃজিত হয়েছে। ২৯. হে ঈমানদারগণ! তোমরা একে অপরের সম্পদ অন্যায়ভাবে গ্রাস করো না। কেবলমাত্র তোমাদের পরস্পরের সম্মতিক্রমে যে ব্যবসা করা হয় তা বৈধ। আর তোমরা নিজেদের কাউকে হত্যা করো না। নিঃসন্দেহে আল্লাহ তাআলা তোমাদের প্রতি দয়ালু।

(৪ সূরা আন নিসা : আয়াত ২৮-২৯)



৩৬৬. হে আমাদের পালনকর্তা আমরা নিজেদের প্রতি জুলুম করেছি

قَالَ رَبَّنَا ظَلَمْنَا أَنفُسَنَا وَإِن لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُونَنَّ مِنَ الْخٰسِرِينَ (۲۳) قَالَ إِهْبِطُوا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ وَلَكُمْ فِي الْأَرْضِ مُسْتَقَرٌّ وَمَتَاعٌ إِلَىٰ حِينٍ (۲۴) قَالَ فِيهَا تَحْيَوْنَ وَفِيهَا تَمُوتُونَ وَمِنْهَا تُخْرَجُونَ (۲۵) (۴ سُوْرَةُ الْأَعْرَافِ : آيَاتُهَا ۲۳-۲۵)

অর্থ : ২৩. তারা উভয়ে বলল : হে আমাদের পালনকর্তা আমরা নিজেদের প্রতি জুলুম করেছি। যদি আপনি আমাদেরকে ক্ষমা না করেন এবং আমাদের প্রতি অনুগ্রহ না করেন, তবে আমরা অবশ্যই ধ্বংস হয়ে যাব। ২৪. আল্লাহ্ বললেন : তোমরা নেমে যাও। তোমরা একে অপরের শত্রু। তোমাদের জন্যে পৃথিবীতে বাসস্থান আছে এবং একটি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত ফল ভোগ আছে। ২৫. বললেন : তোমরা সেখানেই জীবিত থাকবে, সেখানেই মৃত্যুবরণ করবে এবং সেখান থেকেই পুরুষিত হবে।

(৭ সূরা : আল-আরাফ, আয়াত : ২৩-২৫)

৩৬৭. যে পাপ করে সে নিজের বিপক্ষেই করে

وَمَنْ يَعْمَلْ سُوءًا أَوْ يَظْمِرْ نَفْسَهُ تَمْرًا يَسْتَفْهِرِ اللَّهُ يَجِدِ اللَّهُ غَفُورًا رَّحِيمًا (۱۱۰) وَمَنْ يَكْسِبْ إِثْمًا فَإِنَّمَا يَكْسِبُهُ عَلَىٰ نَفْسِهِ ط وَكَانَ اللَّهُ عَلَيْهِمُ حَكِيمًا (۱۱۱) وَمَنْ يَكْسِبْ خَطِيئَةً أَوْ إِثْمًا تَمْرًا يَرَىٰ بِهِ بَرِيئًا فَقَدْ احْتَمَلَ بُهْتَانًا وَإِثْمًا مُّبِينًا (۱۱২) (۴ سُوْرَةُ النَّسَاءِ : آيَاتُهَا ১১০-১১২)

অর্থ : ১১০. যে গোনাহ করে কিংবা নিজের অনিষ্ট করে, অতঃপর আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে, সে আল্লাহকে ক্ষমাশীল, করুণাময় পাবে। ১১১. যে কেউ পাপ করে, সে নিজের বিপক্ষেই করে। আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়। ১১২. যে ব্যক্তি ভুল কিংবা গোনাহ করে, অতঃপর কোন নিরপরাধের উপর অপবাদ আরোপ করে সে নিজের মাথায় বহন করে জঘন্য মিথ্যা ও প্রকাশ্য গোনাহ। (৪ সূরা আন নিসা : আয়াত ১১০-১১২)

৩৬৮. যখন জীবন্ত প্রোথিত কণ্যাকে জিজ্ঞেস করা হবে

وَإِذَا الْبِكَارُ سُجِّرَتْ (۶) وَإِذَا النَّفُّوسُ زُوِّجَتْ (۷) وَإِذَا الْمَوْعِدَةُ سُئِلَتْ (۸) بِأَيِّ ذَنْبٍ قُتِلَتْ (۹) وَإِذَا الصُّحُفُ نُشِرَتْ (۱০) وَإِذَا السَّمَاءُ كُشِطَتْ (۱১) وَإِذَا الْجَحِيمُ سُعِّرَتْ (۱২) وَإِذَا الْجَنَّةُ أُنزِلَتْ (۱৩) عَلِمَتْ نَفْسٌ مَّا أَحْضَرَتْ (۱৪)

(৮ সূরা التَّكْوِيْنِ : آيَاتُهَا ৬-১৪)

অর্থ : ৬. যখন সমুদ্রকে উত্তাল করে তোলা হবে, ৭. যখন আত্মাসমূহকে যুগল করা হবে, ৮. যখন জীবন্ত প্রোথিত কণ্যাকে জিজ্ঞেস করা হবে, ৯. কি অপরাধে তাকে হত্যা করা হল? ১০. যখন আমলনামা খোলা হবে, ১১. যখন আকাশের আবরণ অপসারিত হবে, ১২. যখন জাহান্নামের অগ্নি প্রজ্বলিত করা হবে ১৩. এবং যখন জান্নাত সন্নিকটবর্তী হবে, ১৪. তখন প্রত্যেকেই জেনে নিবে সে কি উপস্থিত করেছে। (৮ সূরা আত্ তাকভীর : আয়াত ৬-১৪)

৩৬৯. হে ঈমানদারগণ! তোমরা যখন নেশাখস্ত থাক নামাজের ধারে কাছেও যেওনা

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْرَبُوا الصَّلَاةَ وَأَنتُمْ سُكَرَىٰ حَتَّىٰ تَعْلَمُوا مَا تَقُولُونَ وَلَا جُنُبًا إِلَّا عَابِرِي سَبِيلٍ حَتَّىٰ تَغْتَسِلُوا ط وَإِنْ كُنْتُمْ مَرْضَىٰ أَوْ عَلَىٰ سَفَرٍ أَوْ جَاءَ أَحَدٌ مِّنْكُم مِّنَ الْغَائِطِ أَوْ لَمَسْتُمُ النِّسَاءَ فَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيدًا طَيِّبًا فَامْسَحُوا بِوُجُوْهِكُمْ وَأَيْدِيكُمْ ط إِنَّ اللَّهَ كَانَ عَفُوًّا غَفُورًا (۴۳) (سُورَةُ النِّسَاءِ : آيَاتُهَا ۴۳)

অর্থ : ৪৩. হে ঈমানদারগণ! তোমরা যখন নেশাখস্ত থাক, তখন নামাজের ধারে-কাছেও যেও না, যতক্ষণ না বুঝতে সক্ষম হও যা কিছু তোমরা বলছ, আর নামাজের কাছে যেও না ফরয গোসলের অবস্থায়ও যতক্ষণ না গোসল করে নাও। কিন্তু, মুসাফির অবস্থার কথা স্বতন্ত্র। আর যদি তোমরা অসুস্থ হয়ে থাক কিংবা সফরে থাক অথবা তোমাদের মধ্য থেকে কেউ যদি প্রস্রাব-পায়খানা থেকে এসে থাকে কিংবা নারী গমন করে থাকে, কিন্তু পরে যদি পানিপ্রাপ্তি সম্ভব না হয় তবে পাক পবিত্র মাটির দ্বারা তায়াম্মুম করে নাও- তাতে মুখমণ্ডল ও হাতকে ঘষে নাও। নিশ্চয়ই আল্লাহ তাআলা ক্ষমাশীল।

(৪ সূরা আন নিসা : আয়াত ৪৩)

৩৭০. নিশ্চয়ই আল্লাহ অহংকারীকে পছন্দ করেন না

وَلَا تُصَعِّرْ خَدَّكَ لِلنَّاسِ وَلَا تَمْشِ فِي الْأَرْضِ مَرْحًا، إِنَّ اللَّهَ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُورٍ (১৮) (سُورَةُ لُقْمَانَ : آيَاتُهَا ١٨)

অর্থ : ১৮. অহংকারের বশবর্তী হয়ে তুমি মানুষকে অবজ্ঞা করো না এবং পৃথিবীতে গর্বভরে বিচরণ করোনা। নিশ্চয়ই আল্লাহ কোন অহংকারীকে পছন্দ করেন না। (৩১ সূরা লোকমান : আয়াত ১৮)

৩৭১. পৃথিবীতে দৃষ্টিভরে পদচারণা করো না

وَأَوْفُوا الْكَيْلَ إِذَا كِلْتُمْ وَزَنُوا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيمِ، ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا (৩৫) وَلَا تَقْفُ مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ، إِنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ أُولَئِكَ كَانَ عَنْهُ مَسْئُولًا (৩৬) وَلَا تَمْشِ فِي الْأَرْضِ مَرْحًا، إِنَّكَ لَنْ تُخْرِقَ الْأَرْضَ وَلَنْ تَبْلُغَ الْجِبَالَ طَوْلًا (৩৮) (سُورَةُ بَنِي إِسْرَائِيلَ : آيَاتُهَا ٣٥-٣٨)

অর্থ : ৩৫. মেপে দেয়ার সময় পূর্ণ মাপে দেবে এবং সঠিক দাঁড়িপাল্লায় ওজন করবে। এটা উত্তম; এর পরিণাম শুভ। ৩৬. যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই, তার পিছনে পড়ো না। নিশ্চয় কান, চক্ষু ও অন্তঃকরণ এদের প্রত্যেকটিই জিজ্ঞাসিত হবে। ৩৭. পৃথিবীতে দৃষ্টিভরে পদচারণা করো না। নিশ্চয় তুমি তো ভূপৃষ্ঠকে কখনই বিদীর্ণ করতে পারবে না এবং উচ্চতায় তুমি কখনই পর্বতপ্রমাণ হতে পারবে না। (১৭ সূরা : বনী ইসরাঈল, আয়াত : ৩৫-৩৭)

৩৭২. নিশ্চয় 'আল্লাহ' অহংকারীকে পছন্দ করেন না

لَا جَرَآءَ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ، إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْتَكْبِرِينَ (২৩) وَإِذَا قِيلَ لَهُمْ مَاذَا أَنْزَلَ رَبُّكُمْ، قَالُوا أَسَاطِيرُ الْأَوَّلِينَ (২৪) (سُورَةُ النَّحْلِ : آيَاتُهَا ٢٣-٢٤)

অর্থ : ২৩. নিঃসন্দেহে আল্লাহ তাদের গোপন ও প্রকাশ্য যাবতীয় বিষয়ে অবগত। নিশ্চয়ই তিনি অহংকারীদের পছন্দ করেন না। ২৪. যখন তাদেরকে বলা হয় : তোমাদের পালনকর্তা কি নাযিল করেছেন? তারা বলে পূর্ববর্তীদের কিসসা-কাহিনী।

(১৬ সূরা : নাহল, আয়াত : ২৩-২৪)

### ৩৭৩. নিশ্চয়ই মানুষ তার পালনকর্তার প্রতি অকৃতজ্ঞ

إِنَّ الْإِنْسَانَ لِرَبِّهِ لَكَنُودٌ (٦) وَإِنَّ عَلَىٰ ذَٰلِكَ لَشَهِيدًا (٤) وَإِنَّهُ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيدٌ (٨) (سُورَةُ الْغُرَيْبِ : آيَاتُهَا ٨-٦)

অর্থ : ৬. নিশ্চয় মানুষ তার পালনকর্তার প্রতি অকৃতজ্ঞ ৭. এবং সে অবশ্য এ বিষয়ে অবহিত ৮. এবং সে নিশ্চিতই ধন-সম্পদের ভালবাসায় মত্ত।

(১০০ সূরা আল আদিয়াত : আয়াত ৬-৮)

### ৩৭৪. নিশ্চয়ই মানুষ বড় অকৃতজ্ঞ

لَهُ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَإِنَّ اللَّهَ لَهُوَ الْغَنِيُّ الْحَمِيدُ (٦٣) أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ سَخَّرَ لَكُم مَّا فِي الْأَرْضِ وَالْفَلَكَ تَجَرَّىٰ فِي الْبَحْرِ بِأَمْرِهِ وَيُمْسِكُ السَّمَاءَ أَنْ تَقَعَ عَلَى الْأَرْضِ إِلَّا بِإِذْنِهِ إِنَّ اللَّهَ بِالنَّاسِ لَرَءُوفٌ رَحِيمٌ (٦٥) وَمَا الَّذِي أَحْيَاكُمْ ثُمَّ يُمَيِّتُكُمْ ثُمَّ يُحْيِيكُمْ ثُمَّ إِنَّ الْإِنْسَانَ لَكَفُورٌ (٦٦) (سُورَةُ الْحَجِّ : آيَاتُهَا ٦٣-٦٦)

অর্থ : ৬৪. নভোমণ্ডল ও ভূপৃষ্ঠে যা কিছু আছে, সব তাঁরই এবং আল্লাহই অস্বাভাবিক প্রশংসার অধিকারী। ৬৫. তুমি কি দেখ না যে, ভূপৃষ্ঠে যা আছে এবং সমুদ্রে চলমান নৌকা তৎসমুদয়কে আল্লাহ নিজ আদেশে তোমাদের অধীন করে দিয়েছেন এবং তিনি আকাশ স্থির রাখেন, যাতে তাঁর আদেশ ব্যতীত ভূপৃষ্ঠে পতিত না হয়। নিশ্চয় আল্লাহ মানুষের প্রতি করুণাশীল, দয়াবান। ৬৬. তিনিই তোমাদেরকে জীবিত করবেন। নিশ্চয় মানুষ বড় অকৃতজ্ঞ। (২২ সূরা হাজ্জ : আয়াত ৬৪-৬৬)

### ৩৭৫. মানুষ সামান্যই কৃতজ্ঞতা প্রকাশ করে

ثُمَّ جَعَلَ نَسْلَهُ مِنْ سُلَالَةٍ مِنْ مَاءٍ مُهِينٍ (٨) ثُمَّ سَوَّمَهُ وَنَفَخَ فِيهِ مِنْ رُوْحِهِ وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَالْأَفْئِدَةَ قَلِيلًا مَّا تَشْكُرُونَ (٩) وَقَالُوا إِذَا ضَلَلْنَا فِي الْأَرْضِ أَإِنَّا لَفِي خَلْقٍ جَدِيدٍ بَلْ هُمْ بِلِقَاءِ رَبِّهِمْ كُفْرُونَ (١٠) (سُورَةُ السَّجْدَةِ : آيَاتُهَا ٨-١٠)

অর্থ : ৮. অতঃপর তিনি তার বংশধর সৃষ্টি করেন তুচ্ছ পানির নির্ধাস থেকে। ৯. অতঃপর তিনি তাকে সুষম করেন, তাতে রুহ, সঞ্চারণ করেন এবং তোমাদেরকে দেন কর্ণ, চক্ষু ও অন্তঃকরণ। তোমরা সামান্যই কৃতজ্ঞতা প্রকাশ কর। ১০. তারা বলে, আমরা মৃত্তিকায় মিশ্রিত হয়ে গেলেও পুনরায় নতুন করে সৃষ্টি হব কি? বরং তারা তাদের পালনকর্তার সাক্ষাৎকেই অস্বীকার করে। (৩২ সূরা সাজদাহ : আয়াত ৮-১০)

### ৩৭৬. নিশ্চয়ই মানুষ বড় অকৃতজ্ঞ

وَمَا الَّذِي أَحْيَاكُمْ ثُمَّ يُمَيِّتُكُمْ ثُمَّ يُحْيِيكُمْ إِنَّ الْإِنْسَانَ لَكَفُورٌ (٦٦)

(سُورَةُ الْحَجِّ : آيَاتُهَا ٦٦)

অর্থ : ৬৬. তিনিই তোমাদেরকে জীবিত করেছেন, অতঃপর তিনিই তোমাদেরকে মৃত্যুদান করবেন ও পুনরায় জীবিত করবেন। নিশ্চয়ই মানুষ বড় অকৃতজ্ঞ। (২২ সূরা হাজ্জ : আয়াত ৬৬)

### ৩৭৭. নিশ্চয়ই আল্লাহ মানুষের প্রতি পরম দয়ালু

وَبِكُرِّ الْوَيْحِ يُزْجِي لَكُمُ الْفَلَكَ فِي الْبَحْرِ لِيَتَّبِعْتُمُوهَا مِنْ فَضْلِهِ إِنَّهُ كَانَ بِكُمْ رَحِيمًا (٦٦) وَإِذَا مَسَّكُمُ الضُّرُّ فِي الْبَحْرِ ضَلَّ مَنْ تَدْعُونَ إِلَّا إِيَّاهُ فَلَمَّا نَجَّكُمْ إِلَى الْبَرِّ أَعْرَفْتُمُوهُ وَكَانَ الْإِنْسَانَ كَفُورًا (٦٤)

(سُورَةُ بَنِي إِسْرَائِيلَ : آيَاتُهَا ٦٦-٦٤)

অর্থ : ৬৬. তোমাদের পালনকর্তা তিনিই যিনি তোমাদের জন্যে সমুদ্রে জলযান চালনা করেন, যাতে তোমরা তার অনুগ্রহ অন্বেষণ করতে পারো। নিঃসন্দেহে তিনি তোমাদের প্রতি পরম দয়ালু। ৬৭. যখন সমুদ্রে তোমাদের উপর বিপদ আসে, তখন শুধু আল্লাহ ব্যতীত যাদেরকে তোমরা আহ্বান করে থাক তাদেরকে তোমরা বিস্মৃত হয়ে যাও। অতঃপর তিনি যখন তোমাদেরকে স্থলে ভিড়িয়ে উদ্ধার করে নেন, তখন তোমরা মুখ ফিরিয়ে নাও। মানুষ বড়ই অকৃতজ্ঞ। (১৭ সূরা : বনী ইসরাঈল, আয়াত : ৬৬-৬৭)

৩৭৮. হে অপরাধীরা! আজ তোমরা আলাদা হয়ে যাও

وَأَمَّا زُورًا الْيَوْمَ أَيُّهَا الْمُجْرِمُونَ (৫৯) أَلَمْ أَعْلَمْ بِالْمُنْكَرِ بَيْنِي يَدَ الْأَيْمَنِ وَالشَّيْطَانِ إِنَّهُ لَكُمُ عَنُودٌ مُّبِينٌ (৬০) وَأَنْ أَعْبُدُؤُنِي هُنَا مِثْرًا مِّثْرًا مُسْتَقِيمًا (৬১) وَلَقَدْ أَضَلَّ مِنْكُمْ جِبِلًّا كَثِيرًا أَفَلَمْ تَكُونُوا تَعْقِلُونَ (৬২) هَلْ جَهَنَّمَ الَّتِي كُنْتُمْ تُوعَدُونَ (৬৩) (৩৬ সূরা  
نَس: آيَاتُهَا ৫৯-৬৩)

অর্থ : ৫৯. হে অপরাধীরা, আজ তোমরা আলাদা হয়ে যাও। ৬০. হে বনী-আদম! আমি কি তোমাদেরকে বলে রাখিনি যে, শয়তানের ইবাদত করো না, সে তোমাদের প্রকাশ্য শত্রু? ৬১. এবং আমার ইবাদত কর। এটাই সরল পথ। শয়তান তোমাদের অনেক দলকে পথভ্রষ্ট করেছে। তবুও কি তোমরা বুঝনি? এই সে জাহান্নাম, যার ওয়াদা তোমাদেরকে দেয়া হতো। (৩৬ সূরা ইয়াসিন : আয়াত ৫৯-৬৩)

৩৭৯. অপরাধীরা বলবে, হে আমাদের পালনকর্তা আমরা দেখলাম ও শ্রবণ করলাম এখন আমরা সৎকর্ম করবো

قُلْ يَتُوبُكُمْ مَلِكُ الْمَوْتِ الَّذِي وُكِّلَ بِكُمْ ثُمَّ إِلَىٰ رَبِّكُمْ تُرْجَعُونَ (১১) وَلَوْ تَرَىٰ إِذِ الْمُجْرِمُونَ نَاكِسُوا رُءُوسِهِمْ عِندَ رَبِّهِمْ رَبَّنَا أَبْصَرْنَا وَسَمِعْنَا فَارْجِعْنَا نَعْمَلْ صَالِحًا إِنَّا مُوقِنُونَ (১২) (৩২ সূরা السَّجْدَةِ: آيَاتُهَا ১১-১২)

অর্থ : ১১. বলুন, তোমাদের প্রাণ হরণের দায়িত্বে নিয়োজিত ফেরেশতা তোমাদের প্রাণ হরণ করবে। অতঃপর তোমরা তোমাদের পালনকর্তার কাছে প্রত্যাবর্তিত হবে। ১২. যদি আপনি দেখতেন যখন অপরাধীরা তাদের পালনকর্তার সামনে নতশির হয়ে বলবে, হে আমাদের পালনকর্তা, আমরা দেখলাম ও শ্রবণ করলাম। এখন আমাদেরকে পাঠিয়ে দিন, আমরা সৎকর্ম করব। আমরা দৃঢ়বিশ্বাসী হয়ে গেছি।

(৩২ সূরা সাজদাহ : আয়াত ১১-১২)

৩৮০. আর এমন লোকদের ক্ষমা নেই যারা মন্দ কাজ করতেই থাকে এমনকি যখন তাদের মৃত্যু উপস্থিত হয়

إِنَّمَا التَّوْبَةُ عَلَى اللَّهِ لِلَّذِينَ يَعْمَلُونَ السُّوءَ بِجَهَالَةٍ ثُمَّ يَتُوبُونَ مِنْ قَرِيبٍ فَأُولَٰئِكَ يَتُوبُ اللَّهُ عَلَيْهِمْ، وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا (১৮) وَكَيْسِبِ التَّوْبَةُ لِلَّذِينَ يَعْمَلُونَ السَّيِّئَاتِ حَتَّىٰ إِذَا حَضَرَ أَحَدَهُمُ الْمَوْتُ قَالَ إِنِّي تُبْتُ الْإِسْلَامَ وَلَا الَّذِينَ يَمُوتُونَ وَهُمْ كُفَّارٌ أُولَٰئِكَ أَعْتَدْنَا لَهُمْ عَذَابًا أَلِيمًا (১৮)

(৩ সূরা التَّيْسَاءِ: آيَاتُهَا ১৮-১৮)

অর্থ : ১৭. অবশ্যই আল্লাহ তাদের তওবা কবুল করবেন, যারা ভুলবশতঃ মন্দ কাজ করে, অতঃপর অনতিবিলম্বে তওবা করে; এরাই হল সেসব লোক যাদেরকে আল্লাহ ক্ষমা করে দেন। আল্লাহ মহাজ্ঞানী, রহস্যবিদ। ১৮. আর এমন লোকদের জন্যে কোন ক্ষমা নেই, যারা মন্দ কাজ করতেই থাকে, এমনকি যখন তাদের কারো মাথার উপর মৃত্যু উপস্থিত হয়, তখন বলতে থাকে : আমি এখন তওবা করছি। আর তওবা নেই তাদের জন্য, যারা কুফরী অবস্থায় মৃত্যুবরণ করে। আমি তাদের জন্য যন্ত্রণাদায়ক শাস্তি প্রস্তুত করে রেখেছি। (৪ সূরা আন নিসা : আয়াত ১৭-১৮)

## Keyamat

### ৩৮১. মৃত্যু তোমাদের পাকড়াও করবেই

أَيُّنَ مَا تَكُونُوا يُدْرِكُكُمُ الْمَوْتُ وَلَوْ كُنْتُمْ فِي بُرُوجٍ مُّشِيدَةٍ ط وَإِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَقُولُوا هَذِهِ مِنْ عِنْدِ اللَّهِ ج وَإِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ يَقُولُوا هَذِهِ مِنْ عِنْدِكَ ط قُلْ كُلٌّ مِّنْ عِنْدِ اللَّهِ ج فَمَالِ هَؤُلَاءِ الْقَوْمِ لَا يَكَادُونَ يَفْقَهُونَ حَدِيثًا (٤٨)

(৩ সূরা নিসা : আয়াত ৭৮)

অর্থ : ৭৮. তোমরা যেখানেই থাক না কেন; মৃত্যু কিন্তু তোমাদেরকে পাকড়াও করবেই- যদি তোমরা সুদৃঢ় দুর্গের ভেতরেও অবস্থান কর, তবুও। বস্তুত: তাদের কোন কোন কল্যাণ সাধিত হলে তারা বলে যে, এটা সাধিত হয়েছে আল্লাহর পক্ষ থেকে। আর যদি তাদের কোন অকল্যাণ হয়, তবে বলে এটা হয়েছে তোমার পক্ষ থেকে, বলে দাও, এসবই আল্লাহর পক্ষ থেকে। পক্ষান্তরে তাদের পরিণতি কি হবে, যারা কখনও কোন কথা বুঝতে চেষ্টা করে না। (৪ আন নিসা : আয়াত ৭৮)

### ৩৮২. জীব মাত্রই মৃত্যু স্বাদ গ্রহণ করতে হবে

كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ ط وَإِنَّمَا تُوَفَّقُونَ أُجُورَكُمْ يَوْمَ الْقِيَامَةِ ط فَمَنْ زُحِرَ عَنِ النَّارِ وَأُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ ط وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا مَتَاعُ الْغُرُورِ (١٨٥) (٣ سُوْرَةُ اَلْاٰمْرَانِ : اٰيَاتُهَا ١٨٥)

অর্থ : (১৮৫) প্রত্যেক ব্যক্তিকেই মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে। কিয়ামতের দিন তোমাদের কাজের পূর্ণ পুরস্কার দেয়া হবে। তারপর যাকে দোষখ হতে দূরে রাখা হবে এবং বেহেশতে প্রবেশ করানো হবে, তিনিই হবেন সফলকাম। এ দুনিয়ার জীবন তো শুধু ছলনার বস্তু। (৩ সূরা আলে-ইমরান : আয়াত ১৮৬)

### ৩৮৩. মৃত্যু যন্ত্রণা নিশ্চিতই আসবে

وَجَاءَتْ سَكْرَةُ الْمَوْتِ بِالْحَقِّ ط ذَلِكَ مَا كُنْتُمْ مِنْهُ تَحِيئًا (١٩) وَنُفِخَ فِي الصُّورِ ط ذَلِكَ يَوْمَ الْوَعْدِ (٢٠) وَجَاءَتْ كُلُّ نَفْسٍ مَّعَهَا سَائِقٌ وَشَهِيدٌ (٢١) لَقَدْ كُنْتُمْ فِي غَفْلَةٍ مِّنْ هُنَا فَكَشَفْنَا عَنْكَ غِطَاءَكَ فَبَصَرُكَ الْيَوْمَ حَدِيدٌ (٢٢) وَقَالَ قَرِينُهُ هُنَا مَا لَكَ بِي عِتْيَانٌ (٢٣) (٥٠ سُوْرَةُ ق : اٰيَاتُهَا ١٩-٢٣)

অর্থ : ১৯. মৃত্যুযন্ত্রণা নিশ্চিতই আসবে। এ থেকেই তুমি টালবাহানা করতে। ২০. এবং শিঙ্গায় ফুৎকার দেয়া হবে। এটা হবে ভয় প্রদর্শনের দিন। ২১. প্রত্যেক ব্যক্তি আগমন করবে। তার সাথে থাকবে চালক ও কর্মের সাক্ষী। ২২. তুমি তো এই দিন সম্পর্কে উদাসীন ছিলে। এখন তোমার কাছ থেকে যবনিকা সরিয়ে দিয়েছি। ফলে আজ তোমার দৃষ্টি সুতীক্ষ্ণ। ২৩. তার সঙ্গী ফেরেশতা বলবে : আমার কাছে যে আমলনামা ছিল, তা এই। (৫০ সূরা ক্বাফ : আয়াত ১৯-২৩)

৩৮৪. নির্ধারিত সময়ে আল্লাহ কাউকে অবকাশ দিবেন না

وَأَنْفِقُوا مِنْ مَّا رَزَقْنَاكُمْ مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَ أَحَدَكُمُ الْمَوْتُ فَيَقُولَ رَبِّ لَوْلَا أَخَّرْتَنِي إِلَىٰ أَجَلٍ قَرِيبٍ فَأَصَّدَّقَ وَأَكُنْ مِنَ الصَّالِحِينَ (১০) وَلَنْ يُؤَخِّرَ اللَّهُ نَفْسًا إِذَا جَاءَ أَجَلُهَا وَاللَّهُ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ (১১) (سُورَةُ الْمُنْفِقُونَ : آيَاتُهَا ১০-১১)

অর্থ : ১০. আমি তোমাদেরকে যা দিয়েছি, তা থেকে মৃত্যু আসার আগেই ব্যয় কর। অন্যথায় সে বলবে : হে আমার পালনকর্তা, আমাকে আরও কিছুকাল অবকাশ দিলে না কেন? তাহলে আমি সদকা করতাম এবং সৎকর্মীদের অন্তর্ভুক্ত হতাম। ১১. প্রত্যেক ব্যক্তির (মৃত্যুর) নির্ধারিত সময় যখন উপস্থিত হবে, তখন আল্লাহ কাউকে অবকাশ দেবেন না। তোমরা যা কর, আল্লাহ সে বিষয়ে খবর রাখেন। (৬৩ সূরা মুনাফিকুন : আয়াত ১০-১১)

৩৮৫. মৃত্যু আসার পূর্বে আল্লাহর রাস্তায় খরচ করতে হবে

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُلْهِكُمْ أَمْوَالُكُمْ وَلَا أَوْلَادُكُمْ عَنْ ذِكْرِ اللَّهِ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ فَأُولَٰئِكَ هُمُ الْخٰسِرُونَ (৯) وَأَنْفِقُوا مِنْ مَّا رَزَقْنَاكُمْ مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَ أَحَدَكُمُ الْمَوْتُ فَيَقُولَ رَبِّ لَوْلَا أَخَّرْتَنِي إِلَىٰ أَجَلٍ قَرِيبٍ فَأَصَّدَّقَ وَأَكُنْ مِنَ الصَّالِحِينَ (১০) وَلَنْ يُؤَخِّرَ اللَّهُ نَفْسًا إِذَا جَاءَ أَجَلُهَا وَاللَّهُ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ (১১) (سُورَةُ الْمُنْفِقُونَ : آيَاتُهَا ৯-১১)

অর্থ : ৯. হে ঈমানদারগণ! তোমাদের সম্পদ ও তোমাদের সন্তান-সন্ততি যেন তোমাদেরকে আল্লাহর স্মরণ হতে গাফেল করে না দেয়। আর যারা এইরূপ করবে তারাই ক্ষতিগ্রস্ত। ১০. আর যা আমি তোমাদেরকে দান করেছি তা হতে এমন সময় আসবার পূর্বে আল্লাহর রাস্তায় খরচ কর, যখন তোমাদের কারো মৃত্যু এসে উপস্থিত হয় আর সে বলে, হে আমার রব! আমাকে কেন আরো কিছু দিনের অবকাশ প্রদান করলেন না যে আমি আল্লাহর রাস্তায় খরচ করে দিতাম। আর আল্লাহ তা'আলা কাউকে অবকাশ দেন না, যখন তার মৃত্যুর সময় এসে যায়। আল্লাহ তা'আলা তোমাদের কার্যাবলী সম্বন্ধে পূর্ণ অবহিত আছেন।

(সূরা আল-মুনাফিকুন : আয়াত ৯-১১)

৩৮৬. যখন তাদের কারও মৃত্যু আসে তখন সে বলে আমাকে পুনরায় দুনিয়াতে প্রেরণ করুন

حَتَّىٰ إِذَا جَاءَ أَحَدَهُمُ الْمَوْتُ قَالَ رَبِّ ارْجِعُونِ (৭৭) لَعَلِّي أَعْمَلُ مَالِكًا فِيهَا تَرَكْتُ كَلَّا إِنَّهَا كَلِمَةٌ هُوَ قَائِلُهَا وَمِنْ وَرَائِهِمْ بَرْزَخٌ إِلَىٰ يَوْمِ يُبْعَثُونَ (১০০) (سُورَةُ الْمُؤْمِنُونَ : آيَاتُهَا ৭৭-১০০)

অর্থ : ৯৭. যখন তাদের কারও কাছে মৃত্যু আসে, তখন সে বলে : হে আমার পালনকর্তা! আমাকে পুনরায় দুনিয়াতে প্রেরণ করুন, ১০০. যাতে আমি সৎকর্ম করতে পারি, যা আমি করিনি। কখনই নয়, এ তো তার একটি কথার কথা মাত্র। তাদের সামনে পর্দা আছে পুনরুত্থান দিবস পর্যন্ত। (২৩ সূরা আল মু'মিনুন : আয়াত ৯৯-১০০)

৩৮৭. মানুষ বলে আমার মৃত্যু হলে পর আমি কি জীবিত অবস্থায় পুনরুত্থিত হব?

وَيَقُولُ الْإِنْسَانُ إِذَا مَا مِتُّ لَسَوْفَ أُخْرَجُ حَيًّا (১৬) أَوْ لَا يَذْكُرُ الْإِنْسَانُ أَنَّا خَلَقْنَاهُ مِنْ قَبْلُ وَكُنَّا عَلَيْكَ شَيْئًا (১৭) فَوَرَّيْكَ لَنُحْشِرَنَّهُمْ وَالشَّيْطٰنُ نَحْنُ لَنُحْشِرَنَّهُمْ حَوْلَ جَهَنَّمَ جِثِيًّا (১৮) (سُورَةُ مَرْيَمَ : آيَاتُهَا ১৬-১৮)

অর্থ : ১৬. মানুষ বলে : আমার মৃত্যু হলে পর আমি কি জীবিত অবস্থায় পুনরুত্থিত হব? ১৭. মানুষ কি স্মরণ করে না যে, আমি তাকে ইতিপূর্বে সৃষ্টি করেছি এবং সে তখন কিছুই ছিল না। ১৮. সুতরাং আপনার পালনকর্তার কসম, আমি অবশ্যই তাদেরকে এবং শয়তানদেরকে একত্রে সমবেত করব, অতঃপর অবশ্যই তাদেরকে নতজানু অবস্থায় জাহান্নামের চারপাশে উপস্থিত করব। (১৯ সূরা : মারইয়াম, আয়াত ৬৬-৬৮)

৩৮৮. আমিই জীবন দান করি, আমিই মৃত্যু দান করি

وَأِنَّا لَنَحْنُ نُحْيِي وَنُمِيتُ وَنَحْنُ الْوَارِثُونَ (২৩) وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِينَ مِنْكُمُ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَأْخِرِينَ (২৪) وَإِنَّ رَبَّكَ هُوَ يَحْشُرُهُمْ إِنَّهُ حَكِيمٌ عَلِيمٌ (২৫) (سُورَةُ الْحَجَّ : آيَاتُهَا ২৩-২৫)

অর্থ : ২৩. আমিই জীবন দান করি, মৃত্যুদান করি এবং আমিই চূড়ান্ত মালিকানার অধিকারী। ২৪. আমি জেনে রেখেছি তোমাদের অগ্রগামীদেরকে এবং আমি জেনে রেখেছি পশ্চাদগামীদেরকে। ২৫. আপনার পালনকর্তাই তাদেরকে একত্রিত করে আনবেন। নিশ্চয় তিনি প্রজ্ঞাবান, জ্ঞানময়। (১৫ সূরা : হিজর, আয়াত : ২৩-২৫)

৩৮৯. কবরে যারা আছে আল্লাহ তাদেরকে পুনরুত্থিত করবেন

ذَلِكَ بِأَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ وَأَنَّهُ يُحْيِي الْمَوْتَىٰ وَأَنَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ (٦) وَأَنَّ السَّاعَةَ آتِيَةٌ لَّارْتَيْبَ فِيهَا لَا وَآَنَّ اللَّهَ يَبْعَثُ مَنْ فِي الْقُبُورِ (٤) (سُورَةُ الْحَجِّ : آيَاتُهَا : ٤-٦)

অর্থ : ৬. এগুলো এ কারণে যে, আল্লাহ সত্য এবং তিনি মৃতকে জীবিত করেন এবং তিনি সবকিছুর উপর ক্ষমতাবান। ৭. এবং এ কারণে যে, কিয়ামত অবশ্যম্ভাবী, এতে সন্দেহ নেই এবং এ কারণে যে, কবরে যারা আছে, আল্লাহ তাদেরকে পুনরুত্থিত করবেন। (২২ সূরা আল হাজ্জ : আয়াত ৬-৭)

৩৯০. তারা বলবে, হায় আমাদের দুর্ভোগ

وَنفَع فِي الصُّورِ فَإِذَا هُم مِّنَ الْأَجْدَاثِ إِلَىٰ رَبِّهِمْ يَنْسِلُونَ (٥١) قَالُوا يٰوَيْلَنَا مَنَّا بَعَثْنَا مِن مَّرْقَدِنَا هٰذَا مَا وَعَدَ الرَّحْمٰنُ وَصَدَقَ الْمُرْسَلُونَ (٥٢) (سُورَةُ يُسَ : آيَاتُهَا : ٥١-٥٢)

অর্থ : ৫১. শিংগায় ফুক দেয়া হবে, তখনই তারা কবর থেকে তাদের পালনকর্তার দিকে ছুটে চলবে। ৫২. তারা বলবে, হায় আমাদের দুর্ভোগ! কে আমাদেরকে নিদ্রাস্থল থেকে উত্থিত করল? রহমান আল্লাহ তো এরই ওয়াদা দিয়েছিলেন এবং রসূলগণ সত্য বলেছিলেন। (৩৬ সূরা ইয়াসীন : আয়াত ৫১-৫২)

৩৯১. সেদিন তারা কবর থেকে দ্রুতবেগে বের হবে

يَوْمًا يَخْرُجُونَ مِّنَ الْأَجْدَاثِ سِرَاعًا كَأَنَّهُمْ إِلَىٰ نُصَبٍ يُّوفَضُونَ (٢٣) خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرْهُقُهُمْ ذِلَّةٌ ذٰلِكَ الْيَوْمِ الَّذِي كَانُوا يُوعَدُونَ (٢٤) (سُورَةُ الْمَعَارِجِ : آيَاتُهَا : ٢٣-٢٤)

অর্থ : ৪৩. সেদিন তারা কবর থেকে দ্রুতবেগে বের হবে যেন তারা কোন এক লক্ষ্যস্থলের দিকে ছুটে যাচ্ছে। ৪৪. তাদের দৃষ্টি থাকবে অবনমিত; তারা হবে হীনতাগ্রস্ত। এটাই সেদিন, যার ওয়াদা তাদেরকে দেয়া হত।

(৭০ সূরা আল মা'আরিজ : আয়াত ৪৩-৪৪)

৩৯২. যখন কবর সমূহ উন্মোচিত হবে

وَإِذَا الْقُبُورُ بُعْثِرَتْ (٢) عَلِمَتْ نَفْسٌ مَّا قَدَّمَتْ وَأَخَّرَتْ (٥) يٰأَيُّهَا الْإِنْسَانُ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيمِ (٦)

(٨٢ سُورَةُ الْإِنْفِطَارِ : آيَاتُهَا : ٢-٦)

অর্থ : ৪. এবং যখন কবরসমূহ উন্মোচিত হবে। ৫. তখন প্রত্যেকে জেনে নিবে সে কি অগ্রে প্রেরণ করেছে এবং কি পশ্চাতে ছেড়ে এসেছে ৬. হে মানুষ, কিসে তোমাকে তোমার মহামহিম পালনকর্তা সম্পর্কে বিভ্রান্ত করল?

(৮২ সূরা আল ইনফিতার : আয়াত ৪-৬)

৩৯৩. কবরে যা আছে তা উত্থিত হবে

وَإِنَّهُ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيدٌ (٨) أَفَلَا يَعْلَمُ إِذَا بُعْثِرَ مَا فِي الْقُبُورِ (٩) وَحَصِّلَ مَا فِي الصُّورِ (١٠) (سُورَةُ الْعَنَادِبِ : آيَاتُهَا : ٨-١٠)

অর্থ : ৮. এবং সে নিশ্চিতই ধন-সম্পদের ভালবাসায় মত্ত। ৯. সে কি জানে না, যখন কবরে যা আছে, তা উত্থিত হবে? ১০. এবং অন্তরে যা আছে, তা অর্জন করা হবে? (১০০ সূরা আল আদিয়াত : আয়াত ৮-১০)



৩৯৪. কাফের বলবে, হায়! আফসোস আমি যদি মাটি হয়ে যেতাম

ذَلِكَ الْيَوْمِ الْحَقِّ ۚ فَمَنْ شَاءَ اتَّخَذْ إِلَىٰ رَبِّهِ مَا بَأْ (৩৯) إِنَّا أَنْزَلْنَاهُ عَلَىٰ قَرِيبًا ۚ يَوْمًا يَنْظُرُ الْمَرْءُ مَا قَدَّمَتْ يَدَاهُ وَيَقُولُ الْكَافِرُ  
يَلَيْتَنِي كُنْتُ تُرَابًا (৩০) (৮৮ সূরা আন্বা : آیاتها ৩৯-৩০)

অর্থ : ৩৯. এই দিবস সত্য। অতঃপর যার ইচ্ছা, সে তার পালনকর্তার কাছে ঠিকানা তৈরী করুক। ৪০. আমি তোমাদেরকে আসন্ন শাস্তি সম্পর্কে সতর্ক করলাম, যেদিন মানুষ প্রত্যক্ষ করবে যা সে সামনে প্রেরণ করেছে এবং কাফের বলবে : হায়, আফসোস- আমি যদি মাটি হয়ে যেতাম। (৯৮ সূরা আন্বা : আয়াত ৩৯-৪০)

৩৯৫. জালেম সেদিন আপন হস্তদ্বয় দংশন করতে করতে বলবে হায় আফসোস!

أَلَيْكَ يَوْمَئِذٍ الْحَقُّ لِلرَّحْمَنِ ۖ وَكَانَ يَوْمًا عَلَىٰ الْكَافِرِينَ عَسِيرًا (২৬) وَيَوْمًا يَعْصُ الظَّالِمُ عَلَىٰ يَدَيْهِ يَقُولُ يَلَيْتَنِي اتَّخَذْتُ مَعَ  
الرَّسُولِ سَبِيلًا (২৮) يُؤْتِلْتَنِي لَيْتَنِي لَمْرَأَتُخِذْ فَلَانًا خَلِيلًا (২৮) لَقَدْ أَضَلَّنِي عَنِ الذِّكْرِ بَعْدَ إِذْ جَاءَنِي ۚ وَكَانَ الشَّيْطَانُ لِلْإِنْسَانِ  
خَذُولًا (২৯) (২৫ সূরা الفرقان : آیاتها ২৬-২৯)

অর্থ : ২৬. সেদিন সত্যিকার রাজত্ব হবে দয়াময় আল্লাহর এবং কাফেরদের পক্ষে দিনটি হবে কঠিন। ২৭. জালেম সেদিন আপন হাতদ্বয় দংশন করতে করতে বলবে, হায় আফসোস। আমি যদি রাসূলের সাথে পথ অবলম্বন করতাম! ২৮. হায় আমার দুর্ভাগ্য, আমি যদি অমুককে বন্ধুরূপে গ্রহণ না করতাম। ২৯. আমার কাছে উপদেশ আসার পর সে আমাকে তা থেকে বিভ্রান্ত করেছিল। শয়তান মানুষকে বিপদকালে ধোঁকা দেয়। (২৫ সূরা আল ফুরকান : আয়াত ২৬-২৯)

৩৯৬. তারা বলবে : হায় আফসোস, এ কেমন আমলনামা! এ যে ছোট বড় কিছুই বাদ দেয়নি

وَعَرَّضُوا عَلَىٰ رَبِّكَ صَفَاءً لَقَدْ جِئْتُمُونَا كَمَا خَلَقْنَاكُمْ أَوَّلَ مَرَّةٍ زَبَلًا زَعَمْتُمْ أَلَّنْ نَجْعَلَ لَكُمْ مَوْعِدًا (৩৮) وَوَضَعَ الْكِتَابَ فَتَرَى  
الْمُجْرِمِينَ مُشْفِقِينَ مِمَّا فِيهِ وَيَقُولُونَ يُؤْتِلْتَنَّا مَا لِهَذَا الْكِتَابِ لَا يَغَادِرُ صَغِيرَةً وَلَا كَبِيرَةً إِلَّا أَحْصَاهُ ۚ وَوَجَدُوا مَا عَمِلُوا حَاضِرًا ۚ وَلَا  
يَظْلِمُ رَبُّكَ أَحَدًا (৩৯) (১৮ সূরা الكهف : آیاتها ৩৮-৩৯)

অর্থ : ৪৮. তারা আপনার পালনকর্তার সামনে পেশ হবে সারিবদ্ধভাবে এবং বলা হবে : তোমরা আমার কাছে এসে গেছ; যেমন তোমাদেরকে প্রথম বার সৃষ্টি করেছিলাম। না, তোমরা তো বলতে যে, আমি তোমাদের জন্যে কোন প্রতিশ্রুত সময় নির্দিষ্ট করব না। ৪৯. আর আমলনামা সামনে রাখা হবে। তাতে যা আছে; তার কারণে আপনি অপরাধীদেরকে ভীত-সন্ত্রস্ত দেখবেন। তারা বলবে : হায় আফসোস, এ কেমন আমলনামা! এ যে ছোট বড় কোন কিছুই বাদ দেয়নি-সবই এতে রয়েছে। তারা তাদের কৃতকর্মকে সামনে উপস্থিত পাবে। আপনার পালনকর্তা কারও প্রতি জুলুম করবেন না। (১৮ সূরা : কাহফ, আয়াত : ৪৮-৪৯)

৩৯৭. যার আমলনামা ডান হাতে দেয়া হবে সে জান্নাতী হবে

فَمَا مِنْ أُمَّةٍ أَدَّتْ رِبْعَهُ يَوْمَ الْقِيَامَةِ فَسَقَرْنَا بِهِ إِلَّا شِرْكًا وَقَدَحًا مِمَّا يَتَذَكَّرُ فِيهِ لِقَاءِ رَبِّهِ إِنَّهَا بِرَبِّهِ عَالِمَةٌ (১৭) إِنَّنِي ظَنَنْتُ أَنِّي مُلَاقٍ حِسَابِيَّةً (২০) فَهَوِيَ فِي عِيشَةٍ رَاضِيَةٍ (২১)  
(১৭) سُوْرَةُ الْحَاقَّةِ : آيَاتُهَا ١٧-٢١)

অর্থ : ১৯. অতঃপর যার আমলনামা ডান হাতে দেয়া হবে, সে বলবে : নাও, তোমরাও আমলনামা পড়ে দেখ। ২০. আমি জানতাম যে, আমাকে হিসাবে সম্মুখীন হতে হবে। ২১. অতঃপর সে সুখী জীবন-যাপন করবে।

(৬৯ সূরা আল হাক্বাহ : আয়াত ১৯-২১)

৩৯৮. শিঙ্গায় ফুক দেয়া হবে

وَنَفَخَ فِي الصُّورِ فَصَعِقَ مَنْ فِي السَّمَوَاتِ وَمَنْ فِي الْأَرْضِ إِلَّا مَنْ شَاءَ اللَّهُ ط ثُمَّ نَفَخَ فِيهِ أُخْرَى فَإِذَا هُمْ رِقِيَاءٌ يَنْظُرُونَ (٦٨) وَأَشْرَقَتِ الْأَرْضُ بِنُورِ رَبِّهَا وَوُضِعَ الْكِتَابُ وَجِئَتْ بِالنَّبِيِّينَ وَالشَّمْعَاءُ وَقُضِيَ بَيْنَهُم بِالْحَقِّ وَهُمْ لَا يُظْلَمُونَ (٦٩) وَوَقَّيْتُ كُلَّ نَفْسٍ مَاعْمَلَتْ وَهُوَ عَلِيمٌ بِمَا يَفْعَلُونَ (٤٠) (٢٩) سُوْرَةُ الرُّمَزِ : آيَاتُهَا ٦٨-٤٠)

অর্থ : ৬৮. শিঙ্গায় ফুক দেয়া হবে, ফলে আসমান ও যমীনে যারা আছে সবাই বেহুঁশ হয়ে যাবে, তবে আল্লাহ যাকে ইচ্ছা করেন। অতঃপর আবার শিঙ্গায় ফুক দেয়া হবে, তৎক্ষণাৎ তারা দগায়মান হয়ে দেখতে থাকবে। ৬৯. পৃথিবী তার পালনকর্তার নূরে উদ্ভাসিত হবে, আমলনামা স্থাপন করা হবে, পয়গম্বরগণ ও সাক্ষীগণকে আনা হবে এবং সকলের মধ্যে ন্যায় বিচার করা হবে- তাদের প্রতি যুলুম করা হবে না। ৭০. প্রত্যেকে যা করেছে, তার পূর্ণ প্রতিফল দেয়া হবে। তারা যা কিছু করে, সে সম্পর্কে আল্লাহ্ সম্যক অবগত। (৩৯ সূরা আয যুমার : আয়াত ৬৮-৭০)

৩৯৯. সেদিন শিঙ্গায় ফুৎকার দেয়া হবে এবং সকলেই তার কাছে আসবে বিনীত অবস্থায়

وَيَوْمَ يُنْفَخُ فِي الصُّورِ فَفَزِعَ مَنْ فِي السَّمَوَاتِ وَمَنْ فِي الْأَرْضِ إِلَّا مَنْ شَاءَ اللَّهُ ط وَكُلُّ أُمَّةٍ يُدْعَى إِلَى آلِهَاتِهَا فَأَخَذُوا بِظُرُبَتِهِمْ ذُرِيَّتِهِمْ وَنَجِبَاتِهِمْ وَرَبَّاتِ الْأَسْجِلِ الْأَعْيُنِ وَمَنْ عَمِلَ خَيْرًا عَمِلَ لِنَفْسِهِ إِنَّهُ لَأَغْنِي عَنْهَا الْجَنَّاتِ (٨٤) وَتَرَى الْجِبَالَ تَحْسَبُهَا جَامِدًا وَهِيَ تَمْرٌ مَرَّا السَّحَابِ ط صَنَعَ اللَّهُ الَّذِي اتَّقَى كُلَّ شَيْءٍ ط إِنَّهُ خَبِيرٌ بِمَا تَفْعَلُونَ (٨٨) (٢٤) سُوْرَةُ النَّازِعَاتِ : آيَاتُهَا ٨٤-٨٨)

অর্থ : ৮৭. যেদিন শিঙ্গায় ফুৎকার দেওয়া হবে, অতঃপর আল্লাহ্ যাদেরকে ইচ্ছা করবেন, তারা ব্যতিত নভোমণ্ডলে ও ভূমণ্ডলে যারা আছে তারা সবাই ভীতবিহ্বল হয়ে পড়বে এবং সকলেই তাঁর কাছে আসবে বিনীত অবস্থায়। ৮৮. তুমি পর্বতমালাকে দেখে অচল মনে কর, অথচ সেদিন এগুলো মেঘমালার মত চলমান হবে। এটা আল্লাহ্‌র কারিগরী, যিনি সবকিছুকে করেছেন সুসংহত। তোমরা যা কিছু করছ, তিনি তা অবগত আছেন। (২৭ সূরা আল নমল : আয়াত ৮৭-৮৮)

৪০০. যেদিন শিঙ্গায় ফুৎকার দেয়া হবে সেদিন আমি অপরাধীদের সমবেত করবো নীল চক্ষু অবস্থায়

يَوْمَ يُنْفَخُ فِي الصُّورِ وَنَحْشُرُ الْمُجْرِمِينَ يَوْمَئِذٍ زُرْقًا (١٠٢) يَتَخَفَتُونَ بَيْنَهُمْ إِنْ لَبِثْتُمْ إِلَّا عَشْرًا (١٠٣) نَحْنُ أَعْلَمُ بِمَا يَقُولُونَ إِذْ يَقُولُ أَمْثَلُهُمْ طَرِيقَةً إِنْ لَبِثْتُمْ إِلَّا يَوْمًا (١٠٤) (٢٠) سُوْرَةُ طه : آيَاتُهَا ١٠٢-١٠٤)

অর্থ : ১০২. যেদিন শিঙ্গায় ফুৎকার দেয়া হবে, সেদিন আমি অপরাধীদেরকে সমবেত করব নীল চক্ষু অবস্থায়। ১০৩. তারা চুপিসারে পরস্পরে বলাবলি করবে : তোমরা মাত্র দশ দিন অবস্থান করেছিলে। ১০৪. তারা কি বলে তা আমি ভালোভাবে জানি। তাদের মধ্যে যে অপেক্ষাকৃত উত্তম পথের অনুসারী সে বলবে : তোমরা মাত্র এক দিন অবস্থান করেছিলে।

(২০ সূরা তোয়া-হা : আয়াত ১০২-১০৪)

৪০১. যেদিন কর্ণবিদারক শব্দ আসবে মানুষ সেদিন তার আপনজনদের থেকে পলায়ন করবে

فَإِذَا جَاءَتِ الصَّاعَةَ (٣٣) يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ أَخِيهِ (٣٣) وَأُمِّهِ وَأَبِيهِ (٣٥) وَصَاحِبَتِهِ وَبَنِيهِ (٣٦) لِكُلِّ أُمَّةٍ مِّنْهُمْ يَوْمَئِذٍ شَانٌ يُغْنِيهِ (٣٤) (٨٠) سُوْرَةُ عَبَسَ : آيَاتُهَا ٣٣-٣٤)

অর্থ : ৩৩. অতঃপর যেদিন কর্ণবিদারক শব্দ আসবে, ৩৪. সেদিন পলায়ন করবে মানুষ তার ভ্রাতার কাছ থেকে ৩৫. তার মাতা, তার পিতা, ৩৬. তার পত্নী ও তার সন্তানদের কাছ থেকে। ৩৭. সেদিন প্রত্যেকেরই নিজের এক চিন্তা থাকবে, যা তাকে ব্যতিব্যস্ত করে রাখবে। (৮০ সূরা আবাসা : আয়াত ৩৩-৩৭)



৪০৮. ফয়সালার দিনে কাফেরদের ঈমান কোন কাজে আসবে না

وَيَقُولُونَ مَتَى هَذَا الْفَتْحُ إِن كُنْتُمْ صَادِقِينَ (২৮) قُلْ يَوْمَ الْفَتْحِ لَا يَنْفَعُ الَّذِينَ كَفَرُوا إِيْمَانُهُمْ وَلَا هُمْ يُنظَرُونَ (২৯) فَأَعْرَضَ عَنْهُمْ  
وَأَنْتَظِرُ إِيْمَانَهُمْ مُنْتَظِرُونَ (৩০) (২২) سُورَةُ السَّجْدَةِ : آيَاتُهَا (২৮-৩০)

অর্থ : ২৮. তারা বলে তোমরা সত্যবাদী হলে বল; কবে হবে এই ফয়সালা? ২৯. বলুন, ফয়সালার দিনে কাফেরদের ঈমান তাদের কোন কাজে আসবে না এবং তাদেরকে অবকাশও দেয়া হবে না। ৩০. অতএব আপনি তাদের থেকে মুখ ফিরিয়ে নিন এবং অপেক্ষা করুন, তারাও অপেক্ষা করছে। (৩২ সূরা সাজদাহ : আয়াত ২৮-৩০)

৪০৯. ভয় কর এমন দিবসকে, যখন পিতা পুত্রের কোন কাজে আসবে না

يَأَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ وَأَخْشَوْا يَوْمًا لَا يَجْزِي وَالِدٌ عَنْ وَلَدِهِ وَلَا مَوْلُودٌ هُوَ جَارِعٌ وَالِدِهِ شَيْئًا إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ فَلَا تَغُرَّنَّكُمُ  
الْحَيَاةُ الدُّنْيَا وَنَدَى وَلَا يَغُرَّنَّكُمُ بِاللَّهِ الْغُرُورُ (৩৩) (২১) سُورَةُ لُقْمَانَ : آيَاتُهَا (২৩)

অর্থ : ৩৩. হে মানব জাতি! তোমরা তোমাদের পালনকর্তাকে ভয় কর এবং ভয় কর এমন এক দিবসকে, যখন পিতা পুত্রের কোন কাজে আসবে না এবং পুত্রও তার পিতার কোন উপকার করতে পারবে না। নিঃসন্দেহে আল্লাহর ওয়াদা সত্য। অতএব, পার্থিব জীবন যেন তোমাদেরকে ধোঁকা না দেয় এবং আল্লাহ সম্পর্কে প্রতারক শয়তানও যেন তোমাদেরকে প্রতারিত না করে। (৩১ সূরা লোকমান : আয়াত ৩৩)

৪১০. সেদিনকে ভয় করতে হবে যেদিন কেউ কারো কোন কাজে আসবে না

وَأْتَقُوا يَوْمًا لَا تَجْزِي نَفْسٌ عَنْ نَفْسٍ شَيْئًا وَلَا يَقْبَلُ مِنْهَا شَفَاعَةٌ وَلَا يُؤْخَذُ مِنْهَا عَنَلٌ وَلَا هُمْ يُنصَرُونَ (৩৮) (২) سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا (৩৮)

অর্থ : ৪৮. তোমরা সে দিনকে ভয় কর, যেদিন কেউ কারো কোন কাজে আসবে না। কারো সুপারিশ গ্রহণ করা হবে না। কারো নিকট হতে বিনিময় গৃহীত হবে না এবং তারা কোন প্রকার সাহায্য প্রাপ্ত হবে না। (২ সূরা আল-বাক্বারা : আয়াত ৪৮)

৪১১. তারা ভয় করে সেই দিনকে, যে দিন অন্তর ও দৃষ্টি সমূহ উল্টে যাবে

رِجَالٌ لَا تُلْهِهِمْ تِجَارَةٌ وَلَا بَيْعٌ عَنْ ذِكْرِ اللَّهِ وَإِقَامِ الصَّلَاةِ وَإِيتَاءِ الزَّكَاةِ رَايَخَافُونَ يَوْمًا تَتَقَلَّبُ فِيهِ الْقُلُوبُ وَالْأَبْصَارُ (৩৮) (২) سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا (৩৮-৩৮)

অর্থ : ৩৯. এমন লোকেরা, যাদেরকে ব্যবসা-বাণিজ্য ও ক্রয়-বিক্রয় আল্লাহর স্মরণ থেকে, নামাজ কায়ম করা থেকে এবং যাকাত প্রদান করা থেকে বিরত রাখে না। তারা ভয় করে সেই দিনকে, যেদিন অন্তর ও দৃষ্টিসমূহ উল্টে যাবে। ৩৮. তারা আল্লাহর পবিত্রতা ঘোষণা করে যাতে আল্লাহ তাদের উৎকৃষ্টতর কাজের প্রতিদান দেন এবং নিজ অনুগ্রহে আরও অধিক দেন। আল্লাহ যাকে ইচ্ছা অপরিমিত রুখী দান করেন। (২৪ সূরা আন নূর : আয়াত ৩৯-৩৮)

৪১২. তোমরা পাথর হয়ে যাও অথবা লোহা তথাপি তারা বলবে আমাদেরকে কে পূর্ণবার সৃষ্টি করবে

وَقَالُوا إِذْ كُنَّا عِظَامًا وَرَفَاتًا إِنَّا لَبَعْعُوثُونَ خَلْقًا جَدِيدًا (৩৯) قُلْ كُونُوا حِجَارَةً أَوْ حَرِيرًا أَوْ خَلْقًا مِمَّا يَكْبُرُ فِي صُدُورِكُمْ  
فَسَيَقُولُونَ مَنْ يَعْينُنَا قُلِ الَّذِي فَطَرَكُمْ أَوَّلَ مَرَّةٍ فَسَيُنْغِضُونَ إِلَيْكَ رُءُوسَهُمْ وَيَقُولُونَ مَتَى هُوَ قُلْ عَسَى أَنْ يَكُونَ قَرِيبًا (৫১)  
(১৮) سُورَةُ بَنِي إِسْرَائِيلَ : آيَاتُهَا (৩৯-৫১)

অর্থ : ৪৯. তারা বলে : যখন আমরা অস্থিতে পরিণত ও চূর্ণ বিচূর্ণ হয়ে যাব, তখনও কি নতুন করে সৃষ্টিত হয়ে উত্থিত হবে? ৫০. বলুন : তোমরা পাথর হয়ে যাও কিংবা লোহা। ৫১. অথবা এমন কোন বস্তু, যা তোমাদের ধারণায় খুবই কঠিন; তথাপি তারা বলবে : আমাদেরকে পুনর্বার কে সৃষ্টি করবে। বলুন : যিনি তোমাদেরকে প্রথমবার সৃজন করেছেন। অতঃপর তারা আপনার সামনে মাথা নাড়বে এবং বলবে : এটা কবে হবে? বলুন : হবে, সম্ভবতঃ শীঘ্রই।

(১৭ সূরা বনী ইসরাইল : আয়াত ৪৯-৫১)

৪১৩. আজ তোমার হিসাব গ্রহণের জন্য তুমিই যথেষ্ট

وَكُلِّمَ إِنْسَانٍ أَلْزَمْنَهُ طُغْرًا فِي عُنُقِهِ ، وَتَخْرُجُ لَهُ يَوْمَ الْقِيَامَةِ كِتَابًا يَلْقَاهُ مَنشُورًا (۱۳) إِثْرًا كِتَابَكَ كَفَى ، بِنَفْسِكَ الْيَوْمَ عَلَيْكَ حَسِيبًا (۱۳) مَنِ افْتَدَى فَإِنَّمَا يَمْتَنِي لِنَفْسِهِ ، وَمَنْ ضَلَّ فَإِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ، وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَى ، وَمَا كُنَّا مُعْتَدِينَ حَتَّى نُنْعَمَ رَسُولًا (۱۵) (۱۴) سُورَةُ بَنِي إِسْرَائِيلَ : آيَاتُهَا ۱۳-۱۵)

অর্থ : ১৩. আমি প্রত্যেক মানুষের কর্মকে তার গ্রীবাঙ্গুল করে রেখেছি। কিয়ামতের দিন বের করে দেখাব তাকে একটি কিতাব, যা সে খোলা অবস্থায় পাবে। ১৪. পাঠ কর তুমি তোমার কিতাব (আমলনামা)। আজ তোমার হিসাব গ্রহণের জন্যে তুমিই যথেষ্ট। ১৫. যে কেউ সৎপথে চলে, তার নিজের মঙ্গলের জন্যেই সৎ পথে চলে। আর যে পথভ্রষ্ট হয়, তার নিজের অমঙ্গলের জন্যেই পথ ভ্রষ্ট হয়। কেউ অপরের বোঝা বহন করবে না। বেগন রসূল না পাঠানো পর্যন্ত আমি কাউকেই শাস্তি দান করি না।

(১৭ সূরা বনী ইসরাইল : আয়াত ১৩-১৫)

৪১৪. যাকে তার আমলনামা ডান হাতে দেয়া হবে তার হিসাব নিকাশ সহজ হবে

فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ (۷) فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا (۸) وَيُنْقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا (۹) وَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ وَرَاءَ ظَهْرِهِ (۱۰) فَسَوْفَ يَدْعُوا ثُبُورًا (۱১) وَيَصْلَىٰ سَعِيرًا (۱২) (۸۳) سُورَةُ الْإِنشِقَاقِ : آيَاتُهَا ৫-৮)

অর্থ : ৭. যাকে তার আমলনামা ডান হাতে দেয়া হবে, ৮. তার হিসাব-নিকাশ সহজে হয়ে যাবে ৯. এবং সে তার পরিবার-পরিজনের কাছে হুঁচকিতে ফিরে যাবে ১০. এবং যাকে তার আমলনামা পিঠের পশ্চাদিক থেকে দেয়া হবে, ১১. সে মৃত্যুকে আহ্বান করবে ১২. এবং জাহান্নামে প্রবেশ করবে। (৮৪ সূরা আল-ইনশিক্বাক্ব : আয়াত ৭-১২)

৪১৫. যার আমলনামা ডান হাতে দেয়া হবে সে জান্নাতী হবে

فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ ۖ فَيَقُولُ مَا أَوْءَىٰ أُفْرَعُوًا كِتَابِيَهٗ (۱৭) إِيَّيْ طَنَنْتُ إِيَّيْ طَلَقَ حِسَابِيَهٗ (২০) فَهَوِّنِي عَيْشِيَهٗ رَاضِيَهٗ (২১) (১৭) سُورَةُ الْحَاقَّةِ : آيَاتُهَا ১৭-২১)

অর্থ : ১৭. অতঃপর যার আমলনামা ডান হাতে দেয়া হবে, সে বলবে : নাও, তোমরাও আমলনামা পড়ে দেখ। ২০. আমি জানতাম যে, আমাকে হিসাবে সম্মুখীন হতে হবে। ২১. অতঃপর সে সুখী জীবন-যাপন করবে।

(৬৯ সূরা আল হাক্বাহ : আয়াত ১৯-২১)

৪১৬. যার আমলনামা বাম হাতে দেয়া হবে সে জাহান্নামী হবে

وَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِشِمَالِهِ ۖ فَيَقُولُ يَلَيْتَنِ لِمَا أُوْتِيتُ كِتَابِيَهٗ (২৫) وَلِمَ أُدْرِمَا حِسَابِيَهٗ (২৬) يَلَيْتَنِمَا كَانَسِ الْقَافِيَهٗ (২৭) مَا أَغْنَىٰ عَنِّي مَالِيَهٗ (২৮) (১৭) سُورَةُ الْحَاقَّةِ : آيَاتُهَا ২৫-২৮)

অর্থ : ২৫. যার আমলনামা তার বাম হাতে দেয়া হবে, সে বলবে : হায় আমার যদি আমার আমলনামা না দেয়া হতো। ২৬. আমি যদি না জানতাম আমার হিসাব। ২৭. হায়, আমার মৃত্যুই যদি শেষ হত। ২৮. আমার ধন-সম্পদ আমার কোন উপকারে আসল না। (৬৯ সূরা আল হাক্বাহ : আয়াত ২৫-২৮)

৪১৭. যাকে আমলনামা পিঠের পশ্চাদিক থেকে দেয়া হবে সে মৃত্যুকে আহ্বান করবে

وَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ وَرَاءَ ظَهْرِهِ (১০) فَسَوْفَ يَدْعُوا ثُبُورًا (১১) وَيَصْلَىٰ سَعِيرًا (১২) إِنَّهُ كَانَ فِي أَهْلِهِ مَسْرُورًا (১৩) إِنَّهُ ظَنَّ أَن لَّنْ يَحُورَ (১৩) (৮৩) سُورَةُ الْإِنشِقَاقِ : آيَاتُهَا ১০-১৩)

অর্থ : ১০. এবং যাকে তার আমলনামা পিঠের পশ্চাদিক থেকে দেয়া হবে, ১১. সে মৃত্যুকে আহ্বান করবে, ১২. এবং জাহান্নামে প্রবেশ করবে। ১৩. সে তার পরিবার-পরিজনের মধ্যে আনন্দিত ছিল। ১৪. সে মনে করত যে সে কখনও ফিরে যাবে না। (৮৪ সূরা ইনশিক্বাক্ব : আয়াত ১০-১৪)

৪১৮. সিঞ্জীন কি?

كَلَّا إِنَّ كِتَابَ الْفَجَارِ لَفِي سِجِّينَ (৮) وَمَا أَدْرَاكَ مَا سِجِّينَ (৯) كِتَابٌ مَّرْقُومٌ (৯) (৮৩) سُورَةُ الْمُطَفِّفِينَ : آيَاتُهَا ৪-৭)

অর্থ : ৭. এটা কিছুতেই উচিত নয়, নিশ্চয় পাপাচারীদের আমলনামা সিঞ্জীনে আছে ৮. আপনি জানেন, সিঞ্জীন কি? ৯. এটা লিপিবদ্ধ খাতা। (৮৩ সূরা আত তাফ্বীক্ব : আয়াত ৭-৯)

৪১৯. ইল্লিয়ীন কি?

كَلَّا إِنَّ كِتَابَ الْإِبْرَارِ لَفِي عِلِّيِّينَ (১৮) وَمَا أَدْرَاكَ مَا عِلِّيُّونَ (১৯) كِتَابٌ مَّوْقُومٌ (২০) (৮৩) سُورَةُ الْمُطَفِّفِينَ : آيَاتُهَا ১৮-২০)

অর্থ : ১৮. কখনও না, নিশ্চয় সৎলোকদের আমলনামা আছে ইল্লিয়ীনে। ১৯. আপনি জানেন ইল্লিয়ীন কি? ২০. এটা লিপিবদ্ধ খাতা। (৮৩ সূরা আত তাফ্বীক্ব : আয়াত ১৮-২০)

৪২০. যার পাল্লা ভারী হবে সে সফলকাম হবে

الْقَارِعَةُ (۱) مَا الْقَارِعَةُ (۲) وَمَا أَدْرَاكَ مَا الْقَارِعَةُ (۳) يَوْمَ يَكُونُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَبْثُوثِ (۴) وَتَكُونُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوشِ (۵) فَأَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ (۶) فَهُوَ فِي عِيشَةٍ رَاضِيَةٍ (۷) وَأَمَّا مَنْ خَفَّتْ مَوَازِينُهُ (۸) فَأَمَّهُ هَٰوِيَةٌ (۹) وَمَا أَدْرَاكَ مَا هِيَةٌ (۱۰) نَارَ حَامِيَةٍ (۱۱) (۱-۱۱) سُورَةُ الْقَارِعَةِ : آيَاتُهَا

অর্থ : ১. মহা প্রলয়, ২. মহা প্রলয় কি? ৩. মহা প্রলয়কারী সম্পর্কে আপনি কি জানেন? ৪. যেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতংগের মত ৫. এবং পর্বতমালা হবে ধূনিত রঙীন পশমের মত। ৬. অতএব যার পাল্লা ভারী হবে, ৭. সে সুখীজীবন যাপন করবে ৮. আর যার পাল্লা হালকা হবে, ৯. তার ঠিকানা হবে হাবিয়া। ১০. আপনি জানেন তা কি? ১১. প্রজ্জ্বলিত অগ্নি।

(১০১ সূরা আল ক্বারিয়াহ : আয়াত ১-১১)

৪২১. যাদের পাল্লা ভারী হবে তারাই হবে সফলকাম

فَإِذَا نَفَخَ فِي الصُّورِ فَلَا أَنسَابَ بَيْنَهُمْ يَوْمَئِذٍ وَلَا يَتَسَاءَلُونَ (۱۰۱) فَمَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ (۱۰২) وَمَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُولَٰئِكَ الَّذِينَ خَسِرُوا أَنفُسَهُمْ فِي جَهَنَّمَ خَالِدُونَ (۱০৩) (১-১০৩) سُورَةُ الْمُؤْمِنُونَ : آيَاتُهَا

অর্থ : ১০১. অতঃপর যখন শিংগায় ফুৎকার দেয়া হবে, সেদিন তাদের পারস্পরিক আত্মীয়তার বন্ধন থাকবে না এবং একে অপরকে জিজ্ঞাসাবাদ করবে না। ১০২. যাদের পাল্লা ভারী হবে, তারাই হবে সফলকাম ১০৩. এবং যাদের পাল্লা হালকা হবে তারাই নিজেদের ক্ষতিসাধন করেছে, তারা দোযখেই চিরকাল বসবাস করবে। (২৩ সূরা আল মু'মিনুন : আয়াত ১০১-১০৩)

৪২২. যাদের পাল্লা ভারী হবে তারাই সফলকাম হবে

وَالْوِزْنَ يُوزَنُونَ الْحَقُّ فَمَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ (৮) وَمَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُولَٰئِكَ الَّذِينَ خَسِرُوا أَنفُسَهُمْ بِمَا كَانُوا بِآيَاتِنَا يَظْلِمُونَ (৯) وَلَقَدْ مَكَّنَّاكُمْ فِي الْأَرْضِ وَجَعَلْنَا لَكُمْ فِيهَا مَعَايِشَ طَلِيلًا مَا تَشْكُرُونَ (১০) (৮-১০) سُورَةُ الْأَعْرَابِ : آيَاتُهَا

অর্থ : ৮. আর সেদিন যথার্থই ওজন হবে। অতঃপর যাদের পাল্লা ভারী হবে, তারাই সফলকাম হবে। ৯. এবং যাদের পাল্লা হালকা হবে, তারাই এমন হবে, যারা নিজেদের ক্ষতি করেছে। কেননা, তারা আমার আয়াতসমূহ অস্বীকার করতো। ১০. আমি তোমাদেরকে পৃথিবীতে ঠাই দিয়েছি এবং তোমাদের জীবিকা নির্দিষ্ট করে দিয়েছি। তোমরা অল্পই কৃতজ্ঞতা স্বীকার কর।

(৭ সূরা : আল-আরাফ, আয়াত : ৮-১০)

৪২৩. নিশ্চয় মানুষ ক্ষতিগ্রস্ত

وَالْعَصْرِ (۱) إِنَّ الْإِنْسَانَ لِرَفِيٍّ خَسِرٍ (۲) إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَتَوَّصُوا بِالحَقِّ وَتَوَّصُوا بِالصَّبْرِ (۳)

(১-৩) سُورَةُ الْعَصْرِ : آيَاتُهَا

অর্থ : ১. কসম যুগের, ২. নিশ্চয় মানুষ ক্ষতিগ্রস্ত; ৩. কিন্তু তারা নয় যারা বিশ্বাস স্থাপন করে ও সৎকর্ম করে এবং পরস্পরকে তাকীদ করে সত্যের এবং তাকীদ করে সবরের। (১০৩ সূরা আসর : আয়াত ১-৩)

৪২৪. এমন দিনকে ভয় কর যে দিন পিতা পুত্রে কোন কাজে আসবেনা

يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ أَيَّامًا لَا يَجْزِي وَالِدٌ عَنْ وَلَدِهِ وَلَا مَوْلَىٰ هُوَ جَازٍ عَنِ وَالِدِهِ شَيْئًا إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ فَلَا تَغُرَّنَّكُمُ الْحَيَاةُ الدُّنْيَا ۖ إِنَّهَا لَا يَغُرَّنَّكُمُ بِاللَّهِ الْغُرُورُ (۳۳) (۳۱) سُورَةُ لُقْمَانَ : آيَاتُهَا (۳۳)

অর্থ : ৩৩. হে মানব জাতি! তোমরা তোমাদের পালনকর্তাকে ভয় কর এবং ভয় কর এমন এক দিবসকে, যখন পিতা পুত্রের কোন কাজে আসবে না এবং পুত্রও তার পিতার কোন উপকার করতে পারবে না। নিঃসন্দেহে আল্লাহর ওয়াদা সত্য। অতএব, পার্থিব জীবন যেন তোমাদেরকে ধোঁকা না দেয় এবং আল্লাহ সম্পর্কে প্রতারক শয়তানও যেন তোমাদেরকে প্রতারিত না করে।

(৩১ সূরা লোকমান : আয়াত ৩৩)

৪২৫. নিশ্চয় আমি আপনাকে কাউসার দান করেছি

إِنَّا أَعْطَيْنَاكَ الْكَوْثَرَ (۱) فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ (۲) إِنَّ شَانِئَكَ هُوَ الْأَبْتَرُ (۳) (۱۰۸) سُورَةُ الْكَوْثَرِ : آيَاتُهَا (۳-۱)

অর্থ : ১. নিশ্চয় আমি আপনাকে কাউসার দান করেছি। ২. অতএব আপনার পালনকর্তার উদ্দেশ্যে নামাজ পড়ুন এবং কোরবানী করুন। ৩. যে আপনার শত্রু সেই তো লেজকাটা নির্বংশ।

(১০৮ সূরা কাউসার : আয়াত ১-৩)

৪২৬. মু'মিনগণ, কেউ যেন কাউকে উপহাস না করে

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَسْخَرُ قَوْمًا مِنْ قَوْمٍ عَسَىٰ أَنْ يَكُونُوا خَيْرًا مِنْهُمْ وَلَا نِسَاءً مِنْ نِسَاءِ عَسَىٰ أَنْ يَكُنَّ خَيْرًا مِنْهُنَّ وَلَا تَلْمِزُوا أَنْفُسَكُمْ وَلَا تَنَابَزُوا بِالْأَلْقَابِ ط بئسَ الإسْرُ الفسوقُ بعدَ الإيمانِ ج وَمَنْ لَّمْ يَتُبْ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ (۱۱)

(২৭) سُورَةُ الْحَجَرَاتِ: آيَاتُهَا (۱۱)

অর্থ : ১১. মু'মিনগণ, কেউ যেন অপর কাউকে উপহাস না করে। কেননা, সে উপহাসকারী অপেক্ষা উত্তম হতে পারে এবং কোন নারী অপর নারীকেও যেন উপহাস না করে। কেননা, সে উপহাসকারিণী অপেক্ষা শ্রেষ্ঠ হতে পারে। তোমরা একে অপরের প্রতি দোষারোপ করো না এবং একে অপরকে মন্দ নামে ডেকো না। কেউ বিশ্বাস স্থাপন করলে তাকে মন্দ নামে ডাকা গোনাহ্। যারা এহেন কাজ থেকে তওবা না করে তারাই যালেম। (৪৯ সূরা সূরা আল হুজরাত : আয়াত ১১)

৪২৭. আর তোমরা যখন নামাজের জন্য আহ্বান কর, তখন তারা একে উপহাস করে

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَسْخَرُوا الَّذِينَ اتَّخَذُوا دِينَكُمْ هُزُؤًا وَلَعِبًا مِّنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِن قَبْلِكُمْ وَالْكَافِرَ أَوْلِيَاءَ ج وَاتَّقُوا اللَّهَ إِنَّ كُنتُمْ مُؤْمِنِينَ (۵۷) وَإِذَا نَادَيْتُمْ إِلَى الصَّلَاةِ اتَّخَذُوا هُزُؤًا وَلَعِبًا ط ذَلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَعْقِلُونَ (۵۸)

(৫) سُورَةُ الْمَائِدَةِ: آيَاتُهَا (৫৮-৫৭)

অর্থ : ৫৭. হে মু'মিনগণ, আহলে কিতাবীদের মধ্য থেকে যারা তোমাদের ধর্মকে উপহাস ও খেলা মনে করে, তাদেরকে এবং অন্যান্য কাফেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। আল্লাহকে ভয় কর, যদি তোমরা ঈমানদার হও। ৫৮. আর যখন তোমরা নামাজের জন্য আহ্বান কর, তখন তারা একে উপহাস ও খেলা বলে মনে করে। কারণ, তারা নির্বোধ।

(৫ সূরা আল মায়দা : আয়াত ৫৭-৫৮)



৪২৮. নিশ্চয়ই আল্লাহ সমস্ত গুনাহ মাফ করেন

قُلْ يُعْبَادِي الَّذِينَ أَسْرَفُوا عَلَىٰ أَنفُسِهِمْ لَا تَقْنَطُوا مِن رَّحْمَةِ اللَّهِ إِنَّ اللَّهَ غَفِيرٌ ذُنُوبَ جَمِيعًا إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ (৫৩)

(৩৭ সূরা الزُّمَر : آيَاتُهَا ৫৩)

অর্থ : ৫৩. বলুন, হে আমার বান্দাগণ যারা নিজেদের উপর যুলুম করেছ তোমরা আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ে না। নিশ্চয় আল্লাহ সমস্ত গুনাহ মাফ করেন। তিনি ক্ষমাশীল, পরম দয়ালু। (৩৯ সূরা আয যুমার : আয়াত ৫৩)

৪২৯. যারা তওবা করে আল্লাহ তাদের গুনাহকে পুণ্য দ্বারা পরিবর্তন করে দিবেন

إِلَّا مَن تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُولَٰئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا (৮০) وَمَن تَابَ وَعَمِلَ صَالِحًا فَإِنَّهُ يَتُوبُ إِلَى اللَّهِ مَتَابًا (৮১) (২৫ সূরা الْفُرْقَان : آيَاتُهَا ৮০-৮১)

অর্থ : ৯০. কিন্তু যারা তওবা করে, বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে আল্লাহ তাদের গুনাহকে পুণ্য দ্বারা পরিবর্তিত করে দেবেন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। ৯১. যে তওবা করে ও সৎকর্ম করে, সে ফিরে আসার স্থান আল্লাহর দিকে ফিরে আসে।

(২৫ সূরা আল ফুরকান : আয়াত ৯০-৯১)

৪৩০. আর এমন লোকদের ক্ষমা নেই যারা মন্দ কাজ করতেই থাকে এমনকি যখন তাদের মৃত্যু উপস্থিত হয়

إِنَّمَا التَّوْبَةُ عَلَى اللَّهِ لِلَّذِينَ يَعْمَلُونَ السُّوءَ بِحَمَالَةٍ تَرِيْتَوْبُونَ مِنْ قَرِيبٍ فَأُولَئِكَ يَتُوبُ اللَّهُ عَلَيْهِمْ ؕ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا (۱۷) وَلَيْسَ التَّوْبَةُ لِلَّذِينَ يَعْمَلُونَ السَّيِّئَاتِ حَتَّىٰ إِذَا حَضَرَ أَحَدَهُمُ الْمَوْتُ قَالَ إِنِّي تُبْتُ الْإِسْلَامَ وَلَا الَّذِينَ يَمُوتُونَ وَمَنْ كَفَرَ ۗ أُولَئِكَ آتَيْنَاهُمُ الْعَذَابَ الْعَلِيمَ (۱۸) (۴ سُوْرَةُ النَّسَاءِ : آيَاتُهُمَا ۱۷-۱۸)

অর্থ : ১৭. অবশ্যই আল্লাহ তাদের তওবা কবুল করবেন, যারা ভুলবশতঃ মন্দ কাজ করে, অতঃপর অনতিবিলম্বে তওবা করে; এরাই হল সেসব লোক যাদেরকে আল্লাহ ক্ষমা করে দেন। আল্লাহ মহাজ্ঞানী, রহস্যবিদ। ১৮. আর এমন লোকদের জন্যে কোন ক্ষমা নেই, যারা মন্দ কাজ করতেই থাকে, এমনকি যখন তাদের কারো মাথার উপর মৃত্যু উপস্থিত হয়, তখন বলতে থাকে : আমি এখন তওবা করছি। আর তওবা নেই তাদের জন্য, যারা কুফরী অবস্থায় মৃত্যুবরণ করে। আমি তাদের জন্য যন্ত্রণাদায়ক শাস্তি প্রস্তুত করে রেখেছি। (৪ সূরা আন নিসা : আয়াত ১৭-১৮)

৪৩১. সেই দিন কেউ কারো বিন্দুমাত্র উপকারে আসবে না

وَاتَّقُوا يَوْمًا لَا تَجْزِي نَفْسٌ عَنْ نَفْسٍ شَيْئًا وَلَا يُقْبَلُ مِنْهَا عَدْلٌ وَلَا تَنْفَعُهَا شَفَاعَةٌ وَلَا هُمْ يُنصَرُونَ (۱۲۳)

(۲ سُوْرَةُ الْبَقَرَةِ : آيَاتُهُمَا ۱২৩)

অর্থ : ১২৩. তোমরা ভয় কর সেদিনকে, যে দিন এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তি বিন্দুমাত্র উপকৃত হবে না, কারও কাছ থেকে বিনিময় গৃহীত হবে না, কারও সুপারিশ ফলপ্রদ হবে না এবং তারা সাহায্যপ্রাপ্তও হবে না।

(২ সূরা আল বাক্বারা : আয়াত ১২৩)

৪৩২. যারা আল্লাহকে না দেখে ভয় করে তাদের জন্য ক্ষমা ও মহাপুরস্কার

إِنَّ الَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُم بِالْغَيْبِ لَهُمْ مَغْفِرَةٌ وَأَجْرٌ كَبِيرٌ (۱۲) وَأَسْرُوا قَوْلَكُمْ أَوِ اجْمُرُوا بِهِ ؕ إِنَّهُ عَلِيمٌ بِذُنُوبِ السُّدُورِ الْآلِيَةِ (۱۳) يَعْلَمُ مَنْ خَلَقَ ۖ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ (۱৪) (۲۷ سُوْرَةُ التَّوْبَةِ : آيَاتُهُمَا ۱২-১৪)

অর্থ : ১২. নিশ্চয় যারা তাদের পালনকর্তাকে না দেখে ভয় করে, তাদের জন্যে রয়েছে ক্ষমা ও মহাপুরস্কার। ১৩. তোমরা তোমাদের কথা গোপনে বল অথবা প্রকাশ্যে বল, তিনি তো অন্তরের বিষয়াদি সম্পর্কে সম্যক অবগত। ১৪. যিনি সৃষ্টি করেছেন, তিনি কি করে জানবেন না? তিনি সূক্ষ্মজ্ঞানী, সম্যক জ্ঞাত। (২৭ সূরা আল ত্বায়াত : আয়াত ১২-১৪)

৪৩৩. আল্লাহ তাদের গুনাহকে নেকী দ্বারা পরিবর্তন করে দিবেন

وَالَّذِينَ إِذَا أَنْفَعُوا لَمْ يَسْرِفُوا وَلَمْ يَقْتُرُوا وَكَانَ بَيْنَ ذَلِكَ قَوَامًا (۶۷) وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُونَ ۖ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ يَلْقَ إِتْمَامًا (۶৮) يُضْعَفُ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيَامَةِ وَيَخْلُدُ فِيهِ مُهْمًا (۶৯) إِلَّا مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُولَئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا (৭০) وَمَنْ تَابَ وَعَمِلَ صَالِحًا فَإِنَّهُ يَتُوبُ إِلَى اللَّهِ مَتَابًا (৭১) (২৫ سُوْرَةُ الْفُرْقَانِ : آيَاتُهُمَا ৬৭-৭১)

অর্থ : ৬৭. এবং তারা যখন ব্যয় করে, তখন অযথা ব্যয় করে না কৃপণতাও করে না এবং তাদের পস্থা হয় এতদূত্বের মধ্যবর্তী। ৬৮. এবং যারা আল্লাহর সাথে অন্য উপাস্যের ইবাদত করে না, আল্লাহ যার হত্যা অবৈধ করেছেন, সঙ্গত কারণ ব্যতীত তাকে হত্যা করে না এবং ব্যভিচার করে না। যারা একাজ করে, তারা শাস্তির সম্মুখীন হবে। ৬৯. কিয়ামতের দিন তাদের শাস্তি দ্বিগুণ হবে এবং তথায় লাঞ্চিত অবস্থায় চিরকাল বসবাস করবে ৭০. কিন্তু যারা তওবা করে বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে, আল্লাহ তাদের গুনাহকে নেকী দ্বারা পরিবর্তন করে দেবেন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। ৭১. যে তওবা করে ও সৎকর্ম করে, সে ফিরে আসার স্থান আল্লাহর দিকে ফিরে আসে। (২৫ সূরা আল ফুরকান : আয়াত ৬৭-৭১)

৪৩৪. আল্লাহ যাকে ইচ্ছা ক্ষমা করেন, যাকে ইচ্ছা শাস্তি দেন

وَمَنْ لَمْ يُؤْمِنْ بِاللَّهِ وَرَسُولِهِ فَإِنَّا أَعْتَدْنَا لِلْكَافِرِينَ سَعِيرًا (۱۳) وَلِلَّهِ مُلْكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۖ يَغْفِرُ لِمَنْ يَشَاءُ وَيُعَذِّبُ مَنْ يَشَاءُ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا (۱৪) (۲۸ سُوْرَةُ الْفَتْحِ : آيَاتُهُمَا ১৩-১৪)

অর্থ : ১৩. যারা আল্লাহ ও তাঁর রসূলে বিশ্বাস করে না, আমি সেসব কাফেরের জন্যে জ্বলন্ত অগ্নি প্রস্তুত রেখেছি। ১৪. নভোমণ্ডল ভূমণ্ডলের রাজত্ব আল্লাহরই। তিনি যাকে ইচ্ছা ক্ষমা করেন এবং যাকে ইচ্ছা শাস্তি দেন। তিনি ক্ষমাশীল, পরম মেহেরবান। (৪৮ সূরা আল ফাতহ : আয়াত ১৩-১৪)

৪৩৫. নিশ্চয় তোমার পালনকর্তার পাকড়াও অত্যন্ত কঠিন

إِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيدٌ (۱۲) إِنَّهُ هُوَ يَبْدِئُ وَيَعِيدُ (۱۳) وَهُوَ الْغَفُورُ الْوَدُودُ (۱۴) ذُو الْعَرْشِ الْمَجِيدُ (۱۵) فَعَالٌ لِّمَا يُرِيدُ (۱۶)

(৪৫ সূরা বুরূজ : আয়াত ১২-১৬)

অর্থ : ১২. নিশ্চয় তোমার পালনকর্তার পাকড়াও অত্যন্ত কঠিন। ১৩. তিনিই প্রথমবার অস্তিত্ব দান করেন এবং পুনরায় জীবিত করেন। ১৪. তিনি ক্ষমাশীল প্রেমময়; ১৫. মহান আরশের অধিকারী। ১৬. তিনি যা চান তাই করেন।

(৮৫ সূরা বুরূজ : আয়াত ১২-১৬)

৪৩৬. সেদিন মানুষ বলবে ‘পলায়নের জায়গা কোথায়?’

يَقُولُ الْإِنْسَانُ يَوْمَئِذٍ أَيْنَ الْمَفْرُغُ (۱۰) كَلَّا لَا وَزَرَ (۱۱) إِلَىٰ رَبِّكَ يَوْمَئِذٍ الْمُسْتَقَرُّ (۱۲) يَنْبِئُ الْإِنْسَانَ يَوْمَئِذٍ بِمَا قَدَّأَوْ آخَرَ (۱۳)

(৪৫ সূরা القيامة : আয়াত ১০-১৩)

অর্থ : ১০. সেদিন মানুষ বলবে : পলায়নের জায়গা কোথায়? ১১. না কোথাও আশ্রয়স্থল নেই। ১২. আপনার পালনকর্তার কাছেই সেদিন ঠাই হবে। ১৩. সেদিন মানুষকে অবহিত করা হবে সে যা সামনে প্রেরণ করেছে ও পশ্চাতে ছেড়ে দিয়েছে।

(৭৫ সূরা আল কিয়ামাহ : আয়াত ১০-১৩)

৪৩৭. যে নিজেকে শুদ্ধ করে সেই সফলকাম হয়

فَالْتَمِمْهَا فُجُورَهَا وَتَقْوَاهَا (۸) قَدْ أَفْلَحَ مَنْ زَكَّهَا (۹) وَقَدْ خَابَ مَنْ دَسَّهَا (۱۰) (۹۱ سُوْرَةُ الشَّمْسِ : آيَاتُهَا ۸-۱۰)

অর্থ : ৮. অতঃপর তাকে তার অসৎকর্ম ও সৎকর্মের জ্ঞান দান করেছেন, ৯. যে নিজেকে শুদ্ধ করে, সেই সফলকাম হয়। ১০. এবং যে নিজেকে কলুষিত করে, সে ব্যর্থ মনোরথ হয়। (৯১ সূরা আশ শামস : আয়াত ৮-১০)

৪৩৮. যারা কল্যাণের দিকে আহ্বান করবে তারাই পূর্ণ সফলকাম

وَلْتَكُنْ مِنْكُمْ أُمَّةٌ يَدْعُونَ إِلَى الْخَيْرِ وَيَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ (۱۰۳)

(۳ سُوْرَةُ آلِ عِمْرَانَ : آيَاتُهَا ১০৩)

অর্থ : ১০৪. আর তোমাদের মধ্যে এরূপ একটি দল থাকা আবশ্যিক, যারা মানুষকে, কল্যাণের দিকে আহ্বান করে এবং সৎ কাজের আদেশ করতে ও অসৎ কাজ হতে নিষেধ করতে থাকে, আর এরূপ দলই পূর্ণ সফলকাম হবে।

(৩ সূরা আলে-ইমরান : আয়াত ১০৪)

৪৩৯. যাকে বেহেশতে প্রবেশ করানো হবে সে পরিপূর্ণ সফলকাম হবে

كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ وَإِنَّمَا تُوَفَّوْنَ أَجُورَكُمْ يَوْمَ الْقِيَامَةِ فَمَنْ زُحِرَ عَنِ النَّارِ وَأُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا مَتَاعَ الْغُرُورِ (۱۸۵) (۳ سُوْرَةُ آلِ عِمْرَانَ : آيَاتُهَا ১৮৫)

অর্থ : ১৮৫. প্রত্যেক প্রাণীকেই মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে আর রোজ কেয়ামতে তোমাদেরকে পূর্ণ প্রতিফলই দেয়া হবে, সুতরাং যাকে দোজখ হতে রক্ষা করা হবে এবং বেহেশতে প্রবেশ করানো হবে সে পরিপূর্ণ সফলকাম হবে। দুনিয়ার জীবন ধোঁকা ছাড়া অন্য কিছু নয়। (সূরা আলে ইমরান : আয়াত ১৮৫)

৪৪০. যারা মনের কার্পণ্য থেকে মুক্ত তারাই সফলকাম

فَاتَّقُوا اللَّهَ مَا اسْتَطَعْتُمْ وَأَسْمِعُوا وَأَطِيعُوا وَأَنْفِقُوا خَيْرًا لِأَنْفُسِكُمْ وَمَنْ يُوقِ شُحَّ نَفْسِهِ فَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ (۱۶) إِنْ تَقْرَضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا يَضْعِفْهُ لَكُمْ وَيَغْفِرْ لَكُمْ وَاللَّهُ شَكُورٌ حَلِيمٌ (۱۷) عَلِيمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيزُ الْحَكِيمُ (۱۸)

(۱۶ سُوْرَةُ التَّوْبَةِ : آيَاتُهَا ১৬-১৭)

অর্থ : ১৬. অতএব তোমরা যথাসাধ্য আল্লাহকে ভয় কর, গুন, আনুগত্য কর এবং ব্যয় কর। এটা তোমাদের জন্যে কল্যাণকর। যারা মনের কার্পণ্য থেকে মুক্ত, তারাই সফলকাম। ১৭. যদি তোমরা আল্লাহকে উত্তম ঋণ দান কর, তিনি তোমাদের জন্যে তা দ্বিগুণ করে দেবেন এবং তোমাদেরকে ক্ষমা করবেন। আল্লাহ গুণগ্রাহী, সহনশীল। ১৮. তিনি দৃশ্য ও অদৃশ্যের জ্ঞানী, পরাক্রান্ত, প্রজ্ঞাময়। (৬৪ সূরা তাগাবুন : আয়াত ১৬-১৮)

৪৪১. কান, চক্ষু ও ত্বক তাদের কর্ম সম্পর্কে সাক্ষ্য দিবে

حَتَّىٰ إِذَا مَا جَاءُوهَا شَهِدَ عَلَيْهِمْ سَمْعُهُمْ وَأَبْصَارُهُمْ وَجُلُودُهُمْ بِمَا كَانُوا يَعْمَلُونَ (২০) وَقَالُوا لِمَ جُلُودُنَا لَمَّا شَهِدْنَا ط قَالُوا  
أَنْطَقَنَا اللَّهُ الَّذِي أَنْطَقَ كُلَّ شَيْءٍ وَهُوَ خَلَقَكُمْ أَوَّلَ مَرَّةٍ وَإِلَيْهِ تُرْجَعُونَ (২১) وَمَا كُنْتُمْ تَسْتَتِرُونَ أَنْ يَشْهَدَ عَلَيْكُمْ سَمْعُكُمْ وَلَا  
تَعْمَلُونَ (২২) (سُورَةُ حَمْرِ السَّجْدَةِ : آيَاتُهَا ۲۰-۲۲) أَبْصَارُكُمْ وَلَا جُلُودُكُمْ وَلَكِنْ ظَنَنْتُمْ أَنَّ اللَّهَ لَا يَعْلَمُ كَثِيرًا مِمَّا

অর্থ : ২০. তারা যখন জাহান্নামের কাছে পৌছবে, তখন তাদের কান, চক্ষু ও ত্বক তাদের কর্ম সম্পর্কে সাক্ষ্য দেবে। ২১. তারা তাদের ত্বককে বলবে, তোমরা আমাদের বিপক্ষে সাক্ষ্য দিলে কেন? তারা বলবে, যে আল্লাহ সবকিছুকে বাকশক্তি দিয়েছেন, তিনি আমাদেরকেও বাকশক্তি দিয়েছেন। তিনিই তোমাদেরকে প্রথমবার সৃষ্টি করেছেন এবং তোমরা তাঁরই দিকে প্রত্যাবর্তিত হবে। ২২. তোমাদের কান, তোমাদের চক্ষু এবং তোমাদের ত্বক তোমাদের বিপক্ষে সাক্ষ্য দেবে না -এ ধারণার বশবর্তী হয়ে তোমরা তাদের কাছে কিছু গোপন করতে না। তবে তোমাদের ধারণা ছিল যে, তোমরা যা কর তার অনেক কিছুই আল্লাহ জানেন না। (৪১ সূরা হা-মীম আস সাজদাহ : আয়াত ২০-২২)

## Jannat

৪৪২. যাকে বেহেশতে প্রবেশ করানো হবে সে পরিপূর্ণ সফলকাম হবে

كُلُّ نَفْسٍ ذَلِيلَةٌ ۖ وَاتِّمَّا تُؤَفَّفُونَ أَجُورَكُمْ يَوْمَ الْقِيَامَةِ ۖ فَمَنْ زُحِرَ عَنِ النَّارِ وَأُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ ۖ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا مَتَاعُ الْغُرُورِ (۱۸۵) (سورة ال عمران : آياتها ۱۸۵)

অর্থ : ১৮৫. প্রত্যেক প্রাণীকেই মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে আর রোজ কেয়ামতে তোমাদেরকে পূর্ণ প্রতিফলই দেয়া হবে, সুতরাং যাকে দোজখ হতে রক্ষা করা হবে এবং বেহেশতে প্রবেশ করানো হবে সে পরিপূর্ণ সফলকাম হবে। দুনিয়ার জীবন ধোঁকা ছাড়া অন্য কিছু নয়। (সূরা আলে ইমরান : আয়াত ১৮৫)

৪৪৩. বেহেশতীরা থাকবে আরামের উদ্যানে স্বর্ণখচিত সিংহাসনে

وَالسَّبْقُونَ السَّبْقُونَ (১০) أُولَٰئِكَ الْمُقَرَّبُونَ (১১) فِي جَنَّةِ النَّعِيمِ (১২) ثَلَاثَةٌ مِنَ الْأُولَىٰ (১৩) وَقَلِيلٌ مِنَ الْآخِرِينَ (১৪) عَلَىٰ سُرُرٍ مَّوْضُونَةٍ (১৫) مَتَكِينِينَ عَلَيْهَا مُتَقَابِلِينَ (১৬) يَطُوفُ عَلَيْهِمْ وِلْدَانٌ مُّخَلَّدُونَ (১৭) بِأَكْوَابٍ وَأَبَارِيقَ وَكَأْسٍ مِّن مَّعِينٍ (১৮) لَا يَصَدَّعُونَ عَنْهَا وَلَا يُنْفُونَ (১৯) وَفَاكِهَةٍ مِّمَّا يَتَخَيَّرُونَ (২০) وَلَحْمِ طَيْرٍ مِّمَّا يَشْتَهُونَ (২১) وَحَوْرٍ عَيْنٍ (২২) كَأَمْثَالِ اللُّؤْلُؤِ الْمَكْنُونِ (২৩) جَزَاءً لِّمَا كَانُوا يَعْمَلُونَ (২৪) لَا يَسْمَعُونَ فِيهَا لَغْوًا وَلَا تَأْتِيهَا (২৫) إِلَّا قِيلًا سَلَامًا سَلَامًا (২৬)

(৫৬ সূরা الواقعة : আয়াত ১-২৬)

অর্থ : ১০. অগ্রবর্তীগণ তো অগ্রবর্তীই। ১১. তারাই নৈকট্যশীল, ১২. আরামের উদ্যানসমূহে, ১৩. একদল পূর্ববর্তীদের মধ্য থেকে ১৪. এবং অল্পসংখ্যক পরবর্তীদের মধ্য থেকে, ১৫. স্বর্ণখচিত সিংহাসনে। ১৬. বেহেশতীরা তাতে হেলান দিয়ে বসবে পরস্পর মুখোমুখি হয়ে। ১৭. তাদের কাছে ঘুরাফিরা করবে চির কিশোররা, ১৮. পানপাত্র কুঁজা ও খাঁটি সুরাপূর্ণ পেয়ালা হাতে নিয়ে, ১৯. যা পান করলে তাদের মাথা ব্যথা হবে না ২০. এবং তারা মাতালও হবে না। আর তাদের পছন্দমত ফলমূল নিয়ে ২১. এবং রুচিমত পাখীর গোশত নিয়ে। ২২. তথায় থাকবে আনতনয়না ছরগণ, ২৩. আবরণে রক্ষিত মতির ন্যায়, ২৪. তারা যা কিছু করত তার পুরস্কারস্বরূপ। ২৫. তারা তথায় কোন অবাস্তর ও খারাপ কথা শুনবে না। ২৬. কিন্তু শুনবে সালাম আর সালাম। (সূরা আল ওয়াকেরা : আয়াত ১০-২৬)

৪৪৪. বেহেশতীদের পোশাক হবে সূক্ষ ও পুরু রেশমের বস্ত্র

أُولَٰئِكَ لَهُمْ جَنَّاتُ عَدْنٍ تَجْرِي مِنْ تَحْتِهِمُ الْأَنْهَارُ يُحَلَّوْنَ فِيهَا مِنْ أَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَيَلْبَسُونَ ثِيَابًا خُضْرًا مِّن سُنْدُسٍ وَإِسْتَبْرَقٍ مَّتَكِينِينَ فِيهَا عَلَى الْأَرَائِكِ نَعْمَ الثَّوَابُ وَحَسُنَتْ مُرْتَفَقًا (১৮) (سورة الكهف : آياتها ৩)

অর্থ : ৩১. তাদেরই জন্য আছে স্থায়ী বেহেশত, যার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে তাদেরকে স্বর্ণ-কংকনে অলংকৃত করা হবে, তারা পরিধান করবে সূক্ষ ও পুরু রেশমের সবুজ বস্ত্র এবং তথায় সমাসীন হবে সুসজ্জিত আসনে। কত সুন্দর পুরস্কার ও উত্তম আশ্রয়স্থল। (১৮ সূরা কাহাফ : আয়াত ৩১)

### ৪৪৫. বেহেশ্তীদের অন্তরে কোন দুঃখ থাকবে না

وَنَزَعْنَا مَا فِي صُدُورِهِمْ مِنْ غَلٍّ تَجْرِي مِنْ تَحْتِهِمُ الْأُنْهَارُ وَقَالُوا الْحَمْدُ لِلَّهِ الَّذِي هَدَانَا لِهَذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَنْ هَدَانَا

اللَّهُ لَقَدْ جَاءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ وَنُودُوا أَنْ تَتَّكُمُ الْجَنَّةُ أَوْرَثَتْكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ (২৩) (২-سورة الاعراف: آياتها ২৩)

অর্থ : ৪৩. তাদের বেহেশ্তীদের অন্তরে যা কিছু দুঃখ ছিল, আমি তা বের করে দিবো তাদের পাদদেশে প্রবাহিত হবে “নদী”। তারা বলবে, আল্লাহর শোকর, যিনি আমাদেরকে এই পর্যন্ত পৌছিয়ে দিয়েছেন। আমরা কখনো পথ পেতাম না, যদি আল্লাহ আমাদেরকে পথ প্রদর্শন না করতেন। আমাদের পালনকর্তার রাসূল, আমাদের কাছে সত্য কথা নিয়ে এসেছিলেন। আওয়াজ আসবে, “এটাই বেহেশ্ত।” তোমরা এটার উত্তরাধিকারী হলে তোমাদের কর্মের প্রতিদানে। (সূরা আল আ'রাফ : আয়াত ৪৩)

### ৪৪৬. বেহেশ্তীদের অন্তরে কোন ক্রোধ থাকবে না

وَنَزَعْنَا مَا فِي صُدُورِهِمْ مِنْ غَلٍّ إِخْوَانًا عَلَى سُرُرٍ مُتَقَابِلِينَ (২৬) (১৫-سورة الحجر: آياتها ২৬)

অর্থ : ৪৬. বেহেশ্তীদের অন্তরে যে ক্রোধ ছিল আমি আল্লাহ তা দূর করে দিব। তারা ভাই ভাইয়ের মত সামনাসামনি আসনে বসবে। (১৫ সূরা আল হিজর : আয়াত ৪৬)



৪৪৭. বেহেশতে থাকবে প্রবাল ও পদ্মরাগ সদৃশ রমণীগণ

وَلَمَن خَافَ مَقَامَ رَبِّهِ جَنَّتٍ (৩৬) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبِينَ (৩৮) ذَوَاتَا أَفْنَانٍ (৩৮) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبِينَ (৩৯) فِيهِمَا عَيْنٌ  
تَجْرِيانِ (৫০) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبِينَ (৫১) فِيهِمَا مِن كُلِّ فَاكِهَةٍ زَوْجٌ (৫২) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبِينَ (৫৩) مُتَكِنِينَ عَلَى فُرُشٍ  
بَطَّائِنُهَا مِنْ إِسْتَبْرَقٍ ۗ وَجَنَّاتٍ لِّجَنَّتَيْنِ دَانٍ (৫৪) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبِينَ (৫৫) فِيهِنَّ قَصْرِاتٌ لِّظَرْفٍ لِّرِيطِثَمٍ ۗ إِنَّسٌ قَبْلَهُمْ  
وَلَأَجَانٌ (৫৬) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبِينَ (৫৮) كَأَنَّهُنَّ الْيَاقُوتُ وَالْمَرْجَانُ (৫৮) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبِينَ (৫৯) هَلْ جَزَاءُ الْإِحْسَانِ  
إِلَّا الْإِحْسَانُ (৬০) فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبِينَ (৬১) (سورة الرحمن : آياتها ৩৬-৩১)

অর্থ : ৪৪৭. যে ব্যক্তি তার পালনকর্তার সামনে উপস্থিত হবার ভয় রাখে তার জন্য রয়েছে দুইটি উদ্যান। ৪৮. অতএব, তোমরা উভয়ে তোমাদের পালনকর্তার কোন্ কোন্ অবদান অস্বীকার করবে? ৪৯. উভয় উদ্যানই ঘন শাখা-পল্লববিশিষ্ট। ৫০. অতএব, তোমরা উভয়ে তোমাদের পালনকর্তার কোন্ কোন্ অবদান অস্বীকার করবে? ৫১. উভয়ের মধ্যে প্রত্যেক ফল বিভিন্ন রকমের হবে। ৫২. অতএব, তোমরা উভয়ে তোমাদের পালনকর্তার কোন্ কোন্ অবদান অস্বীকার করবে? ৫৩. তারা তথায় বেহেশতে রেশমের আস্তরবিশিষ্ট বিছানার উপর হেলান দিয়ে বসবে ৫৪. উভয় উদ্যানের ফল তাদের নিকট ঝুলবে। অতএব, তোমরা উভয়ে তোমাদের পালনকর্তার কোন্ কোন্ অবদান অস্বীকার করবে? ৫৫. তথায় থাকবে আনতনয়না রমণীগণ, কোন জ্বিন ও মানব পূর্বে যাদেরকে স্পর্শ করে নাই। ৫৬. অতএব, তোমরা উভয়ে তোমাদের পালনকর্তার কোন্ কোন্ অবদান অস্বীকার করবে? প্রবাল ও পদ্মরাগ সদৃশ রমণীগণ। অতএব, তোমরা উভয়ে তোমাদের পালনকর্তার কোন্ কোন্ অবদান অস্বীকার করবে? সৎকাজের প্রতিদান উত্তম পুরস্কার ব্যতীত কি হতে পারে? অতএব, তোমরা উভয়ে তোমাদের পালনকর্তার কোন্ কোন্ অবদান অস্বীকার করবে? (সূরা আর রহমান : আয়াত ৪৬-৬১)

৪৪৮. বেহেশতে থাকবে দুধের নহর, মধুর নহর আর সুস্বাদু শরাবের নহর

مَثَلُ الْجَنَّةِ الَّتِي وَعَدَ الْمُتَّقُونَ ط فِيهَا أَنْهَارٌ مِنْ مَاءٍ غَيْرِ آسِنٍ ط وَأَنْهَارٌ مِنْ لَبَنٍ لَمْ يَتَغَيَّرْ طَعْمُهُ ط وَأَنْهَارٌ مِنْ خَمْرٍ لَذَّةٍ لِلشَّرِيبِينَ ط وَأَنْهَارٌ مِنْ عَسَلٍ مُصَفًّى ط وَلَهُمْ فِيهَا مِنْ كُلِّ الثَّمَرَاتِ وَمَغْفِرَةٌ مِّن رَّبِّهِمْ (١٥) (٣٤) سورة محمد : آيَاتُهَا (١٥)

অর্থ : ১৫. পরহেয়গার বান্দাদেরকে যে বেহেশতের ওয়াদা করা হয়েছে, তার দৃষ্টান্ত হল, সেখানে আছে নির্মল পানির নহর, দুধের নহর, যার স্বাদ অপরিবর্তনীয়। পানকারীদের জন্য সুস্বাদু শরাবের নহর এবং পরিশোধিত মধুর নহর। তাদের জন্যে আছে রকমারি ফলমূল ও তাদের পালনকর্তার ক্ষমা। (৪৭ সূরা মুহাম্মদ : আয়াত ১৫)

৪৪৯. বেহেশতীদের পান করানো হবে কাফুর মিশ্রিত পানপাত্র হতে

إِنَّ الْأَبْرَارَ يَشْرَبُونَ مِنْ كَأْسٍ كَانَ مِزَاجُهَا كَافُورًا (٥) عَيْنًا يَشْرَبُ بِهَا عِبَادُ اللَّهِ يُفَجِّرُونَهَا تَفْجِيرًا (٦)

(৬) ৫-৬ : آيَاتُهَا (٥-٦)

অর্থ : ৫. নিশ্চয়ই সৎকর্মশীলরা (বেহেশতীরা) পান করবে কাফুর মিশ্রিত পান পাত্র হতে। ৬. এটি একটি ঝরণা, যা হতে আল্লাহর নেক বান্দাগণ পান করবে এবং তারা এটাকে প্রবাহিত করবে। যথা ইচ্ছা। (৭৩ সূরা দাহর : আয়াত ৫-৬)

৪৫০. বেহেশতের তলদেশ দিয়ে নহর সমূহ প্রবাহিত

إِنَّ اللَّهَ يَدْخُلُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ (١٢) (٤٧) سورة محمد : آيَاتُهَا (١٢)

অর্থ : ১২. যারা বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে, আল্লাহ তাদেরকে দাখিল করবেন বেহেশতের উদ্যানসমূহে, যার তলদেশ দিয়ে নহরসমূহ প্রবাহিত হবে। (৪৬ সূরা মোহাম্মাদ : আয়াত-১২)

৪৫১. আল্লাহর ও তাঁর রাসূল সাঃ-এর পূর্ণ আনুগত্য করলে এমন জান্নাতসমূহ পাওয়া যাবে যার তলদেশে নহরসমূহ প্রবাহিত

تِلْكَ حُدُودُ اللَّهِ وَمَنْ يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ط وَذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ (١٣)

(৩) سُورَةُ النَّبَا : آيَاتُهَا (١٣)

অর্থ : ১৩. এসব আল্লাহর নির্ধারিত সীমা। আর যে ব্যক্তি আল্লাহ এবং তাঁর রাসূলের পূর্ণ আনুগত্য করবে, আল্লাহ তাকে এরূপ জান্নাতসমূহে দাখিল করবেন যার তলদেশে নহরসমূহ প্রবাহিত থাকবে, তারা অনন্তকাল সেখানে অবস্থান করবে। আর এটা বিরাট সফলতা। (৪ সূরা আন-নিসা : আয়াত ১৩)

৪৫২. বেহেশতে থাকবে কাঁটাবিহীন বাগান দীর্ঘ ছায়া আর চিরকুমারী রমণীগণ

وَأَصْحَابُ الْيَمِينِ لَا مَأْ أَصْحَابُ الْيَمِينِ (২৮) فِي سِدْرٍ مَّخْضُودٍ (২৮) وَطَلْحٍ مَّنضُودٍ (২৯) وَظِلٍّ مَّمْدُودٍ (৩০) وَمَاءٍ مَّسْكُوبٍ (৩১) وَفَاكِهَةٍ كَثِيرَةٍ (৩২) لَّامِقُوعَةٍ وَلَا مَمْنُوعَةٍ (৩৩) وَقُرُشٍ مَّرْفُوعَةٍ (৩৩) إِنَّا أَنشَأْنَهُمْ إِنشَاءً (৩৫) فَجَعَلْنَهُمْ أَبْكَارًا (৩৬) عَرَبًا أَتْرَابًا (৩৮) لِأَصْحَابِ الْيَمِينِ (৩৮) ثَلَاثَةٌ مِنَ الْأُولَى (৩৯) وَثَلَاثَةٌ مِنَ الْآخِرِينَ (৩৯) (৫৬ সূরা الواقعة : আয়াত ২৮-৩৮)

অর্থ : ২৭. যারা ডান দিকে থাকবে তারা (বেহেশতীরা) কত ভাগ্যবান । ২৮. তারা থাকবে কাঁটাবিহীন কুল বাগানে এবং ২৯. কাঁদি কাঁদি কলায় এবং ৩০. দীর্ঘ ছায়ায় এবং ৩১. প্রবাহিত পানিতে ৩২. ও প্রচুর ফলমূলে, ৩৩. যা শেষ হবার নয় এবং নিষিদ্ধও নয়, ৩৪. আর থাকবে সমুন্নত শয্যা। ৩৫. আমি (বেহেশতী) রমণীগণকে বিশেষরূপে সৃষ্টি করেছি। ৩৬. অতঃপর তাদেরকে করেছি চিরকুমারী, ৩৭. কামিনী, সমবয়স্কা, ৩৮. ডান দিকের বেহেশতী লোকদের জন্য । ৩৯. তাদের একদল হবে পূর্ববর্তীদের মধ্যে হতে ৪০. এবং একদল হবে পরবর্তীদের মধ্য হতে । (সূরা আল ওয়াক্ফিয়া : আয়াত ২৭-৪০)

৪৫৩. বেহেশতে থাকবে সৎ চরিত্রা সুন্দরী রমণীগণ

فِيهِمْ خَيْرٌ حَسَنٌ (৭০) فَيَأْتِي الْآلَاءَ رِيكًا تَكَذِّبُنِ (৭১) حَورٌ مَّقْصُورَاتٌ فِي الْخِيَارِ (৭২) فَيَأْتِي الْآلَاءَ رِيكًا تَكَذِّبُنِ (৭৩) لَسْرٌ يَطِيبُهُنَّ إِئْسٌ قَبْلَهُمْ وَلَا جَانٌ (৭৪) فَيَأْتِي الْآلَاءَ رِيكًا تَكَذِّبُنِ (৭৫) (৫৫ সূরা الرحمن : আয়াত ৪০-৪৫)

অর্থ : ৭০. সেখানে (বেহেশতে) থাকবে সচ্চরিত্রা সুন্দরী রমণীগণ! ৭১. অতএব, তোমরা উভয়ে তোমাদের পালনকর্তার কোন্ কোন্ অবদানকে অস্বীকার করবে? ৭২. তাঁবুতে অবস্থানকারিণী হুরগণ । ৭৩. অতএব, তোমরা উভয়ে তোমাদের পালনকর্তার কোন্ কোন্ অবদান অস্বীকার করবে? ৭৪. কোন জ্বীন ও মানব পূর্বে তাদেরকে স্পর্শ করে নাই ।

(৫৫ সূরা আর রহমান : আয়াত ৭০-৭৫)

৪৫৪. বেহেশতে থাকবে আনতনয়না রমণীগণ

وَعِنْدَهُمْ قَصِيرَاتُ الطَّرْفِ عِينٌ (৩৮) كَأَنَّهُنَّ بَيْضٌ مَّكْنُونٌ (৩৯) فَأَقْبَلَ بَعْضُهُمْ عَلَى بَعْضٍ يَتَسَاءَلُونَ (৫০) قَالَ قَائِلٌ مِّنْهُمْ إِنِّي كَانَ لِي قَرِينٌ (৫১) يَقُولُ أَأُنْكَحُ لِيَنَ الْمَصْنُوعِينَ (৫২) إِذَا مِثْنَا وَكُنَّا تُرَابًا وَعِظَامًا إِنَّا لَمَدِينُونَ (৫৩) قَالَ هَلْ أَنتُمْ مُطَّلِعُونَ (৫৪) فَاطَّلَعَ فَرَآهُ فِي سَوَاءٍ الْجَحِيمِ (৫৫) قَالَ تَاللَّهِ إِن كُنْتُ لَتَرُدُّنِي (৫৬) وَلَوْلَا نِعْمَةُ رَبِّي لَكُنْتُ مِنَ الْمُحْضَرِينَ (৫৭) (৩৮ সূরা الصفت : আয়াত ২৮-৫৭)

অর্থ : ৪৮. তাদের সঙ্গে থাকবে আনতনয়না, আয়তলোচনা হুরগণ । ৪৯. তারা যেন সুরক্ষিত ডিম্ব । ৫০. তারা একে অপরের সামনাসামনি হয়ে জিজ্ঞাসাবাদ করবে । ৫১. তাদের কেউ বলবে, 'আমার ছিল এক সংগী । ৫২. সে বলত, 'তুমি কি তাতে বিশ্বাসী যে, ৫৩. আমরা যখন মরে যাব এবং আমরা মৃত্তিকা ও অস্থিতে পরিণত হব তখনও কি আমাদেরকে প্রতিফল দেয়া হবে?' ৫৪. আল্লাহ বলবেন, 'তোমরা কি তাকে দেখতে চাও?' ৫৫. অতঃপর সে স্বুঁকে দেখবে এবং তাকে দেখতে পাবে দোজখের মধ্যস্থলে; ৫৬. বলবে, 'আল্লাহর কসম! তুমি তো আমাকে প্রায় ধ্বংসই করেছিলে, ৫৭. 'আমার প্রতিপালকের অনুগ্রহ না থাকলে আমিও তো অপরাধী ব্যক্তিদের মধ্যে শামিল হতাম । (৩৭ সূরা আস্-সাফফাত : আয়াত ৪৮-৫৭)

৪৫৫. জান্নাতীদের কাছে থাকবে আয়তলোচনা তরুণীগণ

يَطَّافُ عَلَيْهِمْ بِكَأْسٍ مِّنْ مَّعِينٍ (৪৫) بَيْضَاءَ لَذَّةٍ لِلشَّرِّ بَيْنَ (৪৬) لَا فِيهَا غَوْلٌ وَلَا هُمْ عَنْهَا يُنْزَفُونَ (৪৭) وَعِنْدَهُمْ قَصِيرَاتُ الطَّرْفِ عِينٌ (৪৮) كَأَنَّهُنَّ بَيْضٌ مَّكْنُونٌ (৪৯) (৪৭ সূরা الصفت : আয়াত ৩৫-৪৯)

অর্থ : ৪৫. তাদেরকে ঘুরে ফিরে পরিবেশন করা হবে স্বচ্ছ পানপাত্র, ৪৬. সুশুভ্র, যা পানকারীদের জন্যে সুস্বাদু । ৪৭. তাতে মাথা ব্যথার উপাদান নেই এবং তারা তা পান করে মাতালও হবে না । ৪৮. তাদের কাছে থাকবে নত, আয়তলোচনা তরুণীগণ; ৪৯. যেন তারা সুরক্ষিত ডিম্ব । (৩৭ সূরা আস্ সাফফাত : আয়াত ৪৫-৪৯)

৪৫৬. আল্লাহ্ বলেন 'আমার জান্নাতে প্রবেশ কর'

يَأْتِيهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ (٢٤) ارْجِعِي إِلَىٰ رَبِّكِ رَاضِيَةً مَّرْضِيَّةً (٢٨) فَادْخُلِي فِي عِبَادِي (٢٩) وَادْخُلِي جَنَّاتِي (٣٠)

(৪৯ সূরা ফজর : আয়াত ২৭-৩০)

অর্থ : ২৭. হে প্রশান্ত মন, ২৮. তুমি তোমার পালনকর্তার নিকট ফিরে যাও সন্তুষ্ট ও সন্তোষভাজন হয়ে। ২৯. অতঃপর আমার বান্দাদের অন্তর্ভুক্ত হয়ে যাও ৩০. এবং আমার জান্নাতে প্রবেশ কর। (৮৯ সূরা আল ফজর : আয়াত ২৭-৩০)

৪৫৭. বেহেশ্তীরা বেহেশতে চিরকাল থাকবে

يُعْبَادُ لَأَخَوْفٍ عَلَيْكُمْ الْيَوْمَ وَلَا أَنْتُمْ تَحْزَنُونَ (১৮) الَّذِينَ آمَنُوا بِآيَاتِنَا وَكَانُوا مُسْلِمِينَ (১৯) ادْخُلُوا الْجَنَّةَ أَنْتُمْ وَأَزْوَاجُكُمْ تُحْبَرُونَ (২০) يُطَافُ عَلَيْهِمْ بِصِحَافٍ مِنْ ذَهَبٍ وَأَكْوَابٍ وَفِيهَا مَا تَشْتَهُ الَّذِينَ الْأَنْفُسُ وَتَلَذُّ الْأَعْيُنُ وَأَنْتُمْ فِيهَا خَالِدُونَ (২১) (২২)

سورة الزخرف : آياتها ১৮-২১

অর্থ : ৬৮. হে আমার বান্দাগণ আজ তোমাদের কোন ভয় নেই, এবং তোমরা দুঃখিতও হবে না। ৬৯. যারা আমার আয়াতে বিশ্বাস করেছিলে এবং আত্মসমর্পণ করেছিল। ৭০. তোমরা এবং তোমাদের স্ত্রীগণ সানন্দে বেহেশতে প্রবেশ কর। ৭১. তাদের কাছে পরিবেশন করা হবে স্বর্ণের থালা ও পানপাত্র, তথায় রয়েছে তাদের. মন যা চায় এবং নয়ন যাতে তৃপ্ত হয়, তোমরা (বেহেশ্তীরা) তথায় চিরকাল থাকবে। (৪৩ সূরা আয যুখরুফ : আয়াত ৬৮-৭১)

৪৫৮. বেহেশ্তীদের কখনও মৃত্যু হবে না

يَدْعُونَ فِيهَا بِكُلِّ فَاكِهَةٍ آمِنِينَ (৫৫) لَا يَذُوقُونَ فِيهَا الْمَوْتَ إِلَّا الْمَوْتَةَ الْأُولَىٰ وَوَقَّهُمْ عَنْهُ الْكَلْبُ (৫৬) فَضَلَّ مِنْ رَبِّكَ ذَلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ (৫৭) (سورة الدخان : آياتها ৫৫-৫৭)

অর্থ : ৫৫. তারা সেখানে বেহেশতে শান্ত মনে বিভিন্ন ফল-মূল আনতে বলবে। ৫৬. তারা সেখানে মৃত্যু আত্মদান করবে না, প্রথম মৃত্যু ব্যতীত এবং আপনার পালনকর্তা তাদেরকে দোজখের আজাব থেকে রক্ষা করবেন। ৫৭. আপনার পালনকর্তার কৃপায় এটাই মহাসাফল্য। (সূরা আদ দুখান : আয়াত ৫৫-৫৭)

৪৫৯. বেহেশ্তীদের সৎ কার্যশীল পিতামাতা, পতি-পত্নী ও সন্তান সন্ততিও বেহেশতে প্রবেশ করবে

جَنَّاتُ عَدْنٍ يَدْخُلُونَهَا وَمَنْ صَلَحَ مِنْ آبَائِهِمْ وَأَزْوَاجِهِمْ وَذُرِّيَّاتِهِمْ وَالْمَلَائِكَةُ يَدْخُلُونَ عَلَيْهِمْ مِنْ كُلِّ بَابٍ (১৩)

(سورة الرعد : آياتها ১৩)

অর্থ : ২৩. স্থায়ী বেহেশত, তাতে তারা প্রবেশ করবে এবং তাদের পিতা-মাতা, পতি-পত্নী ও সন্তান-সন্ততিদের মধ্যে যারা সৎকর্ম করেছে তারাও এবং ফেরেশতাগণ তাদের নিকট উপস্থিত হবে প্রত্যেক দ্বার দিয়ে। (১৩ সূরা রাদ : আয়াত ২৩)

৪৬০. তাদের সাথে যখন মূর্খরা কথা বলতে থাকে, তখন তারা বলে সালাম

وَعِبَادُ الرَّحْمَنِ الَّذِينَ يَمْشُونَ عَلَى الْأَرْضِ هَوْنًا وَإِذَا خَاطَبَهُمُ الْجَاهِلُونَ قَالُوا سَلَامًا (১৩) وَالَّذِينَ يَبِيتُونَ لِرَبِّهِمْ سُجَّدًا وَقِيَامًا (১৪) وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا اصْرِفْ عَنَّا عَنْ أَبِي جَهَنَّمَ إِنَّ عَنْ أَبِيهَا كَانَ غَرَامًا (১৫) (سورة الفرقان : آياتها ১৩-১৫)

অর্থ : ১৩. রহমান-এর বান্দা তারাই, যারা পৃথিবীতে নম্রভাবে চলাফেরা করে এবং তাদের সাথে যখন মূর্খরা কথা বলতে থাকে, তখন তারা বলে, সালাম। ১৪. এবং যারা রাত্রি যাপন করে পালনকর্তার উদ্দেশ্যে সেজদাবনত হয়ে ও দণ্ডায়মান হয়ে; ১৫. এবং যারা বলে, হে আমার পালনকর্তা, আমাদের কাছ থেকে জাহান্নামের শাস্তি হটিয়ে দাও। নিশ্চয়ই এর শাস্তি নিশ্চিত বিনাশ। (২৫ সূরা আল ফুরকান : আয়াত ১৩-১৫)

৪৬১. বেহেশ্তীদের বলা হবে “সালাম, তোমরা সুখে থাক”

وَسِيقَ الَّذِينَ اتَّقَوْا رَبَّهُمْ إِلَى الْجَنَّةِ زُمَرًا حَتَّىٰ إِذَا جَاءُوهَا وَفُتِحَتْ أَبْوَابُهَا وَقَالَ لَهُمْ خَزَنَتُهَا سَلِّمُوا عَلَيْكُمْ رَبِّكُمْ فَاَدْخُلُوهَا خَالِينَ (۴۳) (سُورَةُ الزَّمَرِ: آيَاتُهَا ۴۳)

অর্থ : ৭৩. যারা তাদের প্রতিপালককে ভয় করত তাদেরকে দলে দলে বেহেশতের দিকে নিয়ে যাওয়া হবে। যখন তারা (বেহেশ্তীরা) উন্মুক্ত দরজা দিয়ে বেহেশতে পৌছাবে এবং বেহেশতের রক্ষীরা তাদেরকে বলবে, তোমাদের প্রতি সালাম, তোমরা সুখে থাক। অতঃপর সদা-সর্বদা বসবাসের জন্যে তোমরা বেহেশতে প্রবেশ কর। (৩৯ সূরা যুমার : আয়াত ৭৩)

৪৬২. বেহেশ্তীদেরকে তাদের রবের পক্ষ হতে বলা হবে “সালাম”

لَهُمْ فِيهَا فَاكِهَةٌ وَلَهُمْ مَا يَدَّعُونَ (۵۷) سَلِّمُوا قَوْلًا مِّن رَّبِّ رَحِيمٍ (۵৮) (سُورَةُ يَس: آيَاتُهَا ৫৭-৫৮)

অর্থ : ৫৭. সেখানে বেহেশতে থাকবে তাদের জন্য ফলমূল এবং তাদের জন্য বাঞ্ছিত সমস্ত কিছু। ৫৮. বলা হবে সালাম, পরম দয়ালু প্রতিপালকের পক্ষ হত সন্তোষ। ( ৩৬ সূরা ইয়াসীন : আয়াত ৫৭-৫৮)

৪৬৩. জান্নাতে আছে 'সালসাবীল' নামক ঝর্ণা

عَيْنًا فِيهَا تُسَمَّى سَلْسَبِيلًا (۱۸) وَيَطُوفُ عَلَيْهِمْ وِلْدَانٌ مُّخَلَّدُونَ إِذَا رَأَيْتَهُمْ حَسِبْتَهُمْ لُؤْلُؤًا مَّنثُورًا (۱۹)

(১৯-১৮) سُورَةُ النَّازِعَاتِ : آيَاتُهَا ۱۸-۱۹

অর্থ : ১৮. এটা জান্নাতস্থিত 'সালসাবীল' নামক একটি ঝর্ণা। তাদের কাছে ঘোরাফেরা করবে চির কিশোরগণ। ১৯. আপনি তাদেরকে দেখে মনে করবেন যেন বিক্ষিপ্ত মণি-মুক্তা। (৭৬ সূরা আদ দাহর : আয়াত ১৮-১৯)

৪৬৪. জান্নাতে থাকবে প্রবাহিত ঝর্ণা

فِي جَنَّةٍ عَالِيَةٍ (۱۰) لَا تَسْمَعُ فِيهَا لِأَغْيَةٍ (۱۱) فِيهَا عَيْنٌ جَارِيَةٌ (۱۲) فِيهَا سُرُرٌ مَّرْفُوعَةٌ (۱۳) وَأَكْوَابٌ مَّوْضُوعَةٌ (۱۴) وَنَبَّارِقٌ مَّصْفُوفَةٌ (۱۵) وَزَرَّابِيُّ مَبْثُوثَةٌ (۱۶) (۸۸) سُورَةُ الْغَاشِيَةِ : آيَاتُهَا ۱۰-۱۶

অর্থ : ১০. তারা থাকবে সুউচ্চ জান্নাতে। ১১. তথায় শুনবে না কোন অসার কথাবার্তা। ১২. তথায় থাকবে প্রবাহিত ঝর্ণা। ১৩. তথায় থাকবে উন্নত সুসজ্জিত আসন। ১৪. এবং সংরক্ষিত পানপাত্র। ১৫. এবং সারি সারি গালিচা। ১৬. এবং বিস্তৃত বিছানো কার্পেট। (৮৮ সূরা গাশিয়াহ : আয়াত ১০-১৬)

৪৬৫. ঈমানদার ব্যক্তির কৃতকর্মের আপ্যায়ন স্বরূপ জান্নাত

أَفَمَن كَانَ مُؤْمِنًا كَمَن كَانَ فَاسِقًا لَا يَسْتَوُونَ (۱۸) أَمَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَلَهُمْ جَنَّاتُ الْمَأْوَىٰ ۖ نُزُلًا بِمَا كَانُوا يَعْمَلُونَ (۱۹) (۳۲) سُورَةُ السَّجْدَةِ : آيَاتُهَا ۱۸-۱۹

অর্থ : ১৮. ঈমানদার ব্যক্তি কি অবাধ্যের অনুরূপ? তারা সমান নয়। ১৯. যারা ঈমান আনে ও সৎকর্ম করে, তাদের জন্যে রয়েছে তাদের কৃতকর্মের আপ্যায়ন স্বরূপ বসবাসের জান্নাত। (৩২ সূরা সাজদাহ : আয়াত ১৮-১৯)

## ৪৬৬. জান্নাতে মন যা চাবে তাই পাওয়া যাবে

نَحْنُ أَوْلَىٰكُمْ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الْآخِرَةِ ۚ وَلَكُمْ فِيهَا مَا تَشْتَهُنَّ ۖ أَنْفُسُكُمْ وَلَكُمْ فِيهَا مَا تَدْعُونَ (۳۱)

(৩১) سُورَةُ حَمْر السَّجْدَةِ : آيَاتُهَا (۳۱)

অর্থ : ৩১. আমিই তোমাদের বন্ধু, দুনিয়ার জীবনে ও আখেরাতে। জান্নাতে তোমাদের জন্য, তোমাদের মন যা চাবে তাই দেওয়া হবে এবং তোমরা সেখানে যা দাবী করবে তাই পাবে। (৪১ সূরা হা-মীম সাজদাহ : আয়াত ৩১)

## ৪৬৭. মতির মত চির কিশোরেরা বেহেশতীদের সেবা করবে

وَيَطُوفُ عَلَيْهِمْ وِلْدَانٌ مُّخَلَّدُونَ ۚ إِذَا رَأَيْتَهُمْ حَسِبْتَهُمْ لُؤْلُؤًا مَّنثورًا (۱۹) (۷۶) سُورَةُ الدَّحْرِ : آيَاتُهَا (۱۹)

অর্থ : ১৯. (বেহেশতে) তাদের কাছে ঘোরাফেরা করবে চির কিশোরগণ। আপনি তাদেরকে দেখে মনে করবেন যেন বিক্ষিপ্ত মণি-মুক্তা। (৭৬ সূরা আদ দাহর : আয়াত ১৯০)

## ৪৬৮. যারা ঈমান এনেছে ও সৎ কাজ করেছে তাদের জন্য বেহেশত

وَبَشِّرِ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أَنَّ لَهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ ۖ كُلَّمَا رُزِقُوا مِنْهَا مِنْ ثَمَرَةٍ رِزْقًا ۖ قَالُوا هَذَا الَّذِي رُزِقْنَا مِنْ قَبْلُ ۖ وَأَتُوا بِهِ مُتَشَابِهًا ۖ وَلَهُمْ فِيهَا أَزْوَاجٌ مُطَهَّرَةٌ ۖ وَهُمْ فِيهَا خَالِدُونَ (۲۵) (২) سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا (২৫)

অর্থ : ২৫. আর হে নবী! যারা ঈমান এনেছে এবং সৎ কাজসমূহ করেছে, আপনি তাদেরকে এমন বেহেশতের সুসংবাদ দিন, যার পাদদেশে নহরসমূহ প্রবাহমান থাকবে। যখনই তারা খাবার হিসেবে কোন ফল প্রাপ্ত হবে, তখনই তারা বলবে, এ তো অবিকল সে ফলই, যা আমরা ইতিপূর্বেও লাভ করেছিলাম। বস্তুতঃ তাদেরকে একই প্রকৃতির ফল প্রদান করা হবে এবং সেখানে তাদের জন্যে পবিত্র সঙ্গিনী থাকবে। আর সেখানে তারা অনন্তকাল অবস্থান করবে। (২ সূরা আল বাক্বারা : আয়াত ২৫)



৪৬৯. বেহেশতীদের মুখমণ্ডলে থাকবে স্বাচ্ছন্দ্য ও সজীবতা

إِنَّ الْأَبْرَارَ لَفِي نَعِيمٍ (২২) عَلَى الْأَرَائِكِ يَنْظُرُونَ (২৩) تَعْرِفُ فِي وُجُوهِهِمْ نَضْرَةَ النَّعِيمِ (২৪) يُسْقَوْنَ مِنْ رَحِيقٍ مَخْتُومٍ (২৫)

(২৫-২২) : آیاتھا ۸۳ سُوْرَةُ الْمُطَفِّفِيْنَ

অর্থ : ২২. নিশ্চয়ই সৎ লোকগণ বেহেশতে থাকবে পরম আরামে, ২৩. তারা সিংহাসনে বসে অবলোকন করবে, ২৪. আপনি তাদের মুখমণ্ডলে স্বাচ্ছন্দ্য ও সজীবতা দেখতে পাবেন ২৫. তাদেরকে মোহর করা বিগুন্ধ পানীয় পান করানো হবে।

(৮৩ সূরা মুতাফ্ফিফীন : আয়াত ২২-২৫)

৪৭০. মোস্তাকীদের জন্য আছে নিয়ামতের জান্নাত

كَذَلِكَ الْعَذَابُ وَلَعَذَابُ الْآخِرَةِ أَكْبَرُ لَوْ كَانُوا يَعْلَمُونَ (৩৩) إِنَّ لِلْمُتَّقِينَ عِنْدَ رَبِّهِمْ جَنَّاتٍ النَّعِيمِ (৩৪)

(৩৪) : آیاتھا ৩৩-৩২ سُوْرَةُ الْقَلَمِ

অর্থ : ৩৩. শাস্তি এভাবেই আসে এবং পরকালের শাস্তি আরও গুরুতর; যদি তারা জানত। ৩৪. মোস্তাকীদের জন্যে তাদের পালনকর্তার কাছে রয়েছে নিয়ামতের জান্নাত। (৬৮ সূরা আল কলাম : আয়াত ৩৩-৩৪)

৪৭১. প্রত্যেক ব্যক্তি নিজ নিজ কৃত কর্মের জন্য দায়ী

وَالَّذِينَ آمَنُوا وَاتَّبَعَتْهُمْ ذُرِّيَّتُهُمْ بِإِيمَانٍ أَلْحَقْنَا بِهِمْ ذُرِّيَّتَهُمْ وَمَا أَلْتَنَّهُمْ مِنْ عَمَلِهِمْ مِنْ شَيْءٍ كُلُّ امْرِئٍ بِمَا كَسَبَ رَهِيْنٌ (২১)

وَأَمْ دَنَّهُمْ بِفَاكِهَةٍ وَلَحْمٍ مِمَّا يَشْتَهُونَ (২২) يَتَنَزَّعُونَ فِيهَا كَأْسًا لَا لَغْوٌ فِيهَا وَلَا تَأْتِيْهِمُ (২৩) (৫২) سورة الطور : آیاتھا ২৩-২১

অর্থ : ২১. এবং যারা ঈমান আনে, আর তাদের সন্তান-সন্ততি ঈমানে তাদের অনুগামী হয়, তাদের সাথে মিলিত করব বেহেশতে. তাদের সন্তান-সন্ততিকে এবং তাদের কর্মফল আমি কিছুমাত্র হ্রাস করিব না, প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের জন্য দায়ী। ২২. আমি আল্লাহ তাদেরকে দিব ফলমূল ও গোশত যা তারা পছন্দ করে। ২৩. আর. তথায় তারা পরস্পর কৌতুক করে সরাব পান পাত্র নিয়ে কাড়াকাড়িও করবে, তাতে না প্রলাপ হবে আর না অন্য কোন বেহুদা কথা হবে।

(৫২ সূরা তুর : আয়াত ২১-২৩)

৪৭২. আল্লাহ জান্নাতীদেরকে আয়তলোচনাদের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ করে দিবেন

كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ (۱۹) مُتَكِينِينَ عَلَىٰ سُرُرٍ مَّصْفُوفَةٍ ۖ وَزَوَّجْنَاهُم بِحُورٍ عِينٍ (۲۰) وَالَّذِينَ آمَنُوا وَاتَّبَعَتْهُمْ ذُرِّيَّتُهُمْ بِإِيمَانٍ أَلْحَقْنَا بِهِمْ ذُرِّيَّتَهُمْ وَمَا أَلْتَنَاهُمْ مِنْ شَيْءٍ ۗ كُلُّ امْرِئٍ بِمَا كَسَبَ رَهِينٌ (۲۱) وَأَمَلَدْنَاهُمْ بِفَاكِهَةٍ وَلَحْمٍ مِّمَّا يَشْتَهُونَ (۲۲) يَتَنَزَّعُونَ فِيهَا كَأَسَا لَا لُغُوفٍ فِيهَا وَلَا تَأْتِيرٌ (۲۳) وَيَطُوفُ عَلَيْهِمْ غِلْمَانٌ لَّهُمْ كَأَنَّهُمْ لُؤْلُؤٌ مَّكْنُونٌ (۲۴)

(۵۲ سُوْرَةُ الطُّوْرِ : آيَاتُهَا ۱۹-۲۴)

অর্থ : ১৯. তাদেরকে বলা হবে : তোমরা যা করতে তার প্রতিফলস্বরূপ তোমরা তৃপ্ত হয়ে পানাহার কর। ২০. তারা শ্রেণীবদ্ধ সিংহাসনে হেলান দিয়ে বসবে। আমি তাদেরকে আয়তলোচনা ছরদের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ করে দেব। ২১. যারা ঈমানদার এবং তাদের সন্তানরা ঈমানে তাদের অনুগামী, ২২. আমি তাদেরকে তাদের পিতৃপুরুষদের সাথে মিলিত করে দেব এবং তাদের আমল বিন্দুমাত্রও হ্রাস করব না। প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের জন্যে দায়ী। আমি তাদেরকে দেব ফল-মূল এবং গোশূত যা তারা চাইবে। ২৩. সেখানে তারা একে অপরকে পানপাত্র দেবে; যাতে বকাবকি নেই এবং পাপকর্মও নেই। ২৪. সুরক্ষিত মতিসদৃশ কিশোররা তাদের সেবায় ঘুরাফেরা করবে। (৫২ সূরা আত্ তুর : আয়াত ১৯-২৪)

# Jahannam

## ৪৭৩. দোজখ খুবই নিকৃষ্ট স্থান

وَالَّذِينَ كَفَرُوا بِرَبِّهِمْ عَذَابُ جَهَنَّمَ وَبِئْسَ الْمَصِيرُ (٦) إِذَا أُلْقُوا فِيهَا سَمِعُوا لَهَا شَهيقًا وَهِيَ تَفُورٌ (٤) تَكَادُ تَمَيِّزُ مِنَ الْغَيْظِ (٨)

(٦٤ سُورَةُ الْمَلِكِ: آيَاتُهَا ٦-٨)

অর্থ : ৬. এবং যারা আপন প্রতিপালককে অস্বীকার করে, তাদের জন্য দোজখের কঠিন শাস্তি রয়েছে এবং তা খুবই নিকৃষ্ট স্থান।  
৭. যখন তারা উক্ত দোজখে নিক্ষিপ্ত হবে তখন তারা তার ভীষণ হুঙ্কার শুনতে পাবে এবং তা এ রকম টগবগ করতে থাকবে যেমন শীঘ্রই রাগে ফেটে পড়বে।

(সূরা মুল্ক : আয়াত ৬-৮)

## ৪৭৪. দোজখীরা শুধু মৃত্যুকে আহ্বান করতে থাকবে

إِذَا ارْتَأَمُوا مِنْ مَّكَانٍ أُنْعِمُوا لَهَا غَيْظًا وَزَفِيرًا (١٢) وَإِذَا أُلْقُوا مِنْهَا مَكَانًا ضَيِّقًا مُقَرَّنِينَ دَعَوْا هُنَالِكَ ثُبُورًا (١٣)

(٢٥ سُورَةُ الْفُرْقَانِ: آيَاتُهَا ١٣-١٢)

অর্থ : ১২. যখন দোজখ দূর হতে জাহান্নামীদেরকে দেখতে পাবে তখন দোজখীরা তার বিকট শব্দ ও হুঙ্কার শুনতে পাবে। ১৩. অতঃপর যখন বন্ধনাবস্থায় দোজখের কোন সংকীর্ণ স্থানে তাদেরকে নিক্ষেপ করা হবে তখন তারা সেখানে শুধু মৃত্যুকে আহ্বান করতে থাকবে। (২৫ সূরা ফুরকান : আয়াত ১২-১৩)

৭৫. দোজখীদেরকে আগুনের কাটা খাওয়ানো হবে

تُسْقَى مِنْ عَيْنٍ أُنِيَّةٍ (۵) لَيْسَ لَهُمْ طَعَامٌ إِلَّا مِنْ ضَرِيْعٍ (۶) لَا يُسْبِغُونَ وَلَا يُغْنِي عَنْهُمْ جُوعٌ (۷) (سورة الغاشية: آياتها ۷-۵)

অর্থ : ৫. দোজখীদেরকে উত্তপ্ত গরম পানির নহর হতে পানি পান করানো হবে ৬. এবং আগুনের কাটা ব্যতীত অন্য কিছুই তাদের খাদ্য হবে না। ৭. উক্ত খাদ্য না তাদেরকে কোন শক্তি দান করবে, না তাদের ক্ষুধা নিবারণ করবে।

(৮৮ সূরা আল গাশিয়া : আয়াত ৫-৭)

৪৭৬. দোজখীদের মুখমণ্ডল আগুনে সম্পূর্ণ বিকৃত হয়ে যাবে

تَلْفَحُ وُجُوهُهُمْ النَّارُ وَهُمْ فِيهَا كَالِحُونَ (۱۰۴) (سورة المؤمنون: آياتها ۱۰۴)

অর্থ : ১০৪. দোজখের অগ্নি তাদের মুখমণ্ডলকে এমনিভাবে জ্বালিয়ে দিবে যে, তা সম্পূর্ণ বিকৃত হয়ে যাবে।

(২৩ সূরা আল মুমিনুন : আয়াত ১০৪)

৪৭৭. দোজখীরা গলিত পুঁজ ও গলিত রক্ত ছাড়া অন্য কোন খাদ্য খাবে না

فَلَيْسَ لَهُ الْيَوْمَ هُنَا حَمِيمٌ (৩৫) وَلَا طَعَامٌ إِلَّا مِنْ غَسِيلِينَ (৩৬) لَا يَأْكُلُهُ إِلَّا الْخَاطِئُونَ (৩৭) سورة الحاقة: آياتها ৩৫-৩৭

অর্থ : ৩৫. কাজেই অদ্য তার কোন অন্তরঙ্গ বন্ধু থাকবে না ৩৬. এবং ক্ষতস্থান হতে নির্গত গলিত পুঁজ, রক্ত ব্যতীত অন্য কোন খাদ্যও থাকবে না, ঐ খাদ্য ৩৭. যা একমাত্র দোজখের পাপীষ্ঠগণই ভক্ষণ করবে।

(৬৯ সূরা আল হাক্বাহ : আয়াত ৩৫-৩৭)

৪৭৮. দোযখীদের পুজ মিশানো পানি পান করানো হবে

مِنْ وَّرَائِهِ جَهَنَّمُ وَيَسْتَقِي مِنْ مَّاءٍ صَدِيدٍ (১৬) يَتَجَرَّعُهُ وَلَا يَكَادُ يُسِيغُهُ وَيَأْتِيهِ الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانٍ وَمَا هُوَ بِمَيِّتٍ وَمِنْ وَّرَائِهِ عَذَابٌ

غَلِيظٌ (১৮) سورة إبراهيم: آياتها ১৬-১৮

অর্থ : ১৬. তার পেছনে দোযখ রয়েছে। তাকে পুঁজ মিশানো পানি পান করানো হবে। ১৭. ঢোক গিলে তা পান করবে এবং গলার ভিতরে প্রবেশ করতে পারবে না। প্রতি দিক থেকে তার কাছে মৃত্যু আগমন করবে এবং সে মরবে না। তার পশ্চাতেও রয়েছে কঠোর আযাব। (১৪ সূরা : ইব্রাহীম, আয়াত : ১৬-১৭)

৪৭৯. দোজখীরা কাটায়ুক্ত জাক্কুম বৃক্ষ হতে খাদ্য গ্রহণ করবে

ثُمَّ إِنَّكُمْ أَيُّهَا الضَّالُّونَ الْمَكِيدُونَ (٥١) لَأَكَلُونَ مِنْ شَجَرٍ مِنْ زُقُومٍ (٥٢) فَمَا لَتُونَ مِنْهَا الْبَطُونَ (٥٣) فَشَرِبُونَ عَلَيْهِ مِنَ الْحَمِيمِ

(٥٣) فَشَرِبُونَ شَرِبَ بَلْهِيمٍ (٥٥) هَذَا نَزَّلْنَاهُ يَوْمَ الَّتِي نَزَّلْنَا السَّجِينَ (٥٦) (سورة الواقعة: آياتها ٥٦-٥١)

অর্থ : ৫১. অতঃপর হে অবিশ্বাসী বিপথগামীগণ, ৫২. নিশ্চয়ই তোমরা জাক্কুম বৃক্ষ হতে ৫৩. খাদ্য গ্রহণ করবে, যা দ্বারা তোমরা পেট ভর্তি করে নিবে। ৫৪. তদুপরি পুনরায় উত্তপ্ত গরম পানি পান করতে থাকবে। ৫৫. যেমন পিপাসিত ও তৃষ্ণার্ত উট পানি পান করে। ৫৬. রোজ কেয়ামতে এটাই হবে তাদের মেহমানদারীর সামগ্রী।

(৫৬ সূরা আল ওয়াক্কেয়া : আয়াত ৫১-৫৬)

৪৮০. দোজখীদের খাদ্য জাক্কুম বৃক্ষের উৎপত্তি জাহান্নামের তলদেশে

إِنَّهَا شَجَرَةٌ تَخْرُجُ فِي أَصْلِ الْجَحِيمِ (٦٣) طَلْعَهَا كَأَنَّه رُءُوسُ الشَّيَاطِينِ (٦٥) (سورة الممت: آياتها ٦٥-٦٣)

অর্থ : ৬৪. নিশ্চয়ই উক্ত জাক্কুম এমন একটি বৃক্ষ যার উৎপত্তি দোজখের তলদেশে আর তার উপরিভাগ ঠিক যেন সর্পের ফণা।

(সূরা আছ ছফফাত : আয়াত ৬৪-৬৫)

৪৮১. জাহান্নামীদের মৃত্যুর আদেশ দেয়া হবে না এবং তার শাস্তিও লাঘব করা হবে না

وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ نَارُ جَهَنَّمَ لَا يُقْضَىٰ عَلَيْهِمْ فَيَمُوتُوا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِنْ عَذَابِهَا ۗ كَذٰلِكَ نَجْزِي ۙ كُلَّ كٰفُوْرًا (۳۶) وَهُمْ يَصْطَرِحُوْنَ فِيهَا ۗ رَبَّنَا اٰخِرْجْنَا نَعْمَلْ صٰلِحًا غَيْرَ الَّذِي كُنَّا نَعْمَلْ ۗ اَوْ لِمَ نَعْبُدُكَ مَا يَتَذَكَّرُ فِيْهِ مِنْ تَذٰكِرٍ وَّجَاءَكَ النَّذِيْرُ ۗ فَذُوْقُوْا فَمَا لِلظٰلِمِيْنَ مِنْ نَّصِيْرٍ (۳۷) (۳۵) سُورَةُ فَاطِرٍ: اٰيٰتُهَآ ۳۶-۳۷

অর্থ : ৩৬. আর যারা কাফের হয়েছে, তাদের জন্যে রয়েছে জাহান্নামের আগুন। তাদেরকে মৃত্যুর আদেশও দেয়া হবে না যে, তারা মরে যাবে এবং তাদের থেকে তার শাস্তিও লাঘব করা হবে না। আমি প্রত্যেক অকৃতজ্ঞকে এভাবেই শাস্তি দিয়ে থাকি। ৩৭. সেখানে তারা আতঁ চীৎকার করে বলবে, হে আমাদের পালনকর্তা, বের করুন আমাদেরকে, আমরা সৎকাজ করব পূর্বে যা করতাম, তা করব না। আল্লাহ বলবেন আমি কি তোমাদেরকে এতটা বয়স দেইনি, যাতে যা চিন্তা করার বিষয় চিন্তা করতে পারতে? উপরন্তু তোমাদের কাছে সতর্ককারীও আগমন করেছিল। অতএব আস্থাদন কর। জ্বালেমদের জন্যে কোন সাহায্যকারী নেই। (৩৫ সূরা আলফাতির : আয়াত ৩৬-৩৭)

৪৮২. দোজখীদেরকে “মৃত্যুর বিভীষিকা” আচ্ছন্ন করে ফেলবে

مِنْ وَّرَائِهِ جَهَنَّمُ وَيُسْقٰى مِنْ مَّآءٍ صٰلِحٍ (۱۶) يَّتَجَرَّعُهُ وَلَا يَكَادُ يُسِيغُهُ وَيَأْتِيهِ الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانٍ وَمَا هُوَ بِمَيِّتٍ ۗ وَمِنْ وَّرَائِهِ عَذَابٌ غَلِيظٌ (۱۷) (۱۷) سُورَةُ اِبْرٰهِيْمَ: اٰيٰتُهَآ ۱۷-۱۶

অর্থ : ১৬. সে দোজখবাসীদেরকে পুঁজ বিগলিত পানি পান করানো হবে যা তারা ঘোট ঘোট করে পান করতে থাকবে এবং ভীষণ কষ্টেই তাদের পেটের ভিতর প্রবেশ করবে। আর চতুর্দিক হতে মৃত্যুর বিভীষিকা তাদেরকে আচ্ছন্ন করে ফেলবে অথচ তাদের কোন মৃত্যু হবে না। তার পশ্চাতেও রয়েছে কঠোর আযাব। (১৪ সূরা ইব্রাহীম : আয়াত ১৬-১৭)

৪৮৩. উত্তপ্ত পানি দোজখীদের নাড়িভুড়িসমূহকে খণ্ড বিখণ্ড করে দিবে

مَنْ هُوَ خَالِدٌ فِي النَّارِ وَسُقُوا مَاءً حَمِيمًا فَقَطَّعَ أَمْعَاءَهُمْ (۱۵) (سورة محمد: آياتها ۱۵)

অর্থ : ১৫. মুত্তাকীরা কি তাদের ন্যায় যারা দোজখে স্থায়ী হবে এবং তাদেরকে এরূপ ফুটন্ত পানি পান করানো হবে যা তাদের নাড়িভুড়িসমূহকে খণ্ড বিখণ্ড করে দিবে। (৪৭ সূরা মুহাম্মাদ : আয়াত ১৫)

৪৮৪. উত্তপ্ত পানিতে দোজখীদের চর্মসমূহ গলে যাবে

يُصَبُّ مِنْ فَوْقِ رُءُوسِهِمُ الْحَمِيمُ (۱۹) يُصْهَرُ بِهِ مَا فِي بُطُونِهِمْ وَالْجُلُودُ (۲۰) (سورة الحج: آياتها ১৯-২০)

অর্থ : ১৯. তাদের মাথার উপর ভীষণ উত্তপ্ত পানি ঢেলে দেয়া হবে ২০. যার দরুন তাদের পেটের ভিতরের যাবতীয় পদার্থ এবং শরীরের চর্মসমূহ গলে যাবে। (২২ সূরা আল হাজ্জ : আয়াত ১৯-২০)

৪৮৫. দোজখীরা তৃষ্ণার্ত অবস্থায় পানির জন্য ছটফট করতে থাকবে

وَإِنْ يَسْتَنْغِثُوا يَغَاثُوا بِمَاءٍ كَالْمُهْلِ يَشْوِي الْوُجُوهَ طِثْسَ الشَّرَابِ طِ وَسَاءَتْ مَرْتَفَعًا (۲۹) (سورة الكهف: آياتها ২৯)

অর্থ : ২৯. যখন তারা তৃষ্ণার্ত অবস্থায় অস্থির হয়ে ছটফট করবে ও পানির জন্য আর্তনাদ করতে থাকবে তখন তাদেরকে এরকম গরম পানি দেয়া হবে যা তেলের গাদের মত হবে ও উহা তাদের মুখমণ্ডলকে জ্বলে ভস্ম করে দিবে। ওহঃ তা কত নিকৃষ্ট পানীয় এবং খুবই মন্দ আশ্রয়। (১৮ সূরা আল কাহাফ : আয়াত ২৯)

৪৮৬. দোযখীদের ফুটন্ত নহর থেকে পান করানো হবে

هَلْ أَتَكَ حَرْيْتُ الْغَاشِيَةِ (۱) وَجُوهٌ يَوْمَئِذٍ خَاشِعَةٌ (۲) عَامِلَةٌ نَاصِبَةٌ (۳) تَصَلَّى نَارًا حَامِيَةً (۴) تَسْقَى مِنْ عَيْنٍ أُنْيَةٍ (۵) لَيْسَ لَهُمْ طَعَامٌ إِلَّا مِنْ ضَرِيحٍ (۶) (سورة الغاشية: آياتها ১-৬)

অর্থ : ১. আপনার কাছে আচ্ছন্নকারী কেয়ামতের বৃত্তান্ত পৌঁছেছে কি ? ২. অনেক মুখমণ্ডল সেদিন হবে বিনীত, অবনমিত ৩. ক্লিষ্ট ক্লান্ত। ৪. তারা জ্বলন্ত আগুনে পতিত হবে। ৫. তাদেরকে ফুটন্ত নহর থেকে পান করানো হবে। ৬. কণ্টকপূর্ণ ঝাড় ব্যতীত তাদের জন্যে কোন খাদ্য নেই। (৮৮ সূরা গাশিয়াহ : আয়াত ১-৬)



৪৮৭. দোজখের ফেরেশতা উপহাস করে বলবে, জ্বলন্ত অগ্নিকুণ্ডের স্বাদ গ্রহণ করতে থাক

وَلَهُمْ مَقَامِعٌ مِّنْ حَدِيدٍ (২১) كُلَّمَا أَرَادُوا أَنْ يَخْرُجُوا مِنْهَا مِنْ غَمٍّ أُعِيدُوا فِيهَا وَذُوقُوا عَذَابَ الْحَرِيقِ (২২)

(২২ সূরা الحج : آيَاتُهَا ২১-২২)

অর্থ : ২১. এবং (দোজখীদেরকে) শাস্তি দিবার জন্য লোহার গুর্জসমূহ রয়েছে। ২২. যখন তারা কঠিন আজাব হতে বের হবার চেষ্টা করবে, তখন ফেরেশতাগণ তাদেরকে ধাক্কা দিয়ে পুনরায় উক্ত আজাবের মধ্যে লিপ্ত করে দিবে এবং (উপহাস করে বলতে থাকবে) জ্বলন্ত অগ্নিকুণ্ডের স্বাদ গ্রহণ করতে থাক। (২২ সূরা আল হাজ্জ : আয়াত ২১-২২)

৪৮৮. দোজখীরা দোজখের প্রহরীদের প্রতি আবেদন করবে

أَدْعُوا رَبَّكُمْ يَخْفَفُ عَنَّا يَوْمًا مِّنَ الْعَذَابِ (২৭) (২৩ সূরা المؤمن : آيَاتُهَا ২৭)

অর্থ : ৪৯. (হে দোজখের প্রহরীগণ!) আপনারা আপন প্রতিপালকের নিকট আবেদন করুন, তিনি যেন কোন একদিন আমাদের শাস্তিকে একটু হাল্কা করে দেন। (২৩ সূরা আল মু'মিন : আয়াত ৪৯)

৪৮৯. দোজখের প্রহরীগণ বলবে তোমার নিকট কি আল্লাহ তা'আলার নবীগণ অকাট্য প্রমাণাদি নিয়ে আসেন নাই

قَالُوا أَوَلَمْ تَكُ تَأْتِيكُمُ رُسُلِكُم بِالْبَيِّنَاتِ ، قَالُوا بَلَى ، قَالُوا فَادْعُوا ، وَمَا دَعْوَا الْكُفْرَيْنَ إِلَّا فِي ضَلَالٍ

(৫০) (২০ সূরা المؤمن : آيَاتُهَا ৫০)

অর্থ : ৫০. দোজখের প্রহরীগণ বলবে তোমাদের নিকট কি আল্লাহ তা'আলার প্রেরিত নবীগণ অকাট্য প্রমাণাদি নিয়ে আসেননি? জাহান্নামীরা বলবে 'অবশ্যই এসেছিল।' প্রহরীরা বলবে, তবে তোমরাই প্রার্থনা কর; আর কাফিরদের প্রার্থনা ব্যর্থই হয়?

(৪০ সূরা আল মু'মিন : আয়াত ৫০)

৪৯০. দোজখীরা, দোজখের প্রহরীদের সর্দার মালেক ফেরেশতাকে বলবে

وَنَادُوا يُمْلِكُ لِيَقْضِ عَلَيْنَا رَبُّكَ ط قَالَ إِنَّكُمْ مُّكْتُومُونَ (৮৮) (২৩ সূরা الزخروف : آيَاتُهَا ৮৮)

অর্থ : ৭৭. হে মালেক ফেরেশতা! আপনি আপন প্রতিপালকের দরবারে প্রার্থনা করুন, তিনি যেন (মৃত্যু দিয়ে) আমাদের শাস্তির অবসান করে দেন। তিনি বলবেন : তোমরা তো এভাবেই থাকবে। (৪৩ সূরা যুখরুফ : আয়াত ৭৭)

৪৯১. দোজখীরা শেষ পর্যন্ত সরাসরি আল্লাহকে বলবে মেহেরবানী করে আমাদেরকে দোজখের অগ্নি হতে রক্ষা করুন

تَالُوا رَبَّنَا غَلَبَتْ عَلَيْنَا شِقْوَتُنَا وَكُنَّا قَوْمًا ضَالِّينَ (১০৬) رَبَّنَا أَخْرِجْنَا مِنْهَا فَإِنْ عُنَا فَإِنَّا ظَالِمُونَ (১০৮)

(২৩ সূরা মুমিনুন : আয়াত ১০৬-১০৮)

অর্থ : ১০৬. হে আমাদের পরওয়ারদেগার! যথাযথই আমাদের দুর্ভাগ্য ও বদবখ্তি আমাদেরকে ঘিরে ফেলেছিল এবং আমরা পথভ্রষ্ট ছিলাম। ১০৭. হে প্রতিপালক! আপনি মেহেরবানী করে আমাদেরকে এই দোজখের ভীষণ অগ্নি হতে রক্ষা করুন। অতঃপর যদি কখনও আমরা ঐরূপ গর্হিত কাজ করি, তা হলে নিশ্চয়ই আমরা জালেম ও অত্যাচারী সাব্যস্ত হব।

(২৩ সূরা মু'মিনুন : আয়াত ১০৬-১০৭)

৪৯২. আল্লাহ তা'আলা দোজখীদের বলবেন অনন্তকাল এই অভিশাপে লিপ্ত থাক

إِخْسَتُوا فِيهَا وَلَا تَكَلِّمُونِ (১০৮) (২৩) سورة المؤمنون : آياتها ١٠٨

অর্থ : ১০৮. অনন্তকাল যাবৎ এই অভিশাপে লিপ্ত থাক এবং আমার সাথে কোন বাক্যালাপ করো না।

(২৩ সূরা মুমিনুন : আয়াত ১০৮)

৪৯৩. জাহান্নামীরা বলবে, আমরা যদি শুনতাম বা বুদ্ধি খাটাতাম

قَالُوا بَلَىٰ قَدْ جَاءَنَا نَذِيرٌ ۚ فَكَذَّبْنَا وَقُلْنَا مَا نَزَّلَ اللَّهُ مِن شَيْءٍ إِنْ أَنْتُمْ إِلَّا فِي سُلَالٍ مَّكِينٍ (৯) وَقَالُوا لَوْ كُنَّا نَسْمَعُ أَوْ نَعْقِلُ مَا كُنَّا

فِي أَصْحَابِ السَّعِيرِ (১০) فَاعْتَرَفُوا بِذُنُوبِهِمْ ۚ فَسَحَقًا لِأَصْحَابِ السَّعِيرِ (১১) (৬৭) سورة الملك : آياتها ৯-১১

অর্থ : ৯. তারা বলবে : হাঁ আমাদের কাছে সতর্ককারী আগমন করেছিল, অতঃপর আমরা মিথ্যারোপ করেছিলাম এবং বলেছিলাম : আল্লাহ তা'আলা কোন কিছু নাযিল করেননি। তোমরা মহাবিভ্রান্তিতে পড়ে রয়েছ। ১০. তারা আরও বলবে : যদি আমরা শুনতাম অথবা বুদ্ধি খাটাতাম, তবে আমরা জাহান্নামবাসীদের মধ্যে থাকতাম না। ১১. অতঃপর তারা তাদের অপরাধ স্বীকার করবে। জাহান্নামীরা দূর হোক। (৬৭ সূরা আল মুলক : আয়াত ৯-১১)

৪৯৪. যারা অবাধ্য হয়, তাদের ঠিকানা জাহান্নাম

وَأَمَّا الَّذِينَ فَسَقُوا فَمَأْوَهُمُ النَّارُ كُلَّمَا أَرَادُوا أَنْ يَخْرُجُوا مِنْهَا أُعِيدُوا فِيهَا وَقِيلَ لَهُمْ ذُوقُوا عَذَابَ النَّارِ الَّتِي كُنْتُمْ بِهَا تُكَذِّبُونَ  
(২০) (২২) سُورَةُ السَّجْدَةِ : آيَاتُهَا (২০)

অর্থ : ২০. পক্ষান্তরে যারা অবাধ্য হয়, তাদের ঠিকানা জাহান্নাম। যখনই তারা জাহান্নাম থেকে বের হতে চাইবে, তখনই তাদেরকে তথায় ফিরিয়ে দেয়া হবে এবং তাদেরকে বলা হবে, তোমরা জাহান্নামের যে আযাবকে মিথ্যা বলতে, তার স্বাদ আন্বাদন কর। (৩২ সূরা সাজদাহ : আয়াত ২০)

৪৯৫. দোজখ ঐ সমস্ত লোকদেরকে আহ্বান করবে, যারা আল্লাহর গোলামী হতে মুখ ফিরিয়েছে

تَدْعُوا مَنْ أَدْبَرَ وَتَوَلَّى (۱۷) وَجَمَعَ فَأَوْعَى (۱۸) (۷۰) سُورَةُ الْمَعَارِجِ : آيَاتُهَا (১৮-১৭)

অর্থ : ১৭. দোজখ ঐ সমস্ত লোকদেরকে নিজের দিকে আহ্বান করবে, (যারা হক্ক রাস্তাকে) পৃষ্ঠ প্রদর্শন করেছে এবং (আল্লাহ তা'য়ালার গোলামী হতে) মুখ ফিরিয়েছে ১৮. এবং (অবৈধভাবে ধন-সম্পদকে) জমা করে সংরক্ষিত করছে।

(সূরা আল মা'আরিজ : আয়াত ১৭-১৮)

৪৯৬. তোমরা অবশ্যই জাহান্নাম দেখবে

لَتَرَوُنَّ الْجَحِيمَ (۶) ثُمَّ لَتَرَوْهَا عَيْنَ الْيَقِينِ (۷) ثُمَّ لَتَسْتَلْنَ يَوْمَئِذٍ عَنِ النَّعِيمِ (۸) (۱۰۲) سُورَةُ التَّكْوِيْنِ : آيَاتُهَا (৬-৮-৭)

অর্থ : ৬. তোমরা অবশ্যই জাহান্নাম দেখবে, ৭. অতঃপর তোমরা তা অবশ্যই দেখবে দিব্য-প্রত্যয়ে, ৮. এরপর অবশ্যই সেদিন তোমরা নিয়ামত সম্পর্কে জিজ্ঞাসিত হবে। (১০২ সূরা তাকাসুর : আয়াত ৬-৮)

৪৯৭. হে আমাদের পালনকর্তা! আমাদেরকে উদ্ধার কর

الَّذِينَ كَفَرُوا هُمْ أَكْثَرُ (۱) أَلَمْ تَكُنْ أَتَىٰ تَتْلَىٰ عَلَيْهِمْ فَاكْتُمُ بِهَا تَكْذِبُونَ (۱۰۵) قَالُوا رَبَّنَا غَلَبَتْ عَلَيْنَا شِقْوَتُنَا وَكُنَّا قَوْمًا ضَالِّينَ (۱۰۶) رَبَّنَا أَخْرِجْنَا مِنْهَا فَإِنَّا ظَالِمُونَ (۱۰৮) قَالَ اخْسَئُوا فِيهَا وَلَا تُكَلِّمُون (۱۰৮) (۲۳) سُورَةُ الْمُؤْمِنُونَ : آيَاتُهَا (১০৮-১০৫)

অর্থ : ১০৫. তোমাদের সামনে কি আমার আয়াতসমূহ পঠিত হত না? তোমরা তো সেগুলোকে মিথ্যা বলতে। ১০৬. তারা বলবে : হে আমাদের পালনকর্তা, আমরা দুর্ভাগ্যের হাতে পরাভূত ছিলাম এবং আমরা ছিলাম বিভ্রান্ত জাতি। ১০৭. হে আমাদের পালনকর্তা! এ থেকে আমাদেরকে উদ্ধার কর; আমরা যদি পুনরায় তা করি, তবে আমরা গোনাহগার হব। ১০৮. আল্লাহ বলবেন : তোমরা দিকৃত অবস্থায় এখানেই পড়ে থাক এবং আমার সাথে কোন কথা বলো না।

(২৩ সূরা আল মু'মিনুন : আয়াত ১০৫-১০৮)

৪৯৮. দোজখীদের চর্মসমূহ খসে পড়লে সেখানে নতুন চর্ম তৈরি করে দেয়া হবে

كَلِمًا نَضِجَتْ جُلُودُهُمْ بَدَلْنَاهُمْ جُلُودًا غَيْرَهَا لِيَذُوقُوا الْعَذَابَ (۵۶) (سورة النساء: آياتها ۵۶)

অর্থ : ৫৬. যখন তাদের (দোজখীদের) শরীরের চর্মসমূহ আগুনে জ্বলে খসে পড়বে তখনই (আমি আল্লাহ সেখানে) নতুন চর্ম তৈরি করে দিবে যেন তারা আযাব আস্থাদন করতে পারে। (৪ সূরা আল নিসা : আয়াত ৫৬)

৪৯৯. পাপিষ্ঠ শয়তান দোজখীদেরকে বলবে তোমরা নিজেদের আত্মাকেই ধিক্কার দাও

وَقَالَ الشَّيْطَانُ لَمَّا قُضِيَ الْأَمْرُ إِنَّ اللَّهَ وَعَدَكُمْ وَعَدَ الْحَقُّ وَوَعَدْتُكُمْ فَأَخْلَفْتُكُمْ وَمَا كَانَ لِي عَلَيْكُمْ مِنْ سُلْطَانٍ إِلَّا أَنْ دَعَوْتُكُمْ فَاسْتَجَبْتُمْ لِي فَلَا تَلُمُونِي وَلَوْلَا أَنْفُسُكُمْ مَا آتَاكُمْ بِصُحُفِكُمْ وَمَا أَنْتُمْ بِمُصْرِحِينَ بِمَا أَشْرَكْتُمْ مِنْ قَبْلُ إِنَّ لَكُمْ لَعْنَةً مِنْ رَبِّ الْعَالَمِينَ (۱۳) سوره ابراهيم: آياتها (۲۲)

অর্থ : ২২. যখন বিচার কার্য সম্পন্ন হবে, তখন শয়তান বলবে আল্লাহ তো তোমাদেরকে ওয়াদা করেছিলেন সত্য ওয়াদা। আমিও তোমাদেরকে ওয়াদা দিয়েছিলান কিন্তু তা ভংগ করেছি তোমাদের উপর আমার কোন কর্তৃত্ব ছিল না। আমি শুধু মাত্র তোমাদেরকে অন্যায়ের পথে আহ্বান করেছি। তোমরা তাতে সাড়া দিয়েছ। এখন আমাকে অভিশপ্ত করে তোমাদের কি লাভ হবে, তোমরা নিজেদের আত্মাকেই ধিক্কার দাও। আজ আমিও তোমাদের সাহায্যকারী নই। তোমরাও আমার সাহায্যকারী নও। তোমরা যে পূর্বে আমাকে আল্লাহর সহিত শরীক করেছিলে আমি তা অস্বীকার করছি। যালিদের জন্যে তো ভয়ংকর শাস্তি রয়েছে। (১৪ সূরা ইব্রাহীম : আয়াত ২২)

৫০০. দোজখীরা, তাদেরকে বিপথে পরিচালনাকারীদেরকে প্রশ্ন করবে

إِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ أَنْتُمْ مُغْنُونَ عَنَّا مِنْ عَذَابِ اللَّهِ مِنْ شَيْءٍ ط (۲۱) (۱۳) سوره ابراهيم: آياتها (۲۱)

অর্থ : ২১. নিশ্চয়ই আমরা তোমাদেরকে অনুসরণ করেছিলাম। অদ্য কি তোমরা, আমাদের উপর হতে আল্লাহ তাআলার কঠিন আজাবকে বিন্দুমাত্র ও লাঘব করতে সক্ষম? (১৪ সূরা ইব্রাহীম : আয়াত ২১)

৫০১. দোজখীদেরকে বিপথে পরিচালনাকারীরা বলবে, অদ্য আমাদের ও তোমাদের কারো কোন রক্ষা নেই

قَالُوا لَوْ أهدنا اللَّهُ لَهُمْ يَنْكُرُ ط سَوَاءٌ عَلَيْنَا أَجْرَعْنَا أَمْ سَبَرْنَا مَا لَنَا مِنْ مَحِيصٍ (۲۱) (۱۳) سوره ابراهيم: آياتها (۲۱)

অর্থ : ২১. তারা বলবে : যদি আল্লাহ তা'আলা আমাদেরকে হেদায়েত করতেন, আমরা তোমাদেরকে সরল পথে চালিত করতাম। আজ আমরা ধৈর্যবল্বন করি অথবা অধৈর্য হয়ে ছটফট করতে থাকি, সবই আমাদের পক্ষে সমান। কারণ আমাদের কোন রক্ষা নাই। (১৪ সূরা ইব্রাহীম : আয়াত ২১)

৫০২. তাদের অন্তর আছে অথচ তারা বুঝে না, চক্ষু আছে অথচ দেখে না, কর্ণ আছে অথচ শুনে না

وَلَقَدْ ذَرَأْنَا لِجَهَنَّمَ كَثِيرًا مِّنَ الْجِنِّ وَالْإِنسِ لَهُمْ قُلُوبٌ لَا يَفْقَهُونَ بِهَا وَلَهُمْ أَعْيُنٌ لَا يُبْصِرُونَ بِهَا وَلَهُمْ أَذَانٌ لَا يَسْمَعُونَ  
بِهَا ط أُولَٰئِكَ كَانُوا لِنِعْمِ رَبِّهِمْ أَصْلًا ط أُولَٰئِكَ هُمُ الْغَافِلُونَ (۱۴۹) (سورة الاعراف آیاتہا: ۱۴۹)

অর্থ : ১৭৯. নিশ্চয়ই আমি দোজখের জন্যে একরূপ বহু সংখ্যক জ্বিন ও মানব জাতিকে সৃষ্টি করেছি যাদের অন্তর আছে অথচ তারা বুঝে না এবং যাদের চক্ষু আছে অথচ তারা দেখে না এবং যাদের কর্ণ আছে অথচ তারা শুনে না। তারা পশুর সমতুল্য বরং তার চেয়েও অধম! তারাই প্রকৃত গাফেল। (৭ সূরা আ'রাফ : আয়াত ১৭৯)

৫০৩. বলা হবে দহন শাস্তি আস্থাদন কর

يُصْهَرُ بِهِ مَا فِي بُطُونِهِمْ وَالْجُلُودُ (২০) وَلَهُمْ مَقَامِعٌ مِنْ حَدِيدٍ (২১) كَلِمًا أَرَادُوا أَنْ يَخْرُجُوا مِنْهَا مِنْ غَمٍّ أُعِينُوا فِيهَا قَدْ وَثِقُوا  
عَنْ أَبِي الْحَرِيقِ (২২) إِنَّ اللَّهَ يَدْخُلُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ يُكَلِّفُونَ فِيهَا مِنْ أَسْوَرٍ مِنْ  
ذَهَبٍ وَكُلُوفًا عَلَيْهَا صَبْرًا حَرِيرًا (২৩) (২২) سُورَةُ الْحَجِّ : آيَاتُهَا ٢٠-٢٣

অর্থ : ২০. তাদের পেটে যা আছে, তা এবং চর্ম গলে বের হয়ে যাবে। ২১. তাদের জন্যে আছে লোহার হাতুড়ি। ২২. তারা যখনই যন্ত্রণায় অতিষ্ঠ হয়ে জাহান্নাম থেকে বের হতে চাইবে, তখনই তাদেরকে তাতে ফিরিয়ে দেয়া হবে। বলা হবে : দহনশাস্তি আস্থাদন কর। ২৩. নিশ্চয় যারা বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে, আল্লাহ তাদেরকে দাখিল করবেন উদ্যানসমূহে, যার তলদেশ দিয়ে নির্ঝরিতীসমূহ প্রবাহিত হবে। তাদেরকে তথায় স্বর্ণ-কংকন ও মুক্তা দ্বারা অলংকৃত করা হবে এবং তথায় তাদের পোশাক হবে রেশমী। (২২ সূরা হাজ্জ : আয়াত ২০-২৩)

৫০৪. বলা হবে “এই সেই অগ্নি যাকে তোমরা মিথ্যা বলতে”

يَوْمَ يُدْعَوْنَ إِلَى نَارٍ جَهَنَّمَ دَعَا (১৩) هَذِهِ النَّارُ الَّتِي كُنْتُمْ بِهَا تُكْفِرُونَ (১৪) أَفَسِحْرٌ هَذَا أَمْ أَنْتُمْ لَا تَبْصِرُونَ (১৫) إِصْلَوْهَا فَاصْبِرُوا  
وَأُولَا تَصْبِرُوا سَوَاءٌ عَلَيْكُمْ إِنَّمَا تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُونَ (১৬) (১৫) سُورَةُ الطُّورِ : آيَاتُهَا ١٣-١٦

অর্থ : ১৩. যেদিন তোমাদেরকে জাহান্নামের অগ্নির দিকে ধাক্কা মেরে মেরে নিয়ে যাওয়া হবে। ১৪. এবং বলা হবে : এই সেই অগ্নি, যাকে তোমরা মিথ্যা বলতে, ১৫. এটা কি জাদু, না তোমরা চোখে দেখছ না? ১৬. এতে প্রবেশ কর অতঃপর তোমরা সবর কর অথবা না কর, উভয়ই তোমাদের জন্য সমান। তোমরা যা করতে তোমাদেরকে কেবল তারই প্রতিফল দেয়া হবে।

(১৫ সূরা আত-তুর : আয়াত ১৩-১৬)

৫০৫. আল্লাহ প্রত্যেককে তার কৃতকর্মের প্রতিদান দেন

وَتَرَى الْمُجْرِمِينَ يَوْمَئِذٍ مُقَرَّنِينَ فِي الْأَصْفَادِ (৩৯) سَرَابِيلُهُمْ مِنْ قَطَرَانٍ وَتَغْشَى وُجُوهَهُمُ النَّارُ (৫০) لِيَجْزِيَ اللَّهُ كُلَّ نَفْسٍ مَا  
كَسَبَتْ إِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ (৫১) (৩৯) سُورَةُ إِبرَاهِيمَ : آيَاتُهَا ٣٩-٥١

অর্থ : ৪৯. তুমি ঐদিন পাপীদেরকে পরস্পরে শৃংখলাবদ্ধ দেখবে। ৫০. তাদের জামা হবে দাহ্য আলকাতরার এবং তাদের মুখমণ্ডলকে আগুন আচ্ছন্ন করে ফেলবে। ৫১. যাতে আল্লাহ প্রত্যেককে তার কৃতকর্মের প্রতিদান দেন। নিশ্চয় আল্লাহ দ্রুত হিসাব গ্রহণকারী। (১৪ সূরা ইব্রাহীম : আয়াত ৪৯-৫১)

## Allahar Sristi

৫০৬. মানুষ তো সৃষ্টি করা হয়েছে অস্থিরচিন্তরূপে

إِنَّ الْإِنْسَانَ خَلِقَ هَلُوعًا (۱۹) إِذَا مَسَّهُ الشَّرُّ جَزُوعًا (۲۰) وَإِذَا مَسَّهُ الْخَيْرُ مَنُوعًا (۲۱) (۴۰) سُورَةُ الْمَعَارِجِ : آيَاتُهَا ۲۱-۱۹

অর্থ : ১৯. মানুষ তো সৃজিত হয়েছে অতি অস্থিরচিন্তরূপে। ২০. যখন তাকে অনিষ্ট স্পর্শ করে, তখন সে হা-হতাশ করে। ২১. আর যখন কল্যাণপ্রাপ্ত হয়, তখন কৃপণ হয়ে যায়। (৭০ সূরা আল-মআরিজ : আয়াত ১৯-২১)

৫০৭. নারীদের উপর পুরুষদের শ্রেষ্ঠত্ব রয়েছে

وَالْمُطَلَّقَاتُ يَتَرَبَّصْنَ بِأَنْفُسِهِنَّ ثَلَاثَةَ قُرُوءٍ ۗ وَلَا يَحِلُّ لَهُنَّ أَنْ يَكْتُمْنَ مَا خَلَقَ اللَّهُ فِي أَرْحَامِهِنَّ إِن كُنَّ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۗ وَبَعَوْلَتَهُمْ أَحَقُّ بِرَدِّهِنَّ فِي ذَلِكَ إِنْ أَرَادُوا إِصْلَاحًا ۗ وَلَهُنَّ مِثْلُ الَّذِي عَلَيْهِنَّ بِالْمَعْرُوفِ ۗ وَلِلرِّجَالِ عَلَيْهِمْ دَرَجَةٌ ۗ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ (۲۲۸) (۲) سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ۲۲۸

অর্থ : ২২৮. আর তালাকপ্রাপ্তা নারী নিজেকে অপেক্ষায় রাখবে তিন হায়েয পর্যন্ত। আর যদি সে আল্লাহর প্রতি এবং আখেরাত দিবসের উপর ঈমানদার হয়ে থাকে, তাহলে আল্লাহ যা তার জরায়ুতে সৃষ্টি করেছেন তা লুকিয়ে রাখা জায়েয নয়। আর যদি সন্দেহ রেখে চলতে চায়, তাহলে তাদেরকে ফিরিয়ে নেবার অধিকার তাদের স্বামীরা সংরক্ষণ করে। আর পুরুষদের যেমন স্ত্রীদের উপর অধিকার রয়েছে, তেমনিভাবে স্ত্রীদেরও অধিকার রয়েছে পুরুষ উপর অধিকার রয়েছে, তেমনিভাবে স্ত্রীদেরও অধিকার রয়েছে পুরুষদের উপর নিয়ম অনুযায়ী। আর নারীদের ওপর পুরুষদের শ্রেষ্ঠত্ব রয়েছে। আর আল্লাহ হচ্ছে পরাক্রমশালী, বিজ্ঞ।

(২ সূরা বাক্বারা : আয়াত ২২৮)

৫০৮. মানুষ কি মনে করে যে, তাকে এমনি ছেড়ে দেয়া হবে

أُولَىٰ لَكَ فَأُولَىٰ (۳۳) ثُمَّ أُولَىٰ لَكَ فَأُولَىٰ (۳۵) أَيَحْسَبُ الْإِنْسَانُ أَنْ يُتْرَكَ سَوًى (۳۶) أَلَمْ يَكُنْ نَاطِقًا مِّن مِّنَىٰ يَمِينِي (۳۷) (۴۵) سُورَةُ الْقِيَامَةِ : آيَاتُهَا ۳۷-۳۴

অর্থ : ৩৪. তোমার দুর্ভোগের উপর দুর্ভোগ। ৩৫. অতঃপর তোমার দুর্ভোগের উপর দুর্ভোগ। ৩৬. মানুষ কি মনে করে যে, তাকে এমনি ছেড়ে দেয়া হবে? ৩৭. সে কি স্থলিত বীর্য ছিল না? (৭৫ সূরা আল কিয়ামাহ : আয়াত ৩৪-৩৭)



৫০৯. সে কি মনে করে যে, তার অর্থ চিরকাল তার সাথে থাকবে

وَيَلَّ لِكُلِّ هَمَزَةٍ لُّمَزَةٌ (۱) الَّذِي جَمَعَ مَالًا وَعَدَّدَهُ (۲) يَحْسَبُ أَنَّ مَالَهُ أَخْلَدَهُ (۳) كَلَّا لَيُنْبَنَنَّ فِي الْكُفَّةِ (۴)

(১০৩ সূরা মুম্বা : আয়াত ১-৩)

অর্থ : ১. প্রত্যেক পশ্চাতে ও সম্মুখে পরনিন্দাকারীর দুর্ভোগ ২. যে অর্থ সঞ্চিত করে গণনা করে ৩. সে মনে করে যে, তার অর্থ চিরকাল তার সাথে থাকবে। ৪. কখনও না, সে অবশ্যই নিষ্কিঞ্চ হবে পিষ্টকারী জাহান্নামের মধ্যে।

(১০৪ সূরা হুমাযাহ : আয়াত ১-৪)

৫১০. যারা ঈমান আনে ও সৎকর্ম করে তারাই সৃষ্টির সেরা

إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ ۖ أُولَٰئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ (۷) جَزَاءُ مِمَّنْ عِنْدَ رَبِّهِمْ جَنَّاتٌ عَنَّا يَجْرِي مِنَ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا ۖ رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ ۗ ذَٰلِكَ لِمَنْ خَشِيَ رَبَّهُ (۸) (۹۸ سُوْرَةُ الْبَيِّنَةِ : آيَاتُهَا ۷-۸)

অর্থ : ৭. যারা ঈমান আনে ও সৎকর্ম করে, তারাই সৃষ্টির সেরা। ৮. তাদের পালনকর্তার কাছে রয়েছে তাদের প্রতিদান চিরকাল বসবাসের জান্নাত, যার তলদেশে নির্ঝরনী প্রবাহিত। তারা সেখানে থাকবে অনন্তকাল। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারা আল্লাহর প্রতি সন্তুষ্ট। এটা তার জন্যে, যে তার পালনকর্তাকে ভয় করে। (৯৮ সূরা বাইয়্যিনাহ : আয়াত ৭-৮)

৫১১. মানুষকে সৃষ্টি করা হয়েছে সবেগে স্থলিত পানি হতে

فَلْيَنْظُرِ الْإِنْسَانُ مِمَّ خُلِقَ (۵) خُلِقَ مِنْ مَّاءٍ دَافِقٍ (۶) يَخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَائِبِ (۷) (۸۶ سُوْرَةُ الطَّارِقِ : آيَاتُهَا ۵-৭)

অর্থ : ৫. অতএব, মানুষের দেখা উচিত কি বস্তু থেকে সে সৃজিত হয়েছে। ৬. সে সৃজিত হয়েছে সবেগে স্থলিত পানি থেকে। ৭. এটা নির্গত হয় মেরুদণ্ড ও বক্ষপাজরের মধ্য থেকে। (৮৬ সূরা অতত তারিক : আয়াত ৫-৭)

৫১২. হে জিন ও মানবকুল ছাড়পত্র ব্যতীত তোমরা নভোমণ্ডল ও ভূমণ্ডলের প্রাপ্ত অতিক্রম করতে পারবে না

يُمَعَّرَ الْجِنَّ وَالْإِنْسَانُ إِنْ اسْتَطَعْتُمْ أَنْ تَنْفُذُوا مِنْ أَقْطَارِ السَّمَوَاتِ وَالْأَرْضِ فَانْفُذُوا ۗ لَا تَنْفُذُونَ إِلَّا بِسُلْطَانٍ (۳۳)

(৫৫ সূরা রহম্ব : আয়াত ৩৩)

অর্থ : ৩৩. হে জিন ও মানবকুল, নভোমণ্ডল ও ভূমণ্ডলের প্রাপ্ত অতিক্রম করা যদি তোমাদের সাধ্যে কুলায়, তবে অতিক্রম কর। কিন্তু ছাড়পত্র ব্যতীত তোমরা তা অতিক্রম করতে পারবে না। (৫৫ সূরা আর রাহমান : আয়াত ৩৩)

৫১৩. আল্লাহর পরিবর্তে তোমরা যাদের পূজা কর তারা একটি মাছিও সৃষ্টি করতে পারবে না

يَا أَيُّهَا النَّاسُ ضُرِبَ مَثَلٌ فَاستَمِعُوا لَهُ ط إِنَّ الَّذِينَ تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ لَنْ يَخْلُقُوا ذُبَابًا وَلَوْ اجْتَمَعُوا لَهُ ط وَإِنْ يَسئَلْهُمْ الذُّبَابُ شَيْئًا لَا يَسْتَنْقِذُوهُ مِنْهُ ط ضَعُفَ الطَّالِبُ وَالْمَطْلُوبُ (٤٣) مَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ ط إِنَّ اللَّهَ لَعَزِيزٌ (٤٤)

(২২ সূরা আল্‌হাজ্জ : আয়াত ৯৩-৯৪)

অর্থ : ৯৩. হে লোক সকল! একটি উপমা বর্ণনা করা হলো, অতএব তোমরা তা মনোযোগ দিয়ে শোন; তোমরা আল্লাহর পরিবর্তে যাদের পূজা কর, তারা কখনও একটি মাছি সৃষ্টি করতে পারবে না, যদিও তারা সকলে একত্রিত হয়। আর মাছি যদি তাদের কাছ থেকে কোন কিছু ছিনিয়ে নেয়, তবে তারা তার কাছ থেকে তা উদ্ধার করতে পারবে না। প্রার্থনাকারী ও যার কাছে প্রার্থনা করা হয়, উভয়েই শক্তিহীন। ৯৪. তারা আল্লাহর যথাযোগ্য মর্যাদা বোঝেনি। নিশ্চয় আল্লাহ শক্তিদর, পরাক্রমশীল।

(২২ সূরা হাজ্জ : আয়াত ৯৩-৯৪)

৫১৪. আল্লাহ যদি রাত্রিকে কিয়ামত পর্যন্ত স্থায়ী করে তবে কে তোমাদেরকে আলো দিতে পারে

قُلْ أَرَأَيْتُمْ إِنْ جَعَلَ اللَّهُ عَلَيْكُمُ اللَّيْلَ سَرْمَدًا إِلَى يَوْمِ الْقِيَامَةِ مَنْ إِلَهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُمْ بِضِيَاءٍ أَمْ أَفَلَا تَسْمَعُونَ (৫১) قُلْ أَرَأَيْتُمْ إِنْ جَعَلَ اللَّهُ عَلَيْكُمُ النَّهَارَ سَرْمَدًا إِلَى يَوْمِ الْقِيَامَةِ مَنْ إِلَهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُمْ بِاللَّيْلِ تَسْكُونُونَ فِيهِ أَمْ أَفَلَا تُبْصِرُونَ (৫২) وَمِنْ رَحْمَتِهِ جَعَلَ لَكُمُ اللَّيْلَ وَالنَّهَارَ لِتَسْكُنُوا فِيهِ وَلِتَبْتَغُوا مِنْ فَضْلِهِ وَلِعَلَّكُمْ تَشْكُرُونَ (৫৩) (سُورَةُ الْقَصَصِ : آيَاتُهَا ৫১-৫৩)

অর্থ : ৭১. বলুন, ভেবে দেখতো, আল্লাহ যদি রাত্রিকে কেয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, তবে আল্লাহ ব্যতীত এমন উপাস্য কে আছে, যে তোমাদেরকে আলোক দান করতে পারে? তোমরা কি তবুও কর্ণপাত করবে না? ৭২. বলুন, ভেবে দেখ তো, আল্লাহ যদি দিনকে কেয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, তবে আল্লাহ ব্যতীত এমন উপাস্য কে আছে যে তোমাদেরকে রাত্রি দান করতে পারে, যাতে তোমরা বিশ্রাম করবে? তোমরা কি তবুও ভেবে দেখবে না? ৭৩. তিনিই স্বীয় রহমতে তোমাদের জন্য রাত ও দিন করেছেন, যাতে তোমরা তাতে বিশ্রাম গ্রহণ কর ও তাঁর অনুগ্রহ অন্বেষণ কর এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর।

(২৮ সূরা আল কাসাস : আয়াত ৭১-৭৩)

৫১৫. তিনি তো তোমাদের জন্য রাত্রিকে করেছেন আবরণ নিদ্রাকে বিশ্রাম

وَهُوَ الَّذِي جَعَلَ لَكُمُ اللَّيْلَ لِبَاسًا وَالنَّوْمَ سُبَاتًا وَجَعَلَ النَّهَارَ نُشُورًا (৩৮) وَهُوَ الَّذِي أَرْسَلَ الرِّيحَ بُشْرًا بَيْنَ يَدَيْ رَحْمَتِهِ وَأَنْزَلْنَا مِنَ السَّمَاءِ مَاءً طَهُورًا (৩৯) لِنَحْيِيَ بِهٖ بَلَدًا مَيِّتًا وَنَسْقِيَهُ مِمَّا خَلَقْنَا أَنْعَامًا وَأَنَاسِي كَثِيرًا (৩৯)

(سُورَةُ الْفُرْقَانِ : آيَاتُهَا ৩৮-৩৯)

অর্থ : ৪৭. তিনিই তো তোমাদের জন্যে রাত্রিকে করেছেন আবরণ, নিদ্রাকে বিশ্রাম এবং দিনকে করেছেন বাইরে গমনের জন্যে। ৪৮. তিনিই স্বীয় রহমতের প্রাকালে বাতাসকে সুসংবাদবাহীরূপে প্রেরণ করেন। এবং আমি আকাশ থেকে পবিত্রতা অর্জনের জন্যে পানি বর্ষণ করি, ৪৯. তদ্বারা মৃত ভূভাগকে সঞ্জীবিত করার জন্যে এবং আমার সৃষ্ট জীবজন্তু ও অনেক মানুষের তৃষ্ণা নিবারণের জন্যে। (২৫ সূরা আল ফুরকান : আয়াত ৪৭-৪৯)

৫১৬. আল্লাহ সপ্ত আকাশ স্তরে স্তরে সৃষ্টি করেছেন যাতে কোন ত্রুটি নাই

الَّذِي خَلَقَ سَبْعَ سَمَوَاتٍ طِبَاقًا مَّا تَرَى فِي خَلْقِ الرَّحْمَنِ مِن تَفْوُوتٍ ط فَارْجِعِ الْبَصَرَ هَل تَرَى مِن فُطُورٍ (۳) ثُمَّ ارْجِعِ الْبَصَرَ كَرَّتَيْنِ يَنْقَلِبْ إِلَيْكَ الْبَصَرُ خَاسِنًا وَهُوَ حَسِيرٌ (۴) (۶۴ سُوْرَةُ الْبَلَدِ : آيَاتُهَا ۳-۴)

অর্থ : ৩. তিনি সপ্ত আকাশ স্তরে স্তরে সৃষ্টি করেছেন। তুমি করুণাময় আল্লাহ তা'আলার সৃষ্টিতে কোন তফাত দেখতে পাবে না। আবার দৃষ্টি ফিরাও; কোন ফাটল দেখতে পাও কি? ৪. অতঃপর তুমি বার বার তাকিয়ে দেখ-তোমার দৃষ্টি ব্যর্থ ও পরিশ্রান্ত হয়ে তোমার দিকে ফিরে আসবে। (৬৭ সূরা আল মুলক : আয়াত ৩-৪)

৫১৭. আল্লাহ খুঁটি ব্যতীত আকাশমণ্ডলী সৃষ্টি করেছেন

خَلَقَ السَّمَوَاتِ بِغَيْرِ عَمَدٍ تَرَوْنَهَا وَآلَقَى فِي الْأَرْضِ رَوَاسِيَ أَن تَمِيدَ بِكُمْ وَبَثَّ فِيهَا مِن كُلِّ دَابَّةٍ ط وَأَنْزَلْنَا مِنَ السَّمَاءِ مَاءً فَأَنْبَتْنَا فِيهَا مِن كُلِّ زَوْجٍ كَرِيمٍ (۱۰) (۳۱ سُوْرَةُ لُقْمَانَ : آيَاتُهَا ۱۰)

অর্থ : ১০. তিনি খুঁটি ব্যতীত আকাশমণ্ডলী সৃষ্টি করেছেন; তোমরা তা দেখছ। তিনি পৃথিবীতে স্থাপন করেছেন পর্বতমালা, যাতে পৃথিবী তোমাদেরকে নিয়ে চলে না পড়ে এবং এতে ছড়িয়ে দিয়েছেন সর্বপ্রকার জন্তু। আমি আকাশ থেকে পানি বর্ষণ করেছি, অতঃপর তাতে উদগত করেছি সর্বপ্রকার কল্যাণকর উদ্ভিদরাজি। (৩১ সূরা লোকমান : আয়াত ১০)

৫১৮. বলুন, সপ্তাকাশ ও মহাআরশের মালিক কে?

قُلْ مَنْ رَبُّ السَّمَوَاتِ السَّبْعِ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيمِ (۸۶) سَيَقُولُونَ لِلَّهِ ط قُلْ أَفَلَا تَتَّقُونَ (۸۷) قُلْ مَنْ فِي بَيْنِهِ مَلَكُوتٌ كُلِّ شَيْءٍ وَهُوَ يُحِيطُ بِمَا لَا يَحِيطُ بِهِ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ (۸۸) (۲۳ سُوْرَةُ الْمُؤْمِنُونَ : آيَاتُهَا ۸۶-۸৮)

অর্থ : ৮৬. বলুন : সপ্তাকাশ ও মহাআরশের মালিক কে? ৮৭. এখন তারা বলবে : আল্লাহ। বলুন, তবুও কি তোমরা ভয় করবে না? ৮৮. বলুন : তোমাদের জানা থাকলে বল, কার হাতে সব বস্তুর কর্তৃত্ব, যিনি রক্ষা করেন এবং যার কবল থেকে কেউ রক্ষা করতে পারে না? (২৩ সূরা আল মু'মিনুন : আয়াত ৮৬-৮৮)

৫১৯. আল্লাহ নভোমণ্ডল, ভূমণ্ডল ও এ দুয়ের মধ্যবর্তী সবকিছু ছয় দিনে সৃষ্টি করেছেন।

اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَى عَلَى الْعَرْشِ ط مَا لَكُمْ مِّنْ دُونِهِ مِن وَّلِيٍّ وَلَا شَفِيعٍ ط أَفَلَا تَتَذَكَّرُونَ (۴) يُدَبِّرُ الْأَمْرَ مِنَ السَّمَاءِ إِلَى الْأَرْضِ ثُمَّ يَعْرُجُ إِلَيْهِ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ أَلْفَ سَنَةٍ مِّمَّا تَعُدُّونَ (۵)

(۳۲ سُوْرَةُ السَّجْدَةِ : آيَاتُهَا ৩-৫)

অর্থ : ৫. আল্লাহ, যিনি নভোমণ্ডল, ভূমণ্ডল ও এতদুভয়ের মধ্যবর্তী সবকিছু ছয় দিনে সৃষ্টি করেছেন, অতঃপর তিনি আরশে বিরাজমান হয়েছেন। তিনি ব্যতীত তোমাদের কোন অভিভাবক ও সুপারিশকারী নেই। এরপরও কি তোমরা বুঝবে না? ৫. তিনি আকাশ থেকে পৃথিবী পর্যন্ত সমস্ত কর্ম পরিচালনা করেন, অতঃপর তা তাঁর কাছে পৌছবে এমন এক দিনে, যার পরিমাণ তোমাদের গণনায় হাজার বছরের সমান। (৩২ সূরা সাজদাহ : আয়াত ৪-৫)

## ৫২০. নভোমণ্ডল ও ভূমণ্ডলে সব তাঁরই অনুগত

وَلَهُ مَنْ فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ ط كُلُّ لَّهُ قُنُوتٌ (۲۶) وَهُوَ الَّذِي يَبْدُؤُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ وَهُوَ أَهْوَنُ عَلَيْهِ ط وَلَهُ الْمَثَلُ الْأَعْلَىٰ فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ (۲۷) (سُورَةُ الرَّؤُوفِ : آيَاتُهَا ۲۶-۲۷)

অর্থ : ২৬. নভোমণ্ডলে ও ভূমণ্ডলে যা কিছু আছে, সব তাঁরই। সবাই তাঁর অনুগত। ২৭. তিনিই প্রথমবার সৃষ্টিকে অস্তিত্বে আনয়ন করেন, অতঃপর পুনর্বার তিনি সৃষ্টি করবেন। এটা তাঁর জন্যে সহজ। আকাশ ও পৃথিবীতে সর্বোচ্চ মর্যাদা তাঁরই এবং তিনিই পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (৩০ সূরা আর রুফ : আয়াত ২৬-২৭)

## ৫২১. আল্লাহ নভোমণ্ডল, ভূমণ্ডল ও এতদোভয়ের অন্তর্বর্তী সবকিছু ছয় দিনে সৃষ্টি করেছেন

الَّذِي خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ وَمَا بَيْنَهُمَا فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ الرَّحْمَنُ فَسَأَلُ بِهِ خَبِيرًا (۵۹) وَإِذَا قِيلَ لَهُمُ اسْجُدُوا لِلرَّحْمَنِ قَالُوا وَمَا الرَّحْمَنُ أَنَسْجُدُ لِمَا تَأْمُرُنَا وَزَادَهُمْ نُفُورًا (۶۰) (سُورَةُ الْفُرْقَانِ : آيَاتُهَا ۵۹-۶০)

অর্থ : ৫৯. তিনি নভোমণ্ডল, ভূমণ্ডল ও এতদোভয়ের অন্তর্বর্তী সবকিছু ছয়দিনে সৃষ্টি করেছেন, অতঃপর আরশে সমাসীন হয়েছেন। তিনি পরম দয়াময়। তাঁর সম্পর্কে যিনি অবগত, তাকে জিজ্ঞেস কর। ৬০. তাদেরকে যখন বলা হয়, দয়াময়কে সেজদা কর, তখন তারা বলে, দয়াময় আবার কে? তুমি কাউকে সেজদা করার আদেশ করলেই কি আমরা তাকে সেজদা করব? এতে তাদের পলায়নপরতাই বৃদ্ধি পায়। (২৫ সূরা আল ফুরকান : আয়াত ৫৯-৬০)

## ৫২২. আল্লাহ নভোমণ্ডল ও ভূমণ্ডল ছয় দিনে সৃষ্টি করেছেন

إِنَّ رَبَّكُمُ اللَّهُ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ نَفِ يَغْشَىٰ اللَّيْلَ النَّهَارَ يَطْلُبُهُ حَثِيثًا وَالشَّمْسَ وَالْقَمَرَ وَالنُّجُومَ مُسَخَّرَاتٍ بِأَمْرِهِ ۗ أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ تَبْرَكَ اللَّهُ رَبُّ الْعَالَمِينَ (۵۴) ادْعُوا رَبَّكُمْ تَضَرُّعًا وَخُفْيَةً ۗ إِنَّهُ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ (۵۵) (سُورَةُ الْأَعْرَافِ : آيَاتُهَا ۵۴-۵۵)

অর্থ : ৫৪. নিশ্চয় তোমাদের প্রতিপালক আল্লাহ। তিনি নভোমণ্ডল ও ভূমণ্ডলকে ছয় দিনে সৃষ্টি করেছেন। অতঃপর আরশের উপর অধিষ্ঠিত হয়েছেন। তিনি পরিয়ে দেন রাতের উপর দিনকে এমতাবস্থায় যে, দিন দৌড়ে দৌড়ে রাতের পিছনে আসে। তিনি সৃষ্টি করেছেন সূর্য, চন্দ্র ও নক্ষত্র স্বীয় আদেশের অনুগামী। শুনে রেখ, তাঁরই কাজ সৃষ্টি করা এবং আদেশ দান করা। আল্লাহ বরকতময় যিনি বিশ্বজগতের প্রতিপালক। ৫৫. তোমরা স্বীয় প্রতিপালককে ডাক, কাকুতি মিনতি করে এবং সংগোপনে। তিনি সীমা অতিক্রমকারীদেরকে পছন্দ করেন না। (৭ সূরা আল-আরাফ : আয়াত ৫৪-৫৫)

## ৫২৩. আল্লাহর নিকট আসমান ও যমীনের কোন বিষয় গোপন নাই

إِنَّ اللَّهَ لَا يَخْفَىٰ عَلَيْهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ (۵) هُوَ الَّذِي يُصَوِّرُكُمْ فِي الْأَرْحَامِ كَيْفَ يَشَاءُ ۚ لَا إِلَهَ إِلَّا هُوَ الْعَزِيزُ الْحَكِيمُ (۶) (۳ سُوْرَةُ الْاٰلِ عِمْرَانَ : اٰيَاتُهَا ۵-۶)

অর্থ : ৫. আল্লাহর নিকট আসমান ও যমীনের কোন বিষয়ই গোপন নেই। ৬. তিনিই সেই আল্লাহ যিনি তোমাদের আকৃতি গঠন করেন মায়ের গর্ভে যেমন তিনি চেয়েছেন। তিনি ছাড়া আর কোন উপাস্য নেই। তিনি প্রবল পরাক্রমশীল, প্রজ্ঞাময়।

(৩ সূরা আল ইমরান : আয়াত ৫-৬)

## ৫২৪. চাঁদের আলো তার নিজস্ব নয়

الَّذِي خَلَقَ سَبْعَ سَمَوَاتٍ طِبَاقًا (۱۵) وَجَعَلَ الْقَمَرَ فِيهِنَّ نُورًا وَجَعَلَ الشَّمْسَ سِرَاجًا (۱۶) (۴۱ سُوْرَةُ نُوْحٍ : اٰيَاتُهَا ۱۵-۱۶)

অর্থ : ১৫. তোমরা কি লক্ষ্য কর না যে, আল্লাহ কিভাবে সপ্ত আকাশ স্তরে স্তরে সৃষ্টি করেছেন ১৬. এবং সেখানে চন্দ্রকে রেখেছেন আলোরূপে এবং সূর্যকে রেখেছেন প্রদীপরূপে। (৭১ সূরা নূহ : আয়াত ১৫-১৬)

## ৫২৫. আবার দৃষ্টি ফেরাও কোন ফাটল দেখতে পাও কি?

الَّذِي خَلَقَ سَبْعَ سَمَوَاتٍ طِبَاقًا مَّا تَرَىٰ فِي خَلْقِ الرَّحْمَنِ مِن تَفْوُتٍ ۚ فَارْجِعِ الْبَصَرَ هَل تَرَىٰ مِن فُطُوْرٍ (۳) ثُمَّ ارْجِعِ الْبَصَرَ كَرَّتَيْنِ يَنْقَلِبْ إِلَيْكَ الْبَصَرُ خَاسِئًا وَهُوَ حَسِيرٌ (۴) (۶۴ سُوْرَةُ الْبَلَكِ : اٰيَاتُهَا ۳-۴)

অর্থ : ৩. তিনি সপ্ত আকাশ স্তরে স্তরে সৃষ্টি করেছেন। তুমি করুণাময় আল্লাহ তাআলার সৃষ্টিতে কোন তফাত দেখতে পাবে না। আবার দৃষ্টি ফেরাও; কোন ফাটল দেখতে পাও কি? ৪. অতঃপর তুমি বার বার তাকিয়ে দেখ- তোমার দৃষ্টি ব্যর্থ ও পরিশ্রান্ত হয়ে তোমার দিকে ফিরে আসবে। (৬৭ সূরা মূলক : আয়াত ৩-৪)

## ৫২৬. বলুন আল্লাহ ব্যতীত নভোমণ্ডল ও ভূমণ্ডলে কেউ গায়বের খবর জানেনা

قُلْ لَا يَعْلَمُ مَنْ فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ الْغَيْبَ إِلَّا اللَّهُ ۚ وَمَا يَشْعُرُونَ أَيَّانَ يُبْعَثُونَ (۶۵) بَلْ اِدْرِكْ عَلَيْهِمْ فِي الْآخِرَةِ فَنَدُّ بِلْ هَمْرٍ فِي شَكِّ مِّنْهَا فَنَدُّ بِلْ هَمْرٍ مِّنْهَا عَمُونَ (۶۶) وَقَالَ الَّذِينَ كَفَرُوا ۖ إِذَا كُنَّا تُرَابًا وَّأَبَاؤُنَا أِنَّا لَمُخْرَجُونَ (۶۷)

(২৮ সূরা ত্বীন্ : আয়াত ৬৫-৬৬)

অর্থ : ৬৫. বলুন, আল্লাহ ব্যতীত নভোমণ্ডল ও ভূমণ্ডলে কেউ গায়বের খবর জানে না এবং তারা জানে না যে, তারা কখন পুনরুজ্জীবিত হবে। বরং পরকাল সম্পর্কে তাদের জ্ঞান নিঃশেষ হয়ে গেছে; ৬৬. বরং তারা এ বিষয়ে সন্দেহ পোষণ করছে বরং এ বিষয়ে তারা অজ্ঞ। ৬৭. কাফেররা বলে, যখন আমরা ও আমাদের বাপ-দাদারা মৃত্তিকা হয়ে যাবে, তখনও কি আমাদেরকে পুনরুজ্জীবিত করা হবে? (২৭ সূরা আল নমল : আয়াত ৬৫-৬৭)

৫২৭. আল্লাহ মানুষকে এক ফোটা বীর্য থেকে সৃষ্টি করেছেন

خَلَقَ الْإِنْسَانَ مِنْ نُطْفَةٍ فَإِذَا هُوَ خَصِيمٌ مُبِينٌ (۴) (۱۶ سُورَةُ النَّحْلِ : آيَاتُهَا ۴)

অর্থ : ৪. তিনি মানবকে এক ফোটা বীর্য থেকে সৃষ্টি করেছেন। এতদসত্ত্বেও সে প্রকাশ্য বিতণ্ডাকারী হয়ে গেছে। (১৬ সূরা আন নাহল : আয়াত ৪)

৫২৮. মানুষ কি দেখে না আমি তাকে বীর্য থেকে সৃষ্টি করেছি

أَوَلَمْ يَرِ الْإِنْسَانُ أَنَّا خَلَقْنَاهُ مِنْ نُطْفَةٍ فَإِذَا هُوَ خَصِيمٌ مُبِينٌ (۴৬) وَشَرَبَ لَنَا مِثْلًا وَنَسِيَ خَلْقَهُ قَالَ مَنْ يُحْيِي الْعِظَاءَ وَهِيَ رَمِيمٌ (۴৮) قُلْ يُحْيِيهَا الَّذِي أَنشَأَهَا أَوَّلَ مَرَّةٍ ط وَهُوَ بِكُلِّ خَلْقٍ عَلِيمٌ (৬৭) (۳۶ سُورَةُ يُس : آيَاتُهَا ৬৬-৬৭)

অর্থ : ৭৭. মানুষ কি দেখে না যে, আমি তাকে সৃষ্টি করেছি বীর্য থেকে? অতঃপর তখনই সে হয়ে গেল প্রকাশ্য বাকবিতণ্ডাকারী। ৭৮. সে আমার সম্পর্কে এক অদ্ভুত কথা বর্ণনা করে, অথচ সে নিজের সৃষ্টি ভুলে যায়। সে বলে, কে জীবিত করবে অস্থিসমূহকে যখন সেগুলো পঁচে গলে যাবে? ৭৯. বলুন, যিনি প্রথমবার সেগুলোকে সৃষ্টি করেছেন, তিনিই জীবিত করবেন। তিনি সর্বপ্রকার সৃষ্টি সম্পর্কে সম্যক অবগত।

(৩৬ সূরা ইয়াসিন : আয়াত ৭৭-৭৯)

৫২৯. ঘরের মধ্যে মাকড়সার ঘরই তো অধিক দুর্বল

مَثَلُ الَّذِينَ اتَّخَذُوا مِنْ دُونِ اللَّهِ أَوْلِيَاءَ كَمَثَلِ الْعَنْكَبُوتِ إِتَّخَذَتْ بِئْتًا ط وَإِنَّ أَوْهَنَ الْبُيُوتِ لَبَيْتُ الْعَنْكَبُوتِ ط لَوْ كَانُوا يَعْلَمُونَ (۴۱) إِنَّ اللَّهَ يَعْلَمُ مَا يُدْعُونَ مِنْ دُونِهِ مِنْ شَيْءٍ ط وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ (৴৲)

(৲৭ سُورَةُ الْعَنْكَبُوتِ : آيَاتُهَا ৴৲-৴৳)

অর্থ : ৪১. যারা আল্লাহর পরিবর্তে অপরকে সাহায্যকারীরূপে গ্রহণ করে তাদের উদাহরণ মাকড়সা। সে ঘর বানায়। আর সব ঘরের মধ্যে মাকড়সার ঘরই তো অধিক দুর্বল, যদি তারা জানত। ৪২. তারা আল্লাহর পরিবর্তে যা কিছুকে ডাকে, আল্লাহ তা জানেন। তিনি শক্তিশালী, প্রজ্ঞাময়। (৲৯ সূরা আনকাবুত : আয়াত ৪১-৪২)

৫৩০. যারা এতিমের অর্থ সম্পদ অন্যায়ভাবে খায়, তারা নিজেদের পেটে আগুন ভর্তি করেছে

وَلْيَخْشَ الَّذِينَ لَوْ تَرَكَوْا مِنْ خَلْفِهِمْ ذُرِّيَّةً ضِعْفًا خَافُوا عَلَيْهِمْ فَلْيَتَّقُوا اللَّهَ وَلْيَقُولُوا قَوْلًا سَدِيدًا (৯) إِنَّ الَّذِينَ يَأْكُلُونَ أَمْوَالَ  
الْيَتَامَىٰ ظُلْمًا إِنَّمَا يَأْكُلُونَ فِي بُطُونِهِمْ نَارًا ۖ وَسَيَصْلُونَ سَعِيرًا (১০) (۴) سُورَةُ النَّسَاءِ : آيَاتُهَا ۹-۱۰

অর্থ : ৯. তাদের ভয় করা উচিত, যারা নিজেদের পশ্চাতে দুর্বল-অক্ষম সন্তান-সন্ততি ছেড়ে গেলে তাদের জন্যে তারাও আশঙ্কা করে; সুতরাং তারা যেন আল্লাহকে ভয় করে এবং সংগত কথা বলে। ১০. যারা এতিমদের অর্থ-সম্পদ অন্যায়ভাবে খায়, তারা নিজেদের পেটে আগুনই ভর্তি করেছে এবং সত্বরই তারা অগ্নিতে প্রবেশ করবে। (৪ সূরা আন নিসা : আয়াত ৯-১০)

৫৩১. এতিমদেরকে তাদের সম্পদ বুঝিয়ে দাও

وَاتُوا الْيَتَامَىٰ أَمْوَالَهُمْ وَلَا تَتَّبِعُوا الْأَمْوَالَ بِالطَّيِّبِ ۖ وَلَا تَأْكُلُوا أَمْوَالَهُمْ إِلَىٰ أَمْوَالِكُمْ ۗ إِنَّهُ كَانَ حُوبًا كَبِيرًا (২)  
(۴) سُورَةُ النَّسَاءِ : آيَاتُهَا ২

অর্থ : ২. এতিমদেরকে তাদের সম্পদ বুঝিয়ে দাও। খারাপ মালামালের সাথে ভালো মালামালের অদল-বদল করো না। আর তাদের ধন-সম্পদ নিজেদের ধন-সম্পদের সাথে সংমিশ্রিত করে তা গ্রাস করো না। নিশ্চয় এটা বড়ই মন্দ কাজ।

(৪ সূরা আন নিসা : আয়াত ২)

৫৩২. এক পিপীলিকার তবলীগ

حَتَّىٰ إِذَا اتَّوَا عَلَىٰ وَادِ النَّمْلِ لَا قَالَتْ نَمْلَةٌ يَا أَيُّهَا النَّمْلُ ادْخُلُوا مَسْكِنَكُمْ ۚ لَا يَحْطِمَنَّكُمْ سُلَيْمٌ وَجُنُودُهُ ۖ وَهُمْ لَا يَشْعُرُونَ  
(۱۸) (۲۴) سُورَةُ النَّمْلِ : آيَاتُهَا ۱۸

অর্থ : ১৮. যখন তারা পিপীলিকা অধ্যুষিত উপত্যকায় পৌছল, তখন এক পিপীলিকা বলল, হে পিপীলিকা বাহিনী! তোমরা তোমাদের গৃহে প্রবেশ কর, যেন সুলায়মান ও তার বাহিনী অজ্ঞাতসারে তোমাদেরকে পদতলে পিষে না ফেলে। (২৭ সূরা নামল : আয়াত ১৮)



৫৩৩. তারা কি পাখীদের প্রতি লক্ষ্য করে না

أَوَلَمْ يَرَوْا إِلَى الطَّيْرِ فَوْقَهُمْ صَفْتٍ وَيَقْبِضْنَ ط مَا يُمْسِكُهُنَّ إِلَّا الرَّحْمَنُ ط إِنَّهُ بِكُلِّ شَيْءٍ بَصِيرٌ (১৭)

অর্থ : ১৯. তারা কি লক্ষ্য করে না, তাদের মাথায় উপর উড়ন্ত পক্ষিকূলের প্রতি- পাখা বিস্তারকারী ও পাখা সংকোচনকারী? রহমান আল্লাহ-ই তাদেরকে স্থির রাখেন। অবশ্যই তিনি সর্ববিষয় দেখেন। (৬৭ সূরা মুলক : আয়াত ১৯)

৫৩৪. হে আমার পালনকর্তা আমাকে দেখাও, কেমন করে তুমি মৃতকে জীবিত করবে

وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ رَبِّ أَرِنِي كَيْفَ تُحْيِي الْمَوْتَى ۖ قَالَ أَوَلَمْ تُؤْمِنْ ۖ قَالَ بَلَىٰ وَلَكِن لِّيَطْمَئِنَّ قَلْبِي ۖ قَالَ فَخُذْ أَرْبَعَةً مِّنَ الطَّيْرِ فَصُرْهُنَّ إِلَيْكَ ثُمَّ اجْعَلْ عَلَىٰ كُلِّ جَبَلٍ مِّنْهُنَّ جُزْءًا ثُمَّ ادْعُهُنَّ يَأْتِينَكَ سَعْيًا ۖ وَاعْلَمْ أَنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ

(২ সূরা البقرة : آياتها ২৬০)

অর্থ : ২৬০. আর স্মরণ কর, যখন ইবরাহীম বলল, হে আমার পালনকর্তা আমাকে দেখাও কেমন করে তুমি মৃতকে জীবিত করবে। বললেন; তুমি কি বিশ্বাস কর না? বলল, হা অবশ্যই বিশ্বাস করি, কিন্তু দেখতে এজন্য চাইছি যাতে অন্তরে প্রশান্তি লাভ করতে পারি। বললেন, তাহলে চারটি পাখী ধরে নাও। পরে সেগুলোকে নিজের পোষ মানিয়ে নাও, অতঃপর সেগুলোর দেহের একেকটি অংশ বিভিন্ন পাহাড়ের উপর রেখে দাও। তারপর সেগুলোকে ডাক; তোমার নিকট দৌড়ে চলে আসবে। আর জেনে রেখো নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী, অতি জ্ঞানসম্পন্ন। (২ সূরা আল বাক্বারা : আয়াত ২৬০)

৫৩৫. তিনি তাদের উপর প্রেরণ করেছেন ঝাঁকে ঝাঁকে পাখী

أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِأَصْحَابِ الْفِيلِ (۱) أَلَمْ يَجْعَلْ كَيْدَهُمْ فِي تَضْلِيلٍ (۲) وَأَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا أَبَابِيلَ (۳) تَرْمِيهِمْ بِحِجَارَةٍ مِّن سِجِّيلٍ (۴) فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّأْكُولٍ (۵) (سورة الفيل : آياتها ۱-۵)

অর্থ : ১. আপনি কি দেখেননি আপনার পালনকর্তা হস্তীবাহিনীর সাথে কিরূপ ব্যবহার করেছেন? ২. তিনি কি তাদের চক্রান্ত নস্যাৎ করে দেননি? ৩. তিনি তাদের উপর প্রেরণ করেছেন ঝাঁকে ঝাঁকে পাখী। ৪. যারা তাদের উপর পাথরের কংকর নিক্ষেপ করছিল। ৫. অতঃপর তিনি তাদেরকে ভক্ষিত তৃণসদৃশ করে দেন। (১০৫ সূরা ফীল : আয়াত ১-৫)

৫৩৬. তারা বলবে : তারা ছিল তিন জন তাদের চতুর্থটি তাদের কুকুর

سَيَقُولُونَ ثَلَاثَةً رَّابِعُهُمْ كَلْبُهُمْ وَيَقُولُونَ خَمْسَةً سَادِسُهُمْ كَلْبُهُمْ رَجْمًا بِالْغَيْبِ وَيَقُولُونَ سَبْعَةً وَثَامِنُهُمْ كَلْبُهُمْ قُل رَّبِّي أَعْلَمُ  
بِعِدَّتِهِمْ مَا يَعْلَمُهُمْ إِلَّا قَلِيلٌ فَلَا تُمَارِ فِيهِمْ إِلَّا مِرَاءً ظَاهِرًا وَلَا تَسْتَفْتِ فِيهِمْ مِنْهُمْ أَحَدًا (۲۲)

(۱۸ سُوْرَةُ الْكَهْفِ : آيَاتُهَا ۲۲)

অর্থ : ৬৪. হে নবী, আপনার জন্য এবং যেসব মুসলমান আপনার সাথে রয়েছে তাদের সবার জন্য আল্লাহ যথেষ্ট। ৬৫. হে নবী, আপনি মুসলমানগণকে উৎসাহিত করুন জেহাদের জন্য। তোমাদের মধ্যে যদি বিশ জন দৃঢ়পদ ব্যক্তি থাকে, তবে জয়ী হবে দু'শর মোকাবেলায়। আর যদি তোমাদের মধ্যে থাকে একশ' লোক, তবে জয়ী হবে হাজার কাফেরের উপর থেকে তার কারণ, ওরা জ্ঞানহীন।

( ৮ সূরা : আল-আনফল, আয়াত : ৬৪-৬৫ )

৬৬৯. যদি তোমরা মু'মিন হও, তোমরাই জয়ী হবে

قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ سُنَنٌ ۖ لَنْ نَسِيرَ فِي الْأَرْضِ فَنَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكْفِرِينَ (١٣٤) هَذَا بَيَانٌ لِلنَّاسِ وَهُدًى وَمَوْعِظَةٌ لِّلْمُتَّقِينَ (١٣٨) وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا ۗ وَأَنْتُمْ الْأَعْلَوْنَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ (١٣٩)

( ৩ সূরা آلِ عِمْرَانَ : آيَاتُهَا ١٣٤-١٣٩ )

অর্থ : ১৩৭. তোমাদের আগে অতীত হয়েছে অনেক ধরনের জীবনাচরণ। তোমরা পৃথিবীতে ভ্রমণ কর এবং দেখ যারা মিথ্যা প্রতিপন্ন করেছে তাদের পরিণতি কি হয়েছে। ১৩৮. এই হলো মানুষের জন্য বর্ণনা। আর যারা ভয় করে তাদের জন্য উপদেশবাণী। ১৩৯. আর তোমরা নিরাশ হয়ো না এবং দুঃখ করো না। যদি তোমরা মু'মিন হও তবে, তোমরাই জয়ী হবে।

( ৩ সূরা আল ইমরান : আয়াত ১৩৭-১৩৯ )

৬৭০. যারা ঈমান আনে ও সৎকর্ম করে তারাই সৃষ্টির সেরা

إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ ۖ أُولَٰئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ (٤) جَزَاءُ وَّهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنَّاتٌ عَدْنٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا ۖ رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ ۗ ذَٰلِكَ لِمَنْ خَشِيَ رَبَّهُ (٨) (٩٨ سُورَةُ الْبَيِّنَةِ : آيَاتُهَا ٤-٨)

অর্থ : ৭. যারা ঈমান আনে ও সৎকর্ম করে, তারাই সৃষ্টির সেরা। ৮. তাদের পালনকর্তার কাছে তাদের প্রতিদান চিরকাল বসবাসের জান্নাত, যার তলদেশে নির্ঝরিতী প্রবাহিত। তারা সেখানে থাকবে অনন্তকাল। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারা আল্লাহর প্রতি সন্তুষ্ট। এটা তার জন্যে যে তার পালনকর্তাকে ভয় করে। (৯৮ সূরা বায়্যিনাহ : আয়াত ৭-৮)

৬৭১. আল্লাহ তা'আলা ঈমানের পরীক্ষা নিবেন

أَحْسِبَ النَّاسَ أَنْ يَتْرَكُوا أَنْ يَقُولُوا آمَنَّا وَهُمْ لَا يُفْتَنُونَ (۲) وَلَقَدْ فَتَنَّا الَّذِينَ مِنْ قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللَّهُ الَّذِينَ صَدَقُوا وَلَيَعْلَمَنَّ الْكٰفِرِينَ (۳) (۲۹ سُوْرَةُ الْاَنْكٰبُوْتِ : اٰیٰتُهَآ ۲-۳)

অর্থ : ২. মানুষ কি মনে করে যে, আমরা ঈমান এনেছি এই কথা বললেই তাদেরকে পরীক্ষা না করে অব্যাহতি দেয়া হবে। আমি তো তাদের পূর্ববর্তীদেরকেও পরীক্ষা করেছিলাম। ৩. আল্লাহ অবশ্যই প্রকাশ করে দিবেন কারা সত্যবাদী এবং তিনি অবশ্যই প্রকাশ করে দিবেন কারা মিথ্যাবাদী। (২৯ সূরা আল-আনকাবুত : আয়াত ২-৩)

৬৭২. নিশ্চয়ই আল্লাহ ভয়ভীতি ও জান-মালের ক্ষতি দ্বারা পরীক্ষা করবেন

وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصٍ مِنَ الْأَمْوَالِ وَالْأَنْفُسِ وَالثَّمَرَاتِ وَبَشِّرِ الصَّابِرِينَ (۱۵۵)

(۲ سُوْرَةُ الْبَقَرَةِ : اٰیٰتُهَآ ۱۵۵)

অর্থ : ১৫৫. নিশ্চয়ই আমি তোমাদেরকে পরীক্ষা করব কিছুটা ভয় ভীতি ভীতিপ্রদ পরিস্থিতি ক্ষুধা এবং মাল, জান ও ফল-ফসলের ক্ষতির দ্বারা। আর ধৈর্য অবলম্বনকারীদেরকে সুসংবাদ দাও। (২ সূরা আল-বাক্বারা : আয়াত ১৫৫)

৬৭৩. তিনি তোমাদেরকে পরীক্ষা করতে চান যে তোমাদের মধ্যে কে ভাল আমল করে

وَمَا مِنْ دَابَّةٍ فِي الْأَرْضِ إِلَّا عَلَى اللَّهِ رِزْقُهَا وَيَعْلَمُ مُسْتَقَرَّهَا وَمُسْتَوْدَعَهَا كُلٌّ فِي كِتَابٍ مُبِينٍ (۶) وَهُوَ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ وَكَانَ عَرْشُهُ عَلَى الْمَاءِ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا ۗ وَلَئِنْ قُلْتِ إِنَّكُمْ مَبْعُوثُونَ مِنْ بَعْدِ الْمَوْتِ لَيَقُولَنَّ الَّذِينَ كَفَرُوا إِنْ هَذَا إِلَّا سِحْرٌ مُبِينٌ (۷) (۱۱ سُوْرَةُ مُؤْدٍ : اٰیٰتُهَآ ۶-۷)

অর্থ : ৬. আর পৃথিবীতে কোন বিচরণশীল নেই, তবে সবার জীবিকার দায়িত্ব আল্লাহ নিয়েছেন, তিনি জানেন তারা কোথায় থাকে এবং কোথায় সমাপিত হয়। সবকিছুই এক সুবিন্যস্ত কিতাবে রয়েছে। ৭. তিনিই আসমান ও যমীন ছয় দিনে তৈরী করেছেন, তার আরশ ছিল পানির উপরে, তিনি তোমাদেরকে পরীক্ষা করতে চান যে তোমাদের মধ্যে কে সবচেয়ে ভাল কাজ করে। আর যদি আপনি তাদেরকে বলেন যে নিশ্চয় তোমাদেরকে মৃত্যুর পরে জীবিত উঠানো হবে তখন কাফেররা অবশ্য বলে এটা তো স্পষ্ট যাদু। (১১ সূরা হূদ : আয়াত ৬-৭)

৬৭৪. নিশ্চয়ই আমি তোমাদেরকে পরীক্ষা করবো

وَلَا تَقُولُوا لِمَنْ يُقْتَلُ فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتٌ ۚ بَلْ أَحْيَاءٌ وَلَكِنْ لَا تَشْعُرُونَ (۱۵۳) وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصٍ مِنَ الْأَمْوَالِ وَالْأَنْفُسِ وَالثَّمَرَاتِ ۗ وَبَشِّرِ الصَّابِرِينَ (۱۵৫) (۲ سُوْرَةُ الْبَقَرَةِ : اٰیٰتُهَآ ۱৫৩-১৫৫)

অর্থ : ১৫৪. আর যারা আল্লাহর রাস্তায় নিহত হয়, তাদের মৃত বলা না। বরং তারা জীবিত, কিন্তু তোমরা তা বুঝ না। ১৫৫. এবং অবশ্যই আমি তোমাদিগকে পরীক্ষা করব কিছুটা ভয়, ক্ষুধা মাল ও জানের ক্ষতি ও ফল-ফসল বিনষ্টের মাধ্যমে। তবে সুসংবাদ দাও সবরকারীদের। (২ সূরা আল বাক্বারা : আয়াত ১৫৪-১৫৫)

৬৭৫. কান, চক্ষু ও অন্তঃকরণ এদের প্রত্যেকটি জিজ্ঞাসিত হবে

وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيْمِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ حَتَّىٰ يَبْلُغَ أَشُدَّهُ ۗ وَأَوْفُوا بِالْعَهْدِ ۚ إِنَّ الْعَهْدَ كَانَ مَسْئُولًا (۳۳) وَأَوْفُوا الْكَيْلَ إِذَا كَلْتُمْ وَزِنُوا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيْمِ ۗ ذٰلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا (۳۵) وَلَا تَقْفُ مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ ۚ إِنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ أُولٰٓئِكَ كَانَ عَنْهُ مَسْئُولًا (۳۶) (۱۷ سُوْرَةُ بَنِي إِسْرٰٓئِيلَ : اٰیٰتُهَآ ۳۳-۳۶)

অর্থ : ৩৪. আর, এতীমের মালের কাছেও যেয়ো না, একমাত্র তার কল্যাণ আকাংখা ছাড়া; সংশ্লিষ্ট ব্যক্তির যৌবনে পদার্পণ করা পর্যন্ত এবং অঙ্গীকার পূর্ণ কর। নিশ্চয় অঙ্গীকার সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। ৩৫. মেপে দেয়ার সময় পূর্ণ মাপে দেবে এবং সঠিক দাঁড়িপাল্লায় ওজন করবে। এটা উত্তম; এর পরিণাম শুভ। ৩৬. যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই, তার পিছনে পড়ো না। নিশ্চয় কান, চক্ষু ও অন্তঃকরণ এদের প্রত্যেকটিই জিজ্ঞাসিত হবে। (১৭ সূরা বনি ইসরাঈল : আয়াত ৩৪-৩৬)

৬৭৬. মু'মিন ব্যক্তি মু'মিন ছাড়া অন্য কাউকে অন্তরঙ্গরূপে গ্রহণ করে না

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بَطَانَةً مِّن دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِن أَفْوَاهِهِمْ صَلَوًا مَّا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ إِن كُنْتُمْ تَعْقِلُونَ (۱۱۸) (۳ سُوْرَةُ اَلْ اِمْرَانَ : اَيَاتَهَا ۱۱۸)

অর্থ: ১১৮. হে ঈমানদারগণ! তোমরা মুমিন ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গরূপে গ্রহণ করো না; তারা তোমাদের অমঙ্গল সাধনে কোন ঝুটি করে না- তোমরা কষ্টে থাক, তাতেই তাদের আনন্দ। শত্রুতাপ্রসূত বিদ্বেষ তাদের মুখেই ফুটে বেরোয়। আর যা কিছু তাদের মনে লুকিয়ে রয়েছে, তা আরো অনেকগুণ বেশী জঘন্য। তোমাদের জন্যে নিদর্শন বিশদভাবে বর্ণনা করে দেয়া হলো, যদি তোমরা তা অনুধাবন করতে সমর্থ হও।

(৩ সূরা : আলে ইমরান, আয়াত : ১১৮)

৬৭৭. আপনি বলবেন না, “সেটি আমি আগামীকাল করবো” ইনশাআল্লাহ বলা ব্যতীত

وَلَا تَقُولَنَّ لِشَايٍ إِنِّي فَاعِلٌ ذَٰلِكَ غَدًا (۲۳) إِلَّا أَنْ يَشَاءَ اللَّهُ ; وَادْكُرْ رَبَّكَ إِذَا نَسِيتَ وَقُلْ عَسَى أَنْ يَهْدِيَنِّي رَبِّي لِأَقْرَبَ مِنْ هَٰذَا رَشْدًا (۲۴)

(۱۸ سُوْرَةُ اَلْكَهْفِ : اَيَاتَهَا ২৩-২৪)

অর্থ : ২৩. আপনি কোন কাজের বিষয়ে বলবেন না যে, সেটি আমি ‘আগামীকাল করব’ ২৪. ইনশাআল্লাহ বলা ব্যতিরেকে। যখন ভুলে যান, তখন আপনার পালনকর্তাকে স্মরণ করুন এবং বলুন : আশা করি আমার পালনকর্তা আমাকে এর চাইতেও নিকটতম সত্যের পথনির্দেশ করবেন।

(১৮ সূরা আল কাহাফ : আয়াত ২৩-২৪)

৬৭৮. সৎ কাজকারী ঈমানদারদেরকে আল্লাহ তা‘আলা যমীনের খেলাফত দান করবেন

وَعَنَ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ ..... الْآيَةِ (۵۵) (۲۳ سُوْرَةُ اَلنُّوْرِ : اَيَاتَهَا ৫৫)

অর্থ : ৫৫. তোমাদের মধ্যে যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে আল্লাহ তাদেরকে অবশ্যই যমীনের খেলাফত দান করবেন।

(২৪ সূরা আন-নূর : আয়াত ৫৫)

৬৭৯. নেককার পুরুষ এবং নারীকে আল্লাহ তা'আলা দুনিয়াতে হায়াতান তৈয়েবাহ দান করবেন।

مَنْ عَمِلَ صَالِحًا مِّنْ ذَكَرٍ أَوْ أُنْثَىٰ وَهُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهٗ حَيٰوةً طَيِّبَةً ۚ وَلَنَجْزِيَنَّهُمْ أَجْرَهُمْ بِأَحْسَنِ مَا كَانُوا يَعْمَلُونَ (۹۴)

(১৬ সূরা النحل: آياتها ৭৮)

অর্থ : ৯৭. যে ব্যক্তি নেক কাজ করবে, সে পুরুষই হোক অথবা নারীই হোক যদি সে ঈমানদার হয়, তবে আমি (আল্লাহ তা'আলা) তাকে দুনিয়াতেই হায়াতান তৈয়েবাহ এক সুখময়, শান্তিময় জীবন দান করব এবং তার ভাল কাজের বিনিময়ে তাকে পুরস্কার প্রদান করব।

(১৬ সূরা আন-নহল : আয়াত ৯৭)

৬৮০. হে মু'মিনগণ তোমরা 'রাযিনা' বলো না উনযুরনা বল এবং গুনতে থাক

وَلَوْ أَنَّهُمْ آمَنُوا وَاتَّقَوْا لَمَثُوبَةٌ مِّنْ عِنْدِ اللَّهِ خَيْرٌ ۚ لَوْ كَانُوا يَعْلَمُونَ (۱۰۳) يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقُولُوا رَاعِنَا وَقُولُوا انظُرْنَا  
وَاسْمِعُوا ۚ وَلِلْكَافِرِينَ عَذَابٌ أَلِيمٌ (۱۰۴) (۲ سُوْرَةُ الْبَقَرَةِ : آياتها ۱۰۳-۱۰۴)

অর্থ : ১০৩. যদি তারা ঈমান আনত এবং আল্লাহভীরু হত, তবে আল্লাহর কাছ থেকে উত্তম প্রতিদান পেত। যদি তারা জানত।  
১০৪. হে মু'মিনগণ, তোমরা 'রাযিনা' বলো না- 'উনযুরনা' বল এবং গুনতে থাক। আর কাফেরদের জন্য রয়েছে বেদনাদায়ক শাস্তি।

(২ সূরা আল বাক্বারা : আয়াত ১০৩-১০৪)

## Namaje Pathita Sura

৬৮১. আল্লাহ কেয়ামত দিনের মালিক

সূরা ফাতিহা

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ (۱) الرَّحْمَنِ الرَّحِيمِ (۲) مَلِكِ يَوْمِ الدِّينِ (۳) إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ (۴) اهْدِنَا الصِّرَاطَ  
الْمُسْتَقِيمَ (۵) صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ (۶) غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ (۷) (۱ سُوْرَةُ الْفَاتِحَةِ : آيَاتُهَا ۱-۷)

অর্থ : ১. সমস্ত প্রশংসা আল্লাহ তা আলার যিনি সকল সৃষ্টি জগতের পালনকর্তা। ২. যিনি নিতান্ত মেহেরবান ও দয়ালু। ৩. যিনি বিচার দিনের মালিক। ৪. আমরা একমাত্র তোমরাই ইবাদত করি এবং শুধুমাত্র তোমরা সাহায্য প্রার্থনা করি। ৫. আমাদেরকে সরল পথ দেখাও, ৬. সে সমস্ত লোকের পথ যাদেরকে তুমি নেয়ামত দান করেছ। ৭. তাদের পথ নয়, যাদের প্রতি তোমার গজব নাযিল হয়েছে এবং যারা পথভ্রষ্ট হয়েছে।

(১ সূরা ফাতিহা : আয়াত ১-৭)

৬৮২. মানুষ ধ্বংস হোক সে কত অকৃতজ্ঞ

সূরা আবাসা (অংশ বিশেষ)

قَتَلَ الْإِنْسَانَ مَا أَكْفَرَهُ (۱۴) مِنْ أَمَى شَيْءٍ خَلَقَهُ (۱۸) مِنْ نُّطْفَةٍ خَلَقَهُ فَقَدَرَهُ (۱۹) ثُمَّ السَّبِيلَ يَسَّرَهُ (۲۰) ثُمَّ أَمَاتَهُ  
فَأَقْبَرَهُ (۲۱)

(১০ সূরা عَبَسَ : آيَاتُهَا ১৪-২১)

অর্থ : ১৭. মানুষ ধ্বংস হোক, সে কত অকৃতজ্ঞ। ১৮. তিনি তাকে কি বস্তু থেকে সৃষ্টি করেছেন? ১৯. শুক্র থেকে তাকে সৃষ্টি করেছেন, অতঃপর তাকে সুপরিমিত করেছেন। ২০. অতঃপর তার পথ সহজ করেছেন, ২১. অতঃপর তার মৃত্যু ঘটান ও কবরস্থ করেন তাকে।

(১০ সূরা আবাসা : আয়াত ১৭-২১)



৬৮৩. নিশ্চয় কুরআন সম্মানিত রসূলের আনীত বাণী

### সূরা আত তাকভীর (অংশ বিশেষ)

إِنَّهُ لَقَوْلُ رَسُولٍ كَرِيمٍ (١٩) ذِي قُوَّةٍ عِنْدَ ذِي الْعَرْشِ مَكِينٍ (٢٠) مَطَّاعٍ نَمِرٍ أَمِينٍ (٢١) وَمَا صَاحِبُكُمْ بِمَجْنُونٍ (٢٢)

(৪১ সূরা ত্বৌব্ব: আয়াত ১৭-২২)

অর্থ : ১৯. নিশ্চয় কুরআন সম্মানিত রসূলের আনীত বাণী, ২০. যিনি শক্তিশালী, আরশের মালিকের নিকট মর্যাদাশালী, ২১. সবার মান্যবর, সেখানকার বিশ্বাসভাজন। ২২. এবং তোমাদের সাথী পাগল নন।

(৮১ সূরা আত তাকভীর : আয়াত ১৯-২২)

৬৮৪. সম্মানিত আমল লেখকবন্দ জানে যা তোমরা কর

### সূরা ইনফিতার (অংশ বিশেষ)

كِرَامًا كَاتِبِينَ (١١) يَعْلَمُونَ مَا تَفْعَلُونَ (١٢) إِنَّ الْأَبْرَارَ لَفِي نَعِيمٍ (١٣) وَإِنَّ الْفُجَّارَ لَفِي جَحِيمٍ (١٤) يَصَلُّونَهَا يَوْمَ

الرَّيِّ (١٥) وَمَا هُمْ عَنْهَا بِغَائِبِينَ (١٦) (٨٢ سُوْرَةُ الْاِنْفِطَارِ : آيَاتُهَا ١١-١٦)

অর্থ : ১১. সম্মানিত আমল লেখকবন্দ। ১২. তারা জানে যা তোমরা কর। ১৩. সৎকর্মশীলগণ থাকবে জান্নাতে। ১৪. এবং দুষ্কর্মীরা থাকবে জাহান্নামে; ১৫. তারা বিচার দিবসে তথায় প্রবেশ করবে। ১৬. তারা সেখান থেকে পৃথক হবে না। (৮২ সূরা ইনফিতার : আয়াত ১১-১৬)

৬৮৫. সে দিন কেউ কারও উপকার করতে পারবে না

وَمَا أَدْرَاكَ مَا يَوْمَ الرَّيِّ (١٤) ثُمَّ مَا أَدْرَاكَ مَا يَوْمَ الرَّيِّ (١٨) يَوْمَ لَا تَمْلِكُ نَفْسٌ لِنَفْسٍ شَيْئًا ۚ وَالْأَمْرُ يَوْمَئِذٍ لِلَّهِ (١٩)

(৪২ সূরা ইনফিতার : আয়াত ১২-১৬)

অর্থ : ১৭. আপনি জানেন, বিচার দিবস কি? ১৮. অতঃপর আপনি জানেন, বিচার দিবস কি? ১৯. যেদিন কেউ কারও কোন উপকার করতে পারবে না এবং সেদিন সব কর্তৃত্ব হবে আল্লাহর।

(৮২ সূরা ইনফিতার : আয়াত ১৭-১৯)

৬৮৬. যারা- অপরাধী, তারা বিশ্বাসীদের উপহাস করতো

সূরা আত তাতফীফ (অংশ বিশেষ)

إِنَّ الَّذِينَ أَجْرَمُوا كَانُوا مِنَ الَّذِينَ آمَنُوا يَضْحَكُونَ (২৯) وَإِذَا مَرُّوا بِهِمْ يَتَغَامَزُونَ (৩০) وَإِذَا انْقَلَبُوا إِلَىٰ أَهْلِهِمْ انْقَلَبُوا فَكِهِينَ (৩১) وَإِذَا رَأَوْهُمْ قَالُوا إِنَّ هَؤُلَاءِ لَضَالُّونَ (২৩) وَمَا أَرْسَلْنَا عَلَيْهِمْ حَفِظِينَ (২৩)

(২৩-২৯) سُورَةُ الْمُطَفِّفِينَ : آيَاتُهَا ٢٩-٢٣

অর্থ : ২৯. যারা অপরাধী, তারা বিশ্বাসীদেরকে উপহাস করত। ৩০. এবং তারা যখন তাদের কাছ দিয়ে গমন করত তখন পরস্পরে চোখ টিপে ইশারা করত। ৩১. তারা যখন তাদের পরিবার-পরিজনের কাছে ফিরত, তখনও হাসাহাসি করে ফিরত। ৩২. আর যখন তারা বিশ্বাসীদেরকে দেখত, তখন বলত: নিশ্চয় এরা বিভ্রান্ত। ৩৩. অথচ তারা বিশ্বাসীদের তত্ত্বাবধায়করূপে প্রেরিত হয়নি। (৮৩ সূরা আততাতফীফ : আয়াত ২৯-৩৩)

৬৮৭. আজ যারা বিশ্বাসী, তারা কাফেরদের উপহাস করছে

قَالِيَوْمَ الَّذِينَ آمَنُوا مِنَ الْكُفَّارِ يَضْحَكُونَ (৩২) عَلَى الْأَرَائِكِ ۖ يَنْظُرُونَ (৩৫) هَلْ تُؤِيبُ الْكُفَّارَ مَا كَانُوا يَفْعَلُونَ (৩৬)

(৩৬-৩২) سُورَةُ الْمُطَفِّفِينَ : آيَاتُهَا ٣٦-٣٢

অর্থ : ৩৪. আজ যারা বিশ্বাসী, তারা কাফেরদেরকে উপহাস করছে। ৩৫. সিংহাসনে বসে তাদেরকে অবলোকন করছে, ৩৬. কাফেররা যা করত তার প্রতিফল পেয়েছে তো? (৮৩ সূরা আততাতফীফ : আয়াত ৩৪-৩৬)

৬৮৮. যাকে তার আমলনামা ডান হাতে দেয়া হবে

### সূরা ইনশিকাক (অংশ বিশেষ)

فَأَمَّا مَنْ أُوْتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ (٤) فَسَوْفَ يَحَاسِبُ حِسَابًا يَسِيرًا (٨) وَيُنْقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا (٩) سُورَةُ الْإِنشِقَاقِ :  
آيَاتُهَا ٤-٩

অর্থ : ৭. যাকে তার আমলনামা ডান হাতে দেয়া হবে, ৮. তার হিসাব-নিকাশ সহজে হয়ে যাবে ৯. এবং সে তার পরিবার-পরিজনের কাছে হুস্টচিন্তে ফিরে যাবে। (৮৪ সূরা আল ইনশিকাক : আয়াত ৭-৯)

৬৮৯. যাকে তার আমলনামা পিঠের পশ্চাদিক থেকে দেয়া হবে

وَأَمَّا مَنْ أُوْتِيَ كِتَابَهُ وَرَاءَ ظَهْرِهِ (١٠) فَسَوْفَ يَدْعُوا ثُبُورًا (١١) وَيَصْلَىٰ سَعِيرًا (١٢) إِنَّهُ كَانَ فِي أَهْلِهِ مَسْرُورًا (١٣) إِنَّهُ  
ظَنَّ أَن لَّنْ يَحُورَ (١٣) سُورَةُ الْإِنشِقَاقِ : آيَاتُهَا ١٠-١٣

অর্থ : ১০. এবং যাকে তার আমল নামা পিঠের পশ্চাদিক থেকে দেয়া হবে, ১১. সে মৃত্যুকে আহ্বান করবে, ১২. এবং জাহান্নামে প্রবেশ করবে। ১৩. সে তার পরিবার-পরিজনের মধ্যে আনন্দিত ছিল। ১৪. সে মনে করত যে, সে কখনও ফিরে যাবে না। (৮৪ সূরা আল ইনশিকাক : আয়াত ১০-১৪)

৬৯০. যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদের জন্য আছে জান্নাত

### সূরা বুরাজ (অংশ বিশেষ)

الَّذِينَ لَهُمْ مَلِكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ ۗ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ (٩) إِنَّ الَّذِينَ فَتَنُوا الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ثُمَّ لَمْ  
يَتُوبُوا فَلَهُمْ عَذَابٌ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْعَرْشِ (١٠) إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا  
الْأَنْهَارُ ۗ ذَلِكَ الْفَوْزُ الْكَبِيرُ (١١)

(٨٥) سُورَةُ الْبُرُوجِ : آيَاتُهَا ٩-١١

অর্থ : ৯. যিনি নভোমণ্ডল ও ভূমণ্ডলের ক্ষমতার মালিক, আল্লাহর সামনে রয়েছে সবকিছু। ১০. যারা মু'মিন পুরুষ ও নারীকে নিপীড়ন করেছে, অতঃপর তওবা করেনি, তাদের জন্যে আছে জাহান্নামের শাস্তি, আর আছে দহন যন্ত্রণা। ১১. যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদের জন্যে আছে জান্নাত, যার তলদেশে প্রবাহিত হয় নির্ঝরিনীসমূহ। এটাই মহা সাফল্য।

(৮৫ সূরা বুরাজ : আয়াত ৯-১১)

৬৯১. নিশ্চয় কুরআন সত্য - মিথ্যার ফয়সালা

সূরা আত্‌ তারিক (অংশ বিশেষ)

إِنَّهٗ لَقَوْلٌ فَصْلٌ (۱۳) وَمَا هُوَ بِالْمَزْلِ (۱۳) إِنَّهٗمۡرٌ يَكِيدُونَ كَيْدًا (۱۵) وَأَكِيدُ كَيْدًا (۱۶) فَمِجَلِّ الْكُفْرِينَ أَهْمَلَهُمۡرُ رُوَيْدًا (۱৬)

(১৬)

(১৬) سُوْرَةُ الطَّارِقِ : آيَاتَهَا ۱۳-۷۱

অর্থ : ১৩. নিশ্চয় কুরআন সত্য-মিথ্যার ফয়সালা ১৪. এবং এটা উপহাস নয়। ১৫. তারা ভীষণ চক্রান্ত করে, ১৬. আর আমিও কৌশল করি। ১৭. অতএব, কাফেরদেরকে অবকাশ দিন, তাদেরকে অবকাশ দিন-কিছু দিনের জন্যে। (৮৬ সূরা আত্‌ তারিক : আয়াত ১৩-১৭)

৬৯২. যে ভয় করে, সে উপদেশ গ্রহণ করবে

সূরা আল আলা (অংশ বিশেষ)

وَتَيْسَّرُكَ لِّلْيَسْرِى (٨) فَذَكِّرْ إِن نَّفَعَتِ الذِّكْرَى (٩)

(٨٤ سُوْرَةُ الْاَعْلَى : اَيَاتَهَا ٨-٩)

অর্থ : ৮. আমি আপনার জন্যে সহজ শরীয়ত সহজতর করে দেবো। ৯. উপদেশ ফলপ্রসূ হলে উপদেশ দান করুন।

(৮৭ সূরা আল আলা : আয়াত ৮-৯)

৬৯৩. যে হত ভাগা সে উপদেশ উপেক্ষা করবে

سَيَذَكِّرْ مَنْ يَغْشَى (١٠) وَيَتَجَنَّبَهَا الْاَشْقَى (١١) الَّذِى يَمْشِى النَّارَ الْكُبْرَى (١٢) ثَمَّ لَا يَمُوْتُ فِيهَا وَلَا يَحْيَى (١٣)

(٨٤ سُوْرَةُ الْاَعْلَى : اَيَاتَهَا ١٠-١٣)

অর্থ : ১০. যে ভয় করে, সে উপদেশ গ্রহণ করবে, ১১. আর যে হতভাগা, সে তা উপেক্ষা করবে, ১২. সে মহা-অগ্নিতে প্রবেশ করবে। ১৩. অতঃপর সেখানে সে মরবেও না, জীবিতও থাকবে না।

(৮৭ সূরা আল আলা : আয়াত ১০-১৩)

৬৯৪. পরকালের জীবন উৎকৃষ্ট ও স্থায়ী

قَدْ اَفْلَحَ مَنْ تَزَكَّى (١٣) وَذَكَرَ اسْمَ رَبِّهِ فَصَلَّى (١٥) بَلْ تُؤْتِرُونَ الْحَيٰوةَ الدُّنْيَا (١٦) وَالْاٰخِرَةَ خَيْرًا وَّابْقَى (١٤)

(٨٤ سُوْرَةُ الْاَعْلَى : اَيَاتَهَا ١٣-١٤)

অর্থ : ১৪. নিশ্চয় সাফল্য লাভ করবে সে, যে শুদ্ধ হয় ১৫. এবং তার পালনকর্তার নাম স্মরণ করে, অতঃপর নামাজ আদায় করে। ১৬. বস্তুত: তোমরা পার্থিব জীবনকে অধিকার দাও, ১৭. অথচ পরকালের জীবন উৎকৃষ্ট ও স্থায়ী। (৮৭ সূরা আল আলা : আয়াত ১৪-১৭)

৬৯৫. আপনি তাদের শাসক নন

### সূরা আল গাশিয়াহ (অংশ বিশেষ)

فَذَكِّرْ لَوْ أَنَّكَ إِنتَ مِنْ كَرِّمْ (২১) لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ (২২) إِلَّا مَنْ تَوَلَّى وَكَفَرَ (২৩) فَيَعِزُّبَهُ اللَّهُ الْعَزِيزُ الْأَكْبَرُ (২৪)

(৪৮) ৪৮) سُورَةُ الْغَاشِيَةِ : آيَاتُهَا (২১-২৪)

অর্থ : ২১. অতএব, আপনি উপদেশ দিন, আপনি তো কেবল একজন উপদেশদাতা, ২২. আপনি তাদের শাসক নন, ২৩. কিন্তু যে মুখ ফিরিয়ে নেয় ও কাফের হয়ে যায়, ২৪. আল্লাহ তাকে মহা আযাব দেবেন।

(৮৮) সূরা আল গাশিয়াহ : আয়াত ২১-২৪)

৬৯৬. তোমরা ধন সম্পদ প্রাণভরে ভালবাস

### সূরা আল ফজর (অংশ বিশেষ)

وَتَأْكُلُونَ التُّرَاثَ أَكْلًا لَمًّا (১৭) وَتَحِبُّونَ الْمَالَ حُبًّا جَمًّا (২০) كَلَّا إِذَا دُكَّتِ الْأَرْضُ دَكًّا دَكًّا (২১) وَجَاءَ رَبُّكَ وَالْمَلَكُ

مُفًا مَفًّا (২২) وَجَاءَ يَوْمَئِذٍ بِجَهَنَّمَ يَوْمَئِذٍ يَتَذَكَّرُ الْإِنْسَانُ وَأَنَّى لَهُ الذُّكْرَى (২৩) (৪৯) ৪৯) سُورَةُ الْفَجْرِ : آيَاتُهَا (১৭-২৩)

অর্থ : ১৭. এবং তোমরা মৃতের ত্যাজ্য সম্পত্তি সম্পূর্ণরূপে কুক্ষিগত করে ফেল ২০. এবং তোমরা ধন-সম্পদকে প্রাণভরে ভালবাস। ২১. এটা অনুচিত। যখন পৃথিবী চূর্ণ-বিচূর্ণ হবে। ২২. এবং আপনার পালনকর্তা ও ফেরেশতাগণ সারিবদ্ধভাবে উপস্থিত হবেন, ২৩. এবং সেদিন জাহান্নামকে আনা হবে, সেদিন মানুষ স্মরণ করবে, কিন্তু এই স্মরণ তার কি কাজে আসবে?

(৮৯) সূরা আল ফজর : আয়াত ১৭-২৩)

৬৯৭. সে কি মনে করে যে, কেউ তাকে দেখেনি?

### সূরা আল বালাদ (অংশ বিশেষ)

أَيَحْسَبُ أَنْ لَمْ يَرَهُ أَحَدٌ (٤) أَلَمْ نَجْعَلْ لَهُ عَيْنَيْنِ (٨) وَلِسَانًا وَشَفَتَيْنِ (٩) وَهَدَيْنَاهُ النَّجْدَيْنِ (١٠) (٩٠) سُورَةُ الْبَلَدِ :

آيَاتُهَا ٤-١٠)

অর্থ : ৭. সে কি মনে করে যে, তাকে কেউ দেখেনি? ৮. আমি কি তাকে দেইনি চক্ষুদ্বয়, ৯. জিহ্বা ও ওষ্ঠদ্বয়? ১০. বলত: আমি তাকে দু'টি পথ প্রদর্শন করেছি। (৯০) সূরা আল বালাদ : আয়াত ৭-১০)

৬৯৮. যে নিজেকে শুদ্ধ করে, সেই সফল কাম হয়

### সূরা আল শামস (অংশ বিশেষ)

فَاللَّهُمَّ فَجِّورَهَا وَتَقْوَاهَا (۸) قَدْ أَفْلَحَ مَنْ زَكَّاهَا (۹) وَقَدْ خَابَ مَنْ دَسَّاهَا (۱۰) (۹) سُوْرَةُ الشَّمْسِ : آيَاتُهَا ۸-۱۰)

অর্থ : ৮. অতঃপর তাকে তার অসৎকর্ম ও সৎকর্মের জ্ঞান দান করেছেন, ৯. যে নিজেকে শুদ্ধ করে, সেই সফলকাম হয়, ১০. এবং যে নিজেকে কলুষিত করে, সে ব্যর্থ মনোরথ হয়। (১১ সূরা আশ শামস : আয়াত ৮-১০)

৬৯৯. আমার (আল্লাহর) দায়িত্ব পথ- প্রদর্শন করা

### সূরা আল লায়ল (অংশ বিশেষ)

إِنَّ عَلَيْنَا لَلْهُدَىٰ (۱۲) وَإِنَّ لَنَا لَلْآخِرَةَ وَالْأُولَىٰ (۱۳) فَأَنْذَرْتُمْ نَارًا تَلْقَىٰ (۱۴) لَا يَصْلُهَا إِلَّا الْآشَقَىٰ (۱۵) (۱۲) سُوْرَةُ  
الَّيْلِ : آيَاتُهَا ۱۲-۱۵)

অর্থ : ১২. আমার দায়িত্ব পথপ্রদর্শন করা। ১৩. আর আমি মালিক ইহকালের ও পরকালের। ১৪. অতএব, আমি তোমাদেরকে প্রজ্বলিত অগ্নি সম্পর্কে সতর্ক করে দিয়েছি। ১৫. এতে নিতান্ত হতভাগ্য ব্যক্তিই প্রবেশ করবে। (৯২ সূরা আল লায়ল : আয়াত ১২-১৫)

৭০০. আপনার জন্য পরকাল ইহকাল অপেক্ষা শ্রেয়

### সূরা আছ ছোহা

وَالضُّحَىٰ (১) وَاللَّيْلِ إِذَا سَجَىٰ (২) مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَىٰ (৩) وَلَلْآخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْأُولَىٰ (৪) وَلَسَوْفَ يُعْطِيكَ رَبُّكَ فَتَرْضَىٰ (৫) أَلَمْ يَجِدْكَ يَتِيمًا فَآوَىٰ (৬) وَوَجَدَكَ ضَالًّا فَهَدَىٰ (৭) وَوَجَدَكَ عَائِلًا فَأَغْنَىٰ (৮) فَأَمَّا الْيَتِيمَ فَلَا تَقْهَرْ (৯) وَأَمَّا السَّائِلَ فَلَا تَنْهَرْ (১০) وَأَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ (১১) (৯৩ সূরা الضُّحَىٰ : آيَاتُهَا ১-১১)

অর্থ : ১. শপথ পূর্বাহ্নের, ২. শপথ রাত্রির যখন তা গভীর হয়, ৩. আপনার পালনকর্তা আপনাকে ত্যাগ করেননি এবং আপনার প্রতি বিরূপও হননি। ৪. আপনার জন্যে পরকাল ইহকাল অপেক্ষা শ্রেয়। ৫. আপনার পালনকর্তা সত্বরই আপনাকে দান করবেন, অতঃপর আপনি সন্তুষ্ট হবেন। ৬. তিনি কি আপনাকে এতীমরূপে পাননি? অতঃপর তিনি আশ্রয় দিয়েছেন। ৭. তিনি আপনাকে পেয়েছেন পথহারা, অতঃপর পথপ্রদর্শন করেছেন। ৮. তিনি আপনাকে পেয়েছেন নিঃস্ব, অতঃপর অভাবমুক্ত করেছেন। ৯. সুতরাং আপনি এতীমের প্রতি কঠোর হবেন না; ১০. সওয়ালকারীকে ধমক দেবেন না ১১. এবং আপনি পালনকর্তার নেয়ামতের কথা প্রকাশ করুন।

(৯৩ সূরা আছ ছোহা : আয়াত ১-১১)

৭০১. নিশ্চয় কষ্টের পর স্বস্তি রয়েছে

### সূরা ইনশিরাহ

أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ (১) وَوَضَعْنَا عَنكَ وِزْرَكَ (২) الَّذِي أَنْقَضَ ظَهْرَكَ (৩) وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ (৪) فَإِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا (৫) إِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا (৬) فَإِذَا فَرَغْتَ فَانصَبْ (৭) وَإِلَىٰ رَبِّكَ فَارْغَبْ (৮)

(৯৩ সূরা الضُّحَىٰ : آيَاتُهَا ১-৮)

অর্থ : ১. আমি কি আপনার বক্ষ উন্মুক্ত করে দেইনি? ২. আমি লাঘব করেছি আপনার বোঝা, ৩. যা ছিল আপনার জন্যে অতিশয় দুঃসহ। ৪. আমি আপনার আলোচনাকে সমুচ্চ করেছি। ৫. নিশ্চয় কষ্টের সাথে স্বস্তি রয়েছে। ৬. নিশ্চয় কষ্টের সাথে স্বস্তি রয়েছে। ৭. অতএব, যখন অবসর পান পরিশ্রম করুন। ৮. এবং আপনার পালনকর্তার প্রতি মনোনিবেশ করুন। (৯৪ সূরা আল ইনশিরাহ : আয়াত ১-৮)



৭০২. আমি মানুষকে সৃষ্টি করেছি সুন্দরতর অবয়বে

### সূরা আত্‌ত্বীন

وَالْتَّيِّبِينَ وَالرَّيِّتُونَ (۱) وَطُورِ سَيْنِينَ (۲) وَهَذَا الْبَلَدِ الْأَمِينِ (۳) لَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ فِي أَحْسَنِ تَقْوِيمٍ (۴) ثُمَّ رَدَدْنَاهُ  
أَسْفَلَ سَفِيلِينَ (۵) إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَلَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ (۶) فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِالذِّكْرِ (۷) أَلَيْسَ اللَّهُ  
بِأَحْكَمَ الْحَكَمِينَ (۸)

(৭৫ সূরা ত্বীন : ১-৮)

অর্থ : ১. শপথ আঞ্জীর (ডুমুর) ও জয়তুনের, ২. এবং সিনাই প্রান্তরস্থ তুর পর্বতের, ৩. এবং এই নিরাপদ নগরীর। ৪. আমি সৃষ্টি করেছি মানুষকে সুন্দরতর অবয়বে ৫. অতঃপর তাকে ফিরিয়ে দিয়েছি নীচ থেকে নীচে ৬. কিন্তু যারা বিশ্বাস স্থাপন করেছে ও সৎকর্ম করেছে, তাদের জন্যে রয়েছে পুরস্কার। ৭. অতঃপর কেন তুমি অবিশ্বাস করছ কেয়ামতকে? ৮. আল্লাহ কি বিচারকদের মধ্যে শ্রেষ্ঠতম বিচারক নন? (৯৫ সূরা আত্বীন : আয়াত ১-৭)

৭০৩. আল্লাহ শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না

সূরা আলাক

إِثْرًا بِإِسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ (۱) خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ (۲) إِثْرًا وَرَبُّكَ الْأَكْرَمُ (۳) الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ (۴) عَلَّمَ الْإِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ (۵) (۹۶ سُورَةُ الْعَلَقِ : آيَاتُهَا ۵-۱)

অর্থ : ১. পাঠ করুন আপনার পালনকর্তার নামে যিনি সৃষ্টি করেছেন ২. সৃষ্টি করেছেন মানুষকে জমাট রক্ত থেকে। ৩. পাঠ করুন, আপনার পালনকর্তা মহা দয়ালু, ৪. যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন, ৫. শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না। (৯৬ সূরা আলাক : আয়াত ১-৫)

৭০৪. সত্যি সত্যি মানুষ সীমালংঘন করে

كَلَّا إِنَّ الْإِنْسَانَ لَيْطَغَى (۶) أَنْ رَأَاهُ اسْتَغْنَى (۷) إِنَّ إِلَىٰ رَبِّكَ الرُّجْعَى (۸) أَرَأَيْتَ الَّذِي يَنْهَى (۹) عَبْدًا إِذَا صَلَّى (۱۰) أَرَأَيْتَ إِنْ كَانَ عَلَىٰ الْهُدَىٰ (۱۱) أَوْ أَمَرَ بِالتَّقْوَىٰ (۱۲) (۹۶ سُورَةُ الْعَلَقِ : آيَاتُهَا ১-১২)

অর্থ : ৬. সত্যি সত্যি মানুষ সীমালংঘন করে, ৭. এ কারণে যে, সে নিজেকে অভাবমুক্ত মনে করে। ৮. নিশ্চয় আপনার পালনকর্তার দিকেই মানুষের প্রত্যাবর্তন হবে। ৯. আপনি কি তাকে দেখেছেন, যে নিষেধ করে ১০. এক বান্দাকে যখন সে নামাজ পড়ে? ১১. আপনি কি দেখেছেন যদি সে সৎপথে থাকে ১২. অথবা আল্লাহভীতি শিক্ষা দেয়।

(৯৬ সূরা আলাক : আয়াত ৬-১২)

৭০৫. সে কি জানেনা যে, আল্লাহ দেখেন

أَرَأَيْتَ إِنْ كَذَّبَ وَتَوَلَّى (۳۱) أَلَمْ يَعْلَمْ بِأَنَّ اللَّهَ يَرَى (۳۲) كَلَّا لَئِنْ لَمْ يَنْتَهِ لَنَسْفَعًا بِالنَّاصِيَةِ (۳) نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ (۱৬) فَلْيَدْعُ نَادِيَهُ (۱৭) سَنَدْعُ الزَّبَانِيَةَ (۱৮) كَلَّا لَا تَطَّعُهُ وَلَا تَسْجُدُ وَأَقْتَرِبَ (۱৯)

(৯৬ সূরা আলাক : আয়াত ১৩-১৯)

অর্থ : ১৩. আপনি কি দেখেছেন, যদি সে মিথ্যারোপ করে ও মুখ ফিরিয়ে নেয়। ১৪. সে কি জানেনা যে, আল্লাহ দেখেন? ১৫. কখনই নয়, যদি সে বিরত না হয়, তবে আমি মস্তকের সামনের কেশগুচ্ছ ধরে হেঁচড়াবই- ১৬. মিথ্যাচারী, পাপীর কেশগুচ্ছ। ১৭. অতএব, সে তার সভাসদদেরকে আহ্বান করুক। ১৮. আমিও আহ্বান করব জাহান্নামের প্রহরীদেরকে ১৯. কখনই নয়, আপনি তার আনুগত্য করবেন না। আপনি সেজদা করুন ও আমার নৈকট্য অর্জন করুন। (৯৬ সূরা আলাক : আয়াত ১৩-১৯)

৭০৬. শবে কদর হল এক হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ

### সূরা কদর

إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ (۱) وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ (۲) لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ (۳) تَنزِيلُ الْمَلَكِ وَالرُّوحُ فِيهَا بِإِذْنِ رَبِّهِمْ مِنْ كُلِّ أَمْرٍ (۴) سَلَّمَ نَدِ هِيَ حَتَّىٰ مَطْلَعِ الْفَجْرِ (۵) (۹۷ سُوْرَةُ الْقَدْرِ : آيَاتُهَا ۱-۵)

অর্থ : ১. আমি একে নাযিল করেছি শবে-কদরে। ২. শবে-কদর সম্বন্ধে আপনি কি জানেন? ৩. শবে-কদর হল এক হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ ৪. এতে প্রত্যেক কাজের জন্যে ফেরেশতাগণ ও রুহ অবতীর্ণ হয় তাদের পালনকর্তার নির্দেশক্রমে। ৫. এটা নিরাপত্তা যা ফজরের উদয় পর্যন্ত অব্যাহত থাকে। (৯৭ সূরা কদর : আয়াত ১-৫)

৭০৭. যারা ঈমান আনে ও সৎকর্ম করে তারাই সৃষ্টির সেরা

### সূরা বাইয়্যিনাহ

لَمْ يَكُنِ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ مُنْفَكِينَ حَتَّىٰ تَأْتِيَهُمُ الْبَيِّنَةُ (۱) رَسُولٌ مِّنَ اللَّهِ يَتْلُوا صُحُفًا مُّطَهَّرَةً (۲) فِيهَا كُتُبٌ قَيِّمَةٌ (۳) وَمَا تَفَرَّقَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ إِلَّا مِنْ بَعْدِ مَا جَاءَتْهُمُ الْبَيِّنَةُ (۴) وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِينُ الْقَيِّمَةِ (۵) إِنَّ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ فِي نَارِ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا ذَٰلِكَ أُولَٰئِكَ أَمْرٌ شَرٌّ الْبَرِيَّةِ (۶) إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ ۖ أُولَٰئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ (۷) جَزَاءُ هُمْ عِنْدَ رَبِّهِمْ جَنَّاتٌ عَدْنٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا ۖ رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ ۗ ذَٰلِكَ لِمَنْ حَشِيَ رَبَّهُ (۸) (۹۸ سُوْرَةُ الْبَيِّنَةِ : آيَاتُهَا ۱-۸)

অর্থ : ১. আহলে-কিতাব ও মুশরেকদের মধ্যে যারা কাফের ছিল, তারা প্রত্যাভর্তন করত না যতক্ষণ না তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসত। ২. অর্থাৎ, আল্লাহর একজন রসূল, যিনি আবৃত্তি করতেন পবিত্র সর্হীফা, ৩. যাতে আছে, সঠিক বিষয়বস্তু। ৪. অপর কিতাব প্রাপ্তরা যে বিভ্রান্ত হয়েছে তা হয়েছে, তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসার পরেই। ৫. তাদেরকে এছাড়া কোন নির্দেশ করা হয়নি যে, তারা খাঁটি মনে একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করবে, নামাজ কায়ম করবে এবং যাকাত দেবে। এটাই সঠিক ধর্ম। ৬. আহলে-কিতাব ও মুশরেকদের মধ্যে যারা কাফের, তারা জাহান্নামের আগুনে স্থায়ীভাবে থাকবে। তারাই সৃষ্টির অধম।

(৯৮ সূরা বাইয়্যিনাহ : আয়াত ১-৮)

৭০৮. যখন পৃথিবী তার কম্পনে প্রকম্পিত হবে

### সূরা যিলযাল

إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا (۱) وَأَخْرَجَتِ الْأَرْضُ أَثْقَالَهَا (۲) وَقَالَ الْإِنْسَانُ مَا لَهَا (۳) يَوْمَئِذٍ تُحَدِّثُ أَخْبَارَهَا (۴) بَانَ رَبُّكَ أَوْحَىٰ لَهَا (۵) يَوْمَئِذٍ يُّصَدِّرُ النَّاسَ أَشْتَاتًا لِّيُرَوْا أَعْمَالَهُمْ (۶) فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ (۷) وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ (۸)

(৭৭ সূরা যিলযাল : আয়াত ১-৮)

অর্থ : ১. যখন পৃথিবী তার কম্পনে প্রকম্পিত হবে, ২. যখন সে তার বোঝা বের করে দেবে ৩. এবং মানুষ বলবে, এর কি হল? ৪. সেদিন সে তার বৃত্তান্ত বর্ণনা করবে, ৫. কারণ, আপনার পালনকর্তা তাকে আদেশ করবেন। ৬. সেদিন মানুষ বিভিন্ন দলে প্রকাশ পাবে, যাতে তাদেরকে তাদের কৃতকর্ম দেখানো হয়। অতঃপর কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে তা দেখতে পাবে। ৮. এবং কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে তাও দেখতে পাবে। (৯৯ সূরা যিলযাল : আয়াত ১-৮)

৭০৯. সে কি জানেনা, যখন কবরে যা আছে, তা উখিত হবে

### সূরা আদিয়াত

وَالْعَدِيصِ ضَبْحًا (۱) فَالْمُورِيصِ قَدْحًا (۲) فَالْمَغِيرِصِ صَبْحًا (۳) فَاتَّارِنَ بِهِ نَقْعًا (۴) فَوْسَطْنَ بِهِ جَمْعًا (۵) إِنَّ الْإِنْسَانَ لِرَبِّهِ لَكَنُودٌ (۶) وَإِنَّهُ عَلَىٰ ذَٰلِكَ لَشَهِيدٌ (۷) وَإِنَّهُ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيدٌ (۸) أَفَلَا يَعْلَمُ إِذَا بُعْثِرَ مَا فِي الْقُبُورِ (۹) وَحُصِّلَ مَا فِي الصُّدُورِ (۱০) إِنَّ رَبَّهُم بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيرٌ (১১) (১০০ সূরা আদিয়াত : আয়াত ১-১১)

অর্থ : ১. (সেসব) ঘোড়ার কসম, যারা হেসা ধ্বনি করে হাঁপাতে হাঁপাতে দৌড়ায় ২. আর (পদাঘাতে) অগ্নিস্কুলিঙ্গ উড়ায়। ৩. তারপর অতিভোরে হঠাৎ (জনপদে) আক্রমণ চালায়। ৪. আর এ সময়ে ধূলি উড়ায়। ৫. আর এরূপ অবস্থায় শত্রুদের ভিতরে ভিড়ের মধ্যে ঢুকে পড়ে। ৬. অবশ্যই মানুষ তার রবের প্রতি অকৃতজ্ঞ। ৭. এবং সে নিজেই তা জানে। ৮. আর নিশ্চয় সে ধন-সম্পদের লালসায় উন্মত্ত; ৯. তবে সে কি সেই সময় সম্বন্ধে জানে না, যখন কবরে সমাহিত সবকিছু বের হয়ে আসবে? ১০. এবং (মানুষের) দিলে (অন্তরে) লুকানো সবকিছু (বের হয়ে আসবে)। প্রকাশিত হবে? ১১. সেদিন তাদের কী হবে তার রব অবশ্যই তা সবিশেষ অবহিত হবেন (আছেন)। (১০০ সূরা আদিয়াত : আয়াত ১১)

৭১০. যার পাল্লা ভারী হবে, সে সুখী জীবন যাপন করবে

### সূরা কারিআ

الْقَارِعَةُ (۱) مَا الْقَارِعَةُ (۲) وَمَا أَدْرَاكَ مَا الْقَارِعَةُ (۳) يَوْمًا يَكُونُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَبْثُوثِ (۴) وَتَكُونُ الْجِبَالُ كَالْعِهْمِ الْمَنْفُوشِ (۵) فَأَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ (۶) فَهُوَ فِي عِيشَةٍ رَاضِيَةٍ (۷) وَأَمَّا مَنْ خَفَّتْ مَوَازِينُهُ (۸) فَأَمَّهُ هَاوِيَةٌ (۹) وَمَا أَدْرَاكَ مَا هِيَتْ (۱۰) نَارُ حَامِيَةٍ (۱۱)

(১০১ সূরা الْقَارِعَةُ : آيَاتُهَا ১-১১)

অর্থ : ১. করাঘাতকারী, ২. করাঘাতকারী কি? ৩. করাঘাতকারী সম্পর্কে আপনি কি জানেন? ৪. যেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতংগের মত ৫. এবং পর্বতমালা হবে ধূনিত রঙীন পশমের মত। ৬. অতএব যার পাল্লা ভারী হবে, ৭. সে সুখীজীবন যাপন করবে ৮. আর যার পাল্লা হালকা হবে, ৯. তার ঠিকানা হবে হাবিয়া। ১০. আপনি জানেন তা কি? ১১. প্রজ্জ্বলিত অগ্নি।

(১০১ সূরা কারেয়া : আয়াত ১-১১)

৭১১. তোমরা অবশ্যই জাহান্নাম দেখবে

### সূরা তাকাসুর

الْمَكْمَرُ التَّكَاثُرُ (۱) حَتَّى زُرْتُمُ الْمَقَابِرَ (۲) كَلَّا سَوْفَ تَعْلَمُونَ (۳) ثَمَّ كَلَّا سَوْفَ تَعْلَمُونَ (۴) كَلَّا لَوْ تَعْلَمُونَ عِلْمَ الْيَقِينِ (۵) لَتَرَوُنَّ الْجَحِيمَ (۶) ثَمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِينِ (۷) ثَمَّ لَتَسْتَئَلُنَّ يَوْمئِذٍ عَنِ النَّعِيمِ (۸) (سُورَةُ التَّكَاثُرِ : آيَاتُهَا ১-৮)

অর্থ : ১. প্রাচুর্যের লালসা তোমাদেরকে গাফেল রাখে, ২. এমনকি, তোমরা কবরস্থানে পৌছে যাও। ৩. এটা কখনও উচিত নয়। তোমরা সত্বরই জেনে নেবে। ৪. অতঃপর এটা কখনও উচিত নয়। তোমরা সত্বরই জেনে নেবে। ৫. কখনই নয়; যদি তোমরা নিশ্চিত জানতে। ৬. তোমরা অবশ্যই জাহান্নাম দেখবে, ৭. অতঃপর তোমরা তা অবশ্যই দেখবে দিব্য-প্রত্যয়ে, ৮. এরপর অবশ্যই সেদিন তোমরা নেয়ামত সম্পর্কে জিজ্ঞাসিত হবে।

(১০২ সূরা তাকাসুর : আয়াত ১-৮)

## ৭১২. নিশ্চয় মানুষ ক্ষতিগ্রস্ত

### সূরা আছর

وَالْعَصْرِ (۱) إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسْرٍ (۲) إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَتَوَّصُوا بِالحَقِّ وَتَوَّصُوا بِالصَّبْرِ (۳)

(১০৩ সূরা الْعَصْرِ : آيَاتُهَا ১-৩)

অর্থ : ১. কসম যুগের, ২. নিশ্চয় মানুষ ক্ষতিগ্রস্ত; ৩. কিন্তু তারা নয়, যারা বিশ্বাস স্থাপন করে ও সৎকর্ম করে এবং পরস্পরকে তাকীদ করে সত্যের এবং তাকীদ করে সবরের। (১০৩ সূরা আছর : আয়াত ১-৩)

## ৭১৩. সে কি মনে করে তার অর্থ তার সাথে চিরকাল থাকবে

### সূরা হুমাযাহ

وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةٍ (۱) الَّذِي جَمَعَ مَالًا وَعَدَّدَهُ (۲) يَحْسَبُ أَنَّ مَالَهُ أَخْلَدَهُ (۳) كَلَّا لَيُنْبَذَنَّ فِي الْحُطَمَةِ (۴) وَمَا أَدْرَاكَ مَا الْحُطَمَةُ (۵) نَارُ اللَّهِ الْمَوْقُودَةُ (۶) الَّتِي تَطَّلِعُ عَلَى الْآفِنْدَةِ (۷) إِنَّهَا عَلَيْهِمْ مُّؤَصَّدَةٌ (۸) فِي عَمَدٍ مُمَدَّدَةٍ (۹)

(১০৩ সূরা الْهُمَزَةِ : آيَاتُهَا ১-৯)

অর্থ : ১. প্রত্যেক পশ্চাতে ও সম্মুখে পরনিন্দাকারীর দুর্ভোগ, ২. যে অর্থ সঞ্চিত করে ও গণনা করে ৩. সে মনে করে যে, তার অর্থ চিরকাল তার সাথে থাকবে। ৪. কখনও না, সে অবশ্যই নিষ্ফিণ্ড হবে পিষ্টকারীর মধ্যে। ৫. আপনি কি জানেন, পিষ্টকারী কি? ৬. এটা আল্লাহর প্রজ্জ্বলিত অগ্নি, ৭. যা হৃদয় পর্যন্ত পৌছবে। ৮. এতে তাদেরকে বেঁধে দেয়া হবে, ৯. লম্বা লম্বা খুঁটিতে। (১০৩ সূরা হুমাযাহ : আয়াত ১-৯)

৭১৪. তিনি তাদের উপর প্রেরণ করেছেন ঝাঁকে ঝাঁকে পাখি

### সূরা ফীল

أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِأَصْحَابِ الْفِيلِ (১) أَلَمْ يَجْعَلْ كَيْدَهُمْ فِي تَضْلِيلٍ (২) وَأَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا أَبَابِيلَ (৩)  
تَرْمِيهِمْ بِحِجَارَةٍ مِّن سِجِّيلٍ (৪) فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّأْكُولٍ (৫) (سُورَةُ الْفِيلِ : آيَاتُهَا ١-٥)

অর্থ : ১. আপনি কি দেখেননি আপনার পালনকর্তা হস্তীবাহিনীর সাথে কিরূপ ব্যবহার করেছেন? ২. তিনি কি তাদের চক্রান্ত নস্যাত্ন করে দেননি? ৩. তিনি তাদের উপর প্রেরণ করেছেন ঝাঁকে ঝাঁকে পাখি, ৪. যারা তাদের উপর পাথরের কংকর নিক্ষেপ করছিল। ৫. অতঃপর তিনি তাদেরকে ভক্ষিত ভৃগসদৃশ করে দেন। (১০৫ সূরা ফিল : আয়াত ১-৫)

৭১৫. অতএব তারা যেন ইবাদত করে এই ঘরের পালনকর্তার

### সূরা কোরাইশ

لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَهُوَ الْغَنِيُّ الرَّحْمَنُ (১) اللَّهُ الَّذِي آتَى الْفِيلَ الْوَهْجَ (২) فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّأْكُولٍ (৩)  
مِّنْ خَوْفٍ (৪)

(سُورَةُ الْقُرَيْشِ : آيَاتُهَا ١-٣)

অর্থ : ১. কোয়ায়েশের আসক্তির কারণে, ২. আসক্তির কারণে তাদের শীত ও গ্রীষ্মকালীন সফরের। ৩. অতএব তারা যেন ইবাদত করে এই ঘরের পালনকর্তার ৪. তিনি তাদেরকে ক্ষুধায় আহার দিয়েছেন এবং যুদ্ধভীতি থেকে তাদেরকে নিরাপদ করেছেন। (১০৬ সূরা কোরাইশ : আয়াত ১-৪)

৭১৬. দুর্ভোগ সেসব নামাজীর যারা লোক দেখানো নামাজ পড়ে

### সূরা মাউন

أَرَأَيْتَ الَّذِي يُكَذِّبُ بِالْإِيمَانِ (۱) فَذَلِكَ الَّذِي يَدْعُ الْيَتِيمَ (۲) وَلَا يَحْضُ عَلَىٰ طَعَامِ الْمِسْكِينِ (۳) فَوَيْلٌ لِلْمُصَلِّينَ (۴) الَّذِينَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُونَ (۵) الَّذِينَ هُمْ يُرَاءُونَ (۶) وَيَمْنَعُونَ الْمَاعُونَ (۷)

(১০৮ সূরা মাউন : آیাতھا ১-৭)

অর্থ : ১. আপনি কি দেখেছেন তাকে, যে বিচারদিবসকে মিথ্যা বলে? ২. সে সেই ব্যক্তি, যে এতীমকে গলা ধাক্কা দেয় ৩. এবং মিসকীনকে অন্ন দিতে উৎসাহিত করে না। ৪. অতএব দুর্ভোগ সেসব নামাজীর, ৫. যারা তাদের নামাজ সম্বন্ধে বে-খবর; ৬. যারা লোক-দেখানোর জন্য নামাজ পড়ে ৭. এবং নিত্য ব্যবহার্য বস্তু অন্যকে দেয় না। (১০৭ সূরা মাউন : আয়াত ১-৭)

৭১৭. নিশ্চয় আমি আপনাকে কাওসার দান করেছি

### সূরা কাওসার

إِنَّا أَعْطَيْنَاكَ الْكَوْثَرَ (۱) فَصَلِّ لِرَبِّكَ وَأَنْحَرْ (۲) إِنَّ شَانِئَكَ هُوَ الْأَبْتَرُ (۳) (۱۰৮ সূরা কাওসার : آیাতھا ১-৩)

অর্থ : ১. নিশ্চয় আমি আপনাকে কাওসার দান করেছি। ২. অতএব আপনার পালনকর্তার উদ্দেশ্যে নামাজ পড়ুন এবং কোরবানী করুন। ৩. যে আপনার শত্রু, সে-ই তো লেজকাটা, নির্বংশ (১০৮ সূরা কাওসার : আয়াত ১-৩)



৭১৮. আমি ইবাদত করিনা, তোমরা যার ইবাদত কর

### সূরা কাফিরুন

قُلْ يَا أَيُّهَا الْكٰفِرُونَ (۱) لَا اَعْبُدُ مَا تَعْبُدُونَ (۲) وَلَا اَنْتُمْ عٰبِدُونَ مَا اَعْبُدُ (۳) وَلَا اَنَا عٰبِدٌ مَّا عٰبَدْتُمْ (۴) وَلَا اَنْتُمْ عٰبِدُونَ مَا اَعْبُدُ (۵) لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ (۶) (۱۰۹ سُورَةُ الْكٰفِرُونَ : اٰيَاتُهَا ۱-۶)

অর্থ : ১. বলুন, হে কাফেরকুল, ২. আমি ইবাদত করি না তোমরা যার ইবাদত কর। ৩. এবং তোমরাও ইবাদতকারী নও যার ইবাদত আমি করি ৪. এবং আমি ইবাদতকারী নই যার ইবাদত তোমরা কর। ৫. তোমরা ইবাদতকারী নও যার ইবাদত আমি করি। ৬. তোমাদের কর্ম ও কর্মফল তোমাদের জন্যে এবং আমার কর্ম ও কর্মফল আমার জন্যে।

(১০৯ সূরা কাফিরুন : আয়াত ১-৬)

৭১৯. নিশ্চয় আল্লাহ ক্ষমাকারী

### সূরা নহর

اِذَا جَاءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ (۱) وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا (۲) فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ اِنَّهٗ كَانَ تَوَّابًا (۳)

(۱۱۰ سُورَةُ النَّصْرِ : اٰيَاتُهَا ۱-۳)

অর্থ : ১. যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয় ২. এবং আপনি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবেন, ৩. তখন আপনি আপনার পালনকর্তার পবিত্রতা বর্ণনা করুন এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করুন। নিশ্চয় তিনি ক্ষমাকারী। (১১০ সূরা নহর : আয়াত ১-৩)

৭২০. আবু লাহাবের হস্তদ্বয় ধ্বংস হোক

### সূরা লাহাব

تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ (۱) مَا أَغْنَىٰ عَنْهُ مَالُهُ وَمَا كَسَبَ (۲) سَيَصْلَىٰ نَارًا ذَاتَ لَهَبٍ (۳) وَأَمْرَاتُهُ طَهَّالَتِ الْحَطَبِ (۴)  
فِي جِيدِهَا حَبْلٌ مِّن مَّسَدٍ (۵) (۱۱۱ سُوْرَةُ اللَّهَبِ : آيَاتُهَا ۱-۵)

অর্থ : ১. আবু লাহাবের হস্তদ্বয় ধ্বংস হোক এবং ধ্বংস হোক সে নিজে, ২. কোন কাজে আসেনি তার ধন-সম্পদ ও যা সে উপার্জন করেছে। ৩. সতুরই সে প্রবেশ করবে লেলিহান অগ্নিতে ৪. এবং তার স্ত্রীও- যে ইন্ধন বহন করে, ৫. তার গলদেশে খর্জুরের রশি নিয়ে। (১১১ সূরা লাহাব : আয়াত ১-৫)

৭২১. আল্লাহ কাউকে জন্ম দেননি কেউ তাকে জন্ম দেয়নি

### সূরা এখলাছ

قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ (۱) اللَّهُ الصَّمَدُ (۲) لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ (۳) وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ (۴) (۱۱۲ سُوْرَةُ الْإِخْلَاصِ : آيَاتُهَا ১-৪)

অর্থ : ১. বলুন, তিনি আল্লাহ, এক, ২. আল্লাহ অমুখাপেক্ষী, ৩. তিনি কাউকে জন্ম দেননি এবং কেউ তাকে জন্ম দেয়নি ৪. এবং তার সমতুল্য কেউ নেই। (১১২ সূরা এখলাছ : আয়াত ১-৪)

৭২২. আমি আশ্রয় গ্রহণ করছি হিংসুকের অনিষ্ট থেকে

### সূরা ফালাক্ব

قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ (۱) مِنْ شَرِّ مَا خَلَقَ (۲) وَمِنْ شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ (۳) وَمِنْ شَرِّ النَّفَّاثَاتِ فِي الْعُقَدِ (۴) وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ (۵) (۱۱۳ سُوْرَةُ الْفَلَقِ : آيَاتُهَا ১-৫)

অর্থ : ১. বলুন, আমি আশ্রয় গ্রহণ করছি প্রভাতের পালনকর্তার, ২. তিনি যা সৃষ্টি করেছেন, তার অনিষ্ট থেকে, ৩. অন্ধকার রাত্রির অনিষ্ট থেকে, যখন তা সমাগত হয়, ৪. গ্রস্থিতে ফুঁৎকার দিয়ে জাদুকারিণীদের অনিষ্ট থেকে ৫. এবং হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে।

(১১৩ সূরা ফালাক্ব : আয়াত ১- ৫)

৭২৩. আমি আশ্রয় গ্রহণ করছি যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে

### সূরা নাস

قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ (۱) مَلِكِ النَّاسِ (۲) إِلَهِ النَّاسِ (۳) مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ (۴) الَّذِي يُوَسْوِسُ فِي صُدُورِ  
النَّاسِ (۵) مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ (۶) (سُورَةُ النَّاسِ : آيَاتُهَا ۱-۶)

অর্থ : ১. বলুন, আমি আশ্রয় গ্রহণ করছি মানুষের পালনকর্তার ২. মানুষের অধিপতির, ৩. মানুষের মা'বুদের ৪. তার অনিষ্ট থেকে, যে কুমন্ত্রণা দেয় ও আত্মগোপন করে, ৫. যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে ৬. জ্বিনের মধ্য থেকে অথবা মানুষের মধ্য থেকে। (১১৪ সূরা নাস : আয়াত ১- ৬)

৭২৪. আমি অংশীবাদীদের অন্তর্ভুক্ত নই

### জায়নামাজের দোয়া

إِنِّي وَجَّهْتُ وَجْهِيَ لِلدِّينِ فَطَرَ السَّمَوَاتِ وَالْأَرْضَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ \*

উচ্চারণ : ইন্নী ওয়াজ্জাহতু ওয়াজ্ হিয়া লিল্লাযী ফাতারাস্ সামাওয়াতি ওয়াল্ আর্দা হানীফাওঁ অমা আনা মিনাল্ মুশরিকীন।

অর্থ : নিশ্চয়ই আমি সব কিছু থেকে বিমুখ হয়ে একমাত্র তাঁর দিকে একাগ্রচিত্তে মুখ করলাম, যিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন। বস্তুত আমি অংশীবাদীদের অন্তর্ভুক্ত নই।

৭২৫. আল্লাহর নাম অত্যন্ত বরকতময়

### সানা

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالَى جَدُّكَ وَلَا إِلَهَ غَيْرُكَ.

বাংলা উচ্চারণ : সুবহানাকা আল্লাহুমা ওয়া বিহামদিকা ওয়া তাবরাকাসমুকা ওয়া তায়ালা জাদ্দুকা ওয়া লা- ইলাহা গাইরুকা।

অর্থ : হে আল্লাহ! আমি তোমার প্রশংসার সাথে তোমার পবিত্রতা বর্ণনা করছি এবং তোমার নাম অত্যন্ত বরকতময় এবং তোমার মহত্ত্ব অতি উচ্চ এবং তুমি ছাড়া অন্য কোন মা'বুদ (ইবাদতের যোগ্য) নাই।

৭২৬. হে প্রিয় নবী আপনার উপর শান্তি এবং আল্লাহ তা'আলার রহমত বরকত বর্ষিত হউক

### তাশাহুদ/আত্তাহিয়াতু

التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ ط السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ \* أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ \*

বাংলা উচ্চারণ : আত্তাহিয়াতু লিল্লাহি ওয়াচ্ছালাওয়াতু ওয়াত্তায়্যিবাতু আছ্ছালামু আলাইকা আইয়্যাহান্ নাবিয়্যু ওয়া রাহ্মাতুল্লাহি ওয়া বারাকাতুহু আছ্ছালামু আলাইনা ওয়া আলা ইবাদিল্লাহিছ্ছা লিহীন। আশ্হাদু আল্ লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়া আশ্ হাদু আন্না মুহাম্মাদান্ আবদুহু ওয়া রাসুলুহু।

অর্থ : মৌখিক, শারীরিক এবং আর্থিক ইবাদত একমাত্র আল্লাহ তা'আলার জন্যে। হে প্রিয় নবী! আপনার উপর শান্তি এবং আল্লাহ তা'আলার রহমত ও সব রকমের বরকত বর্ষিত হউক। আমাদের উপর এবং আল্লাহ তা'আলার নেক ও সৎ বান্দাদের (মানুষ, জ্বিন ও ফেরেশ্তাগণের) উপরও শান্তি বর্ষিত হউক। আমি সংশয়হীন খালেছ অন্তরে সাক্ষ্য দিতেছি যে, আল্লাহ তা'আলা ব্যতীত অপর কোন মা'বুদ নাই এবং ইহাও সংশয়হীন খালেছ অন্তরে সাক্ষ্য দিতেছি যে, নিশ্চয়ই হযরত মুহাম্মদ ছাল্লাল্লাহু আলাইহে ওয়া ছাল্লাম আল্লাহ তা'আলার বান্দা ও তাঁর রাসুল।

৭২৭. নিশ্চয় তুমি আল্লাহ প্রশংসিত ও সুমহান

### দরুদ শরীফ

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ \* اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ \*

বাংলা উচ্চারণ : আল্লাহুমা ছাল্লি আলা মুহাম্মাদিওঁ ওয়া আলা আলি মুহাম্মাদিন কামা ছাল্লাইতা আলা ইব্রাহীমা ওয়া আলা আলি ইব্রাহীমা ইন্নাকা হামিদুম মাজীদ। আল্লাহুমা বারিক আলা মুহাম্মাদিওঁ ওয়া আলা আলি মুহাম্মাদিন কামা বারাকতা আলা ইব্রাহীমা ওয়া আলা আলি ইব্রাহীমা ইন্নাকা হামিদুম মাজীদ।

অর্থ : হে আল্লাহ! হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম ও তাঁর আওলাদের (বংশধরগণের) উপর রহমত নাযিল করেছ। নিশ্চয় তুমি প্রশংসিত ও সুমহান। হে আল্লাহ! হযরত মুহাম্মদ ছাল্লাল্লাহু আলাইহে ওয়া ছাল্লাম ও তাঁর আওলাদের উপর বরকত নাযিল করেছ। নিশ্চয় তুমি প্রশংসিত ও সুমহান।

৭২৮. হে আল্লাহ! আমি আপন নফছের উপর বহু জুলুম করেছি

### দোয়ায় মাছুরা-১

اللَّهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْمًا كَثِيرًا وَلَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ فَاعْفِرْ لِي مَغْفِرَةً مِنْ عِنْدِكَ وَأَرْحَمْنِي إِنَّكَ أَنْتَ الْغَفُورُ  
الرَّحِيمُ \*

বাংলা উচ্চারণ : আল্লাহ্মা ইন্নী জালামতু নাফছি জুলমান কাছীরাওঁ ওয়া লাইয়াগফিরুজ্জুব্বা ইন্না আনতা ফাগফিরলী মাগফিরাতাখিন ইনদিকা ওয়ারহামনী ইন্নাকা আনতাল গাফুরুর রাহীম ।

অর্থ : হে আল্লাহ! আমি আপন নফছের (দেহ ও আত্মার) উপর বহু জুলুম করেছি, আর তুমি ছাড়া কেউই পাপসমূহ ক্ষমা করতে পারবে না। অতএব, তুমি আমাকে তোমার পক্ষ হইতে ক্ষমা করে দাও এবং আমাকে দয়া কর। বস্তুত: তুমিই অতি ক্ষমাকারী মহান দয়ালু।

৭২৯. হে আল্লাহ! তুমি ক্ষমা কর আমাকে এবং আমার পিতা মাতাকে

### দোয়ায় মাছুরা-২

اللَّهُمَّ اغْفِرْ لِي وَلِوَالِدِي وَلِمَنْ تَوَالَدَ وَلِكُلِّبَعْضِ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَالْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ الْأَحْيَاءِ مِنْهُمْ وَالْأَمْوَاتِ بِرَحْمَتِكَ  
يَا أَرْحَمَ الرَّاحِمِينَ \*

বাংলা উচ্চারণ : আল্লাহ্মাগফিরলী ওয়ালি ওয়ালিদাইয়্যা ওয়া লিমান তাওয়ালাদা ওয়ালি জামীয়িল মো'মিনীনা ওয়াল মো'মিনাতি ওয়াল মুছলিমীনা ওয়াল মুছলিমাতি আল আহইয়ায়ে মিনহুমি ওয়াল আমওয়াতি বিরাহমাতিকা ইয়া আরহামার রাহিমীন ।

অর্থ : হে আল্লাহ! তুমি ক্ষমা কর আমাকে, আমার পিতামাতাকে এবং যারা আমাকে লালন পালন করেছে তাদেরকে, এবং সকল মু'মিন নরনারীকে ও মুসলমান নরনারীদেরকে, তাদের মধ্যে জীবিত ও মৃতদেরকে, তোমার করুণা দ্বারা। হে সকল দয়াশীলদের মধ্যে সর্বশ্রেষ্ঠ দয়ালু।

৭৩০. হে আল্লাহ! আমরা তোমার রহমতের আশা রাখি

### দোয়া কনুত

اللَّهُمَّ إِنَّا نَسْتَعِينُكَ وَنَسْتَغْفِرُكَ وَنُؤْمِنُ بِكَ وَنَتَوَكَّلُ عَلَيْكَ وَنُثْنِيْ عَلَيْكَ الْخَيْرَ وَنَشْكُرُكَ وَلَا نَكْفُرُكَ وَنَخْلَعُ وَنَتْرِكُ  
مَنْ يَفْجُرُكَ اللَّهُمَّ إِيَّاكَ نَعْبُدُ وَلكَ نُصَلِّيْ وَنَسْجُدُ وَإِلَيْكَ نَسْعِي وَنَحْفِدُ وَنَرْجُوا رَحْمَتَكَ وَنَخْشَى عَنَّا إِيَّاكَ إِنَّ عَنَّا إِيَّاكَ  
بِالْكَفَّارِ مُلْحِقٌ ❁

বাংলা উচ্চারণ : আল্লাহ্মা ইন্না নাস্তাঈনুকা ওয়া নাস্তাগফিরুকা ওয়া নু'মিনু বিকা ওয়া নাতাওয়াক্বালু আলাইকা ওয়া নুছনি  
আলাইকাল খাইর। ওয়া নাশকুরুকা ওয়ালা নাকফুরুকা ওয়া নাখলাউ ওয়া নাতরুকু মাইয়াফ জুরুক। আল্লাহ্মা ইয়্যাকা না'বুদু  
ওয়ালাকা নুছাল্লী ওয়ানাছজুদু ওয়া ইলাইকা নাছ্যা ওয়ানাহফিদু ওয়ানারজু রাহমাতাকা ওয়ানাখশা আজাবাকা ইন্না আজাবাকা  
বিল কুফফারি মুলহিক।

অর্থ : হে আল্লাহ! বস্তুত: আমরা তোমার নিকট সাহায্য চাই ও তোমারই নিকট ক্ষমা প্রার্থনা করি ও তোমার উপর ঈমান রাখি  
ও তোমার উপর নির্ভর করি ও তোমারই উত্তম প্রশংসা করি ও তোমার কৃতজ্ঞতা প্রকাশ করি। আমরা তোমার কুফরী করি না  
এবং যারা তোমাকে মানে না আমরা তাহাদের থেকে পৃথক হয়ে যাই ও তাদেরকে পরিত্যাগ করি। হে আল্লাহ! আমরা একমাত্র  
তোমারই এবাদত করি এবং তোমারই উদ্দেশ্যে নামাজ পড়ি ও সেজদা করি এবং আমরা তোমারই নৈকট্য লাভের জন্য চেষ্টা  
করি ও গতিশীল হই এবং আমরা তোমার রহমতের আশা রাখি ও তোমার আযাবকে (কঠোর শাস্তিকে) ভয় করি। নিশ্চয়  
তোমার আযাব কাফেরদিগকে ঘিরে ধরবে।

# Quran-Biggan

## ৭৩১. সৌরজগতের গ্রহ ১১টি

### বিজ্ঞানের কথা :

উনবিংশ শতাব্দীতে বিজ্ঞানীরা সৌরজগতে মোট ৯টি গ্রহ আবিষ্কার করেছিলেন। সে গ্রহ গুলোর নাম হচ্ছে : ১. বুধ ২. শুক্র ৩. পৃথিবী ৪. মঙ্গল ৫. বৃহস্পতি ৬. শনি ৭. ইউরেনাস ৮. নেপচুন ও ৯. প্লুটো।

বর্তমানে আমাদের সৌরজগতে আরো ২ টি নতুন গ্রহের সন্ধান পাওয়া গেছে। তার একটির নাম ভালকান অপরটি প্লানেট এক্স। ফলে বর্তমানে সৌরজগতে মোট ১১টি গ্রহ পূর্ণ হয়েছে এবং প্রত্যেক গ্রহ সূর্যকে কেন্দ্র করে ঘুরছে। অথচ সৌর জগতের ১১টি গ্রহ সম্পর্কে পবিত্র কুরআন ১৪০০ বৎসর আগেই ইউসূফ আ. এর স্বপ্নের বর্ণনা দিতে গিয়ে তথ্য প্রকাশ করেছে।

### কুরআনের কথা :

إِذْ قَالَ يُوسُفُ لِأَبِيهِ يَا أَبَتِ إِنِّي رَأَيْتُ أَحَدَ عَشَرَ كَوْكَبًا وَالشَّمْسَ وَالْقَمَرَ رَأَيْتُهُمْ لِي سَاجِدِينَ (۴) (۱۲) سُورَةُ يُوسُفَ : آيَاتُهَا ۴

**Meaning :** Remember when Yousuf (A) said to his father O My father indeed I saw in a dream eleven planets, the sun and the moon. I saw them prostrate themselves to me.

অর্থ : ৪. যখন ইউসূফ পিতাকে বলল : পিতা, আমি স্বপ্নে দেখেছি এগারটি গ্রহ। সূর্য এবং চন্দ্রকে। আমি তাদেরকে আমার উদ্দেশ্যে সেজদা করতে দেখেছি। (১২ সূরা ইউসূফ : আয়াত ৪)

শুধু গ্রহ-নক্ষত্রই নয়, সৌর পরিবাহের প্রতিটি সদস্যই যে চলমান এবং ঘূর্ণায়মান সে ব্যাপারে দেখুন কালামে পাকের বাণী :

لَا الشَّمْسُ يَنْبَغِي لَهَا أَنْ تُدْرِكَ الْقَمَرَ وَلَا اللَّيْلُ سَابِقُ النَّهَارِ وَكُلٌّ فِي فَلَكٍ يَسْبَحُونَ (۴۰) (۳۶) سُورَةُ يُسُ : آيَاتُهَا ۴۰

**Meaning :** It is not for the sun to overtake the Moon, nor can the night outstrip the days and they all swing along in an orbit.

অর্থ : ৪০. সূর্যের সাধ্য নেই চাঁদকে ধরে, আর রাতেরও ক্ষমতা নেই যে, দিনকে অতিক্রম করে। সকলেই নিজ নিজ কক্ষে শূন্যে ভেসে বেড়াচ্ছে।

(৩৬ সূরা ইয়াসীন : আয়াত ৪০)

## ৭৩২. পৃথিবীপৃষ্ঠ সমতল নয় গোলাকার

বিজ্ঞানের কথা :

পৃথিবী গোলাকার। একটা সময় মানুষের বিশ্বাস ছিল, পৃথিবীর আকার সমতল বা চ্যাপ্টা। যুগ যুগ ধরে মানুষ দূর-দূরান্ত পর্যন্ত যেতে ভয় করত। কারণ তারা ভাবত, শেষ পর্যন্ত পৃথিবীর প্রান্তে গিয়ে পড়ে যাবে। ১৫৯৭ খ্রিস্টাব্দে স্যার ফ্রান্সিস ড্রেক নৌপথে পৃথিবীর চারদিকে ঘুরে প্রমাণ করেছিলেন, পৃথিবীর আকৃতি গোল।

কুরআনের কথা :

দিন ও রাতের আবর্তন সম্পর্কে কুরআন নিচের আয়াতে সুস্পষ্টভাবে বর্ণনা করেছে:

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يُولِجُ اللَّيْلَ فِي النَّهَارِ وَيُولِجُ النَّهَارَ فِي اللَّيْلِ (۲۹) (سُورَةُ لُقْمَانَ : آيَاتُهَا ۲۹)

**Meaning :** Hast thos not seen how Allah causeth the hight to pass into the day and causeth the day to pass into the night.

অর্থ : ২৯. তুমি কি দেখোনি, আল্লাহ্ রাতকে দিনে এবং দিনকে রাতে প্রবিষ্ট করেন?" (৩১ সূরা লোকমান : আয়াত ২৯)

ব্যাখ্যা : এখানে প্রবিষ্ট হওয়ার অর্থ রাত ধীরে ধীরে এবং ধারাবাহিকভাবে দিনে পরিবর্তিত হয় এবং ঠিক তার বিপরীতভাবে দিনও পরিবর্তিত হয়। পৃথিবীর আকার গোল বলেই এ ধরনের ঘটনা সংঘটিত হওয়া সম্ভব। পৃথিবী যদি সমতল বা চ্যাপ্টা হত তাহলে হঠাৎ রাত থেকে দিনে এবং দিন থেকে রাতে পরিবর্তিত হয়ে যেত।



৭৩৩. ফেরাউনের মৃতদেহ মিশরের পিরামিডে সংরক্ষিত আছে

বিজ্ঞানের কথা :

প্রায় তিন হাজার বছর পূর্বে, মিশর রাজ্যের শাসক ছিল ফারাও। কুরআনে তার নাম উল্লেখ করা হয়েছে ফেরাউন। মিশর প্রত্নতত্ত্ববিদ ও গবেষকগণ সে সময়কার ফেরাউনের নাম মারনেপতাহ বলে উল্লেখ করেছেন। শাসক হিসেবে ফেরাউন ছিল প্রচলিত প্রতাপ সমৃদ্ধ স্বৈরাচার Autocrat। দম্ব, অহংকার আর ঔদ্ধত্য মনোভাব তার কথা ও কাজে প্রকাশ পেত। এমনকি মানবীয় বৈশিষ্ট্যের সীমা অতিক্রম করে একদিন নিজেকে সে রব (أَنَا رَبُّكُمْ الْأَعْلَى) ঘোষণা করে বসল। এ অবস্থায় আল্লাহ তা'আলা তাঁর বিশিষ্ট নবী মুসা আ. কে নির্দেশ দেন, ফেরাউনের দরবারে গিয়ে তাওহীদের দাওয়াত পেশ করার জন্য, কিন্তু ফেরাউন তাওহীদের দাওয়াত তো গ্রহণ করলই না। বরং মুছা আ. ও তাঁর উম্মতদের হত্যা করার উদ্দেশ্যে ধাওয়া করে তাদেরকে নিয়ে গেল নীল নদের তীরে আল্লাহ পাকের নির্দেশের সাথে সাথে নদের পানি দু'ভাগ হয়ে রাস্তা তৈরী হয়ে গেল। মুছা আ. এবং তাঁর সান্নীহীরা সে রাস্তা বেয়ে নদের ওপার চলে গেলেন। ফেরাউন এবং তার সৈন্যবাহিনী একই রাস্তা অনুসরণ করে যে-ই মাত্র নদের মাঝখানে আসল, অমনি চেউয়ের প্রচণ্ড ঝাপটা এসে তাদেরকে ডুবিয়ে দিল। এমতাবস্থায় মুসা আ. বলল, “তোমাকে অনেক বার তাওহীদের দাওয়াত পেশ করা হয়েছিল, তুমি বরং বার বার ঔদ্ধত্য প্রকাশ করেছিলে।

ফেরাউনের মৃত দেহটি এখনো সংরক্ষিত আছে কায়রো শহরের তাজবীরে অবস্থিত জাতীয় যাদুঘরের ‘রয়াল মমিজ’ কক্ষে। মিশরীয় প্রত্নতত্ত্ববিদ লরেট কর্তৃক ১৮৯৮ সালে এটি আবিষ্কৃত হয় এবং দেহটি ফেরাউন মারনেপতাহর বলে সনাক্ত করা হয়। কুরআন যখন অবতীর্ণ হয় তখন ফেরাউন মারনেপতাহর মরদেহটি সংরক্ষিত ছিল নীল নদের পাড়ে অবস্থিত থিবিসের নেক্রোপলিস সমাধি ভূমিতে এবং তা মমি করা ছিল। রসায়নবিদরা আশ্চর্যবোধ করেন এ জন্য যে, কোন রাসায়নিক উপাদানে ফেরাউনের মরদেহ মমি করা হয়েছে যা হাজার হাজার বছর ধরে মৃত দেহটিকে অবিকৃত রেখেছে? এ প্রশ্নে কোন কোন রসায়ন বিজ্ঞানী বলেছেন, হয়ত তখন ফেরাউনের সাথে জন্ম নিয়েছিল একদল রসায়নবিদ যাদের বিশিষ্ট আবিষ্কারের নিরিখে ফেরাউনের নিষ্প্রাণ অস্তিত্ব এখনও ঠিক আছে। প্রকৃতপক্ষে মহান আল্লাহ আল-কুরআনে ঘোষণা দিয়েছেন, ফেরাউনের মৃত দেহ রক্ষা করা হবে চিরকাল, যাতে সীমালংঘনকারী শাসক সম্প্রদায় শিক্ষা নিতে পারে।

কুরআনের কথা :

فَالْيَوْمَ نُنَجِّيكَ بِبَدَنِكَ لِتَكُونَ لِمَنْ خَلْفَكَ آيَةً ۚ وَإِنَّ كَثِيرًا مِّنَ النَّاسِ عَنْ آيَاتِنَا لَغَفْلُونَ (۹۲) (سُورَةُ بُرُؤْسِ : آيَاتُهَا ۹۲)

**Meaning :** This day shall we save you (Feraun) in your very body so that you may be a sign to those who come after you. But indeed many among mankind are heedless to our signs.

অর্থ : ৯২. আজ আমি কেবল তোমার (ফেরাউন) মৃতদেহকেই রক্ষা করব যাতে তুমি পরবর্তীদের জন্য একটি নিদর্শন হয়ে থাকতে পারো। কিন্তু অধিকাংশ মানুষ আমার নিদর্শনের প্রতি সম্পূর্ণ উদাসীন।

(১০ সূরা ইউনুস : আয়াত ৯২)

## ৭৩৪. নূহ আ. এর কিশ্তী জুদী পর্বতে অবস্থিত

### বিজ্ঞানের কথা :

১৯৫০ সালের ঘটনা। মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার NASA স্থাপিত স্যাটেলাইট তুরস্কের একটি পাহাড়ের কাছাকাছি স্থান থেকে আসা মানব চক্ষুর আকৃতি বিশিষ্ট একটি বস্তুর ছবি প্রেরণ করে। ছবিটি দেখে বিজ্ঞানীদের মধ্যে সাড়া পড়ে যায় এ জন্য যে, মানুষের চোখের মত বিশাল এ ছবিটি কিসের হতে পারে? স্যাটেলাইট যে স্থান থেকে চিত্রটি তুলেছে তা হচ্ছে তুরস্কের জুদী পাহাড়ের কাছাকাছি স্থান। এ নিয়ে বিজ্ঞানীরা অনুসন্ধান ও গবেষণা চালিয়ে দীর্ঘদিনেও কোন কূল কিনারা করতে পারেন নি।

অবশেষে মার্কিন তরুণ ভূতত্ত্ববিদ ড: ভান্দিল জোনস সফল হলেন। তার প্রবল আগ্রহ এবং অনুসন্ধিসুমন তাকে নিয়ে গেল জুদী পাহাড়ের চূড়ায়। মহাগ্রন্থ আল-কোরআন থেকে তিনি একটি তথ্য পেয়ে স্যাটেলাইট কর্তৃক প্রেরিত ছবির বাস্তবতা উপলব্ধি করে নিলেন। কুরআনে বর্ণিত তথ্যটি হচ্ছে, হাজার হাজার বৎসর পূর্বে আব্রাহাম নবী নূহ আ. মহাপ্লাবন থেকে আত্মরক্ষার জন্য একটি কিশ্তী নির্মাণ করেছিলেন। প্লাবন শেষে কিশ্তীটি জুদী পাহাড়ের চূড়ায় এসে ভিড়েছিল। ড: জোনস এ অনুসন্ধানের প্রথম পর্যায়ে তিনি তুরস্কে গিয়ে স্থানীয় প্রবীণ লোকজনের কাছ থেকে হযরত নূহ আ. এবং তাঁর নির্মিত নৌকা সম্পর্কে তথ্য সংগ্রহ করেন। পরে কুরআনে বর্ণিত মহাপ্লাবন সম্পর্কে তথ্য লাভ করে জুদী পাহাড়ের চূড়ায় আরোহন করেন এবং বহু কাংক্ষিত জিনিসকে পেয়ে যান। সেটি হযরত নূহ আ. এর কিশ্তী। আবিষ্কৃত নৌকাটি ৫০ ফুটের অধিক চওড়া এবং দীর্ঘদিন পাহাড়ের অভ্যন্তরে থাকায় এটির মূল আকারের বেশ কিছু পরিবর্তন হয়েছে।

### কুরআনের কথা :

وَقَضِيَ الْأَمْرَ وَأَسْتَوَتْ عَلَى الْجُودِيِّ وَقِيلَ بُعْدًا لِلْقَوْمِ الظَّالِمِينَ (۴۴) (۱۱) سُوْرَةُ قُوْدٍ : آيَاتُهَا (۴۴)

**Meaning :** And the matter was ended. The Ark rested on the mount Judi.

অর্থ : ৪৪. এবং কাজ শেষ হল। আর নৌকাটি জুদী পাহাড়ের কাছ এসে ভিড়ল। (১১ সূরা হূদ : আয়াত ৪৪)

## ৭৩৫. শপথ রাতে আগমনকারী উজ্জ্বল তারার

### বিজ্ঞানের কথা :

সৌর জগতের কেন্দ্রে অবস্থিত আমাদের কাছে অতি পরিচিত সূর্য (Sun) একটি জ্বলন্ত তারা। এটি পৃথিবীর সাথে সংশ্লিষ্ট হওয়ায় এতো উজ্জ্বল এবং বড় দেখায়। কিন্তু সূর্যের চেয়ে লক্ষগুণ উজ্জ্বল এবং বিশাল আকারের তারা মহাকাশে রয়েছে। যেমন বেলজিয়ুজ (Betelgeuse) নক্ষত্র। সূর্যের ব্যাস ১৩,৯২,০০০ কি.মি.। বেলজিয়ুজ এর ব্যাস সূর্যের চেয়ে ৮০০ গুণ বেশী। অর্থাৎ সূর্যের মত ৫০,০০,০০,০০০ (৫০ কোটি) তারা বেলজিয়ুজের ধারণ ক্ষমতা আছে। সূর্যের ভর  $2 \times 10^{30}$  কেজি। সূর্যের ভরের ৫০ গুণ বেশী ভর বিশিষ্ট দু'টি তারা আছে। এরা একে অপরের কাছাকাছি থেকে একটি যুগ্ম তারা Binary star গঠন করেছে। আবিষ্কারকের নাম অনুসারে এদের একযোগে নাম দেয়া হয়েছে plasket's star। সূর্যের চেয়ে ৫০,০০০ গুণ উজ্জ্বল একটি তারা রাতের আকাশে জ্বলজ্বল করে জ্বলে। যার নাম বানরাজ Rigel। গভীর দক্ষিণে আর একটি দীপ্ত নক্ষত্র, যার নাম (S. Doradas) এস. ডরাদাস। এটি সূর্যের চেয়ে ১০,০০,০০০ (দশ লক্ষ) গুণ উজ্জ্বল। অতএব উল্লেখিত তারা সমূহ সুবিশাল দূরত্বে থাকার কারণে কোনটাকে বিন্দুর মত দেখা যায়। কোনটা একেবারে দেখা যায় না।

### কুরআনের কথা :

وَالسَّمَاءِ وَالطَّارِقِ (۱) وَمَا أَدْرَاكَ مَا الطَّارِقُ (۲) النَّجْمُ الثَّاقِبُ (۳)

(۸۶) سُورَةُ الطَّارِقِ : آيَاتُهَا ۳-۱)

**Meaning :** By the sky and the night visitant, and what will explain to you what the night visitant is? It is the star of piercing brightness.

অর্থ : ১. শপথ আকাশের এবং রাতে আগমনকারীর। ২. আপনাকে বুঝিয়ে বলব রাতে আগমনকারী কি? ৩. এটি হচ্ছে অতি উজ্জ্বল তারা।

(৮৬ সুরা আত্ব-তারিক : আয়াত ১-৩)

## ৭৩৬. রুহ আল্লাহর হুকুম ঘটিত

### বিজ্ঞানের কথা :

আরবীতে প্রাণকে বলা হয় রুহ। রুহ নিয়ে বিজ্ঞানীরা অনেক গবেষণা করেছেন। কিন্তু কোন কিছু কূল কিনারা করতে পারেননি। ভবিষ্যতেও পারবে না। কেননা এ বিষয়ে মানুষকে জ্ঞান দেয়া হয়েছে খুব সামান্য। রুহ সংক্রান্ত জ্ঞান আল্লাহু তাআলা তাঁর নিজের কাছে রেখে দিয়েছেন। তবে বিজ্ঞানীদের গবেষণা এখনো থামেনি। জার্মান রসায়ন বিজ্ঞানী Baron Von Riechenbach বলেছেন, মানুষ, গাছপালা ও পশু-পাখির শরীর থেকে বিশেষ এক প্রকার জ্যোতি বের হয়। বৃটিশ ডাক্তার ওয়াল্টার কিলনার Dicyanin Dye রঞ্জিত কাঁচের ভেতর দিয়ে লক্ষ্য করেন, মানুষের দেহের চারপাশে ৬-৮ সেন্টিমিটার পরিমিত স্থান জুড়ে একটি উজ্জ্বল আলোর আভা মেঘের মত ভাসে। এরপর সাবেক সোভিয়েত বিজ্ঞানী আলেকজান্ডার গুরভিচ আবিষ্কার করেন যে, জীবন্ত সব কিছু থেকে বিশেষ একটি শক্তি আলোর আকারে বের হয় যা খালি চোখে দেখা যায় না। কিরলিন ফটোগ্রাফির মাধ্যমে প্রাণী দেহের বিচ্ছুরিত এ আলোক রশ্মির ছবি তোলা হয়। যার উৎস হচ্ছে রুহ বা প্রাণ। অতএব রুহ সংক্রান্ত বৈজ্ঞানিক গবেষণার সীমা এখানে -ই শেষ। অর্থাৎ 'রুহ' বিষয়ক গবেষণা তেমন অগ্রসর হবে না।

### কুরআনের কথা :

وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ، قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أُوتِيتُمْ مِنَ الْعِلْمِ إِلَّا قَلِيلًا (٨٥) (سُورَةُ بَنِي إِسْرَائِيلَ : آيَاتُهَا ٨٥)

**Meaning :** They ask you concerning the spirit say, the spirit is a command coming from your Lord and the Knowledge there of you have been given a little.

অর্থ : ৮৫. ওরা আপনাকে 'রুহ' সম্পর্কে জিজ্ঞেস করছে আপনি বলে দিন, রুহ হচ্ছে আমার প্রভুর পক্ষ থেকে আসা একটি হুকুম। তবে এ বিষয়ে তোমাদের খুব সামান্য জ্ঞান দান করা হয়েছে।

(১৭ সূরা বনী ইসরাইল : আয়াত ৮৫)

## ৭৩৭. কুরআনে কোন হরফ যোগ বিয়োগের কোন সুযোগ নেই

বিজ্ঞানের কথা :

ঐশী গ্রন্থ আল-কুরআন সকল গ্রন্থ থেকে স্বতন্ত্র। এর বিভিন্ন সূরার শুরুতে বিচিত্র বর্ণ বিন্যাস ব্যবহৃত হয়েছে। এ বর্ণ বিন্যাসকে বলা হয়- 'মুকাত্তাত' Abbreviation যেমন সূরা বাকারা শুরু হয়েছে 'আলীফ লাম মীম' মুকাত্তাত দিয়ে। মুকাত্তাত সমূহের পূর্ণ অর্থ কি হতে পারে তা আজ পর্যন্ত জানা যায়নি। তবে এগুলোর গাণিতিক রহস্য উন্মোচিত হয়েছে। মোট ২৯টি সূরার প্রারম্ভে ১৪টি বিভিন্ন হরফ বর্ণ, ১৪টি ভিন্ন ভিন্ন বিন্যাসে প্রয়োগ করা হয়েছে। এদের যোগফল  $২৯+১৪+১৪ = ৫৭$  যা ১৯ দ্বারা বিভাজ্য।

আলীফ-লাম-মীম (الم) মুকাত্তাতটি মোট ৬টি সূরার প্রারম্ভে ব্যবহৃত হয়েছে। উক্ত সূরাগুলোর আয়াতসমূহে আলীফ, লাম, মীম (الم) বর্ণ তিনটি যতবার ব্যবহৃত হয়েছে তার সমষ্টি ১৯ দ্বারা নিঃশেষে বিভাজ্য। নিম্নে তার একটি পরিসংখ্যান দেখানো হলো :

সূরা	আলিফ	লাম	মীম	যোগফল	১৯ দ্বারা বিভাজ্য
বাকারা	৪৫০২	৩২০২	২১৯৫	৯৮৯৯	১৯ দ্বারা বিভাজ্য
ইমরান	২৫২১	১৮৯২	১২৪৯	৫৬৬২	১৯ দ্বারা বিভাজ্য
আনকাবুত	৭৪৪	৫৫৪	৩৪৪	১৬৭২	১৯ দ্বারা বিভাজ্য
রুম	৫৪৪	৩৯৩	৩১৭	১২৫৪	১৯ দ্বারা বিভাজ্য
লোকমান	৩৪৭	২৯৭	১৭৩	৮১৭	১৯ দ্বারা বিভাজ্য
সাজদা	২৫৭	১৫৫	১৫৮	৫৭০	১৯ দ্বারা বিভাজ্য
যোগফল	৮৯৪৫	৬৪৯৩	৪৪৩৬	১৯৮৭৪	১৯ দ্বারা বিভাজ্য

$$১৯৮৭৪+১৯=১০৪৬$$

উক্ত পরিসংখ্যান থেকে দেখা যাচ্ছে, সংশ্লিষ্ট সূরা সমূহে ব্যবহৃত (الم) বর্ণ তিনটির আলাদা যোগফল ১৯ দ্বারা বিভাজ্য। আবার সূরা ছয়টির একত্রিত যোগফলও ১৯ দ্বারা বিভাজ্য।

সুতরাং এরূপ নিখুঁত গাণিতিক বন্ধনে সমৃদ্ধ গ্রন্থে কোনরূপ বিকৃতি ঘটানো কি সম্ভব? অবশ্যই সম্ভব নয়। ইহুদী, খৃষ্টানেরা তাদের ধর্মীয় গ্রন্থে যেমন ইচ্ছা সংযোজন বিয়োজন করেছে। সর্বশেষ আসমানী কিতাব আল-কুরআনে সামনের দিক থেকে কিংবা পেছন দিক থেকে কোন হরফ বা শব্দ যোগ বিয়োগ করার অবকাশ নেই। যদি করা হয় তাহলে উনিশ ফর্মুলার কাছে ধরা পড়ে যাবে।

কুরআনের কথা :

لَا يَأْتِيهِ الْبَاطِلُ مِنْ بَيْنِ يَدَيْهِ وَلَا مِنْ خَلْفِهِ ۖ تَنْزِيلٌ مِّنْ حَكِيمٍ حَمِيدٍ (۲۲) (۱) سُوْرَةُ حَمْرِ السَّجْدَةِ : آيَاتُهَا (۲۲)

**Meaning** : That no falsehood can ever creep into it, neither from before nor from behind; It is revealed from Allah, full of wisdom and worthy of praise.

অর্থ : ৪২. কোন মিথ্যা এই (কুরআনে) প্রবেশ করবে না সামনে থেকে কিংবা পিছন থেকে। এটি প্রজ্ঞাময় প্রশংসিত আল্লাহর কাছ থেকে অবতীর্ণ।

## ৭৩৮. পবিত্র কুরআন মানব রচিত গ্রন্থ নয়

### বিজ্ঞানের কথা :

প্রখ্যাত মিশরীয় বিজ্ঞানী ড: রশিদ খলিফা আল-কুরআন নিয়ে এক গবেষণা পরিচালনা করেন। তিনি প্রাথমিক ভাবে আল-কুরআনের প্রতিটি হরফ যেভাবে কুরআনে সন্নিবেশিত আছে সেভাবেই কম্পিউটারে বিন্যস্ত করেন। ১১৪টি সূরার অবস্থান এবং ২৯টি সূরার শুরুতে ব্যবহৃত মুকাত্তাআত সমূহ যে নিয়মে বিন্যস্ত আছে সে নিয়মের ভিত্তিতে হিসাব কষতে থাকেন। তখন আল-কুরআনের আরেকটি অলৌকিক তত্ত্ব কম্পিউটারের পর্দায় ভেসে ওঠে। এ তত্ত্বটি হচ্ছে সমগ্র কুরআন গণিতের রহস্যময় বন্ধনে আবৃত। অর্থাৎ আল-কুরআনে একটি অত্যাশ্চর্য সংখ্যা তাত্ত্বিক জটিল জাল পাতা রয়েছে যা অতি অভিনব এবং অতিশয় বিস্ময়কর। এটি ১৯ সংখ্যার সুদৃঢ় বুনন। (এ সম্পর্কে পূর্ববর্তী শিরোনামে বিস্তারিত আলোচনা আছে)

অতএব, এসব তথ্য থেকে স্পষ্টত: প্রতীয়মান হয় যে, আল-কুরআন ঐশী গ্রন্থ ব্যতীত আর কিছু নয়। মানুষ কিংবা কোন মহাপুরুষের পক্ষে সর্বজ্ঞান সমৃদ্ধ এরূপ গ্রন্থ রচনা করা সম্পূর্ণ অসম্ভব।

### কুরআনের কথা :

أَيُّ قَوْلُونَ افْتَرَاهُ قُلْ فَأْتُوا بِسُورَةٍ مِّثْلِهِ وَادْعُوا مَنِ اسْتَدْعْتُمْ مِّنْ دُونِ اللَّهِ إِنَّ كُنْتُمْ صَادِقِينَ (۳۸) (سُورَةُ يُوسُفَ : آيَاتُهَا ۳۸)

**Meaning :** Or do they say, ("He Mohad S.) forged it?" Say, "Bring then a Surah like unto it and call (to your aid). anyone you can besides Allah, if you are truthful!"

অর্থ : ৩৮. আর তারা কি বলে যে, “কুরআন তাঁর (মুহাম্মদ সা.)এর বানানো?” আপনি বলুন, তোমরা যদি তোমাদের দাবীতে সত্যবাদী হও, তাহলে একটি সূরা অন্তত তৈরী করে নিয়ে এস। আর এ ব্যাপারে আল্লাহ্ ব্যতীত যাদের সাহায্য প্রয়োজন বোধ কর যথাসাধ্য তাদেরকেও ডেকে নাও। (১০ সূরা ইউনুস : আয়াত ৩৮)

তাফসীর গ্রন্থ থেকে জানা যায়, উক্ত আয়াত অবতীর্ণ হওয়ার পর আল-কুরআনের সবচেয়ে ছোট্ট সূরা ‘আল-কাওছার’ এর প্রথম দু’আয়াত (Verses.) কা’বা শরীফের দরজায় টাঙ্গিয়ে দেয়া হয়।

### উদ্ধারণ :

“ইন্না আ’ত্বোয়াইনা কাল্কাউছার;

إِنَّا أَعْطَيْنَكَ الْكَوْثَرَ

ফাসাল্লি লিরবিবকা ওয়ানহার;

فَصَلِّ لِرَبِّكَ وَأَنْعِرْ

আয়াত দু’টির সারমর্ম, ভাষা শৈলী, মানগত ভাব এবং ছন্দময়তার সাথে সামঞ্জস্য বিধান করে তৃতীয় আয়াতটি রচনা করে দেয়ার জন্য সমকালীন কবি সাহিত্যিক, জ্ঞানী এবং বুদ্ধিজীবীদেরকে চ্যালেঞ্জ করা হলো। এরপর সবাই সমস্ত আবেগ আর প্রজ্ঞা উজাড় করে প্রাণান্তকর চেষ্টায় অবতীর্ণ হলো। তৃতীয় আয়াতটি রচনা করা সম্ভব হলো না। তাই পৃথিবীর শেষ দিন পর্যন্ত আল-কুরআনের এ চ্যালেঞ্জ অব্যাহত থাকবে।

অবশেষে, সে যুগের সর্বশ্রেষ্ঠ কবি লবিদ আয়াত দু’টির সাথে ছন্দের মিল করে তৃতীয় একটি পংক্তি এর সাথে যোগ করেন এবং ক্ষান্ত হন।

“ইন্না আ’ত্বোয়াইনা কাল্কাউছার;

إِنَّا أَعْطَيْنَكَ الْكَوْثَرَ

ফাসাল্লি লিরবিবকা ওয়ানহার;

فَصَلِّ لِرَبِّكَ وَأَنْعِرْ

লাইছা হাজা মিন কালামিল বাশার।”

لَيْسَ هَذَا مِنْ كَلَامِ الْبَشَرِ

কবি লবিদ কর্তৃক রচিত বাক্যটির অর্থ হচ্ছে- ‘নিশ্চয় এটি মানব রচিত বাণী নয়।’

## ৭৩৯. মহিলাদের ঋতুস্রাবকালে স্ত্রীমিলন নিষিদ্ধ

### বিজ্ঞানের কথা :

চিকিৎসা বিজ্ঞানীরা এ তথ্য প্রমাণ করেছেন যে, ঋতুস্রাব কালে স্বামী স্ত্রীর যৌন মিলন উভয়ের স্বাস্থ্যের জন্য যেমন ক্ষতিকর, তেমনি রোগ জীবাণু সংক্রমনের সম্ভাবনা খুব স্বাভাবিক। কারণ এ সময় জরায়ুর মুখ খোলা থাকে। যার ফলে বাইরে থেকে রোগ জীবাণুর দ্বারা সংক্রমণের বিশেষ সুযোগ থাকে যদি এ সময় যৌন মিলন ঘটে। জরায়ুর দু'পার্শ্বে দু'টি ফেলোপিয়ান নামক টিউব থাকে। যাদের মাধ্যমে জরায়ুটা সরাসরি তলপেটের গহ্বররের সঙ্গে সংযুক্ত। এ সংযুক্তির কারণে সংক্রমণ-বিস্তৃতি খুবই বিপদজনক। এছাড়া নারীর যৌন নালীতে যদি গণোরিয়া ও সিফিলিসের মত রোগের সংক্রমণ থাকে তবে ঐ সংক্রমণ দ্রুত ভেতরের দিকে ছড়িয়ে পড়ে।

স্বামী-স্ত্রীর যৌন মিলন একটি আবেগ তাড়িত উত্তেজনাপূর্ণ ব্যাপার। এ কারণে মাসিক কালে যৌন মিলন ঘটলে স্বাস্থ্যসম্মত বিধি-নিষেধ নিয়ন্ত্রণ সীমার মধ্যে থাকে না। তাই জরায়ুর মুখ যেহেতু খোলা থাকে তখন স্ত্রীর অংশীদার স্বামীর শরীরে রোগ সংক্রমণের অবকাশ থাকে। এটা খুবই সত্য।

ডাঃ গ্রাহামের মতে, “ঋতুকালে স্ত্রী সহবাস থেকে বিরত থাকার বিষয়টি মনস্তাত্ত্বিক নয় বরং স্বাস্থ্যগত।”

সুতরাং বৈজ্ঞানিক গবেষণা থেকে দেখা যাচ্ছে যে, ঋতুস্রাব এক ধরনের অসুস্থতা এবং অপবিত্রতা। তাই এ সময় স্বামী-স্ত্রী দৈহিকভাবে বিচ্ছিন্ন থাকা খুবই জরুরী। যা মহান কুরআন ১৪০০ বছর পূর্বে আমাদেরকে তথা মানব জাতিকে সতর্ক উপদেশ দিয়েছে।

### কুরআনের কথা :

وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ مَا قُلْ هُوَ أَذًى لَا فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيضِ (۲۲۲) (۲) سُوْرَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا (۲۲۲)...

**Meaning :** They ask you O (Mohammad-s) concerning menstruation, say, it is hurt and pollution. So keep away from women during menstruation and go not unto them till they are cleansed. And when they have purified themselves, then go in unto them as Allah has enjoined upon you. Truly Allah loves those who turn unto Him and loves those who care for cleanness.

অর্থ : ২২২. লোকেরা আপনাকে (হে মুহাম্মদ সা.) জিজ্ঞেস করে মহিলাদের ঋতুস্রাব সম্পর্কে। আপনি বলুন এটা তো এক রকম অসুস্থতা ও অপবিত্রতা। সুতরাং এ সময় স্ত্রীদের কাছ থেকে আলাদা অবস্থানে থাক এবং পবিত্র না হওয়া পর্যন্ত তাদের নিকটবর্তী হইও না। যখন তারা পবিত্র হয়ে যাবে তখন আল্লাহর নির্দেশ মোতাবেক তাদের সান্নিধ্য উপভোগ কর। সত্য সত্যই আল্লাহপাক তাদের ভালবাসেন যারা তার আদেশের দিকে প্রত্যাবর্তন করে। আর ভালবাসেন তাদের যারা শুচিতা সম্পর্কে যত্নবান।

(২ সুরা বাকারা : আয়াত ২২২)

৭৪০. তারা কি তাদের উপরে পাখিদের প্রতি লক্ষ্য করেনা

বিজ্ঞানের কথা :

পাখি যে কৌশলের মাধ্যমে আকাশে উড়ে তার নাম ' Lift and forward thrust ' কৌশল। উড়ার সময় তাকে বায়ুর চাপ সামনের দিক থেকে বাধা প্রদান করে। মধ্যাকর্ষণ শক্তি তাকে ভূ-পৃষ্ঠের দিকে টানে। এমতাবস্থায় পাখি ডানা দু'লিমে বায়ুর চাপকে বক্ষদেশে কেন্দ্রীভূত করে। সে কেন্দ্রীভূত বায়ুর একটি ভরবেগ থাকে। ভরবেগ সংরক্ষিত থাকার দরুণ পাখি বিপরীত দিকে গতি প্রাপ্ত হয়। অর্থাৎ Forward thrust সৃষ্টি হয়। এ ক্ষেত্রে নিউটনের তৃতীয় গতি সূত্র সক্রিয় হয়, যার ফলে পাখি শূন্যে উড়বার গতি লাভ করে।

সূত্রের সমন্বয়ে পাখিকে বিশাল আকাশে উড়ে বেড়ানোর কৌশল যিনি শিক্ষা দিয়েছেন, তিনি সমস্ত মানুষের দৃষ্টি আকর্ষণ করেছেন এ জন্যে যে, যাতে করে তারা Air craft, space craft আবিষ্কার করে নিতে পারে এবং বিস্তীর্ণ মহাশূন্যে উড়ে উড়ে আল্লাহ তা'আলার আশ্চর্যজনক জ্যোতিষ্ক সমূহ অবলোকন করতে পারে।

পাখির উড়ার কৌশলগত পদ্ধতি পরীক্ষা করে মানুষের মধ্যে বিমান আবিষ্কারের প্রেরণা সৃষ্টি হয়। ঊনবিংশ শতাব্দির শুরুতে বিজ্ঞানীরা বিমান তৈরীতে পূর্ণ সাফল্য লাভ করেন।

কুরআনের কথা :

أَوَلَمْ يَرَوْا إِلَى الطَّيْرِ فَوْقَهُمْ صَافٍ وَيَقْبِضْنَ ۗ مَا يُمْسِكُهُمْ إِلَّا الرَّحْمَنُ (۱۹) (سُورَةُ الْبَنَاتِ : ۱۹)

**Meaning :** Do they not observe the birds above them, spreading out their wings and folding them in? None can hold them up except Rahman (The Most Merciful)

অর্থ : ১৯. তারা কি তাদের উপরে পাখিদের প্রতি লক্ষ্য করে না? এরা ডানা বিস্তার করে উড়ে বেড়ায়। আবার ডানা সংকুচিত করেও উড়ে যায়। আল্লাহ ব্যতীত কে আছে এমনি করে শূন্যের উপর রাখতে পারে।

(৬৭ সূরা মূলুক : আয়াত ১৯)



৭৪১. ক্লোনিং পদ্ধতিতে পিতা ছাড়া মানব শিশুর জন্ম গ্রহণ

বিজ্ঞানের কথা :

১৯৯৭ সালে বিজ্ঞানীরা ক্লোনিং (cloning) পদ্ধতিতে ভেড়া -শাবক বের করে বিশ্বময় চমক সৃষ্টি করেন। স্টল্যান্ডের রোজলিন ইপটিটিউটের জুগ বিজ্ঞানী ড: ইয়ান উইলমুট এবং তার সহকর্মীরা ভেড়ার দেহ কোষকে (cell body) ক্লোনিং করে সাতটি মেঘ শাবক বের করেন যাদের শারীরিক গঠন পরস্পর একই রকম এবং এদের কোন পিতা নেই।

বিজ্ঞানীরা অতি সম্প্রতি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেছেন যে, একটি দেহ কোষকে ক্লোনিং করে এভাবে মানব শিশুর কপি বের করা যাবে। পুরুষের Sperm প্রয়োজন হবে না।

মহাবিশ্বের মহাবিশ্বয় মহান আল কোরআন একটি দৃষ্টান্ত স্থাপন করে রেখেছেন গোটা মানব জাতির সামনে। তা হচ্ছে আদ্বাহর বিশিষ্ট নবী হযরত ঈসা (আ:)-এর জন্ম। যার জন্ম হয়েছে পিতা ছাড়া।

কুরআনের কথা :

قَالَتْ رَبِّ اِنِّىٓ يَكُوْنُ لِىْ وَّلَدٌ وَّ لَمْ يَمَسِّنِىۤ بَشَرًا ؕ قَالَ كَذٰلِكَ اَللّٰهُ يَخْلُقُ مَا يَشَآءُ ؕ اِذَا قَضٰى اَمْرًا فَاِنَّا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ (۳۷)

( ৩ ) سُوْرَةُ اِلٰى عِمْرَانَ : اٰیٰتُهَا ( ৩৭ )

**Meaning :** She (Mariyam-R) said, My Lord, "How can I have a child when on man has touched me?" He (angel) Said, so Allah creates whatever He wills, If he decrees a thing, only says unto it, Be! and it is.

অর্থ : মরিয়াম বললেন, প্রভু হে, "কেমন করে আমার সন্তান হবে যখন কোন মানুষ আমাকে স্পর্শ করেনি।" ফেরেশতা বলল, এভাবেই আদ্বাহ যা ইচ্ছা সৃষ্টি করতে পারেন। যদি তিনি কোন কাজ করার ইচ্ছা করেন, শুধু বলেন, 'হয়ে যাও' অমনি তা হয়ে যায়। (সূরা ৩ আলে ইমরান : আয়াত ৪৭)

## ৭৪২. মহানবী স.-এর মেরাজের বৈজ্ঞানিক ব্যাখ্যা

### বিজ্ঞানের কথা :

একই পৃথিবীর অধীনে যখন আমাদের বাংলাদেশে রাত, তখন আমেরিকায় দিন। আমাদের যখন রাত দশটা তখন লন্ডনে বিকেল ৪টা। পৃথিবী তার কক্ষপথে একবার ঘুরতে সময় লাগে ২৪ ঘন্টা। ঐ সময়ে সূর্যের আলো যে অংশে পড়ে সে অংশে দিন জাগে, অপর অংশে রাত নামে। এ রাতদিনের আবর্তনের মধ্যে ২৪ ঘন্টায় একদিন নির্ধারিত হয়েছে।

পৃথিবীর সূর্যকে একবার প্রদক্ষিণ করতে সময় লাগে ৩৬৫ দিন। তাই আমরা ৩৬৫ দিনে বছর ধরি। এতো গেল পৃথিবী গ্রহের আভ্যন্তরীণ সময়ের বিভিন্নতার একটি প্রতিচ্ছবি।

কিন্তু একই সৌরজগতের অধীনে বুধ (Mercury) গ্রহে ১ বৎসর হয় ৮৮ দিনে। শুক্র (Venus) গ্রহে ২২৫ দিনে বৎসর হয়। মঙ্গল (Mars) গ্রহে ৬৮৭ দিনে এবং বৃহস্পতি (Jupiter) গ্রহে ৪৩৮০ দিনে বৎসর হয়। এসব গ্রহের সেকেন্ড, মিনিট, ঘন্টা, কখনো পৃথিবীর মত হবে না কিংবা এক গ্রহের সময়ের একক, অন্য গ্রহ থেকে অবশ্যই কম বেশী হবে।

আপেক্ষিক তত্ত্ব অনুযায়ী বস্তু যখন আলোর গতিতে চলে, সময় তখন স্থির হয়ে পড়ে। জানা যায়, মহানবী সা. মেরাজে ২৭ বছর অবস্থান করেছেন। এ কথার উপর অনেকেই তখন বিশ্বাস স্থাপন করতে পারেনি। কারণ নবীজী মিরাজ থেকে ফিরে আসার পর দেখা গেছে তাঁর বিছানায় তখনো উষ্ণতা বিরাজ করছে এবং ওয়ুর পানি গড়াগড়ি যাচ্ছে। আপেক্ষিক তত্ত্ব থেকে এ সত্য প্রতিভাত হয়েছে সে সপ্তম আকাশে উর্ধ্বে যার দূরত্ব ২০ বিলিয়ন আলোক বর্ষ। সেখানকার লক্ষ লক্ষ বৎসর পৃথিবীর জন্য Zero time। কারণ সেখানে অতীত ও ভবিষ্যৎ কালের অস্তিত্ব নেই। আদি-অন্তহীন অঞ্চল জুড়ে একটি মাত্র কাল বিদ্যমান। তা হচ্ছে বর্তমান কাল।

### কুরআনের কথা :

تَعْرُجُ الْمَلَائِكَةُ وَالرُّوحُ إِلَيْهِ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةٍ (۴)

(৴) سُورَةُ الْمَعَارِجِ : آيَاتُهَا (۴)

**Meaning :** The angels and the spirit ascend to Him in a Day the measure there of is as fifty thousand years.

অর্থ : ৪. ফেরেশতাগণ এবং রুহ আল্লাহ পাকের নিকট পৌছে একদিনে। এ একদিনের পরিমাপ হলো ৫০,০০০ বছরের সমান।

(৭০ সূরা মাআরিজ : আয়াত ৪)

ব্যাখ্যা : তাহলে, ৫০,০০০ বছর = ১ দিন = ১×২৪×৬০×৬০ সেকেন্ড

তাহলে ২৭ বছর =  $\frac{২৭ \times ২৪ \times ৬০ \times ৬০}{৫০০০০} = ৪৬$  সেকেন্ড।

এখানে একটি বিষয় খুবই পরিষ্কার যে, রুহ বা মুহাম্মদ সা. আল্লাহর তাআলার দরবারে পৌছতে সময় লেগেছিল মাত্র ৪৬ সেকেন্ড।

অতএব, মহান আল্লাহর সৃষ্ট জগতসমূহ পরিদর্শনে নবীজীর ২৭ বৎসর সময় লেগেছিল। পৃথিবীতে ফিরে এসে দেখলেন তা ৪৬ সেকেন্ডের সমান।

## ৭৪৩. চন্দ্র অভিযান সফল হবে

### বিজ্ঞানের কথা :

মূলত: ১৯৫৭ সাল থেকে মহাকাশ অভিযান আরম্ভ হয়। এ অভিযানের প্রথম সফলতা চন্দ্র পৃষ্ঠে মানুষের অবতরণ। বিজয়ের দিনটি ছিল ১৯৬৯ সালে ২১শে জুলাই।

এ্যাপোলো-১১ নামক নভোযানে চড়ে চাঁদের দেশে পাড়ি দেন তিনজন নভোচারী- নীল আর্মস্ট্রং, মাইকেল কলিন্স এবং এডউইন অলড্রিন। প্রায় ২ লক্ষ ৩৯ হাজার মাইল ভ্রমণ করে তারা তিনদিন পর চাঁদের দেশে পৌছেন। তখন রাত ১২টা ১৭ মিনিট ৪১ সেকেন্ড।

### কুরআনের কথা :

اِقْتَرَبَتِ السَّاعَةُ وَاَنْشَقَّ الْقَمَرُ (۱) (سُورَةُ الْقَمَرِ : اَيَاتُهَا ۱)

**Meaning :** The time is nigh and the moon is pierced (conquered). The Hour has drawn near, and the moon has been cleft asunder

অর্থ : ১. কিয়ামত নিকটবর্তি হয়েছে আর চন্দ্র বিদীর্ণ (অভিযান সফল হবে) হয়েছে। (৫৪ সূরা ক্বামার : আয়াত ১)

একটি বিস্ময়কর ঘটনা : এক জ্যোৎস্না রাতে মক্কার কাফেররা নবীজী সা. কে পরীক্ষা করার জন্য বলল, হে মুহাম্মদ সা., আপনি যদি প্রকৃত নবী হয়ে থাকেন তাহলে ঐ দূর আকাশের চাঁদকে ইশারা করুন দেখি? আপনার ইশারায় চাঁদে কিছু ঘটে কিনা আমরা দেখব। রসূল সা. তাদের চ্যালেঞ্জ গ্রহণ করে চাঁদের প্রতি আঙ্গুল ইশারা করলেন। সাথে সাথে চাঁদ দ্বিখন্ডিত হয়ে আকাশের দুই প্রান্তে চলে যায় এবং পর মুহূর্তে খন্ডিত অংশদ্বয় এসে মিশে যায়। এ দৃশ্য প্রত্যক্ষ করেছে উপস্থিত কাফেররা এবং সাহাবাগণ।

ব্যাখ্যা : নীল আর্মস্ট্রিং ইসলামের নবী মুহাম্মদ সা. এর জীবনী হয়তোবা জানতেন। চন্দ্র পৃষ্ঠে একটি দ্বিখন্ডিত রেখা পর্যবেক্ষণ করে তিনি হতবাক হয়ে যান। আর কাফেরদের মোকাবেলায় মুহাম্মদ সা. চাঁদকে দ্বিখন্ডিত করার যে মোজেজা অলৌকিক ঘটনা প্রদর্শন করেছিলেন তা স্মরণ করেন। তখন তিনি প্রকৃত সত্য উপলব্ধি করে মুহাম্মদ সা. প্রদর্শিত ধর্ম ইসলামের প্রতি আকৃষ্ট হয়ে পড়েন। পৃথিবীতে ফিরে এসে জনাব আর্মস্ট্রিং ইসলাম ধর্ম গ্রহণ করেছেন মর্মে পত্র-পত্রিকায় খবর প্রকাশিত হয়।

## ৭৪৪. আকাশ ও যমীন ব্যাপী পানির ঘূর্ণন প্রক্রিয়া চলে

### বিজ্ঞানের কথা :

সব সমুদ্রের মোট পানির পরিমাণ পৃথিবীর আয়তনের তুলনায় কম হলেও আমাদের কাছে বিশ্বয়ের বিষয়। প্রায় ১৩৭ কোটি ঘন কিলোমিটার পানি।  $137,00,00,000\text{km}^3$  আর তা পৃথিবীর পিঠে মাত্র ৫ কিলোমিটার পুরু পানির স্তর তৈরী করেছে। এ বিশাল আয়তনের পানির ভান্ডার, সাগর-মহাসাগরে, নদ-নদীতে, খাল-বিলে, বায়ুমন্ডলে এবং ভূ-গর্ভের বিভিন্ন স্তরে পাক খাচ্ছে। সাগর মহাসাগরের পানি বাষ্পীয়ভবনের মাধ্যমে উপরে ওঠে এবং জলীয় কণায় ঘনীভূত হয়ে মেঘ তৈরী করে। এরপর বৃষ্টি মাধ্যমে ভূ-পৃষ্ঠে নেমে আসে। বৃষ্টির পানি কিছু পরিমাণ ভূ-গর্ভে পানি বিশুদ্ধ এবং গভীর নলকূপের মাধ্যমে উত্তোলন করে মানুষ তা স্বাস্থ্যে পান করে। পানির ঘূর্ণন চক্রের মাধ্যমে আল্লাহ তা'আলা সাগর মহাসাগরের লবণাক্ত ও ক্ষারযুক্ত পানি বাষ্পীয়ভবন প্রক্রিয়ায় পরিশুদ্ধ করে উপরে তোলেন যার মধ্যে কোন প্রকার আবর্জনা ও জীবাণু থাকতে পারে না। যাকে বলা হয় পাতিত পানি। এভাবে সৃষ্টির শুরু থেকে সমগ্র পানি আকাশ ও যমীনের মধ্যে চক্রাকারে ঘুরছে তার কোন ক্ষয় নেই, ধ্বংস নেই। তবে রূপান্তর আছে। পৃথিবীতে ঋতু পরিবর্তনের সাথে সাথে বিভিন্ন অঞ্চলের তাপমাত্রার পরিবর্তন ঘটে। তাই কোন অঞ্চলের তাপমাত্রা ০ ডিগ্রী সেলসিয়াসে থেকে যখন মাইনাসের দিকে যায় তখন সে অঞ্চলের সমস্ত পানি বরফে পরিণত হয়। আবার যে অঞ্চলের তাপমাত্রা  $100^\circ$  সেলসিয়াসে উঠে, সে অঞ্চলের পানি বাষ্পে পরিণত হয়। সাগর-মহাসাগর থেকে প্রতি বছর অন্তত  $320,000\text{km}^3$  পানি বাষ্পাকারে উড়ে যায়। ভূ-পৃষ্ঠ থেকে উড়ে যায়  $60,000\text{km}^3$ । তাহলে মোট  $380,000\text{km}^3$  পানি প্রতি বৎসর বাষ্পে পরিণত হয়। কিন্তু তার মধ্য থেকে  $284,000\text{km}^3$  পানি সাগর মহাসাগরে পুন:রায় ফিরে আসে। বাকী  $96,000\text{km}^3$  পানি ঋণাধারায় সাগরে গিয়ে পড়ে। এভাবে আকাশ ও যমীন ব্যাপী পানির ঘূর্ণন প্রক্রিয়া চলে।

### কুরআনের কথা :

পানির ঘূর্ণন প্রকৃতি সম্পর্কে আল-কুরআন বলছে :

وَأَنْزَلْنَا مِنَ السَّمَاءِ مَاءً مُّبَارَكًا فَسُكِّنَتْ فِي الْأَرْضِ وَإِنَّا عَلَىٰ ذَهَابٍ بِهَا لَقَادِرُونَ (۱۸) (سُورَةُ الْزُّمُرُونَ : آيَاتُهَا ۱۸)

**Meaning :** And We send down water from the sky according to some known measure and we store it also in the earth and surely. We are able to drain it off.

অর্থ : ১৮. আমি আকাশ থেকে পানি বর্ষণ করি পরিমিতভাবে। অতঃপর তা জমীনে সংরক্ষণ করি। এবং আমি তা আবার অপসারণ করতেও সক্ষম।

(২৩ সূরা মুমিনুন : আয়াত ১৮)

৭৪৫. আল্লাহর অনুগ্রহে জাহাজ গুলি মহাসমুদ্রে চলাচল করে

বিজ্ঞানের কথা :

সমুদ্র বা মহাসমুদ্রে জাহাজ চলাচল সম্পূর্ণ নির্ভর করে তাদের পানিতে ভেসে থাকার ক্ষমতার উপর। কোন কঠিন পদার্থ পানিতে ভেসে থাকার ক্ষমতা তার একটি বিশেষ বৈশিষ্ট্য। এ বৈশিষ্ট্যের নিরিখে কোন কঠিন ভারী বস্তু অন্য কোন আকার ধারণ করলে তা পানি কিংবা বায়বীয় পদার্থের উপর ভাসতে পারে। যেমন এক খণ্ড লোহা পানিতে ডুবে যায় কিন্তু ঐ লোহাখণ্ড থেকে নির্মিত একটি পাত্র পানিতে ভেসে থাকে। পদার্থের এ গুণকে বলা হয় প্লবতা buoyancy। অর্থাৎ কোন সরল কিংবা বায়বীয় পদার্থে কোন কঠিন বস্তু নিমজ্জিত করলে কঠিন বস্তুর উপর খাড়া যে বল উর্ধ্বমুখে ক্রিয়া করে তাকে প্লবতা বলে। তরল বা বায়বীয় পদার্থের মধ্যে এ প্লবতা গুণ দান করে আল্লাহপাক জাহাজ ও নৌকাকে সাগর জলে ভেসে চলার ব্যবস্থা করে দিয়েছেন।

গ্রীক দার্শনিক আর্কিমিডিস সর্বপ্রথম তরল পদার্থের প্লবতা গুণ আবিষ্কার করেছিলেন। তিনি প্রমাণ করেছিলেন যে, পানিতে কোন কঠিন পদার্থ ভাসলে তার ভারে যতটুকু পানি অপসারিত হয় সে অপসারিত পানি ওজন ভাসমান বস্তুর নিমজ্জিত অংশের ওজনের সমান। এ তথ্যটি আর্কিমিডিসের সূত্র নামে পরিচিত। প্লবতা বল কঠিন পদার্থের ভারকেন্দ্র বরাবর খাড়া উপর দিকে ক্রিয়া করে। সুতরাং প্লবতা বল কাজ করে পদার্থের ওজনের বিপরীত দিকে এবং এ বল পানির গভীরতা দ্বারা প্রভাবিত। যে গভীরতা পর্যন্ত একটি জাহাজ ডুবে গিয়ে সেখান থেকে পানিকে সরিয়ে দেয়। পানির এ অপসারণ নির্ভর করে বস্তুর আকার ও ওজনের উপর।

কুরআনের কথা :

أَلَمْ تَرَ أَنَّ الْفُلْكَ تَجْرِي فِي الْبَحْرِ بِنِعْمَةِ اللَّهِ لِيَرِيكُم مِّنْ آيَاتِهِ إِنَّ فِي ذَلِكَ لَآيَاتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُورٍ (۳۱) سُوْرَةُ لُقْمٰنِ :

آيَاتُهَا (۳۱)

**Meaning :** See you not that the ships sail through the ocean by the Grace of Allah that He may show you of his signs? Verily in these are signs for all who constantly persevere and give thanks.

অর্থ : ৩১. তোমরা কি দেখনা যে, আল্লাহর অনুগ্রহে জাহাজগুলি মহাসমুদ্রে চলাচল করে, যাতে তিনি তোমাদেরকে তাঁর নিদর্শন সমূহ প্রদর্শন করেন? নিশ্চয়ই এতে প্রত্যেক সহনশীল, কৃতজ্ঞ ব্যক্তির জন্য অনেক ইঙ্গিত রয়েছে।

(৩১ সূরা লোকমান : আয়াত-৩১)

## ৭৪৬. পৃথিবী ভারসাম্য রক্ষার্থে ২৩.৫° কাত হয়ে রয়েছে

### বিজ্ঞানের কথা :

ভূ-বিজ্ঞানীরা বলেছেন, পৃথিবীর উত্তর গোলার্ধে অধিক পরিমাণে পাহাড়-পর্বত সৃষ্টি হওয়ায় যে অতিরিক্ত ভরের সৃষ্টি হয়েছে তার ভারসাম্য রক্ষার্থে পৃথিবী উত্তর মেরুতে ২৩.৫° ডিগ্রী কাত হয়ে রয়েছে। না হয় কক্ষপথে ঘুরার সময় পৃথিবী একদিক চলে পড়ত।

### কুরআনের কথা :

وَأَلْقَى فِي الْأَرْضِ رَوَاسِيَ أَنْ تَمِيدَ بِكُمْ (۱۰) (سُورَةُ لُقْمَانَ : آيَاتُهَا ۱۰)

**Meaning :** And He has placed in the earth firm mountains, lest it should quake along with you.

অর্থ : ১০. তিনি পৃথিবীতে স্থাপন করেছেন পর্বতমালা, যাতে পৃথিবী তোমাদেরকে নিয়ে চলে না পড়ে।

(৩১ সূরা আল লোকমান : আয়াত ১০)

## ৭৪৭. চাঁদের নিজস্ব কোন আলো নেই

### বিজ্ঞানের কথা :

পৃথিবীর একমাত্র উপগ্রহ (Satellite) হচ্ছে চাঁদ। চাঁদ সূর্যের আলো পেয়ে আলোকিত হলেই আমরা তাকে দেখতে পাই। তা না হলে তো নয়। কারণ চাঁদের নিজস্ব কোন আলো নেই। সূর্যের আলো চাঁদের পৃষ্ঠে পতিত হলে ঐ আলোর সাতটি রং থেকে হলুদ, কমলা এবং লাল রংয়ের আলো চাঁদের মাটি শুষে (absorb) নেয় এবং তা প্রতিফলিত হয়ে ভূ-পৃষ্ঠে প্রবাহিত হয়। ফলে জ্যোৎস্না রাতে পৃথিবী মিষ্টি আলোতে উদ্ভাসিত হয়ে ওঠে। চাঁদের নিজস্ব কোন আলো নেই।

### কুরআনের কথা :

عَوَالِي جَعَلَ الشَّمْسُ ضِيَاءً وَالْقَمَرَ نُورًا. (سُورَةُ يُوسُفَ : آيَاتُهَا ৫)

**Meaning :** It is He who made the sun, radiating a brilliant light and the moon to be a light of beauty.

অর্থ : তিনি আদ্বাহ, যিনি সূর্যকে বানিয়েছেন উজ্জ্বল আলো বিকিরণকারী আর চাঁদকে করেছেন জ্যোৎস্নাময়। (সূরা ১০ ইউনুস : আয়াত ৫)

ব্যাখ্যা : কোন আলোর উৎস থেকে আলো প্রাপ্ত হয়ে আলোকিত হওয়াকে আরবীতে “নুরাও” বলা হয়। যেমন, বৈদ্যুতিক বাতি দ্বারা ঘর আলোকিত হয় কিন্তু সে আলো ঘরের নিজস্ব নয়। এ আয়াত দ্বারা বুঝা যায় সূর্যের আলো দ্বারা চাঁদ আলোকিত হয়।

## ৭৪৮. চাঁদের কক্ষপথ ২৭টি অক্ষাংশে বিভক্ত

### বিজ্ঞানের কথা :

পৃথিবীর কক্ষপথ প্রদক্ষিণ করতে চাঁদের মোট সময় লাগে ২৭ দিন ৩ ঘন্টা। এ পরিক্রমণ কালে চাঁদের কক্ষপথে অবস্থিত কতগুলো নির্দিষ্ট তারকাকে অতিক্রম করতে হয়। তাই চাঁদের কক্ষপথ Lunar orbit ২৭টি অক্ষাংশে বিভক্ত। এসব বিভক্ত অক্ষাংশ গুলোকে বলা হয় Lunar stations বা চাঁদের মঞ্জিল। Lunar stations অতিক্রম করার সময় তাকে আমরা ক্রম হ্রাস এবং ক্রম বৃদ্ধি হতে দেখি। যার ফলে তারিখ এবং মাস গণনা করা সহজ হয়েছে। দুইটি অমাবশ্যা Two New moons দুইটি পূর্ণিমার Two full moons. উপর ভিত্তি করে চন্দ্রমাস, বৎসর, নির্ণয় করা হয়। Lunar stations সম্পর্কে আল কুরআন বলেছে।

### কুরআনের কথা :

وَالْقَمَرَ قَدَرْتُمْ مَنَازِلَ حَتَّىٰ عَادَ كَالْعُرْجُونِ الْقَدِيمِ (۳۹) (سُورَةُ يُسُفَ : آيَاتُهَا ৩৭)

**Meaning :** And the moon We have measured for her manzils (to traverse) till she returns like the old lower part of a date stalk.

অর্থ : ৩৯. চাঁদের জন্য মনযিল সমূহ (Lunar stations) নিরূপণ করে রাখা হয়েছে যতক্ষণ না সে পুরাতন খেজুর শাখার মত ক্ষীণ হয়ে যায়। (৩৬ সূরা ইয়াসীন : আয়াত ৩৯)

يَسْتَأْذِنُكَ عَنِ الْإِهْلِيَّةِ قُلْ هِيَ مَوَاقِيتُ لِلنَّاسِ (۱۸۹) (سُورَةُ الْبَقَرَةِ : آيَاتُهَا ১৮৯)

**Meaning :** They ask you concerning the new moon, say, they are but signs to mark fixed periods of time for men.

অর্থ : ১৮৯. ওরা আপনাকে চাঁদের হ্রাস-বৃদ্ধি সম্পর্কে জিজ্ঞেস করছে, আপনি বলুন চাঁদ মানুষের জন্য সময় নির্ণয়ের আয়াত স্বরূপ। (২ সূরা বাকারা : আয়াত ১৮৯)

৭৪৯. আল্লাহ পাকের নামে জবাই করা পশুর গোশত হালাল

বিজ্ঞানের কথা :

চিকিৎসা বিজ্ঞানীরা বলেছেন মৃত পশু-পাখির গোশত খাওয়া স্বাস্থ্যসম্মত নয় এবং আইন সিদ্ধ পশু-পাখির গলিত গোশতও স্বাস্থ্যের জন্য ভীষণ ক্ষতিকর। কারণ একটি প্রাণী যখন আপনা থেকেই মারা যায় তখন কি কারণে মারা গেছে জানা খুব কঠিন ব্যাপার। ঐ প্রাণীটি সাধারণ বিষপানে, কিংবা ভাইরাসের আক্রমণ অথবা কারবকলে (anthrax) মৃত্যুবরণ করতে পারে। পশুর anthrax একটি ছোয়াচে রোগ এবং ঐ রোগে মৃত পশুর গোশত হাতে নিয়ে নড়াচড়া করাও বিপদজনক। কারণ এভাবে নড়াচড়া করার ফলে এ রোগের জীবাণু মানুষের শরীরে প্রবেশ করতে পারে। দয়াময় আল্লাহ তা'আলার আদেশ হলো আইনসিদ্ধ জীবিত পশু-পাখি জবাই করে তাদের গোশত খাওয়া বিজ্ঞানসম্মত এবং স্বাস্থ্যসম্মত।

পশু জবাই করলে রক্ত পশুর দেহ থেকে নির্গত হয়ে বেরিয়ে আসে। এরূপ রক্তে থাকে বিষাক্ত রাসায়নিক উপাদান, টক্সিন toxin, ও প্যাথোজেনিক মাইক্রো অরগানিজম (pathogenic micro organisms)। রক্তের এসব পদার্থ অবশ্যই ক্ষতিকর। এটা খুবই যুক্তি সঙ্গত যেমন, প্রবাহিত রক্তের সাথে যদি বিষাক্ত পদার্থগুলো বাইরে বেরিয়ে যায় তাহলে গোশত স্বাস্থ্যসম্মত হয়ে ওঠে। সেজন্য আল্লাহপাক পশু-পাখিকে তাঁর নামে জবাই করে রক্ত বের করে দেয়ার আদেশ দিয়েছেন।

কুরআনের কথা :

حُرِّمَتْ عَلَيْكُمُ الْمَيْتَةُ وَالْدَّمُ وَلَحْمُ الْخِنْزِيرِ وَمَا أَهَلَ لِغَيْرِ اللَّهِ بِهِ وَالْمُنْخَنِقَةُ وَالْمَوْقُوذَةُ وَالْمُتَرَدِّيَةُ وَالنَّطِيحَةُ وَمَا أَكَلَ السَّبُعُ إِلَّا مَا ذَكَّيْتُمْ وَمَا ذُبِحَ عَلَى النُّصُبِ وَأَنْ تَسْتَقْسِمُوا بِالْأَزْلَامِ ذَلِكُمْ فِسْقٌ (۳) (سُورَةُ الْبَائِنَةِ : آيَاتُهَا ۳)

**Meaning :** Forbidden to you (for food) are; the dead animals, blood, swine flesh and that on which Allah's name has not been mentioned while slaughtering and that which has been killed by strangling or by a violent blow or by a headlong fall or by the goring of horns and that which has been partly eaten by a wild animal- unless you are able to slaughter it (before its death) and that which is sacrificed on stone-altars. Forbidden also is to use arrows seeking luck or decision; that is impiety.

অর্থ : ৩. তোমাদের জন্য নিষিদ্ধ খাদ্য হলো, মৃত জীব, রক্ত, শূকরের গোশত এবং যাকে আল্লাহপাকের নাম উল্লেখ না করে জবাই করা হয়েছে, যাকে গলাটিপে শ্বাসরুদ্ধ করে হত্যা করা হয়েছে, যাকে সজোরে আঘাত করে হত্যা করা হয়েছে, যা উপর থেকে পড়ে মারা গেছে, যা শিং এর আঘাতে নিহত হয়েছে, যাকে বণ্যপ্রাণী আংশিক ভাবে ভক্ষণ করেছে যদি না তা জবাই করা তোমাদের পক্ষে সম্ভব হয় (তার মৃত্যুর পূর্ব) এবং যা কোন দেব-বেদীতে উৎসর্গ করা হয়েছে। আরো নিষেধ করা হয়েছে এসব পশু সম্পর্কে যা ভাগ্য নির্ধারক তীর দ্বারা বধ করা হয়েছে। এ সবই নির্ধূর পাপ কাজ। (৫ সূরা মায়দা : আয়াত ৩)

## ৭৫০. মরু ঝড়ের মধ্যে বেঁচে থাকা আজব প্রাণী উট

### বিজ্ঞানের কথা :

উটের অন্যতম গুরুত্বপূর্ণ শরীরবৃত্তীয় অভিযোজন হলো এদের দেহে পানি সংরক্ষণ ক্ষমতা। এটি বিশেষভাবে প্রণিধানযোগ্য যে, উট পানি মজুদ করে না বরং সংরক্ষণ করে। এ সংরক্ষণ প্রক্রিয়া খুবই বিস্ময়কর। Duke Universityর প্রফেসর Kunt S. Nielsoa উটের উপর এক গবেষণাকর্ম পরিচালনা করে জানিয়েছেন, উটের নাসারন্ধ্রে পানির অণু গ্রহণকারী এক ধরনের ঝিল্লি (membrane) আছে। এ ঝিল্লি পানির অণু চুষে নিয়ে ধরে রাখে। উট যখন নিঃশ্বাস ছাড়ে এ ঝিল্লি পানির অণুকে বের হতে দেয় না। অন্য কোন প্রাণীর মধ্যে এ ধরনের কৌশলী ঝিল্লির ব্যবস্থা নেই। উটের নাকের মধ্যে এ মেমব্রেন থাকার কারণে তা ৬৮% পানির কণা সংরক্ষণ করে রাখতে পারে। তাই পানি পান না করেও উট অনেক দিন বেঁচে থাকতে পারে। উট একসঙ্গে ১৫ গ্যালন পর্যন্ত পানি পান করতে সক্ষম। উটের আর একটি দর্শনীয় কৌশল সম্প্রতি আবিষ্কৃত হয়েছে। তা হলো, মরুভূমিতে যখন ধূলিময় মরুঝড় উত্থিত হয় আর এ মরুঝড়ে কোন প্রাণী পড়লে তখন তাঁর মৃত্যু ছাড়া কোন উপায় থাকে না। কারণ চতুর্দিক থেকে প্রচণ্ড বেগে বালির কণা এসে নাক, কান, চোখ আর মুখে প্রবেশ করে তাকে ঘিরে ফেলে। তখন শ্বাস রুদ্ধ অবস্থায় যে কোন প্রাণীর মৃত্যু অবধারিত হয়ে যায়। দীর্ঘযাত্রা পথে মরুভূমির উট যখন মরুঝড়ে পড়ে তখন সে হঠাৎ বালির মধ্যে একটা গর্ত করে বসে পড়ে এবং চোখ দু'টি বন্ধ করে নাকসহ সমস্ত মুখমণ্ডল বালির গর্তে গুঁজে রাখে। এভাবে সে ১৫ দিন পর্যন্ত থাকতে পারে।

এ বিস্ময়কর ঘটনা লক্ষ্য করে গবেষকরা তাঁর ফুসফুস ব্যবচ্ছেদ করে দেখেছেন যে, ফুসফুসের তলে একটি পাতলা আবরণী যুক্ত থলে আছে। ঐ থলের মধ্যে অক্সিজেন সংরক্ষিত থাকে। এ সংরক্ষিত অক্সিজেনের কারণে অন্তত ১৫ দিন অক্সিজেন গ্রহণ না করে সে বাঁচতে পারে। তাই মরুঝড়ের সময় বালির গর্তে মুখ গুঁজে রেখে সে বেঁচে থাকে। মহান আল্লাহ্ রাসুল আলামীন উটকে মরুঝড়ের মধ্যে বেঁচে থাকার যে কৌশল শিক্ষা দিয়েছেন এবং দেহের মধ্যে অক্সিজেন সংরক্ষণের যে ব্যবস্থা করে দিয়েছে তা কি আশ্চর্যজনক নয়! তাই তো ওহীর আয়াত দ্বারা তিনি মানবজাতিকে আহ্বান করেছেন; এটা খুবই বিস্ময়কর বিষয় যে, সপ্তম শতাব্দীতে আল্লাহ্‌পাক প্রত্যাদেশের মাধ্যমে উটের দৈহিক গঠন সম্পর্কে যে মর্মবাণী ব্যক্ত করেছেন তা প্রাণী বিজ্ঞানীদের অক্লান্ত গবেষণার ফলে স্পষ্ট হয়ে উঠেছে।

### কুরআনের কথা :

أَفَلَا يَنْظُرُونَ إِلَى الْإِبِلِ كَيْفَ خُلِقَتْ (١٤) (سُورَةُ الْغَاسِيَةِ : آيَاتُهَا ١٤)

**Meaning :** Do they not look at the camels, how they are made?

অর্থ : ১৭. তারা কি উটগুলোর প্রতি লক্ষ্য করে দেখে না, কিভাবে এদের সৃষ্টি করা হয়েছে?

(৮৮ সূরা আল গাসিয়াহ্ : আয়াত ১৭)



৭৫১. আফ্রিক গতির কারণে পৃথিবীতে দিন রাত সংঘটিত হয়

বিজ্ঞানের কথা :

সূর্যকে কেন্দ্র করে নিজ অক্ষরেখার উপর পৃথিবী পশ্চিম দিক থেকে পূর্বদিকে আবর্তিত হয়। এ আবর্তনে সময় লাগে ২৩ ঘন্টা ৫৬ মিনিট ৪ সেকেন্ড। অর্থাৎ প্রায় ২৪ ঘন্টা। তাই ২৪ ঘন্টায় ১ দিন নির্ধারিত হয়েছে। আর এটাকে বলা হয় আফ্রিক গতি। পৃথিবী একটি গ্রহ বলেই সূর্যের আলো দ্বারা পৃথিবী আলোকিত হয়। সূর্যের আলো পৃথিবীর যে অংশে পতিত হয় সে অংশে দিন জাগে। অবশিষ্টাংশে রাত নামে। আফ্রিক গতির দরুন পৃথিবীতে রাত-দিন সংগঠিত হয়। পৃথিবীর নিজ অক্ষের উপর আফ্রিক গতি যদি থেমে যায় তাহলে এ পৃথিবীর এক অংশে চিরকাল দিন অপর অংশে চিরকাল রাত থাকত। অর্থাৎ রাত আর দিনের পরিবর্তন কখনো ঘটতনা।

কুরআনের কথা :

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يُوَلِّجُ اللَّيْلَ فِي النَّهَارِ وَيُوَلِّجُ النَّهَارَ فِي اللَّيْلِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ كُلٌّ يَجْرِي إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى . (২৭)

(৩১) سُورَةُ لُقْمَانَ : آيَاتُهَا (২৭)

**Meaning :** Do you not see that Allah merges the night into the day and He merges the day into the night that He has subjected the sun and the moon, each running its course for a time appointed.

অর্থ : তোমরা কি দেখনা মহান আল্লাহ রাতকে দিনের উপর এবং দিনকে রাতের উপর প্রবাহিত করেন। আর তিনি চাঁদ এবং সূর্যকে নিয়ন্ত্রণ করে রেখেছেন। প্রত্যেকে নিজ নিজ কক্ষপথে নির্ধারিত সময় পর্যন্ত চলতে থাকবে।

(৩১ সূরা লোকমান : আয়াত-২৯)

## ৭৫২. বার্ষিক গতির কারণে পৃথিবীতে ঋতু পরিবর্তন হয়

### বিজ্ঞানের কথা :

পৃথিবী প্রতিনিয়ত উপবৃত্তাকার পথে সূর্যকে প্রদক্ষিণ করছে। নিজ অক্ষে ২৪ ঘন্টায় একবার আবর্তনের সাথে সাথে লাটিমের মত একটি নির্ধারিত পথে সূর্যের চারিদিক ঘুরে। এভাবে সূর্যের চারদিকে একবার ঘুরে আসতে পৃথিবীর সময় লাগে ৩৬৫ দিন ৫ ঘন্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড। তাই ৩৬৫ দিনে এক বৎসর ধরা হয়। আর এর নাম বার্ষিক গতি।

বার্ষিক গতির ফলে সূর্যের আলোক রশ্মি কোথাও লম্বভাবে এবং কোথাও তির্যকভাবে পতিত হয়। এর ফলে দিন-রাতের হ্রাস-বৃদ্ধি ঘটে। দিন রাতের হ্রাস বৃদ্ধির কারণে পৃথিবীতে ঋতু পরিবর্তন হয়।

### কুরআনের কথা :

وَجَعَلْنَا اللَّيْلَ وَالنَّهَارَ آيَاتَيْنِ فَمَحْوِنًا آيَةَ اللَّيْلِ وَجَعَلْنَا آيَةَ النَّهَارِ مُبْصِرَةً لِّتَبْتَغُوا فَضْلًا مِّن رَّبِّكُمْ وَلِتَعْلَمُوا عَدَدَ السِّنِّينَ وَالْحِسَابَ ۗ وَكُلَّ شَيْءٍ فَصَّلْنَاهُ تَفْصِيلًا (۱۲) (۱۴ سُوْرَةُ بَنِي إِسْرَائِيلَ : آيَاتَهَا ۱۲)

**Meaning :** We have made the night and the day as two signs, the sign of the night have We obscured, while the sign of the day We have made to enlighten you that you may seek bounty from your Lord and that you may know the number and count of the years and all things have We explained in detail.

অর্থ : ১২. আমরা রাত ও দিনকে দু'টি নিদর্শন করেছি। অতঃপর রাতের নিদর্শন নিস্প্রভ করে দিয়েছি এবং দিনের নিদর্শনকে দেখার উপযোগী করেছি। যাতে তোমরা তোমাদের প্রভুর অনুগ্রহ অন্বেষণ করতে পার এবং যাতে স্থির করতে পার বছর সমূহের গণনা এবং হিসাব। আর সব কিছুর বিশদ বিবরণ সুবিদিত করেছি। (১৭ সূরা বনী ইসরাইল : আয়াত-১২)

৭৫৩. নভোমন্ডল ও ভূমন্ডল একটি বস্তু পিণ্ডে কেন্দ্রীভূত ছিল

বিজ্ঞানের কথা :

১৯৬৫ সনে উইলসন ও পেনজিয়াস  $3^0K$ -এ সমান সমান তাপমাত্রা বিকিরণের যে মাইক্রো তরঙ্গ বিকিরণ পটভূমি (cosmic micro wave background radiation) আবিষ্কার করেন সে আবিষ্কার থেকে স্পষ্ট প্রমাণ পাওয়া যায় যে মাইক্রো তরঙ্গ বিকিরণের উৎস হলো Big Bang বা একটি আদি অগ্নিবলের (Primeval fireball) উৎক্ষিপ্ত অবশেষ। এ আবিষ্কারের ফলে উইলসন ও পেনজিয়াস নোবেল পুরস্কারে ভূষিত হন। G. Lemaitre এ আদি অগ্নিবলের নাম দিয়েছেন "Primeval Atom"।

Big Bang হলো এমন একটি ঘটনা যার আগে নভোমন্ডল, ভূ-মন্ডল, চন্দ্র, সূর্য, গ্রহ, নক্ষত্র, গ্যালাক্সি, কোয়াসার, পালসার, কিছুই ছিল না। অর্থাৎ বর্তমান মহাবিশ্বের পদার্থ, শক্তি ও স্থান-কাল একটি বস্তুপিণ্ডে কেন্দ্রীভূত ছিল। এ বস্তুপিণ্ডের অসীম ঘনত্ব ও অগাধ উষ্ণতা ছিল। এ উষ্ণতা  $10^{32}$  ডিগ্রী (K k=kelvine- তাপমাত্রার একক) বলে উল্লেখ করা হয়।

অতএব, মহাবিশ্ব সৃষ্টির মহাবিস্ফোরণ (Big Bang) যার "কুন" Be. আদেশ দ্বারা সংগঠিত হয়েছে তিনি অসীম ক্ষমতার অধিকারী মহামহিম আল্লাহ রাব্বুল আলামীন। ৭ম শতাব্দীতে অবতীর্ণ আল-কুরআনে মহাজগতে সৃষ্টির Big Bang theory স্পষ্ট আয়াত দ্বারা বিবৃত হয়েছে। এ তত্ত্ব আবিষ্কারে বিজ্ঞানীদের ১৪০০ বৎসর সময় লেগেছে। "Big Bang theory" সম্পর্কে আল কুরআন বলেছে,

কুরআনের কথা :

أَوَلَمْ يَرِ الَّذِينَ كَفَرُوا أَنَّ السَّمَوَاتِ وَالْأَرْضَ كَانَتَا رَتْقًا فَفَتَقْنَاهُمَا (۳۰) (سُورَةُ الْاَنْبِيَاءِ : اَيَاتُهَا ۳۰)

**Meaning :** Do not the unbelievers see that the heavens and the earth were joined together as one single mass; then We clove them asunder.

অর্থ : অবিশ্বাসীরা কি লক্ষ্য করে দেখে না, নভোমন্ডল এবং ভূ-মন্ডল একটি বস্তুর মত পরস্পর সংযুক্ত ছিল; অতঃপর আমি এদের ভেঙ্গে বিচ্ছিন্ন করে দিয়েছি। (২১ সূরা আন্বিয়া : আয়াত ৩০)

## ৭৫৪. মহাবিশ্ব প্রতি নিয়ত সম্প্রসারিত হচ্ছে

### বিজ্ঞানের কথা :

বিশাল মহাবিশ্ব গ্যালাক্সির সমষ্টি। বিজ্ঞানের সর্বশেষ তথ্য অনুযায়ী (২০০০ সাল) ৫০,০০০ কোটি গ্যালাক্সি আমাদের মহাবিশ্ব জুড়ে রয়েছে। এখনো প্রতিদিন গ্যালাক্সির জন্ম হচ্ছে এবং তার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। গ্যালাক্সিগুলির মধ্যে পারস্পরিক দূরত্ব বৃদ্ধির কারণ হচ্ছে মহাবিশ্বের সম্প্রসারণ গতি (force of expansion)। অর্থাৎ, বিশাল মহাজগত সুষমহারে প্রতিনিয়ত সম্প্রসারিত হচ্ছে।

আর একদল বিজ্ঞানী বেতার টেলিস্কোপ দিয়ে গ্যালাক্সির দীপ্ত রশ্মি এবং গ্যাসের গতি নির্ণয় করেছেন। এভাবে বিজ্ঞানীরা একটি স্থির সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, প্রতি সেকেন্ডে মহাজগত 50km থেকে 100km পর্যন্ত সম্প্রসারিত হয়ে থাকে এবং এ সম্প্রসারণ অব্যাহত রয়েছে।

বিশ্বখ্যাত বিজ্ঞানী Albert Einstein তাঁর আলোড়ন সৃষ্টিকারী তত্ত্ব Cosmological Constant (মহাজাগতিক ধ্রুবক) এ বলেছেন “একটি রহস্যময় স্বতাড়িত বৈশিষ্ট্যের কারণে মহাবিশ্ব ক্রমেই সম্প্রসারিত হয়ে চলেছে। এ বিশ্বয়কর তত্ত্বটি টাইপ-লা-সোপার লোভা নামে পরিচিত এবং স্টেলা এক্সপ্রোশন এর পর্যবেক্ষণের ভিত্তিতে প্রতিষ্ঠিত।

### কুরআনের কথা :

মহাবিশ্বের সম্প্রসারণ সম্পর্কে আল-কুরআন ৭ম শতাব্দীতে যে তথ্য দিয়েছে তা এখন সবাই উপলব্ধি করতে সক্ষম হয়েছেন।

وَالسَّمَاءَ بَنَيْنَاهَا بِأَيْدٍ وَإِنَّا لَمُوَسِعُونَ (۴۷) (۵۱) سُورَةُ الذَّرِيَّةِ : أَيَاتُهَا (۴۷)

**Meaning** : With power and skill did We make the firmament; indeed We are expanding the vastness of space there of.

অর্থ : ৭. প্রবল ক্ষমতা বলে আমরা আকাশ সৃষ্টি করেছি এবং অবশ্যই তা সম্প্রসারণ করে চলেছি।

(৫১ সুরা আয যারিয়াত : আয়াত ৪৭)

## ৭৫৫. মহা বিশ্বকে পুনরায় গুটিয়ে নেয়া হবে

### বিজ্ঞানের কথা :

মহাবিশ্বের সকল বস্তু পরস্পরকে আকর্ষণ করে। এ আকর্ষণকে বলা হয় Gravitational Force বা মহাকর্ষীয় শক্তি। সৌরজগতের গ্রহগুলি সূর্যের আকর্ষণে অবর্তিত হয়। উপগ্রহ গ্রহের আকর্ষণে ঘুরে। গ্রহাণুপুঞ্জ সূর্যের চারদিকে ঝাঁক বেধে পরিক্রমণ করে। এভাবে এক গ্যালাক্সি গুচ্ছ গ্যালাক্সির টানে ঘুরে। অর্থাৎ প্রত্যেকটি বস্তু একে অপরের সাথে মিলতে চায়। কিন্তু এ মিলন ঘটতে পারে না যে কারণে তা হচ্ছে Force of expansion অর্থাৎ মহা বিশ্বের সম্প্রসারণ গতির ফলে Space সৃষ্টি হয়। ফলে পরস্পরের মধ্যে পরস্পরের দূরত্ব বেড়ে যায়।

আর যদি সম্প্রসারণ গতি ক্রমান্বয়ে থেমে যায়, তাহলে মহাকর্ষীয় টানে গ্রহ, নক্ষত্রগুলি পরস্পরের কাছাকাছি এসে যাবে। তখন প্রচণ্ড সংঘর্ষ শুরু হবে। এখন প্রশ্ন হচ্ছে সম্প্রসারণ গতি থামবে কিনা? এ বিষয়ে একটি তথ্য দেয়া হয়েছে যে, মহাকর্ষ শক্তি সম্প্রসারণ (expansion). বন্ধ করতে পারবে কিনা, তা নির্ভর করছে মহাজাগতিক পদার্থের গড় ঘনত্বের উপর। এর তাত্ত্বিক প্রতিরূপগুলো বিশ্লেষণ করলে দেখা যায় এ ঘনত্ব যদি সংকট ঘনত্ব (critical value). থেকে বেশী হয় তাহলে মহাকর্ষ যথেষ্ট পরিমাণে শক্তিশালী হবে। ফলে মহাবিশ্বের প্রসারণ বন্ধ করে মহাসংকোচের দিকে নিয়ে যাবে। এ অবস্থাকে Closed Big Bang বলা হয়েছে। আমেরিকান বিজ্ঞানী Freeman Dyson এটাকে Big Crunch বলেছেন। অর্থাৎ পুনরায় মহাজগত একটি বিন্দুতে এসে বিস্ফোরিত হবে।

### কুরআনের কথা :

এখন মহাবিশ্বের Closed Big Bang সম্পর্কে আল-কুরআন যে তথ্য দিয়েছে তা হচ্ছে :

يَوْمَ نَطْوِي السَّمَاءَ كَطَيِّ السِّجْلِ لِلْكِتَابِ ط كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُّعِيدُهُ ط وَعَدُّا عَلَيْنَا إِنَّا كُنَّا فَاعِلِينَ (١٠٣)

(٢١) سُورَةُ الْاَنْبِيَاءِ : اَيَاتُهَا (١٠٣)

**Meaning :** The Day when We will roll up the heavens like a scroll rolled up for books and as We began the first creation similarly shall We repeat it.

অর্থ : ১০৪. সে দিন আমি মহাবিশ্ব মহাকাশ গুটিয়ে নেব যেমনি করে গুটিয়ে নেয়া হয় লিখিত বইপত্র। আর প্রথমবার সৃষ্টি করার সময় আমি যেভাবে (Big Bang) আরম্ভ করেছিলাম অনুরূপভাবে তা পুনরাবৃত্তি করা হবে। (২১ সূরা আন্বিয়া : আয়াত-১০৪)

## Ayat Konika

৭৫৬. ২ সূরা আল বাক্বারা : আয়াতের অংশ ১৫২

فَاذْكُرُونِيٓ أَذْكُرْكُمْ وَاشْكُرُوا لِيٓ وَلَا تَكْفُرُونَا ۝

উচ্চারণ : ফায্কুরুনী আয্কুরকুম্ ওয়াশ কুরুলী ওয়ালা তাকফুরন।

অর্থ : অতএব তোমরা আমাকেই স্মরণ কর আমিও তোমাদের স্মরণ করব, আমার শোকর আদায় কর এবং না শোকরী করিও না।

৭৫৭. ২ সূরা আল বাক্বারা : আয়াতের অংশ ২২৪

وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ۝

উচ্চারণ : ওয়াল্লাহ-ছ সামী'উন্ 'আলীম্।

অর্থ : আর আল্লাহ সব কিছু দেখেন, সব কিছু শোনেন।

৭৫৮. ২ সূরা আল বাক্বারা : আয়াতের অংশ ২৩৩

وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ۝

উচ্চারণ : ওয়াত্তাক্বাল্লাহ-হা ওয়া'লামু আন্বাল্লাহ-হা বিমা-তা'মালুনা বাছীর।

অর্থ : আল্লাহকে ভয় কর এবং জেনে রাখ যে, নিশ্চয়ই তোমরা যা কর আল্লাহ তা দেখেন।

৭৫৯. ২ সূরা আল বাক্বারা : আয়াতের অংশ ২৫৬

لَا إِكْرَاهَ فِي الدِّينِ ۝

উচ্চারণ : লা-ইক্বরা-হা ফিদ্দীন।

অর্থ : ধীন সম্পর্কে কোন জোর-জবরদস্তি নেই।

৭৬০. ২ সূরা আল বাক্বারা : আয়াতের অংশ ২৬৯

وَمَا يَنْزِكُ إِلَّآ أَوْلُو الْأَلْبَابِ ۝

উচ্চারণ : ওয়ামা-ইয়াযযাক্বারু ইল্লা~উলুল আল্বা-ব।

অর্থ : বস্তুত শুধু জ্ঞানীরাই উপদেশ গ্রহণ করে থাকে।

৭৬১. ২ সূরা আল বাক্বারা : আয়াতের অংশ ২৮৬

لَا يَكْفِيكَ اللَّهُ نَفْسًا إِلَّا وَسَعَمًا ۝

উচ্চারণ : লা-ইউকাল্লিফুল্লাহ-ছ নাফসান ইল্লা-উস'আহা-;

অর্থ : আল্লাহ্ কাউকেও তার সাধ্যের অতিরিক্ত দায়িত্ব চাপান না।

৭৬২. ৩ সূরা আলে ইমরান : আয়াতের অংশ ১৩৪

وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ ﴿١٣٤﴾

উচ্চারণ : ওয়াল্লাহু-হু ইউহিব্বুল মুহসিনীন ।

অর্থ : আল্লাহ্ কল্যাণকারীদের ভালবাসেন ।

৭৬৩. ৩ সূরা আলে ইমরান : আয়াতের অংশ ১৪০

وَاللَّهُ لَا يُحِبُّ الظَّالِمِينَ ﴿١٤٠﴾

উচ্চারণ : ওয়াল্লাহু-হু লা-ইউহিব্বুজ্ জা-লিমীন ।

অর্থ : আল্লাহ্ জালিমদের পছন্দ করেন না;

৭৬৪. ৩ সূরা আলে ইমরান : আয়াতের অংশ ১৫৪

وَاللَّهُ عَلِيمٌ ﴿١٥٤﴾ بِذَاتِ الصُّدُورِ ﴿١٥٤﴾

উচ্চারণ : ওয়াল্লাহু-হু 'আলীমুম্ বিযা-তিহু ছুদূর ।

অর্থ : অন্তরে যা আছে আল্লাহ্ সে সম্পর্কে বিশেষভাবে জানেন ।

৭৬৫. ৩ সূরা আলে ইমরান : আয়াতের অংশ ১৫৬

وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿١٥٦﴾

উচ্চারণ : ওয়াল্লাহু-হু বিমা-তা'মালূনা বাহীর ।

অর্থ : তোমরা যা কর আল্লাহ্ তা দেখেন ।

৭৬৬. ৩ সূরা আলে ইমরান : আয়াতের অংশ ১৯৪

إِنَّكَ لَا تَخْلِفُ الْمِيعَادَ ﴿١٩٤﴾

উচ্চারণ : ইন্নাকা লা-তুখলিফুল মী'আ-দ ।

অর্থ : নিশ্চয় আল্লাহ্ ওয়াদা ভঙ্গ করেন না ।

৭৬৭. ৩ সূরা আলে ইমরান : আয়াতের অংশ ১৯৯

إِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ ﴿١٩٩﴾

উচ্চারণ : ইন্নালাহু-হা সারী'উল হিসা-ব ।

অর্থ : নিশ্চয় আল্লাহ্ দ্রুত হিসাব গ্রহণকারী ।

৭৬৮. ৪ সূরা আন নিসা : আয়াতের অংশ ১৬

إِنَّ اللَّهَ كَانَ تَوَّابًا رَّحِيمًا ﴿١٦﴾

উচ্চারণ : ইন্নালাহু-হা কা-না তাওওয়া-বার রাহীমা- ।

অর্থ : নিশ্চয়ই আল্লাহ্ পরম তাওবা কবুলকারী, পরম দয়ালু ।

৭৬৯. ৪ সূরা আন নিসা : আয়াতের অংশ ১২৬

وَلِلَّهِ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ

উচ্চারণ : ওয়ালিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা-ফিল্ আর্দি;

অর্থ : আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে সব আল্লাহরই

৭৭০. ৫ সূরা মায়েরা : আয়াতের অংশ ৭

إِنَّ اللَّهَ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ

উচ্চারণ : ইন্নাল্লা-হা 'আলীমুম বিয়া-তিছ ছুদূর ।

অর্থ : অন্তরে যা আছে, সে সম্বন্ধে আল্লাহ সবিশেষ অবহিত ।

৭৭১. ৫ সূরা মায়েরা : আয়াতের অংশ ১১

وَاتَّقُوا اللَّهَ ۖ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ

উচ্চারণ : ওয়াত্‌তাক্বা-ল্লা-হা; ওয়া 'আলাল্লা-হি ফাল্‌ইয়াতা ওয়াক্বালিল মু'মিন

অর্থ : এবং আল্লাহকে ভয় কর আর আল্লাহরই প্রতি বিশ্বাসীগণের নির্ভর করা উচিত ।

৭৭২. ৬ সূরা আন আম : আয়াতের অংশ ৭৩

عِلْمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ۖ وَهُوَ الْحَكِيمُ الْخَبِيرُ

উচ্চারণ : 'আ-লিমুল গাইবি ওয়াশ্ শাহা-দাতি; ওয়া ছ'ওয়াল হাকীমুল খা

অর্থ : দৃশ্য ও অদৃশ্য সব কিছু সম্বন্ধে তিনি অবগত, এবং তিনি প্রজ্ঞাময়, সবিশেষ অবহিত ।

৭৭৩. ৭ সূরা আল আরাফ : আয়াতের অংশ ৩২

كَذَلِكَ نَقُصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْلَمُونَ

উচ্চারণ : কাযা-লিকা নুফাছ্‌ছিলুল আ-য়া-তি লিক্বা'ওমিই ইয়া'লামুন ।

অর্থ : এরূপে (আমি আল্লাহ) জ্ঞানী সম্প্রদায়ের জন্যে নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করি ।

৭৭৪. ৭ সূরা আল আরাফ : আয়াতের অংশ ১৮৬

مَنْ يَضِلَّ اللَّهُ فَلَا هَادِيَ لَهُ

উচ্চারণ : মাই ইউদ্বিলিল্লা-হু ফালা-হা-দিইয়া লাহু;

অর্থ : আল্লাহ যাদের বিপথগামী করেন তাদের কোন পথপ্রদর্শক নেই,

৭৭৫. ৭ সূরা আল আরাফ : আয়াতের অংশ ২০০

إِنَّهُ سَمِيعٌ عَلِيمٌ

উচ্চারণ : ইন্নাহু সামী'উন 'আলীম ।

অর্থ : নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা সর্বজ্ঞ ।

৭৭৬. ৮ সূরা আল আনফাল : আয়াতের অংশ ৪১

وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

উচ্চারণ : ওয়াল্লা-হু 'আলা-ক্বল্লি শাইয়িন্ ক্বাদীর ।

অর্থ : আল্লাহ সর্ববিষয়ে সর্ব শক্তিমান ।

৭৭৭. ৮ সূরা আল আন ফাল : আয়াতের অংশ ৪৬

إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ

উচ্চারণ : ইন্নাল্লা-হা মা'আছ ছা-বিরীন ।

অর্থ : নিশ্চয় আল্লাহ ধৈর্যশীলদের সাথেই আছেন ।



৭৭৮. ৮ সূরা নিসা : আয়াতের অংশ ২৮

وَخُلِقَ الْإِنْسَانُ ضَعِيفًا ۞

উচ্চারণ : ওয়া খুলিক্বাল ইনসা-নু দ্বা'ঈফা- ।

অর্থ : মানুষ সৃষ্টি করা হয়েছে দুর্বলরূপে ।

৭৭৯. ৮ সূরা আল আনফাল : আয়াতের অংশ ৭২

وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ۞

উচ্চারণ : ওয়াল্লাহু-হু বিমা-তা'মালুনা বাছীর ।

অর্থ : আল্লাহ্ সবই দেখেন তোমরা যা কর ।

৭৮০. ৯ সূরা আত তাওবা : আয়াতের অংশ ৫১

وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ۞

উচ্চারণ : ওয়া 'আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু'মিনুন ।

অর্থ : এবং মুমিনদের আল্লাহর উপরই নির্ভর করা উচিত ।

৭৮১. ৯ সূরা আত তাওবা : আয়াতের অংশ ১০৪

وَأَنَّ اللَّهَ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ ۞

উচ্চারণ : ওয়া আন্নাল্লা-হা হুওয়াত্ তাওয়্যা-বুর রাহীম ।

অর্থ : নিশ্চয়ই আল্লাহ্ তাওবা কবুলকারী, পরম দয়ালু ।

৭৮২. ৯ সূরা আত তাওবা : আয়াতের অংশ ১১১

وَمَنْ أَوْفَى بِعَهْدِهِ مِنَ اللَّهِ ۞

